
AP-DISTO

ধর্ম, সমাজ ও সাহিত্য বিষয়ক গবেষণা পত্রিকা Web: www.at-tahreek.com ১৯তম বর্ষ দেম সংখ্যা ফ্রেক্সারী ২০১৬



02

00

90

18

20

২৩

२१

७२

96

90

60

80

83

82

88

88

86

88

व्याणिक

जिकि-व्यक्ति

مجلة "التحريك" الشهرية علمية أدبية ودينية

ধর্ম, সমাজ ও সাহিত্য বিষয়ক গবেষণা পত্রিকা

www.at-tahreek.com ১৯তম বর্ষ ৫ম সংখ্যা সম্পাদকীয় রবীঃ আখের-জুমাদাল উলা ১৪৩৭ হিঃ প্ৰবন্ধ : মাঘ-ফাল্পন ১৪২২ বাং ফেব্রুয়ারী শারঈ ইমারত ২০১৬ ইং -অনুবাদ : নূরুল ইসলাম সম্পাদক মণ্ডলীর সভাপতি ড়ৢল সংশোধনে নববী পদ্ধতি (২য় কিঙ্কি) প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব -অনুবাদ : আব্দুল মালেক সম্পাদক জামা'আতে ছালাত আদায়ের গুরুত্ব, ড. মুহাম্মাদ সাখাওয়াত হোসাইন ফ্যালত ও হিক্মত (২য় কিস্তি) সহকারী সম্পাদক -মুহাম্মাদ আব্দুর রহীম ড. মুহাম্মাদ কাবীরুল ইসলাম নারী-পুরুষের ছালাতের পার্থক্য : বিভ্রান্তি নিরসন -আহমাদুল্লাহ সার্কুলেশন ম্যানেজার সিজদার গুরুত্ব ও তাৎপর্য মুহাম্মাদ কামরুল হাসান -রফীক আহমাদ সার্বিক যোগাযোগ আমানত (৩য় কিস্তি) সম্পাদক, মাসিক আত-তাহরীক -মুহাম্মাদ মীযানুর রহমান নওদাপাড়া (আমচতুর) 🛮 দিশারী : -ক্যুমারুযযামান বিন আব্দুল বারী পোঃ সপুরা, রাজশাহী-৬২০৩ শৃতিকথা : আল-হেরা শিল্পী শফীকুল ভাই সম্পর্কে দু'টি কথা ফোন ও ফ্যাক্স: ০৭২১-৮৬১৩৬৫। 🛚 হাদীছের গল্প : সহকারী সম্পাদক : ০১৯১৯-৪৭৭১৫৪ 📱 চিকিৎসা জগৎ : সার্কুলেশন বিভাগ : ০১৫৫৮-৩৪০৩৯০ । কবিতা : হাদীছ ফাউণ্ডেশন বই বিভাগ : ০১৭৭০-৮০০৯০০ মানুষ কেন বুঝে না ফৎওয়া হটলাইন : ০১৭৩৮-৯৭৭৭৯৭ শ্রেষ্ঠ কাল ♦ ইসলামের জয়গান কেন্দ্রীয় 'আন্দোলন' অফিস : ০৭২১-৭৬০৫২৫ ধন্য মোরা আজ ই-মেইল: tahreek@ymail.com 🛮 সোনামণিদের পাতা স্বদেশ-বিদেশ হাদিয়া : ২০ টাকা মাত্র মুসলিম জাহান বার্ষিক গ্রাহক চাঁদা রেজিঃ ডাক সাধারণ ডাক 🛮 বিজ্ঞান ও বিস্ময় বাংলাদেশ (ষাণ্মাসিক ১৬০/-) 000/-সার্কভুক্ত দেশসমূহ boo/-1860/- সংগঠন সংবাদ এশিয়া মহাদেশের অন্যান্য দেশ 1760/-1000/-🛮 প্রশ্নোত্তর ইউরোপ-আফ্রিকা ও অষ্ট্রেলিয়া মহাদেশ 1860/-2300/-

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ কর্তৃক প্রকাশিত এবং হাদীছ ফাউণ্ডেশন প্রেস, নওদাপাড়া, রাজশাহী হ'তে মুদ্রিত।

1000/-

আমেরিকা মহাদেশ

পর্ণোগ্রাফী নিষিদ্ধ করুন!

Pornography অর্থ অশ্লীল বৃত্তি। এর উদ্দেশ্য নগ্ন ও অর্ধনগ্ন যৌন অঙ্গভঙ্গিপূর্ণ ছবি দেখিয়ে অন্যকে যৌনতায় প্রলুব্ধ করা। ১৮৯৫ সালে ইউরোপের জনৈক উইজেন পিরো এবং আলবার্ট কার্চনারের মাধ্যমে পর্ণো নির্ভর চলচ্চিত্রের উদ্ভব ঘটে। এতে তারা আর্থিকভাবে ব্যাপক লাভবান হয়। অতঃপর এই নিকৃষ্ট ব্যবসা ফ্রান্স ও আমেরিকার সীমানা ছাড়িয়ে দ্রুত সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। যুক্তরাষ্ট্রের প্রভাবশালী ফোবর্স পত্রিকা জানিয়েছে যে, পর্ণোগ্রাফী তৈরী করে প্রতি বছর অন্যান ৫৬ বিলিয়ন ডলার হাতিয়ে নিচ্ছে এইসব নীল ছবির নির্মাতারা। সেই সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে পতিতাবৃত্তি। যার ফলে পশ্চিমা বিশ্ব তাদের মা-বোনদের ইয়যত বিক্রি করে বছরে প্রায় ৫৭ বিলিয়ন ডলারের নোংরা ব্যবসা করে। যা বিশ্বের ১৩৮টি দেশের বার্ষিক জিডিপির সমান। আর এদেরই সৃষ্ট এনজিওরা এদেশের নারীদের শেখায়, 'কিসের বর কিসের ঘর, দেহ আমার সিদ্ধান্ত আমার'। ফলে নেশাখোর, পতিতা ও সমকামীদের মাধ্যমে ঘটছে এইড্স ও নানা মরণব্যাধির প্রাদুর্ভাব। বাড়ছে নারী ও শিশু পাচার ও তাদের প্রতি সহিংসতা। যা বাংলাদেশে এখন ভয়াবহ রূপ ধারণ করেছে। ২০০৭-০৮ সালে খুনের ঘটনায় পৃথিবীতে শীর্ষে ছিল ভারত। অতঃপর দক্ষিণ আফ্রিকা। অতঃপর মার্কিন যুক্তরাষ্ট্র। আর ধর্ষণের দিক দিয়ে প্রথম ছিল যুক্তরাষ্ট্র। দ্বিতীয় স্থানে দক্ষিণ আফ্রিকা এবং তৃতীয় স্থানে ভারত। অতঃপর ডাকাতির ঘটনায় শীর্ষে ছিল জাপান।

পর্ণোগ্রাফীর দর্শক সাধারণতঃ উঠতি বয়সের তরুণ-তরুণীরা। এমনকি বয়স্করাও এতে আসক্ত হচ্ছে। মোবাইল, ইন্টারনেট, কম্পিউটার, টিভি ইত্যাদির মাধ্যমে পর্ণো এখন ঘরে ঘরে জাহান্নাম সৃষ্টি করছে। ফলে বল্পাহীনভাবে বেড়ে চলেছে নারী নির্যাতন, পরিবারে ভাঙ্গন, তুচ্ছ কারণে গুম-খুন-অপহরণ, চুরি, ছিনতাই, চাঁদাবাজী ও অন্যান্য নৈতিক অবক্ষয় সমূহ। গবেষকদের মতে, পর্ণোর আসক্তি মাদকের আসক্তির চেয়েও ভয়ঙ্কর ও বিধ্বংসী।

সেই সাথে ভারতীয় হিন্দী সিরিয়াল এখন ঘরে ঘরে। যার দর্শক হ'লেন আমাদের গৃহিণীরা ও তাদের সন্তানেরা। গত দু'বছর পূর্বে ভারতীয় চ্যানেলে একটি ফাঁসির দৃশ্য দেখে মায়ের অজান্তে তার ওড়না গলায় পেঁচিয়ে ফ্যানে ঝুলে ঢাকার এক দম্পতির একমাত্র সন্তানের করুণ মৃত্যুর খবর আমরা পত্রিকায় পাঠ করেছি। একশ্রেণীর মিডিয়া মানুষের শয়তানী কল্পনায় যতদূর যাওয়া সম্ভব, সব জায়গাতেই সুড়সুড়ি দিয়ে থাকে। পরকীয়া প্রেম, জমকালো শাড়ী-বাড়ী-গাড়ী, মারদাঙ্গা ছবি, দ্রুত কোটিপতি হওয়ার অনৈতিক পথ-পন্থা সমূহের নির্দেশনা, সর্বোপরি মানুষকে ষড় রিপুর তাড়নায় বুঁদ করে রাখা তাদের মূল লক্ষ্য। যাতে মানুষ কোন বিষয়ে গভীর চিন্তা করার এবং কোন কল্যাণকর কাজে মনোনিবেশ করার সুযোগ না পায়। এর ফলে জাতি অতি শীঘ্র একটি প্রতিবন্ধী জাতিতে পরিণত হবে। যারা দেখেও দেখবে না, শুনেও শুনবে না, উনুত ও পবিত্র কোন চিন্তা করবে না। যারা হবে পশুর চাইতে নিক্ষ।

হিন্দু ধর্মে বিবাহ বিচ্ছেদ নেই। অথচ ভারতীয় চ্যানেলে দেখানো হয় হিন্দু নারীরা কিভাবে পোষাক বদলানোর ন্যায় স্বামী বদলিয়ে থাকে। থাকে পরিবারে ভাঙ্গনের নানা দৃশ্য। যা বাংলাদেশী দাম্পত্য সংস্কৃতির চরম বিরোধী। এদেশে স্বামী-স্ত্রীর সম্পর্ক সবচাইতে পরিত্র ও সবচাইতে বিশ্বস্ত। অথচ এইসব নাংরা দৃশ্য তাদের অন্তরে কুচিন্তা এনে দেয়। এছাড়াও সেখানে থাকে যৌন উদ্দীপক পোষাক পরিহিতা মেয়েদের নানা অঙ্গভঙ্গি। যা দেখলে যেকোন পুরুষকে পরনারীর প্রতি প্রলুব্ধ করে। ফলে নারী এখন সন্তা ব্যবসা পণ্যে পরিণত হয়েছে। সেই সাথে নারীর নানা অঙ্গভঙ্গির ছবি সম্বলিত বিজ্ঞাপন, বিলবোর্ড, উত্তেজক নারী মূর্তি, যা দোকানে ও রাস্তা-ঘাটে সর্বত্র দেখা যায়, তা সবই আমাদের সামাজিক পরিমণ্ডলকে চরমভাবে কলুষিত করে তুলছে। আল্লাহ বলেন, 'তোমরা প্রকাশ্য ও গোপন সকল প্রকার নির্লজ্জতা হ'তে বিরত থাক' (আন'আম ৬/১৫১)।

পর্ণোগ্রাফী নিয়ন্ত্রণ আইন ২০১২-এর ৮/৩ ধারায় বলা হয়েছে, কোন ব্যক্তি ইন্টারনেট, ওয়েবসাইট, মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইসের মাধ্যমে পর্ণোগ্রাফী সরবরাহ করলে সে অপরাধী হিসাবে গণ্য হবে। উক্ত অপরাধের জন্য তাকে সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড এবং দুই লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করা হবে'। কিন্তু এ আইনের বিষয়ে যেমন ব্যাপক জনসচেতনতা নেই। তেমনি এর প্রয়োগও তেমন দেখা যায় না। কম্পিউটার ও মোবাইল ফোন সার্ভিসিং-এর দোকানের নামে যেসব ব্যবসা প্রতিষ্ঠান মেমোরি কার্ডে পর্ণোগ্রাফী লোড দিচ্ছে, তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় না। এছাড়া মোবাইল কোম্পানীগুলো গভীর রাতে ফ্রি প্যাকেজ দিচ্ছে। অথচ সময় মত তারা ঠিকই গলা কাটছে। যা আমাদের জাতিকে মেধাশূন্য করে দেওয়ার ষড়যন্ত্রের একটি অংশ। ফলে আধুনিক তথ্য প্রযুক্তি সূজনশীল কাজের চাইতে ধ্বংসকর কাজে অধিক ব্যয়িত হচ্ছে। সমাজে ব্যাপকহারে বেড়ে চলেছে অনৈতিকতা, লজ্জাহীনতা, পারস্পরিক শ্রদ্ধাহীনতা। বেড়ে চলেছে বিবাহ বহির্ভূত দৈহিক মেলা-মেশা, পরকীয়া প্রেম, যৌতুক দাবী, স্ত্রী নির্যাতন, দাম্পত্য জীবনে ভাঙ্গন, অবশেষে হত্যাকাণ্ডের মত মর্মান্তিক পরিণতি। স্রেফ যৌন লালসা চরিতার্থে ব্যর্থ হওয়ায় গত ১৬ই জানুয়ারী'১৬ রাতে নারায়ণগঞ্জে একই পরিবারের পাঁচ খুনের ঘটনা কি এর জাজুল্যমান প্রমাণ নয়?

চীন সহ পৃথিবীর বহু দেশ পর্ণোগ্রাফী নিষিদ্ধ করেছে। এছাড়াও বিশ্বের বহু দেশে পর্ণোগ্রাফী কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং মোবাইল কোম্পানীগুলিকে কঠিনভাবে মনিটর করা হয়। কিন্তু নব্বই শতাংশ মুসলিমের দেশ হওয়া স্বত্বেও আমাদের দেশে এসবের কিছুই নেই। অতি সম্প্রতি পাকিস্তান ৪ লক্ষাধিক পর্ণো সাইট বন্ধ করে দিয়েছে। তাহ'লে বাংলাদেশ কেন পারবে না?

আমরা সরকারের কাছে জোর দাবী জানাচ্ছি, পর্ণোগ্রাফী পুরোপুরি নিষিদ্ধ করা হৌক এবং বল্পাহীন অশ্লীলতার জোয়ার প্রতিরোধে শক্তিশালী নীতিমালা প্রণয়ন করা হোক। প্রযুক্তির এই সহজলভ্যতার যুগে উঠিত যুবসমাজকে এর বিধ্বংসী কুপ্রভাব থেকে রক্ষা করতে এছাড়া কোনই বিকল্প নেই। কঠোরভাবে আইন প্রয়োগের সাথে সাথে সবচেয়ে বড় প্রয়োজন মানুষকে প্রকৃত অর্থে ধার্মিক বানানো। কেননা পরকালীন জবাবদিহিতার তীব্র অনুভূতি সৃষ্টি করা ব্যতীত সমাজকে দুর্নীতিমুক্ত করা এবং যৌন কলুষ থেকে ফিরিয়ে আনা আদৌ সম্ভব নয়। অতএব দেশে ধর্মীয় পরিবেশ সৃষ্টি করুন। ইসলামকে যথার্থভাবে মেনে চলুন। আল্লাহ বলেন, 'হে বিশ্বাসীগণ! তোমরা সমবেতভাবে আল্লাহর দিকে ফিরে চল। তাহ'লে তোমরা সফলকাম হবে' (নুর ২৪/৩১)। আল্লাহ আমাদের সহায় হৌন- আমীন! (স.স.)।



শারঈ ইমারত

মূল (উর্দূ) : মাওলানা আব্দুল কাদের হিছারী

অনুবাদ : নূরুল ইসলাম*

প্রিখ্যাত আহলেহাদীছ আলেম মাওলানা আব্দল কাদের হিছারী ভারতের হরিয়ানা রাজ্যের হিছার যেলার গঙ্গা থামে ১৯০৭ সালে জন্মগ্রহণ করেন। তাঁর দাদা ও পিতা উভয়ে আলেম ছিলেন। পিতা মাওলানা মুহাম্মাদ ইদরীসের কাছে প্রাথমিক শিক্ষা গ্রহণের পর উচ্চশিক্ষা অর্জনের নিমিত্তে তিনি ফিরোযপুর যেলার লাক্ষৌকেতে যান। সেখানে মাওলানা মহাম্মাদ আতাউল্লাহ লাক্ষাবীর কাছে ফুনুনের কিতাব সমূহ এবং মাওলানা মুহাম্মাদ আলী লাক্ষাবীর কাছে তাফসীর ও হাদীছের গ্রন্থাবলী অধ্যয়ন করেন। ফারেগ হওয়ার পর নিজ গ্রামে পাঠদানের মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু হয়। এ সময় তিনি বিভিন্ন পত্র-পত্রিকায় গবেষণাধর্মী প্রবন্ধ লিখতেন। দেশ বিভাগের পূর্বে 'আখবারে মুহাম্মাদী' (দিল্লী), 'তানযীমে আহলেহাদীছ' (রোপাড়), মাওলানা ছানাউল্লাহ অমৃতর্সরী সম্পাদিত 'আখবারে আহলেহাদীছি' (অমৃতসর) প্রভৃতি পত্রিকায় তাঁর প্রবন্ধগুলো প্রকাশিত হ'ত। 'তানযীমে আহলৈহাদীছ' পত্রিকায় তাঁর একটি প্রবন্ধ ৪০-এর অধিক কিস্তিতে সমাপ্ত হয়। সমসাময়িক কোন পত্রিকায় আহলেহাদীছ মাসলাকের বিরুদ্ধে কোন প্রবন্ধ প্রকাশিত হ'লে সঙ্গে সঙ্গে তিনি তার জবাবে প্রবন্ধ লিখতেন। অমৃতসর থেকে প্রকাশিত 'আল-ফাক্ট্রীহ' পত্রিকায় ফাইয়ায নামে এক ব্যক্তি আহলেহাদীছদের বিরুদ্ধে প্রপাগাণ্ডা চালালে তিনি 'তানযীমে আহলেহাদীছ' পত্রিকায় ২৭ কিস্তিতে তার বিস্তারিত জবাব দেন। দেশ বিভাগের পর তিনি পাকিস্তানে হিজরত করেন। তিনি ভাল বক্তা ও মুনাযির ছিলেন। 'সুলতানুল মুনাযিরীন' (তার্কিকদের সম্রাট) খ্যাত মাওলানা আব্দুল কাদের রোপড়ীর (১৯১৫-১৯৯৯) সাথে তিনি প্রতিপক্ষের বিরুদ্ধে অনেক মুনাযারায় অংশগ্রহণ করেন। তিনি ১৯৮১ সালের ১৭ই সেপ্টেম্বর বিকাল ৫-টায় বুরেওয়ালায় মৃত্যুবরণ করেন এবং সেখানেই তাঁকে দাফন করা হয়। মাওলানার প্রবন্ধ ও ফৎওয়াগুলো 'ফাতাওয়া হিছারিয়াহ ও মাকালাতে ইলমিইয়াহ' নামে ৭ খণ্ডে প্রকাশিত হয়েছে। তাঁর রচিত গ্রন্থের সংখ্যা চল্লিশের অধিক। তন্মধ্যে 'আছলী আহলে সুন্নাত' (আসল আহলে সুন্লাত) অন্যতম 灯

ফিৎনার আত্মপ্রকাশ:

বর্তমানে বিশ্বের মুসলমানরা বিভিন্ন ধরনের ফিংনা-ফাসাদে নিমজ্জিত রয়েছে। আপনি যদি গভীর দৃষ্টিতে দেখেন তাহ'লে বহু মাযহাবী, নৈতিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ফিংনা আপনার গোচরে আসবে। যেগুলো এই সময় মুসলমানদের উপরে চেপে বসে আছে। যদিচ এটি মুহাম্মাদ (ছাঃ)-এর ভবিষ্যদ্বাণীর ফলশ্রুতি। তিনি বলেছিলেন, فَنَنْ 'অচিরেই ফিংনা সমূহ সৃষ্টি হবে'। কিন্তু প্রকৃতপক্ষে এই দুর্ভাগারা ঐ শান্তি পাচ্ছে, যা আল্লাহ্র পক্ষ থেকে প্রত্যেক ঐ জাতি পেয়ে থাকে, যারা কুরআন ও হাদীছের অনুসরণ থেকে মুখ ফিরিয়ে নেয় এবং তার মর্ম অনুযায়ী আমল করার ব্যাপারে তাল-বাহানা করে।

* পিএইচ.ডি. গবেষক, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

এখন এই শান্তি থেকে যদি মুসলমানরা বাঁচতে চায়, তাহ'লে তার একটি মাত্র উপায় রয়েছে যে, তারা ঐ বুনিয়াদী অপরাধ থেকে বিরত থাকবে, যার কারণে তাদের উপরে এই ফিৎনা চেপে বসেছে। আর সেই কাজের জন্য প্রস্তুত হয়ে যাবে যার জন্য তাদেরকে কুরআন ও সুনাহ দেয়া হয়েছে। কিন্তু তারা যদি কুরআন ও হাদীছ থেকে বিমুখ হ'তে থাকে, তাহ'লে অন্য যেকোন উপায় অবলম্বন করে দেখুক এবং এটা বিশ্বাস করে নিক যে, কোন একটি ফিৎনার দুয়ারও রুদ্ধ হবে না। বরং প্রত্যেক নিত্য নতুন প্রচেষ্টা আরো বহু ফিৎনার জন্ম দিবে এবং তারা কখনো সফলকাম হবে না।

ফিৎনা থেকে বাঁচার একমাত্র উপায়:

ছহীহুল বুখারী ও অন্যান্য হাদীছ গ্রন্থের 'ফিতান' অধ্যায়ে বহু ফিংনার সংবাদ দেয়া হয়েছে এবং সেগুলোর ধারাবাহিক তালিকা প্রদান করতে গিয়ে সে সব ফিংনা থেকে বাঁচার এই উপায় বলা হয়েছে যে, দুর্কাক্র্র্ট্র টিক্র্র্ট্রিক তাঁকির বলা হয়েছে যে, দুর্কাক্র্র্ট্রিক তাঁদের ইমামকে আঁকড়ে মুসলমানদের জামা'আত এবং তাঁদের ইমামকে আঁকড়ে ধরবে'। এটিই হ'ল শারঈ প্রতিকার। উন্মাহ্র বিচক্ষণ ব্যক্তি মুহাম্মাদ (ছাঃ) যেটি বর্ণনা করেছেন। যার গুণ এই যে, وَمَا اللهَوَى، إِنْ هُوَ إِلَّا وَحْيُ يُصُوْحَى لَا اللهَوَى، إِنْ هُوَ إِلَّا وَحْيُ يُصُوْحَى اللهَوَى، إِنْ هُوَ اللهَوَى، إِنْ هُوَ اللهَوَى، اللهَوَمَهُ اللهَوَى، اللهَوَمَهُ اللهُوَى، اللهَوَى، اللهَوَى، اللهَوَى، اللهَوَى، اللهَوَهُ اللهُوَى، اللهَوَى، اللهَوَهُ اللهُوَى، اللهَوَهُ اللهُوَى، اللهُوَهُ اللهُوَالِهُ اللهُوَالْهُ اللهُوَالِهُ اللهُواللهُ اللهُواللهُ اللهُواللهُ اللهُ اللهُواللهُ اللهُ اللهُ

সুতরাং এটি আল্লাহ প্রদন্ত প্রতিকার। যার উপর আমল করা বিশ্বের সকল মুসলমানের জন্য ফরয। আর এটাই বাস্তব সত্য যে, ঐ ব্যক্তিই ফিৎনা ও পথভ্রষ্টতা হ'তে নিরাপদ থাকবে যে ব্যক্তি একজন শারন্ট আমীরের নেতৃত্ব মেনে নিবে।

আমীর নিয়োগ:

কুরআন মাজীদে বলা হয়েছে, আঁ বিশ্বর্গট বিশ্বাসীগণ। তোমরা ক্রিক্তির আর্ল্লাহ্র আনুগত্য কর এবং রাস্লের আনুগত্য কর ও তোমাদের নেতৃবৃদ্দের আনুগত্য কর গ (নিসা ৪/৫৯)।

এই আয়াতে তিন ব্যক্তির আনুগত্য করার নির্দেশ রয়েছে। ১ আল্লাহ্র ২. রাসূলুল্লাহ (ছাঃ)-এর এবং ৩. আমীরে জামা আতের। অতঃপর আল্লাহ তা আলা তাঁর আনুগত্যকে তাঁর রাসূলের আনুগত্যের উপরে সীমাবদ্ধ করে দিয়েছেন। তিনি বলেন, مَنْ يُطِع الرَّسُولَ فَقَدْ أَطَاعَ الله 'যে ব্যক্তি রাসূলের আনুগত্য করল সে আল্লাহ্রই আনুগত্য করল' নিসা ৪/৮০)। আর রাসূল (ছাঃ) নিজের আনুগত্যকে আমীরে জামা আতের আনুগত্যের উপরে সীমাবদ্ধ করে দিয়েছেন। যেমন আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাস্লুল্লাহ (ছাঃ) বলেন, مَنْ أَطَاعَنِي فَقَدْ أَطَاعَ الله وَمَنْ عَصَانِي فَقَدْ عَصَى الأَمِيْر فَقَدْ أَطَاعَنِي، وَمَنْ يَعْصِ الأَمِيْر فَقَدْ أَطَاعَنِي، وَمَنْ يَعْصِ الأَمِيْر فَقَدْ أَطَاعَنِي، وَمَنْ يَعْصِ الأَمِيْر فَقَدْ الله وَمَنْ يَعْصِ الأَمِيْر فَقَدْ المَاعِنِي وَمَنْ يَعْصِ الأَمِيْر فَقَدْ الله وَمَنْ يَعْسِ الْمَاعِنِي وَمَنْ يَعْسِ الْمَاعِنِي وَمَنْ يَعْسِ المَاعِنِي وَمَانَ عَلَيْر وَمَانَ عَالْهُ وَمَانَ عَلَيْمِ وَالْعَانِي وَالْمَاعِنِي وَالْمَاعِيْر وَالْمَاعِلِي وَالْمَاعِلَي وَالْمَاعِلَيْهِ وَالْمَاعِلِي وَالْمَاعِلِي وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْهِ وَالْمَاعِلِي وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلِي وَالْمَاعِلُولُهُ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلُولُهُ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلَيْمِ وَالْمَاعِلُمُ وَالْمَاعِلَيْمَا وَالْ

মাওলানা আব্দুল কাদের হিছারী, ফাতাওয়া হিছারিয়াহ ওয়া মাকুালাতে ইলমিইয়াহ, সংকলনে : মাওলানা ইবরাহীম খলীল (লাহোর : মাকতাবা আছহাবুল হাদীছ, ২০১২), পৢঃ ৬-৩৩।

২. বুখারী হা/৩৬০১; মিশকার্ত হা/৫৩৮৪ ৷

৩. বুখারী হা/৩৬০৬, ১৮৪৭; মিশকাত হা/৫৩৮২।

– عَصَاني 'যে ব্যক্তি আমার আনুগত্য করল সে আল্লাহ্র আনুগত্য করল। আর যে আমার অবাধ্যতা করল, সে আল্লাহর অবাধ্যতা করল। যে আমীরের আনুগত্য করল, সে আমার আনুগত্য করল। আর যে আমীরের অবাধ্যতা করল, সে আমার অবাধ্যতা করল'।⁸

উপরোল্লেখিত আয়াত ও হাদীছ দ্বারা আমীরের আনুগত্য করা সকল মুসলমানের উপর ফরয। আর এই শারঈ মূলনীতি বিদ্বানগণের নিকট স্বীকৃত যে, وَهُوَ بِهِ فَهُو اللَّهِ الْوَاحِبُ إِلاَّ بِهِ فَهُو ্যৈ বস্তু ব্যতীত কোন ওয়াজিব পূর্ণ হয় না, সেটিও وَاحِــبُ ওয়ার্জিব'। ^৫ এজন্য আমীর নির্ধারণ করা ওয়াজিব। কেননা আমীর নির্ধারণ না করলে আমীরের আনুগত্য বাস্তবতা লাভ করতে পারে না। যেটি স্পষ্ট।

আমীর ব্যতীত জীবনযাপন করা হারাম:

عَنْ عَبْد الله بْن عَمْرو أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم قَالَ لاَ يَحلُّ لِثَلَاثَةِ نَفَّرِ يَكُونُونَ بِأَرْضِ فَلاَةٍ إِلاَّ أَمَّرُوا عَلَيْهِمْ –كَدُهُمْ আব্দুল্লাহ বিন আমর (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেছেন, 'কোন তিনজন ব্যক্তির জন্যেও কোন নির্জন ভূমিতে অবস্থান করা হালাল নয় তাদের মধ্যে একজনকে 'আমীর' নিযুক্ত না করা পর্যন্ত'।

এর দারা সুস্পষ্ট হয় যে, কোন স্থানেই আমীর বিহীন জীবন যাপন ও বসবাস করা বৈধ নয়। সেকারণ সব জায়গার মানুষের জন্য আমীরের অধীনে জীবন যাপন করা ওয়াজিব।

সফরেও আমীর নির্ধারণ করা যরারী:

عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم আরু সাঈদ قَالَ إِذَا خَرَجَ ثَلاَثَةٌ في سَفَر فَلْيُؤَمِّرُوا أَحَدَهُمْ-খুদরী (রাঃ) হ'তে বর্ণিত, রাসুলুল্লাহ (ছাঃ) বলেন, 'যখন তিনজন একত্রে সফরে বের হবে তখন তাদের মধ্যে একজনকে যেন তারা 'আমীর' নিযুক্ত করে নেয়'। ^৭

হাদীছগুলো দ্বারা প্রমাণিত হয় যে, মুসলমানদের সংখ্যা যতই কম হোক এবং তারা যেখানেই থাকুক সফরে বা বাড়ীতে. লোকালয়ে বা জঙ্গলে সাময়িকভাবে হৌক বা স্থায়ীভাবে. সর্বাবস্থায় তাদের উপর আবশ্যিক হ'ল. নিজেদের মধ্য থেকে একজনকে আমীর নির্ধারণ করা। শহরে-নগরে ও গ্রামে-গঞ্জে যেখানে বসতি বেশী রয়েছে, সেখানে অগ্রাধিকার ভিত্তিতে এটি ওয়াজিব।

আমীর নিযুক্ত না করলে জাহেলিয়াতের মৃত্যু হবে:

عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ الله صَلَّى اللهُ عَلَيْه وَسَلَّمَ قَالَ مَــنْ ইবনু مَاتَ وَلَيْسَ عَلَيْه إِمَامُ جَمَاعَة فَإِنَّ مَوْتَتَهُ مَوْتَةٌ جَاهليَّةً-ওমর্র (রাঃ) হতে বর্ণিত, রাস্লুল্লাহ (ছাঃ) বলেছেন, 'যে ব্যক্তি মৃত্যুবরণ করল এমন অবস্থায় যে, তার কোন আমীরে জামা'আত নেই, তার মৃত্যু জাহেলিয়াতের মৃত্যু হল'।^৮ ছহীহ মুসলিমে বর্ণিত আছে, রাসুলুল্লাহ (ছাঃ) বলেছেন, ত্র্তু নৈ যে ব্যক্তি মৃত্যুবরণ وَلَيْسَ في عُنُقه بَيْعَةٌ مَاتَ ميتَةً جَاهليَّــةً করল এমন অবস্থায় যে, তার গর্দানে (আমীরের) বায়'আত নেই, সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করল'।^৯ মু'আয (রাঃ) থেকে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, پغُیْر مَاتَ بغُیْر যে ব্যক্তি আমীর বিহীন মৃত্যুবরণ إمَام مَاتَ ميْتَةً جَاهليَّــةً করল, সে জাহেলিয়াতৈর মৃত্যুবরণ করল'।^{১০}

ইসলাম পূর্ব যুগের নাম 'জাহেলিয়াত'। সে যুগে সবাই স্বাধীন ও প্রবৃত্তির দাস ছিল এবং শিরক, কুফর ও পাপাচারে নিমজ্জিত ছিল। আল্লাহ সম্পর্কে অবগত তাদের কোন পথপ্রদর্শক ও দিকনির্দেশক ছিল না। যার অধীনে থেকে তারা হেদায়াত লাভ করত। অনুরূপভাবে বর্তমানে মানুষ স্বাধীন ও প্রবত্তির দাস এবং ইমামের অধীনে জীবন যাপন করে না। সুতরাং যে ব্যক্তি ইমাম ও আমীর নির্ধারণ করবে না, সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করবে।

যখন মুহাম্মাদ (ছাঃ) রিসালাতের মর্যাদায় অভিষিক্ত হন. তখন তিনি ইসলাম ধর্মকে জগদ্বাসীর সম্মুখে পেশ করেন। অতঃপর যারা সেই ইসলাম কবুল করেছিল, তাদের মধ্যে শৃঙ্খলা প্রতিষ্ঠা করে সবাইকে সুসংগঠিত করে দেওয়া হয়েছিল এবং তাদের মধ্যে ধারাবাহিকভাবে আমীর নিযুক্ত করা হয়েছিল। রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছাহাবীগণ থেকে শুরু করে তাবেঈন, তাবে তাবেঈন ও আইম্মায়ে মুহাদ্দেছীন পর্যন্ত ও এ ধারাবাহিকতা অব্যাহত থাকে। অতঃপর মানুষ স্বাধীন হয়ে যায়। বিশেষ করে যেখানে অনৈসলামী সরকার ছিল. সেখানে মানুষ সে পদ্ধতির উপর চলে স্বাধীন হয়ে যায় এবং স্রেফ দুনিয়াবী সরকারকে যথেষ্ট মনে করে জীবন যাপন করে। আল্লাহ প্রদত্ত জীবন বিধানের নিয়ম-শৃঙ্খলা থেকে বেপরওয়া হয়ে যায়। ব্যস. এটাই হ'ল জাহেলিয়াত। যা থেকে বাঁচা ওয়াজিব।

সকাল ও সন্ধ্যার পূর্বে ইমাম বানাও:

مَن اسْتَطَاعَ منْكُمْ أَنْ لاَ يَنَامَ نَوْماً ,वरलन أَنْ لاَ يَنَامَ نَوْماً তোমাদের মধ্যে যে؛ وَلاَ يُصْبِحَ صَبَاحًا إِلاَّ وَعَلَيْهِ إِمَامٌ فَلْيَفْعَلْ ব্যক্তি এ ক্ষমতা রাখে যে, সে ঘুমাবে না এবং সকাল করবে না, কিন্তু এ অবস্থায় যে, তার একজন নেতা থাকবে। তবে

৪. রখারী হা/২৯৫৭; মিশকাত হা/৩৬৬১।

৫. নায়লুল আওত্বার ২/২৪৫ 'ছালাতে সূরা ফাতিহা পাঠ করা ওয়াজিব' অনুচ্ছেদ।

৬. *আহমাদ হা/৬৬8৭*, হাদীছ হাসান।

৭. আবুদাউদ হা/২৬০৮; নায়লুল আওত্বার হা/৩৮৭৩, 'আকৃষিয়াহ ও আহকাম' অধ্যায়. সনদ ছহীহ।

৮. হাকেম হা/২৫৯, হাদীছ ছহীহ।

৯. মুসলিম হা/১৮৫১; মিশকাত হা/৩৬৭৪। ১০. ত্বাবারাণী হা/৯১০; আলবানী, যিলালুল জান্নাহ হা/১০৫৭, সনদ হাসা<u>ন</u>

সে যেন তা করে'।^{১১}

এই হাদীছ দ্বারা দ্রুত আমীর নির্বাচনের বিধান স্পষ্ট হ'ল।
এজন্য যখন রাসূলুল্লাহ (ছাঃ) মৃত্যুবরণ করেন তখন ছাহাবায়ে
কেরাম দ্রুত নেতা নির্বাচনের জন্য সচেষ্ট হন এবং রাসূল
(ছাঃ)-এর গোসল, কাফন-দাফন প্রভৃতি ঐ সময় পর্যন্ত
স্থণিত রাখেন, যতক্ষণ না আমীর নির্বাচন করা হয়। যখন
আমীর নিযুক্ত হয়ে যান তখন তার অধীনে তারা সব কাজ
আঞ্জাম দেন। যদি দ্রুত আমীর নির্বারণ করা যক্করী না হ'ত,
তাহ'লে প্রথমে কাফন-দাফনের ব্যবস্থা করা হ'ত। 'সুতরাং
হে জ্ঞানীগণ! তোমরা শিক্ষা গ্রহণ করো' (হাশর ৫৯/২)।

আমীর ছাড়া কোন ইসলাম নেই:

নিমু স্তরের আমীরেরও আনুগত্য করো:

উমুল হুছাইন (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, আমি বিদায় হজে রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি, "غَبُدُ مُ خُرَّعُ أَسُودُ عَلَيْكُمْ عَبْد مَّ بَكْتَابِ الله تَعَالَى فَاسْمَعُواْ لَهُ وَأَطِيعُواْ لَهُ وَأَطِيعُواْ لَهُ وَأَطِيعُواْ لَهُ وَأَطِيعُواْ لَهُ وَأَطِيعُواْ لَهُ وَأَطِيعُوا لَهُ وَاللهُ مَا اللهُ وَاللهُ وَال

জামা'আতী যিন্দেগীর হুকুম:

সকল মুসলমানের উপরে ফরয হ'ল, তারা পরস্পর ঐক্যবদ্ধ হয়ে জামা'আতী যিন্দেগী যাপন করবে। ফিরকা ও দলে দলে বিভক্ত হবে না। কুরআন মাজীদে এরশাদ হয়েছে, اعْتُصِمُوْا 'তোমরা সকলে সমবেতভাবে আল্লাহ্র রজ্জুকে ধারণ কর এবং পরস্পরে বিচ্ছিন্ন হয়ো না' (আলে ইমরান ৩/১০৩)। আর এটা প্রমাণ করা হয়েছে যে, আমীর ব্যতীত জামা'আত এবং জামা'আতী যিন্দেগী হয় না। এজন্য আমীর থাকা যরুরী। সুতরাং প্রথমে আমীর নির্বাচন করো অতঃপর তাঁর অধীনে জামা'আতী যিন্দেগী যাপন করো।

সভাপতি বানানো:

কিছু লোক ব্রিটিশ ও পার্থিব নিয়ম-নীতির প্রতি খেয়াল করে নিজেদের আঞ্জুমান (সংগঠন), জমঈয়ত বা কমিটি গঠন করার সময় তাদের মধ্য থেকে কোন বড় ব্যক্তিকে ছদর বা সভাপতি নির্বাচন করে থাকেন। যদি অমুসলিম হিন্দু, ইহুদী, খিষ্টান ও অন্যরা এটা করে. তাহ'লে সেটাকে তাদের রীতি বলা হবে। এটা ইসলামের রীতি হবে না। যদি মুসলমান এমনটা করে তাহ'লে এটা শারঈ পদ্ধতির বিপরীত হবে। কেননা ইসলামী শরী'আত ইমারতের ধারাবাহিকতা কায়েম করেছে। আমীর ও মামূর হওয়ার নির্দেশ দিয়েছে। হাদীছে ত্র مَنْ أَحْدَثَ في أَمْرِنَا هَذَا مَا لَيْسَ مَنْهُ فَهُــوَ رَدٌّ প্রসহে, ব্যক্তি আমাদের শরী'আতে নতুন কিছুর উদ্ভব ঘটালো, যা তাতে নেই সেটি প্রত্যাখ্যাত'।^{১৪} এজন্য ইমারত শরী'আতসম্মত এবং সভাপতি অগ্রহণযোগ্য। তিনটি স্বর্ণযুগে সভাপতির আদলে কোন সংগঠন কায়েম হয়নি। এটা অমুসলিমদের পদ্ধতি। হাদীছে এসেছে, ليس منا من عمل েযে অন্যদের (অমুসলিমদের) রীতি অনুযায়ী سينة غيرنا আমল করল, সে আমাদের দলভুক্ত নয়'।^{১৫}

মতভেদ ও দলাদলি থেকে বাঁচো:

আহলে কিতাবদের রীতি-নীতির অনুসরণ থেকেও কুরআন আমাদেরকে নিষেধ করেছে। মহান আল্লাহ বলেন, । ﴿ كَالَّذِيْنَ تَفَرَّقُواْ وَاخْتَلَفُواْ مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ وَأُولَئِكَ كَالَّذِيْنَ تَفَرَّقُواْ وَاخْتَلَفُواْ مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ وَأُولَئِكَ পর্ত্তার না, যারা পরত্তারে বিচ্ছিন্ন হয়েছে এবং স্পষ্ট প্রমাণাদি এসে যাওয়ার পরেও তাতে মতভেদ করেছে। এদের জন্য রয়েছে ভয়ংকর শান্তি' (আলে ইমরান ৩/১০৫)। এই শান্তি ঐ লোকদেরও হবে যারা আহলে কিতাবদের মতো দলে দলে বিভক্ত হচেছ। অতএব সকল আহলেহাদীছের উপরে এটা আবশ্যুক যে, অনৈক্য, হিংসা-অহংকার ও মতভেদ থেকে বেঁচে ঐক্যবদ্ধ হয়ে যাক এবং শারঈ পদ্ধতিতে জামা'আতী নিয়ম-নীতি প্রতিষ্ঠিত করুক। তারা জামা'আতকে অস্বীকারকারী ও

১১. ইবনু আসাকির ৩৬/৩৯৬; আহমাদ হা/১১২৬৫, সনদ যঈফ। সনদ যঈফ হ'লেও মর্ম ছহীহ। যা রাসূল (ছাঃ)-এর মৃত্যুর পর দ্রুত খলীফা নির্বাচনের ঘটনা দ্বারা প্রমাণিত।

১২. দারেমী হা/২৫১, সন্দ যঈফ। এ মর্মে ছহীহ মরফু হাদীছ রয়েছে। যেমন রাসূল (ছাঃ) বলেন, জামা'আতবদ্ধ জীবন হ'ল রহমত এবং বিচ্ছিন্ন জীবন হ'ল আযাব' (ছহীহাহ হা/৬৬৭)। আর ইমাম বা আমীর ব্যতীত জামা'আত হয় না, এটা অন্যান্য হাদীছ সমূহ দ্বারা প্রমাণিত।

১৩. মুসলিম হা/১৮৩৮; মিশকাত হা/৩৬৬২।

১৪. বুখারী হা/২৬৯৭; মুসলিম হা/১৭১৮; মিশকাত হা/১৪০।

১৫. যঈফাহ হা/৪০৫৭। সন্দ যঈফ হ'লেও একই মর্মে ছহীহ হাদীছে এসেছে, 'যে ব্যক্তি যে জাতির সাদৃশ্য অবলম্বন করে, সে ব্যক্তি তাদেরই অন্তর্ভুক্ত হবে' (আবুদাউদ হা/৪০৩১; ছহীহল জামে' হা/৬১৪৯; মিশকাত হা/৪৩৪৭)।

পরিত্যাগকারী হয়ে আমলকারীদের উপর অন্যান্য ভ্রান্ত ফিরকাগুলির মতো দোষারোপকারী না হোক।

সূতরাং মতভেদের সময়ও সত্যের মানদণ্ড হিসাবে সেটাকেই সামনে রাখতে হবে আহলেহাদীছ আলেমগণ অন্য ফিরকাগুলোকে যাচাইয়ের সময় যেটা রেখেছিলেন। অর্থাৎ ফিরক্বায়ে নাজিয়াহ ওটাই যেটা وأصْحَابي (আমি ও আমার ছাহাবীগণ যার উপরে আছি) এর অনুকৃলে রয়েছে। অর্থাৎ মুক্তিপ্রাপ্ত দল সেটাই, যেটা ঐ তরীকার উপরে চলে, যার উপরে রাসুলুল্লাহ (ছাঃ) ও তাঁর ছাহাবীগণ চলেছেন। সুতরাং কোন সন্দেহ নেই যে, রাসুলুল্লাহ (ছাঃ) এবং তাঁর ছাহাবায়ে কেরাম ইমারতের উপরে আমল করে ঐক্যবদ্ধ ছিলেন। তাদের সর্বসম্মত আমল এটাই ছিল। ইমারতে শারঈর পদ্ধতি ছেড়ে রাষ্ট্রীয় সংগঠন বা জাতীয় সংগঠন বা ধর্মীয় সংগঠন নিজ প্রবৃত্তি অনুযায়ী স্বাধীন পদ্ধতিতে কায়েম করা হ'লে সেটা তিনটি স্বর্ণযুগের বিপরীত হবে।

ছিরাতে মুস্তাকীমের দিকে দাওয়াত:

আমরা আন্তরিকভাবে আহলেহাদীছ ভাইদেরকে ছিরাতে মুস্ত تَعَالُواْ إِلَى كُلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا -क्वित्यत मिरक माध्यां विष्ठिः ু (আলে ইমরান ৩/৬৪)। 'এসো তোমরা সবাই ঐ কথায় একমত হয়ে যাও, যা আমাদের ও তোমাদের মাঝে স্বীকৃত। তা এই যে, জীবনের মুখ্য উদ্দেশ্য ইক্যামতে দ্বীন বিশুদ্ধ ইমারতের পদ্ধতিতে জামা'আতবদ্ধ হয়ে পূর্ণ করা। আমাদের সবার উচিত হ'ল. ইকামতে দ্বীন তথা তাওহীদ ও সুনাতের প্রতিষ্ঠার জন্য সম্মিলিত শক্তি নিয়ে চেষ্টা করা। আর সম্মিলিত শক্তি সংগঠনের মাধ্যমে হয়। আর সংগঠন ইমারতবিহীন হ'তে পারে না। এজন্য ইমারত কায়েম করা যরুরী। ইমারতবিহীন অন্যান্য দ্বীনী বিষয়সমহ যেমন দরস-তাদরীস (পঠন-পাঠন), ওয়ায ও তাবলীগ পরিপূর্ণ নয়। لاَ يَقُصُّ إلاَّ أَميرٌ أَوْ مَا مُورٌ أَوْ مُخْتَالٌ , रानीत्ह अत्नत्ह 'আমীর অথবা আমীরের পক্ষ থেকে নির্দেশপ্রাপ্ত ব্যক্তি অথবা কোন অহংকারী ব্যতীত অন্য কেউ ওয়ায-বক্তৃতা করে না'।^{১৬} এভাবেই হবে বিবদমান সকল বিষয়ে ফায়ছালা। যেমন এরশাদ হয়েছে, أَسِيرٌ 'আমীর ব্যতীত 'আমীর ব্যতীত মানুষের মধ্যে কেউ ইছলাহ করে না ُ... ا অন্যান্য রীতি-পদ্ধতি ও পঞ্চায়েত সমূহের ফায়ছালাগুলো শরী আতসম্মত ফায়ছালা নয় বলে গণ্য হবে। এভাবে ছালাত এবং যাকাত আদায়ও ইমাম ও আমীরের সাথে গ্রহণযোগ্য হবে। অন্যায় কাজ থেকে নিষেধও আমীরের অধীনে সম্পাদিত হবে। হজ্জও আমীরের নির্দেশে হবে। যুদ্ধ-জিহাদের অবস্তা এলে সেটিও আমীরের মাধ্যমে করতে হবে। রাসূলুল্লাহ (ছাঃ) वरलन, إنَّمَا الْإِمَامُ جُنَّةٌ يُفَاتَـلُ مِـنْ وَرَائِـهِ इंगान वरलन, إنَّمَا الْإِمَامُ جُنَّةٌ يُفَاتَـلُ مِـنْ وَرَائِـهِ ঢালস্বরূপ। তাঁর পিছনে থেকে যদ্ধ করা হয়'। ১৮

মোটকথা, সামর্থ্য অনুযায়ী আমীরের কাজ অনেক। আর এর উপরেই ইসলামের প্রতিষ্ঠা নির্ভরশীল। এজন্য আমীর নির্বাচন করা অনেক বড় ফর্য। এটা পরিত্যাগ করে বর্তমানে মুসলমানেরা ইসলাম ধর্মের চরিত্র থেকে দুরে সরে যাচ্ছে এবং আমল করা থেকে বিরত হচ্ছে। বনু ইসরাঈলের মতো মিথ্যা বাহানা তালাশ করে এবং ওযরখাহী করে বলে যে, ইমারত কায়েম করলে দ্রুত সরকার গঠন করতে হবে. কাফেরদের সাথে যুদ্ধ করা ফরয হবে এবং শারঈ হুদুদ বা দণ্ডবিধি সমূহ কায়েম করা আবশ্যিক হবে ইত্যাদি। অথচ এগুলি ইমারতের জন্য শর্ত নয়।

হ্যা. উক্ত বিষয়গুলি বাস্তবায়নের জন্য ইমারত শর্ত। যা সাধ্যানুযায়ী निজ निজ কর্মকালে হয়ে থাকে। কুরআন भाजीत तरग़रह, اللهُ نَفْسًا إلَّا وُسْعَهَا كُلُّفُ اللهُ نَفْسًا إلَّا وُسْعَهَا 'आज्ञार কাউকে তার সাধ্যের অতিরির্ক্ত কাজে বাধ্য করেন না' إذًا أَمَرْتُكُمْ بأَمْر فَأْتُوا منْهُ वाकातार २/२४७)। रानीएर धरमएर, أَفَا أَمَرُتُكُمْ بأَمْر فَأْتُوا منْهُ ंयथन আমি তোমাদেরকে কোন কাজের নির্দেশ ما اسْتَطَعْتُمْ দেই, তখন তোমরা সাধ্যানুযায়ী তা বাস্তবায়ন করো'।^{১৯} দেখুন! তিনজন ব্যক্তি হ'লেও সফরে ও জঙ্গলে আমীর নির্বাচনের নির্দেশ রয়েছে। তাহ'লে সেখানে কোন ধরনের যুদ্ধ, সরকার ও হুদূদ বাস্তবায়িত হবে?

আসল কথা এই যে. ঐ সমস্ত লোকজন ইমারতকে দুনিয়ার বাদশাহী ও সরকার সমূহের ক্ষমতার উপরে অনুমান করে নিয়েছে। যা সম্পূর্ণ ভুল। নবুঅতী পদ্ধতিতে ইমারত ও খেলাফত উদ্দেশ্য। যা নিঃস্ব অবস্থায় শুরু হয়। যেমন হাদীছে بَدَأَ الْإِسْلاَمُ غَرِيبًا وَسَيَعُودُ كَمَا بَدَأَ غَرِيبًا فَطُوبَى ,अलाइ, – للُغُرَّبَاء 'ইসলাম স্বল্পসংখ্যক লোকের মাধ্যমে শুরু হয়েছে। অচিরেই সে তার পূর্বের অবস্থায় ফিরে আসবে। সুতরাং সুসংবাদ সেই স্বল্পসংখ্যক লোকদের জন্য'।^{২০} যতক্ষণ পর্যন্ত কোন আমীর রাষ্ট্রীয় ক্ষমতা অর্জন না করতে পারবেন, ততক্ষণ তাকে ধর্মীয় বিষয়গুলি জামা'আতবদ্ধভাবে সম্পাদন করে যেতে হবে।

১৬. আবুদাউদ হা/৩৬৬৫, হাসান ছহীহ; মিশকাত হা/২৪০ 'ইলম' অধ্যায়। ইবনু মাজাহ্র বর্ণনায় (ইবনু মাজাহ হা/৩৭৫৩) এসেছে, مُرَاء অর্থাৎ রিয়াকার ব্যক্তি যার কথায় ও কাজে কোন নেকী নেই।

১৭. বায়হাক্বী, শু'আবুল ঈমান হা/৭৫০৮, সনদ যঈফ। কথাটি রাসূল (ছাঃ)-এর নয়। বরং হযরত আলী (রাঃ)-এর। পূর্ণ হাদীছটি হ'ল, আলী (রাঃ) বলেন, মানুষের মধ্যে ফায়ছালা করেনা আমীর ব্যতীত। তিনি সৎ হৌন বা অসৎ হৌন। লোকেরা বলল, সৎ আমীর বুঝলাম। কিন্তু অসৎ আমীরের বিষয়টি কেমন? জবাবে তিনি বললেন, আল্লাহ তার মাধ্যমে রাস্তা-ঘাট নিরাপদ রাখেন, শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করান, যুদ্ধলব্দ ফাই জমা করেন, দণ্ডবিধিসমূহ কায়েম করেন, বায়তুল্লাহ্র ইজ্জ করানু, যেখানে মুসলমানরা নিরাপতার সাথে আল্লাহ্র ইবাদত করে, যতর্দিন না তাঁর মৃত্যু এসে যায়'। হাদীছটির সনদ যঈফ হ'লেও

ছহীহ মরফু' হাদীছ দ্বারা প্রমাণিত। যেখানে বলা হয়েছে, 'আমীর হ'লেন ঢাল স্বরূপ। তার পিছনে থেকে যুদ্ধ করা হয়' (বুখারী হা/২৯৫৭)।

১৮. বুখারী হা/২৯৫৭; মিশকাত হা/৩৬৬১।

১৯. বুখারী হা/৭২৮৮; মুসলিম হা/১৩৩৭; মিশকাত হা/২৫০৫। ২০. মুসলিম হা/১৪৫; মিশকাত হা/১৫৯।

ভুল সংশোধনে নববী পদ্ধতি

মূল : মুহাম্মাদ ছালেহ আল-মুনাজ্জিদ*

অনুবাদ : আব্দুল মালেক**

(২য় কিন্তি)

৫. ভুল সংশোধনে প্রবৃত্ত ব্যক্তির সামাজিক অবস্থান মূল্যায়ন (।ত্রহাণ কেট্র টাকেল্ড । ধিকুল দেলকেল । ধিকুল দেলকেল । ধিকুল দেলকেল

সমাজে কিছু লোকের কথা মান্য করা হ'লেও ঐ কথাই অন্যেরা বললে মান্য করা হয় না। কেননা তাদের এমন একটা অবস্থান রয়েছে, যা অন্যদের নেই। অথবা ভুলকারীর উপর তাদের এমন ক্ষমতা রয়েছে, যা অন্যদের হাতে নেই। যেমন পুত্রের উপর পিতার, শিক্ষার্থীর উপর শিক্ষকের এবং সরকারীভাবে পরিদর্শক হিসাবে নিয়োজিত ব্যক্তির অন্যায় কাজে নিয়োজিত ব্যক্তিদের নিষেধ করার ক্ষমতা। সুতরাং বয়সে যে বড় তার ভূমিকা সমবয়সী ও ছোটদের মত নয়; আত্মীয়-স্বজনের ভূমিকা অনাত্মীয়ের মত নয় এবং শাসন ক্ষমতার অধিকারী ব্যক্তির ভূমিকা ক্ষমতাহীন ব্যক্তির মত নয়।

শ্রেণীগত এ পার্থক্য জানা থাকলে একজন সংশোধনকারীর পক্ষে যথার্থভাবে সংশোধনের কাজ আঞ্জাম দেওয়া সম্ভব হবে। সে সবকিছু বুঝে-শুনে যথাযথভাবে করতে পারবে। ফলে তার নিষেধ বা সংশোধনের উল্টো ফল হিসাবে বড় কোন অঘটন বা অন্যায়ের সূত্রপাত হবে না। নিষেধকারীর পদমর্যাদা ও প্রতিপত্তি অপরাধীর মনে নিষেধের মাত্রা এবং কঠোরতা ও ন্মুতার মাপকাঠি নির্ণয়ে বিশেষ ভূমিকা রাখে। এখান থেকে আমরা দু'টি সৃত্র পেতে পারি।

এক. আল্লাহ যাকে শাসন ক্ষমতা দিয়েছেন সে যেন তা সৎ কাজের আদেশ, অসৎ কাজের নিষেধ, নীতি-নৈতিকতা বা চরিত্র শিক্ষাদানে নিয়োজিত রাখে এবং তার দায়িত্বকে অনেক বড় মনে করে। কেননা জনগণ অন্যদের তুলনায় তার কথা বেশী মাত্রায় গ্রহণ করে এবং সে যা পারে অন্যরা তা পারে না। দুই. আদেশকর্তা ও নিষেধকর্তা যেন নিজের ওযন ভুলে না যায়। তাহ'লে সে নিজেকে এমন উচ্চতায় নিয়ে যাবে যার যোগ্য সে নয়। এমতাবস্থায় তার অধিকারহীন ক্ষমতা প্রয়োগে হিতে বিপরীত হবে এবং উল্টো তাকেই ঝামেলা ও বাধার সম্মুখীন হ'তে হবে।

নবী করীম (ছাঃ)-কে মহান আল্লাহ মানুষের উপর যে মর্যাদা ও প্রভাব-প্রতিপত্তি দিয়েছিলেন, তা তিনি আদেশ-নিষেধ ও শিক্ষাদানে যথারীতি ব্যবহার করতেন। তিনি অনেক সময় এমন আচরণও করতেন, যা তিনি ব্যতীত অন্য কেউ করলে তা মোটেও শোভনীয় হ'ত না।দু'একটি উদাহরণ দেওয়া যাক-ইয়াঈশ ইবনু তিহফা আল-গিফারী (রাঃ) থেকে বর্ণিত, তিনি তার পিতা থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন,

* সউদী আরবের প্রখ্যাত আলেম ও দাঈ।

ضَفْتُ رَسُولَ الله صلى الله عليه وسلم فيمَنْ تَضَيَّفَهُ مِنَ الْمَسَاكِينِ فَحَرَجَ رَسُولُ الله صلى الله عليه وسلم في اللَّيْلِ يَتَعَاهَدُ ضَيْفَهُ فَرَآنِي مُنْبَطِحًا عَلَى بَطْنِي فَرَكَضَنِي برجْله وَقَالَ لاَ تَضْطَجعْ هَذه الضَّجْعَةَ فَإِنَّهَا ضَجْعَةٌ يَنْعَضُهَا الله عَزَّ وَحَلَّ وفَالَ لاَ تَصْطَجعْ هَذه الضَّجْعَة فَإِنَّهَا ضَجْعَةٌ يَنْعَضُهَا الله عَزَّ وَحَلًا وفَالَ هَذه ضِجْعة أَيْقَظَهُ وقَالَ هَذه ضِجْعة أَهْلِ النَّارِ -

'একবার আমি নবী করীম (ছাঃ)-এর মেহমানখানায় অন্যান্য অভাবী মিসকীনদের সাথে মেহমান হয়েছিলাম। রাতে তিনি তাঁর মেহমানদের খোঁজ-খবর নিতে এসেছিলেন। তিনি আমাকে উপুড় হয়ে ঘুমাতে দেখে তাঁর পা দিয়ে আমাকে ঠেলা মারেন এবং বলেন, এমন করে ঘুমিও না। এভাবে ঘুমানো আল্লাহ্র নিকট অপসন্দনীয়। অন্য বর্ণনায় আছে, তিনি তাকে পা দিয়ে ধাক্কা দেন এবং জাগিয়ে তোলেন। তারপর বলেন, এটা জাহান্নামীদের শোয়া'।

এভাবে পায়ে ঠেলে নিষেধ করা নবী করীম (ছাঃ)-এর ক্ষেত্রে মানানসই হ'লেও অন্য কোন মানুষের জন্যে তা মানানসই হবে না। অন্য কোন ব্যক্তি কাউকে উপুড় হয়ে শুয়ে থাকতে দেখে এমন আশা করতে পারে না যে, সে তাকে পায়ে ঠেলে জাগিয়ে তুলবে এবং লোকটা তা মেনে নিয়ে তার প্রতি কতজ্ঞতা প্রকাশ করবে।

অনুরূপ আরেকটি কাজ হচ্ছে- ভুলে পতিত ব্যক্তিকে মারধর করা কিংবা তার দিকে কংকর জাতীয় কিছু ছুঁড়ে মারা। কিছু কিছু পূর্বসূরী ব্যক্তিত্ব এমনটা করেছেন। আসলে এসবই নির্ভর করে ব্যক্তির ভাবমর্যাদা ও প্রতিপত্তির উপর। নিম্নে এমন কিছু ঘটনা তুলে ধরা হ'ল।

দারেমী সুলায়মান ইবনু ইয়াসার থেকে বর্ণনা করেছেন.

أَنَّ رَجُلاً يُقَالُ لَهُ صَبِيْغٌ قَدَمَ الْمَدينَةَ، فَجَعَلَ يَسْأَلُ عَنْ مُتَشَابِهِ الْقُرْآن، فَأَرْسَلَ إِلَيْهِ عُمَرُ وَقَدْ أَعَدَّ لَهُ عَرَاجِيْنَ النَّخْلِ، مُتَشَابِهِ الْقُرْآن، فَأَرْسَلَ إِلَيْهِ عُمَرُ وَقَدْ أَعَدَّ لَهُ عَبِيغٌ – فَأَخذَ عُمرُ فَقَالَ : مَنْ أَنْتَ؟ قَالَ : أَنَا عَبْدُ الله عُمرُ عُرْجُوناً مِنْ تلْكَ الْعَرَاجِيْنِ فَضَرَبَهُ وَقَالَ : أَنَا عَبْدُ الله عُمرُ فَجَعَلَ لَهُ ضَرَّباً حَتَّى دَمِي رَأْسُهُ، فَقَالَ : يَا أَمِيرَ الْمُؤْمِنِيْنَ حَسْبُكَ قَدْ ذَهَبَ الله كُنْتُ أَجدُ في رَأْسي –

'ছাবীগ নামক এক ব্যক্তি মদীনায় এসে কুরআনের মুতাশাবেহ বা দ্ব্যর্থবোধক আয়াত সম্পর্কে জিজ্ঞেস করতে থাকে। খবর পেয়ে ওমর (রাঃ) তাকে ডেকে পাঠান। এদিকে তার জন্য তিনি কিছু খেজুর ডাল (পাতা ছড়ান লাঠি আকারের ডাল)

^{**} সিনিয়র শিক্ষক, হরিণাকুণ্ড সরকারী বালিকা মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ।

আহমাদ হা/২৩৬৬৪; আল-ফাতহুর রাব্বানী ১৪/২৪৪-২৪৫; তিরমিযী হা/২৭৪০; আবুদাউদ হা/৫০৪০; ছহীহুল জামে ' হা/২২৭০-২২৭১, আল-আদাবুল মুফ্রাদ হা/১১৮৭, সনদ ছহীহ।

যোগাড় করে রাখলেন। সে এলে তিনি বললেন, তুমি কে? সে বলল, আমি আল্লাহ্র বান্দা ছাবীগ। ওমর তখন একটা খেজুর ডাল তুলে নিয়ে বললেন, আমি আল্লাহ্র বান্দা ওমর। তারপর তিনি খেজুর ডাল দিয়ে পিটিয়ে তার দেহ রক্তাক্ত করে দিলেন। সে তখন বলতে লাগল, আমীরুল মুমিনীন! যথেষ্ট হয়েছে আমাকে আর মারবেন না, আমার মাথায় যে ভূত চেপেছিল তা চলে গেছে'।

ইমাম বুখারী (রহঃ) ইবনু আবী লায়লার বরাতে উল্লেখ করেছেন.

كَانَ حُذَيْفَةُ بِالْمَدَايِنِ فَاسْتَسْقَى، فَأَتَاهُ دهْقَانٌ بِقَدَح فضَّة، فَرَمَاهُ به فَقَالَ إِنِّى لَمْ أَرْمِه إِلاَّ أَنِّى نَهْيَتُهُ فَلَمْ يَنْتَه، وَإِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَانَا عَنِ الْحَرِيرِ وَالدِّيبَاجِ وَالشُّرْبِ فَى الدَّيبَاجِ وَالشُّرْبِ فَى آنيَة الذَّهَبِ وَالْفِضَّةِ وَقَالَ هُنَّ لَهُمْ فِي الدُّنْيَا وَهْيَ لَكُمْ فَي الدُّنيَا وَهْيَ لَكُمْ فَي الدَّنيَا وَهْيَ لَكُمْ فَي اللَّنْيَا وَهْيَ لَكُمْ فَي

'হুযায়ফা ইবনুল ইয়ামান (রাঃ) তখন মাদায়েনের শাসক। তিনি পানি পান করতে চাইলে একজন নেতৃস্থানীয় ব্যক্তিরপার পাত্রে তাঁকে পানি এনে দিল। তিনি তা তার মুখে ছুঁড়ে মারলেন এবং বললেন, আমি এমনি এমনি তাকে ছুঁড়ে মারিনি। এর আগেও আমি তাকে নিষেধ করেছি, কিন্তু সেনিষেধ মানেনি। অথচ নবী করীম (ছাঃ) আমাদেরকে মসৃণ রেশম ও মোটা রেশমের কাপড় পরতে এবং সোনা ও রূপার পাত্রে পানাহার করতে নিষেধ করেছেন। তিনি আরো বলেছেন, ওগুলো দুনিয়াতে তাদের জন্য এবং পরকালে তোমাদের জন্য'।

ইমাম আহমাদের বর্ণনায় এসেছে আব্দুর রহমান ইবনু আবী লায়লা বলেন.

خَرَحْتُ مَعَ حُدْيَفَةَ إِلَى بَعْضِ هَذَا السَّوَادِ فَاسْتَسْقَى فَأَتَاهُ دَهْ هَانٌ السَّوَادِ فَاسْتَسْقَى فَأَتَاهُ دَهْ هَانٌ الإِنَاءِ مِنْ فَضَّة قَالَ فَرَمَاهُ بِه فِي وَجْهِهِ قَالَ قُلْنَا اسْكُتُوا اَسْكُتُوا وَإِنَّا إِنْ سَأَلْنَاهُ لَمْ يُحَدِّثْنَا، قَالَ فَسكَتْنَا قَالَ فَلَمَّا كَانَ بَعْدَ ذَلِكَ قَالَ أَتَدْرُونَ لِمَ رَمَيْتُ بِه فِي وَجْهِهِ قَالَ فَلَمَّا كَانَ بَعْدَ ذَلِكَ قَالَ أَتَدْرُونَ لِمَ رَمَيْتُ بِه فِي وَجْهِهِ قَالَ قُلْنَا لاَ. قَالَ إِنِّي كُنْتُ نَهَيْتُهُ. قَالَ فَذَكَرَ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لاَ تَشْرُبُوا فِي آنِيَة الذَّهَبِ قَالَ مُعَاذٌ لاَ تَشْرَبُوا فِي النَّهَ الذَّهَبِ وَلاَ النَّيَاجَ فَإِنَّهُمَا لللهَ فَي الدُّيَاجَ فَإِنَّهُمَا لَيْ الآخَرِيرَ وَلاَ الدِّيبَاجَ فَإِنَّهُمَا لَهُمْ فِي الدُّنِيَا وَلَكُمْ فَي الآخَرَة -

'আমি হুযায়ফা (রাঃ)-এর সঙ্গে (মাদায়েনের) এক শহরতলী এলাকায় গিয়েছিলাম। তিনি পানি চাইলে জনৈক নেতা রূপার পাত্রে পানি নিয়ে আসে। তিনি পাত্রটা হাতে নিয়ে তার মুখে ছুঁড়ে মারেন। তখন আমরা বলতে লাগলাম, চুপ করো! চুপ করো!! আমরা তাঁকে জিজ্ঞেস করলে (হয়তো) তিনি কিছুই বলবেন না। আমরা চুপ করলে তিনি বললেন, 'তোমরা কি জান, কেন আমি ওটা তার মুখে ছুঁড়ে মারলাম? আমরা বললাম, 'না'। তিনি বললেন, এর আগে আমি তাকে এমন করতে নিষেধ করেছিলাম। (তারপরও সে আমার নিষেধ শোনেনি)। অতঃপর তিনি নবী করীম (ছাঃ)-এর প্রসঙ্গ তুলে বললেন যে, তিনি বলেছেন, তোমরা সোনার পাত্রে পান করো না। (মুযাদের বর্ণনায় এসেছে) তোমরা সোনা ও রূপার পাত্রে পান কর না। মিহি রেশম ও মোটা রেশমের কাপড় পর না। কেননা এ দু'টো তাদের জন্য দুনিয়াতে এবং তোমাদের জন্য আথিরাতে বরাদ্দ রয়েছে'।8

ইমাম বুখারী (রহঃ) বর্ণনা করেছেন,

ইমাম নাসাঈ বর্ণনা করেছেন, আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, أنَّهُ كَانَ يُصلِّى فَإِذَا بِابْنِ لِمَرْوَانَ يَمُرُّ بَيْنَ يَدَيْهِ فَدَرَأَهُ فَلَمْ يَرْجعْ فَضَرَبَهُ فَخَرَجَ الْغُلَّامُ يَيْكي حَتَّى أَتَى مَرْوَانَ فَأَخْبَرَهُ فَقَالَ مَرْوَانُ لأَبِي سَعِيد لِمَ ضَرَبْتَ ابْنَ أَخِيكَ قَالَ مَا ضَرَبْتُهُ إِنَّمَا ضَرَبْتُهُ إِنَّمَا ضَرَبْتُهُ الله عليه وَسَلم يَقُولُ إِذَا كَانَ أَحَدُكُمْ في صَلاَة فَأَرَادَ إِنْسَانٌ يَمُرُّ بَيْنَ يَدِيْهِ فَيَدْرُؤُهُ مَا اسْتَطَاعَ فَإِنْ أَبَى فَلْيُقَاتِلُهُ فَإِنَّهُ شَيْطَانٌ وَمَرُ بَيْنَ يَدُولُ الله عَليه يَدَيْهِ فَيَدْرُؤُهُ مَا اسْتَطَاعَ فَإِنْ أَبَى فَلْيُقَاتِلُهُ فَإِنَّهُ شَيْطَانٌ وَمُنْ بَيْنَ يَدُولُ اللهِ عَليه يَدَيْهِ فَيَدْرُؤُهُ مَا اسْتَطَاعَ فَإِنْ أَبَى فَلْيُقَاتِلُهُ فَإِنَّهُ شَيْطَانٌ وَاللهِ عَلَى الله عَلَيْهُ اللهِ عَلَيْهَ وَلَا اللهِ اللهِ عَلَيْهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ ال

'একদা তিনি ছালাত আদায় করছিলেন, এমন সময় খলীফা মারওয়ানের এক ছেলে তার সামনে দিয়ে যেতে থাকে। তিনি তাকে সরিয়ে দিতে চেষ্টা করেন। কিন্তু সে ফিরে না গিয়ে এগিয়ে যেতে থাকে। তখন আবু সাঈদ (রাঃ) তাকে মার

২. দারিমী ১/১৫, হা/১৪৬, সনদ মুনকাতি'।

৩. বুখারী হা/৫৬৩২।

^{8.} আহমাদ হা/২৩৪১২, সনদ ছহীহ; মুসলিম, মিশকাত হা/৪২৭২। ৫. বুখারী 'মুকাতাবা' অধ্যায়-৫০, অনুচ্ছেদ-১; ফাৎহুল বারী ৫/১৮৪।

লাগান। ছেলেটা কাঁদতে কাঁদতে সোজা মারওয়ানের কাছে গিয়ে অভিযোগ করল। মারওয়ান তখন আবু সাঈদকে বললেন, আপনার ভাতিজাকে মারলেন কেন? তিনি বললেন, আমি তো তাকে মারিনি, আমি মেরেছি শয়তানকে। কেননা আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি, যখন তোমাদের কেউ ছালাতে রত থাকে এবং এমন সময় কোন মানুষ তার সামনে দিয়ে যায়, তখন সে যেন তাকে যথাসাধ্য সরিয়ে দেয়। কিন্তু যদি সে না মানে তাহ'লে যেন তার সঙ্গে লড়াই করে। কেননা সে একটা শয়তান'।

ইমাম আহমাদ আবুন নযর থেকে বর্ণনা করেছেন,

أَنَّ أَبَا سَعِيد الْخُدْرِيَّ كَانَ يَشْتَكَى رِجْلَهُ فَدَخَلَ عَلَيْه أَخُوهُ وَقَدْ جَعَلَ إِحْدَى رِجْلَيْهِ عَلَى الأُخْرَى وَهُو مُضْطَجِعٌ فَضَرَبَهُ بيَده عَلَى رَجْله الوَجعَة فَأَوْجَعَهُ فَقَالَ أَوْجَعْتَنِى أُولَمْ تَعْلَمْ أَنَّ رِجْلَى وَجَعَةٌ قَالَ بَلَى. قَالَ فَمَا حَمَلَكَ عَلَى ذَلِكَ قَالَ أُولَمْ تَسْمَعْ أَنَّ النَّبَيَّ صلى الله عليه وسلم قَدْ نَهَى عَنْ هَذه-

'একবার আবু সাঈদ খুদরী (রাঃ)-এর পায়ে অসুখ হয়। তিনি তখন এক পায়ের পর অন্য পা তুলে শুয়েছিলেন। এমন সময় তার ভাই সেখানে আসেন। তিনি তাকে ঐ অবস্থায় দেখে ব্যথায়ুক্ত পায়ে মুষ্ঠাঘাত করেন। ফলে তিনি ব্যথায় ককিয়ে ওঠেন এবং বলেন, তুমি আমাকে ব্যথা দিলে? তুমি কি জান না য়ে, আমার পায়ে ব্যথা? তিনি বললেন, হঁটা জানি। আবু সাঈদ (রাঃ) বললেন, তাহ'লে কেন তুমি একাজ করলে? তিনি বললেন, তুমি কি শোননি, নবী করীম (ছাঃ) এভাবে পায়ের উপর পা তুলে শুতে নিষেধ করেছেন'?

है साम मात्नक जानू यूनारात जान-माक्कीत नतार नर्मना करतरहन, الله وَحُلًا خَطَبَ إِلَى رَجُلِ أُخْتَهُ فَذَكَرَ أَنَّهَا قَدْ وَكُلَ أَنَّهَا وَكُلَ عُمْرَ بْنَ الْخَطَّابِ فَضَرَبَهُ أَوْ كَادَ كَانَت أَحْدَثَت فَبَلَغَ ذَلَك عُمْرَ بْنَ الْخَطَّابِ فَضَرَبَهُ أَوْ كَادَ وَلَلْخَبَرِ وَهُ وَاللَّهُ ثُمَّ قَالَ مَا لَكَ وَلَلْخَبَرِ وَهُ تُعَمِّر بُهُ ثُمَّ قَالَ مَا لَكَ وَلَلْخَبَر وَهُ وَاللَّهُ الله وَلَا الله وَلَا الله وَلَا الله وَلَالله وَلَا الله وَ

ইমাম মুসলিম তাঁর ছহীহ গ্রন্থে আবু ইসহাক থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, আমি আসওয়াদ ইবনু ইয়াযীদের সঙ্গে মসজিদে আ'যম বা বড় মসজিদে বসে ছিলাম। আমাদের সাথে শা'বী ছিল। শা'বী তখন ফাতিমা বিনতে কায়সের হাদীছ বর্ণনা করল যে, রাস্লুল্লাহ (ছাঃ) (তালাকের জন্য) তার নামে বাসস্থান ও খোরপোশ (ভরণ-পোষণ) এর কোন विधान দেননি। একথা শুনে আসওয়াদ এক মুঠি কয়র তুলে নিয়ে তার মুখে ছুঁড়ে মারল এবং বলল, তুমি ধ্বংস হও! তুমি এমন হাদীছ বর্ণনা করছ? অথচ ওমর (রাঃ) তার সম্পর্কে বলেছেন, আমরা একজন মহিলার কথায় আল্লাহ্র কিতাব এবং আমাদের নবীর সুন্নাত পরিত্যাগ করতে পারি না। আমরা জানি না য়ে, সে বিষয়টা মনে রেখেছে না-কি ভুলে গেছে? এ ধরনের মহিলা বাসস্থান ও খোরপোশ উভয়ই পাবে। আল্লাহ তা আলা বলেছেন, وَلاَ يَخْرُ حُنَ إِلاَّ أَنْ يَأْتِينَ بِفَاحِشَةَ مُبَيِّنَةً لَا يَعْرُ حُنْ إِلاَّ أَنْ يَأْتِينَ بِفَاحِشَةً مُبَيِّنَةً وَالْ الله وَالله وَالله

আবুদাউদ বর্ণনা করেছেন.

دَخَلَ رَجُلاَن مِنْ أَبْوَابِ كِنْدَةَ وَأَبُو مَسْعُودِ الأَنْصَارِيُّ جَالِسٌ فِي حَلْقَةَ فَقَالاً أَلاَ رَجُلٌّ يُنَفِّدُ بَيْنَنا فَقَالً رَجُلٌّ مِنَ الْحَلْقَة أَنَا. فَأَخَذُ أَبُو مَسْعُودِ كَفًّا مِنْ حَصًّى فَرَمَاهُ بِهِ وَقَالَ مَهْ إِنَّهُ كَانَ يُكْرَهُ التَّسَرُّعُ إِلَىً الْحُكْمَ

'দু'জন লোক কিন্দার ফটক দিয়ে ঢুকল। সেখানে এক মজলিসে ছাহাবী আবু মাসউদ আনছারী (রাঃ) বসা ছিলেন। তারা দু'জনেই বলল, এখানে এমন কেউ কি আছে যে আমাদের মাঝে সমাধান করে দিবে? মজলিসের মধ্যস্থিত এক ব্যক্তি বলে উঠল, আমি আছি। আবু মাসউদ (রাঃ) তখন এক মুষ্ঠি কঙ্কর নিয়ে তাকে ছুঁড়ে মারলেন ও বললেন, থাম, বিচার-ফায়ছালায় দ্রুত সাড়া দেওয়া একটি অপসন্দনীয় কাজ'।'

আমরা এও লক্ষ্য করি যে, নবী করীম (ছাঃ) তাঁর কিছু বিশেষ ছাহাবীর উপর সময় বিশেষে এতটা কঠোরভাবে নিষেধ করেছেন যা উদাহরণ স্বরূপ কোন বেদুঈন কিংবা বহিরাগত পরদেশী কেউ একই ঘটনা ঘটিয়ে থাকলে করেননি। এসব কিছুই ছিল তাঁর হিক্মত অবলম্বন এবং নিষেধ করার ক্ষেত্রে অবস্থার প্রতি খেয়াল রাখার উদাহরণ।

জেনে-বুঝে ভুলকারী ও না জেনে-বুঝে ভুলকারীর মধ্যে পার্থক্য নিরূপণ(এই হুট কুঠিন চিন্দুলিক) । (التفريق بين المخطئ الجاهل والمخطئ عن علم)

উল্লেখিত বিষয়ে মু'আবিয়া ইবনুল হাকাম আস-সুলামী (রাঃ)-এর ঘটনা স্পষ্ট বার্তা বহনকারী। তিনি তখন থাকতেন মদীনা থেকে দূরে মরু এলাকায়। ছালাতে কথা বলা নিষেধ হয়ে গেছে তিনি তা জানতেন না। মরুগ্রাম থেকে মদীনায় এসে রাসূলুল্লাহ (ছাঃ)-এর পিছনে ছালাত আদায় করার সময় তিনি কথা বলেছিলেন। তিনি নিজেই বলছেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-এর পিছনে ছালাতে রত ছিলাম, এমন সময়

৬. নাসাঈ হা/৪৮৬২, সনদ ছহীহ।

৭. আহমাদ হা/১১৩৯৩, সনদ ছহীহ লি গাইরিহী।

৮. মুওয়াত্ত্বা মালিক হা/১৫৫৩। হা/২০১৩।

৯. ছহীহ মুসলিম হা/১৪৮০।

আবুদাউদ হা/৩৫৭৭ 'বিচার' অধ্যায়, 'বিচার প্রার্থনা এবং তাতে
দ্রুত সাড়া দান' অনুচেছদ, সনদ যঈফ।

সূতরাং অজ্ঞের জন্য প্রয়োজন শিক্ষা, সন্দেহবাদীর জন্য প্রয়োজন বর্ণনা ও ব্যাখ্যা. উদাসীনের জন্য প্রয়োজন উপদেশ এবং একগুঁয়ের জন্য প্রয়োজন ওয়ায-নছীহত। সতরাং বিধান সম্পর্কে অবগত ও অনবগত লোকদের একইভাবে নিষেধ বা বাধাদান সমীচীন নয়। বরং অনবগত অজ্ঞ মর্খের উপর কঠোরতা দেখালে অনেক সময় তা হিতে বিপরীত ফল বয়ে আনবে, এমনকি সে আনুগত্য পরিহারও করতে পারে। অথচ প্রথমে তাকে নরম মেযাজে কৌশলের সাথে বুঝালে ঠিকই নিজের ভুল বুঝতে পারবে এবং শুধরাতে পারবে। কারণ জাহিল অজ্ঞরা নিজেদের ভুলের উপর আছে বলে মনে করে না। তাই কেউ তাকে অন্যায় থেকে নিষেধ করলে তৎক্ষণাৎ তার মুখ দিয়ে বেরিয়ে আসে- না শিখিয়ে না জানিয়ে তুমি আমার উপর হঠাৎ চড়াও হচ্ছ কেন? অনেক সময় ভুলকারী সঠিক নিয়মের পাশেই অবস্থান করে। কিন্তু সে বুঝে উঠতে পারে না। বরং নিজেকে সঠিক ভেবে সেটাই ধরে রাখতে চায়। মুসনাদে আহমাদ গ্রন্থে মুগীরা ইবনু শু'বা (রাঃ) থেকে উল্লেখ আছে। তিনি বলেন.

أَنَّ رَسُوْلَ الله صَلَّى الله عَلَيْه وَسَلَّمَ أَكُلَ طَعَاماً ثُمَّ أُقيمَت الصَّلاَةُ فَقَامَ وَقَدْ كَانَ تَوَضَّاً قَبْلَ ذَلكَ فَأَتَيْتُهُ بِمَاء لِيَتَوَضَّاً مِنْهُ فَانْتَهَرَنِى وَقَالَ وَرَاءَكَ. فَسَاءَنِى وَالله ذَلكَ ثُمَّ صَلَّى فَشَكُوْتُ فَانْتَهَرُنِى وَقَالَ وَرَاءَكَ. فَسَاءَنِى وَالله إَنَّ الله إَنَّ الْمُغِيرَةَ قَدْ شَقَّ عَلَيْه انْتَهَارُكَ إِلَى عُمرَ فَقَالَ يَا نَبِيَّ الله إِنَّ الله إِنَّ الْمُغِيرَة قَدْ شَقَّ عَلَيْه انْتَهَارُكَ إِيَّاهُ وَحَشِي أَنْ يَكُونَ فِي نَفْسِكَ عَلَيْه شَيْءٌ. فَقَالَ النَّهِي صَلَى الله عليه وسلم لَيْسَ عَلَيْه فِي نَفْسِي شَيْءٌ إِلاَّ حَيْرٌ وَلَكَنْ أَتَانِي بِمَاء لأَتُوضَاً وَإِنَّمَا أَكَلْتُ طَعَاماً وَلَوْ فَعَلْتُ فَعَل ذَلكَ النَّاسُ بَعْدي –

'একবার রাসূলুল্লাহ (ছাঃ) খাওয়া-দাওয়া সেরেছেন, এমন সময় ছালাতের আযান হল। তিনি ছালাতের জন্য উঠে দাঁড়ালেন, এর আগে অবশ্য তিনি ওয়ু করেছিলেন। কিন্তু তিনি ওয়ু করবেন ভেবে আমি তাঁর নিকট পানির পাত্র নিয়ে এলাম। কিন্তু তিনি আমাকে তিরঙ্কার করে বললেন, পিছিয়ে যাও। আল্লাহ্র কসম, তাঁর এ আচরণে আমি মর্মাহত হই। তাঁর ছালাত শেষ হ'লে আমি ওমরের নিকট আমার অনুযোগের কথা বললাম। তিনি বললেন, হে আল্লাহ্র নবী (ছাঃ)! আপনার তিরঙ্কার মুগীরার মনে খুব দাগ কেটেছে, সে ভয় পাচেছ যে, তার জন্যে আপনার মনে কোন কষ্ট লেগেছে কি-না। নবী করীম (ছাঃ) বললেন, আমার মনে তার সম্পর্কে ভাল ছাড়া কোন মন্দ ধারণা নেই। আমি যাতে ওয়ু করি সেজন্য আমার নিকট সে পানি নিয়ে এসেছিল। আমি তো ওধু খাবার খেয়েছি। তারপরও যদি আমি ওয়ু করতাম তাহ'লে আমার পরবর্তীতে লোকেরা খেয়েদেয়ে ওয় করত'। ১২

লক্ষণীয় যে, এ ধরনের বড় মাপের পদস্থ ছাহাবীদের কোন কাজকে নবী করীম (ছাঃ) কর্তৃক ভুল আখ্যায়িত করা তাদের মনে কোন নেতিবাচক প্রভাব সৃষ্টির জন্য ছিল না। তারা অসম্ভুষ্ট হবেন কিংবা তাঁর সাহচর্য ছেড়ে দিবেন-বিষয়টা সেজন্যও ছিল না। বরং এতে তাদের মনে একটা ইতিবাচক প্রভাব পড়বে বলেই তিনি তিরষ্কার করেছিলেন। নবী করীম (ছাঃ) কর্তৃক তাঁদের কোন কাজ ভুল আখ্যা দেওয়া বা তিরস্কারের পর তাতে যে কেউ ভীত-চকিত হয়ে পড়বে, নিজেকে নিজে দোষারোপ করবে যে এমনটা কেন করতে গেলে এবং যতক্ষণ না নবী করীম (ছাঃ) তাঁর প্রতি সম্ভুষ্ট হয়েছেন বলে তিনি নিশ্চিত না হচ্ছেন ততক্ষণ তাঁর মনে অস্থিরতা বিরাজ করবে।

উল্লেখিত ঘটনাই দেখুন। নবী করীম (ছাঃ) ব্যক্তি মুগীরার উপর ক্ষুব্ধ হয়ে তাকে তিরঙ্কার করতে যাননি, তিনি বরং সকল মানুষের উপর করুণা করার ইচ্ছায় এবং খানাপিনা করলে যে ওয়্ ভাঙ্গে না তা বর্ণনা করার জন্য এমনটা করেছেন। যাতে করে যা ফরয নয় তাকে ফরয ভেবে মানুষ সন্ধটে পতিত না হয়।

মুজতাহিদের অনিচ্ছাকৃত ভুল এবং ইচ্ছাকৃত উদাসীনতা ও অপারগতাজনিত ভুলের মধ্যে পার্থক্য নিরূপণ:

মুজতাহিদের অনিচ্ছাকৃত ভুল মোটেও দোষের নয়; বরং তিনি এজন্য একটি ছওয়াব লাভের যোগ্য- যদি তিনি আন্ত রিকতার সাথে ইজতিহাদ করেন। কেননা রাস্লুল্লাহ (ছাঃ) বলেছেন, إِذَا حَكَمَ الْحَاكِمُ فَاحْتَهَدَ فَأَصَابَ فَلَهُ أَحْرُان وَإِذَا وَاحَدٌ وَاحَدٌ (বিচারক যখন ইজতিহাদ বা গবেষণার মাধ্যমে বিচার করে এবং সঠিক সিদ্ধান্তে উপনীত হয়, তখন তার দুটি ছওয়াব হয় আর যদি ভুল সিদ্ধান্তে উপনীত হয় তাহ'লেও তার একটি ছওয়াব হয়'।

১২. আহমাদ ৪/২৫৩, হা/১৮২৪৪, সনদ হাসনি।

১৩. তিরমিয়ী হা/১৩২৬; মিশকাত হা/৩৭৩২, সনদ ছহীহ।

ইচ্ছা করে ভুলকারী কিংবা অক্ষম মুজতাহিদের বিষয়টি এ থেকে ভিন্ন। সুতরাং এই দু'জন কখনো সমান হ'তে পারে না। প্রথমজনকে ইজতিহাদের নিয়ম-কানুন শিখাতে হবে এবং তার কল্যাণ কামনা করতে হবে। কিন্তু দ্বিতীয়জনকে ইচ্ছাকৃত অন্যায়ের পরিণাম সম্পর্কে উপদেশ দিতে হবে এবং এ ধরনের ইজতিহাদে তাকে বাধা দিতে হবে। ভুল ইজতিহাদে যে মুজতাহিদ ছাড় পাবেন তার বিষয়টি যেমন বৈধ ক্ষেত্রে হ'তে হবে, তেমনি মুজতাহিদকে ইজতিহাদের যোগ্যতাধারী হ'তে হবে। না জেনে-শুনে যে ফৎওয়া দেয় কিংবা অবস্থার প্রতি লক্ষ না রেখে বিধান দেয় সে কোনভাবে ছাড় পাওয়ার যোগ্য নয়। এজন্যই নবী করীম (ছাঃ) মাথা ফাটা ব্যক্তির ঘটনার ভুল বিধান দাতাদের বিরুদ্ধে কঠোর ভাষায় নিন্দা জানিয়েছিলেন। ঘটনাটি ইমাম আবুদাউদ তার সুনান প্রস্থে জাবির (রাঃ) থেকে তুলে ধরেছেন। তিনি বলেন,

خَرَجْنَا فِيْ سَفَرِ فَأَصَابَ رَجُلاً مِنَّا حَجَرٌ فَشَجَّهُ فِيْ رَأْسِه ثُمَّ احْتَلَمَ فَسَأَلَ أَصُّحَابَهُ فَقَالَ هَلْ تَجِدُونَ لِيْ رُخْصَةً فِي التَّيَمُّمِ فَقَالُوا مَا نَجِدُ لَكَ رُخْصَةً وَأَنْتَ تَقْدرُ عَلَى الْمَاءِ فَاغْتَسَلَ فَقَالُوا مَا نَجِدُ لَكَ رُخْصَةً وَأَنْتَ تَقْدرُ عَلَى الله عليه وسلم أُخْبِر فَمَاتَ فَلَمَّا قَدَمْنَا عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم أُخْبِر بَذَلك فَقَالَ : قَتَلُوهُ قَتَلَهُمُ الله أَلا سَأَلُوا إِذْ لَمْ يَعْلَمُوا فَإِنَّمَا شَفَاءُ الْعِيِّ السَّؤَالُ -

আমরা এক সফরে যাত্রা করেছিলাম। পথিমধ্যে আমাদের একজন লোকের মাথার পাথর গড়িয়ে পড়ে। ফলে তার মাথা ফেটে যায়। পরে ঘুমের মধ্যে তার স্বপুদোষ হয়। সে তার সঙ্গীদের জিজ্ঞেস করে, তোমরা কি আমার জন্য তারাম্মুমের সুযোগ আছে বলে মনে কর? তারা বলল, তুমি তো পানি ব্যবহারে সক্ষম, ফলে আমরা তোমার জন্য তারাম্মুমের অবকাশ আছে বলে মনে করি না। ফলে লোকটি গোসল করে এবং মারা যায়। পরে আমরা নবী করীম (ছাঃ)-এর নিকট ফিরে এলে তাঁকে ঘটনা জানানো হয়। সব শুনে তিনি বললেন, ওরা তাকে হত্যা করেছে। আল্লাহ ওদের হত্যা করেন। যখন তারা জানে না তখন কেন জাননেওয়ালাদের নিকটে জিজ্ঞেস করল না? অক্ষমের নিরাময়তা তো জিজ্ঞেস করে জানার মধ্যে..। ১৪

অনুরূপভাবে নবী করীম (ছাঃ) বলেছেন,

الْقُضَاةُ ثَلاَثَةٌ وَاحدٌ في الْجَنَّة وَاثْنَانِ في النَّارِ فَأَمَّا الَّذِي في الْجَنَّة فَرَجُلٌ عَرَفَ الْحَقَّ فَجَارَ الْجَنَّة فَرَجُلٌ عَرَفَ الْحَقَّ فَجَارَ في الْجَنَّة فَرَجُلٌ عَرَفَ الْحَقَّ فَجَارَ في النَّارِ وَرَجُلٌ قَضَى لِلنَّاسِ عَلَى جَهْلٍ فَهُوَ في النَّارِ وَرَجُلٌ قَضَى لِلنَّاسِ عَلَى جَهْلٍ فَهُو في النَّارِ

ভুল ও অপরাধ সংশোধনের মাত্রা নির্ণয়ে যে পরিবেশে তা সংঘটিত হয়েছে তা লক্ষ রাখাও প্রয়োজন। যেমন সেখানে সুনাত কিংবা বিদ'আতের কেমন প্রসার রয়েছে, অপরাধীদের একগুঁয়েমির সীমা কতখানি; জাহেল মূর্য মুফতীরা তা জায়েয বলে ফৎওয়া দেয় কি-না, কিংবা সবকিছুকেই যারা হাল্কাভাবে নেয় তাদের মানসিকতা দেখে অন্যায়-অপরাধের নিষেধ করতে হবে।

ভুল পন্থায় ভাল কাজ সম্পাদনকারীকে বাধা দানে নিষেধ নেই (ধুনি ২): (ধুনি ১):

আমর ইবনু ইয়াহইয়া থেকে বর্ণিত তিনি বলেন, আমি আমার পিতাকে তার পিতা থেকে বলতে শুনেছি। তিনি বলেন, আমার পিতাকে তার পিতা থেকে বলতে শুনেছি। তিনি বলেন, আমরা প্রতিনিয়ত ফজর ছালাতের আগে আব্দুল্লাহ ইবনু মাসঊদ (রাঃ) এর বাডির গেটে বসে থাকতাম। তিনি ঘর থেকে বের হ'লে আমরা তার সাথে হেটে মসজিদে আসতাম। একবার আমাদের কাছে আরু মুসা আশ'আরী (রাঃ) এসে বললেন. তোমাদের মাঝে কি আব্দুল্লাহ ইবনু মাস্ট্রদ এখনো আসেননি? আমরা বললাম, না। তিনিও আমাদের সাথে বসে পড়লেন। ইবনু মাসঊদ (রাঃ) বেরিয়ে এলে আমরা সবাই উঠে তার দিকে এগিয়ে গেলাম। তখন আবু মূসা তাকে বললেন, হে আবু আব্দুর রহমান. আমি এই মাত্র মসজিদে একটা ঘটনা দেখে এসেছি. যা আমার অচেনা অজানা। তবে আল্লাহরই সকল প্রশংসা- আমি তা ভাল বৈ অন্য কিছু ভাবিনি। তিনি বললেন, তা কী? আবু মৃসা (রাঃ) বললেন, বেঁচে থাকলে এক্ষণি আপনি তা দেখতে পাবেন। আমি মসজিদে বেশ কিছ বৈঠক দেখলাম- যারা ছালাতের অপেক্ষা করছে। প্রত্যেক বৈঠকের লোকদের হাতে কিছু ছোট ছোট নুড়ি পাথর রয়েছে। একজন লোক তাদের নেতৃত্ব দিচ্ছে। সে বলছে, 'তোমরা ১০০ বার আল্লান্থ আকবার বল'। তারা ১০০ বার আল্লান্থ আকবার বলছে। আবার বলছে '১০০ বার লা ইলাহা ইল্লাল্লাহ পড়'। তারা ১০০ বার লা ইলাহা ইল্লাল্লাহ পড়ছে। এরপর বলছে, '১০০ বার সুবহানাল্লাহ পড়'। তারা ১০০ বার সুবহানাল্লাহ পড়ছে। তিনি বললেন, তুমি তাদের কী বললে? তিনি উত্তরে বললেন, আপনার মতামত ও আদেশের অপেক্ষায় আমি তাদের কিছুই বলিনি। তিনি বললেন, তুমি তাদের বললে না কেন- তারা তাদের পাপরাশি গণনা করবে, আর তুমি তাদের পুণ্য বিনষ্ট না হওয়ার যামিন থাকবে। তারপর তিনি

^{&#}x27;বিচারক তিন প্রকার। তাদের একজন যাবে জান্নাতে এবং দু'জন যাবে জাহান্নামে। অনন্তর যে জান্নাতী সে এ বিচারক, যে হক চিনে এবং তদনুযায়ী বিচার করে। কিন্তু যে হক বুঝার পরও অন্যায় বিচার করে সে জাহান্নামী। আর যে ঘটনার সত্যাসত্য না বুঝে মূর্খতার সাথে বিচার করে সেও জাহান্নামী'। 'বি এখানে তৃতীয় ব্যক্তিকে মা'যূর বা ছাড়প্রাপ্ত ও ক্ষমার যোগ্য গণ্য করা হয়নি।

আবুদাউদ হা/৩৩৬, 'পবিত্রতা' অধ্যায়, 'আহত ব্যক্তি তায়ায়ৢয় করবে' অনুচেছদ, মিশকাত হা/৫৩১, সনদ হাসান।

১৫. আবুদাউদ হা/৩৫৭৩; মিশকাত হা/৩৭৩৫, সনদ ছহীহ।

রওয়ানা দিলেন, আমরাও তার সাথে রওয়ানা দিলাম। তিনি এসে সোজা ঐ বৈঠকগুলোর একটি বৈঠকের পাশে দাঁডিয়ে বললেন, তোমরা এ কী করছ? তারা বলল, হে আবু আব্দুর রহমান, এগুলো নৃডি। আমরা এগুলো দিয়ে তাকবীর, তাহলীল ও তাসবীহ গণনা করছি। তিনি বললেন, তোমরা বরং তোমাদের পাপগুলো এক এক করে গণনা কর; তোমাদের পুণ্য যাতে নষ্ট হয়ে না যায় আমি সে জন্য যামিন থাকব। আফসোস! হে মুহাম্মাদের উম্মত!! কত দ্রুত তোমাদের উপর ধ্বংস নেমে এল! এই যে তোমাদের নবীর ছাহাবীগণ এখনো তারা সংখ্যায় অনেক। তাঁর (নবীর) কাপড় এখনো জীর্ণ হয়নি; তাঁর ব্যবহৃত পাত্রগুলো এখনো ভেঙ্গে যায়নি। (তার আগেই তোমাদের মাঝে এত পরিবর্তন দেখা দিল?) যার হাতে আমার জীবন তার শপথ, তোমরা এমন একটা দ্বীনের উপর আছ, যা মহাম্মাদের দ্বীন থেকে অনেক বেশী সঠিক, নাকি তোমরা গুমরাহির দরজা খুলে দিচ্ছ? তারা বলল. হে আবু আব্দুর রহমান, আমরা এর দ্বারা ভাল বৈ অন্য অভিপ্রায় পোষণ করিনি। তিনি বললেন, অনেক ভাল কাজের সংকল্পকারী আছে, যারা তার নাগাল পায় না। রাসলুল্লাহ (ছাঃ) আমাদের নিকট বর্ণনা করেছেন একদল লোক কুরআন পড়বে কিন্তু কুরআন তাদের কণ্ঠনালীর নিচে নামবে না। আল্লাহর কসম, আমি জানি না; তবে মনে হয়. তাদের অধিকাংশই তোমাদের ভেতরকার হবে। তারপর তিনি তাদের নিকট থেকে ফিরে এলেন।

আমর ইবনু সালামা বলেন, ঐ বৈঠকগুলোর অধিকাংশ লোককে দেখেছি, নাহরাওয়ানের যুদ্ধে খারেজীদের পক্ষ নিয়ে আমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে। ১৬

ন্যায়বিচার করা, ভুলভ্রান্তি থেকে সতর্কীকরণে কোন পক্ষপাতিত্ব না করা(العدل وعدم المحاباة في التنبيه على الأخطاء):

আল্লাহ তা'আলা বলেন, وَإِذَا قُلْتُمْ فَاعْدلُوا 'আর যখন তোমরা কথা বলবে তখন ন্যায় কথা বলবে' (আন'আম ৬/১৫২)। তিনি আরও বলেন, وَإِذَا حَكَمْتُمْ بَيْنَ النَّاسِ أَنْ 'আর যখন তোমরা লোকদের মধ্যে বিচার করবে, তখন ন্যায়বিচার করবে' (নিসা ৪/৫৮)।

উসামা বিন যায়েদ (রাঃ) ছিলেন নবী করীম (ছাঃ)-এর প্রিয়জন এবং তার পিতাও ছিলেন তাঁর প্রিয়জন। তা সত্ত্বেও তাকে কঠোর ভাষায় নিষেধ করতে নবী করীম (ছাঃ)-এর এতটুকু বাধেনি। রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট উপস্থাপিত হদ বা কুরআনী দণ্ডমূলক একটি মামলায় আসামীর পক্ষে তিনি তাঁর কাছে সুপারিশ নিয়ে এসেছিলেন।

আয়েশা (রাঃ) বলেন,

أَنَّ قُرَيْشًا أَهَمَّهُمْ شَأْنُ الْمَرْأَةِ الَّتِي سَرَقَتْ فِيْ عَهْدِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِيْ غَزْوَةٍ الْفَتْحِ فَقَالُوْا مَنْ يُكَلِّمُ فِيهَا

'নবী করীম (ছাঃ)-এর সময়কালে মক্কা বিজয়ের আমলে জনৈক মহিলা চুরি করেছিল। যেহেতু সে কুরাইশ বংশীয় ছিল তাই কুরাইশরা এতে খুব বিচলিত হয়ে পড়ে। রাসুলুল্লাহ (ছাঃ)-এর সাথে এ বিষয়ে কে কথা বলতে পারবে তা নিয়ে তারা আলোচনায় মিলিত হয়। তারা সিদ্ধান্ত নেয় যে, এ বিষয়ে রাসুল (ছাঃ)-এর প্রিয়জন উসামা বিন যায়েদ ছাড়া আর কে সাহস দেখাতে পারবে। তখন উসামা বিন যায়েদ ঐ মহিলা সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট কথা বললেন। কিন্তু তার কথা শোনামাত্রই রাসুলুল্লাহ (ছাঃ)-এর চেহারা বিবর্ণ হয়ে গেল। তিনি তাকে বললেন, আল্লাহর হদ বা দণ্ড বিষয়ে তুমি আমার নিকট সুপারিশ নিয়ে এসেছে? উসামা (রাঃ) তখন বললেন, হে আল্লাহ্র রাসূল, আমার জন্য ক্ষমা প্রার্থনা করুন। অতঃপর বিকাল হলে রাসুলুল্লাহ (ছাঃ) এ সম্পর্কে একটি ভাষণ দিলেন। প্রথমে তিনি আল্লাহর যথাযোগ্য প্রশংসা করলেন। তারপর বললেন, তোমাদের পূর্বেকার জাতিগুলো এই কারণে ধ্বংস হয়ে গেছে যে. তাদের মধ্যকার অভিজাত কেউ চুরি করলে তারা তাকে মুক্ত করে দিত, কিন্তু দরিদ্র অভাবী শ্রেণীর কেউ চরি করলে তার উপর দণ্ড কার্যকর করত। কিন্তু আমার বেলায়- যার হাতে আমার জান তার শপথ করে বলছি- মুহাম্মাদের মেয়ে ফাতিমাও যদি চুরি করত তাহ'লে আমি তার হাত কেটে দিতাম। তারপর তিনি সেই মহিলা চোরের হাত কেটে দেওয়ার আদেশ দিলেন এবং তা কার্যকর করা হ'ল'।^{১৭}

নাসাঈর বর্ণনায় আয়েশা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন,

اسْتَعَارَت امْرَأَةٌ عَلَى أَلْسَنَة أَنَاسٍ يُعْرَفُونَ وَهِىَ لاَ تُعْرَفُ حُلِيًّا فَبَاعَتْهُ وَأَخَذَتْ ثَمَنَهُ فَأَتِى بِهَا رَسُولُ الله صلى الله عليه وسلم فَسَعَى أَهْلُهَا إِلَى أُسَامَةً بْنِ زَيْدِ فَكَلَّمَ رَسُولَ الله صلى

১৬. দারেমী হা/২১০, ২০৪; সিলসিলা ছহীহাহ হা/২০০৫।

الله عليه وسلم فيها فَتَلَوَّنَ وَجْهُ رَسُولِ الله صلى الله عليه وسلم وهُوَ يُكَلِّمُهُ ثُمَّ قَالَ لَهُ رَسُولُ الله صلى الله عليه وسلم أَتَشْفَعُ إِلَى فَي حَدِّ مِنْ حُدُود الله، فَقَالَ أُسَامَةُ اسْتَغْفِرْ لِي يَا رَسُولَ الله، ثَقَالَ أُسَامَةُ اسْتَغْفِرْ لِي يَا رَسُولَ الله، ثَقَالَ أُسَامَةُ اسْتَغْفِرْ لِي يَا رَسُولَ الله عليه وسلم عَشَيَّتُهُ فَأَنْنَى عَلَى الله عَنَّ وَجَلَّ بِمَا هُو أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَإِنَّمَا هُو أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَإِنَّمَا هَلَكَ النَّاسُ قَبْلَكُمْ أَنَّهُمْ كَانُوا إِذَا سَرَقَ الشَّرِيفُ فيهِمْ مَلَكَ النَّاسُ قَبْلَكُمْ أَنَّهُمْ كَانُوا إِذَا سَرَقَ الشَّرِيفُ فيهِمْ تَوَلَّ مَرَقَ الشَّرِيفُ فيهِمْ تَرَكُوهُ وَإِذَا سَرَقَ الضَّعِيفُ فيهِمْ أَقَامُوا عَلَيْهِ الْحَدَّ وَالَّذَى نَفْسُ مُحَمَّد بَيَده لَوْ أَنَّ فَاطِمَةَ بَنْتَ مُحَمَّد سَرَقَتْ لَقَطَعْتُ يَلَكُمُ الْمَرْأَةً -

'জনৈক মহিলা কিছু পরিচিত মানুষের মৌখিক কথার ভিত্তিতে একটি অলংকার ধার নিয়েছিল। মহিলাটি তেমন পরিচিত ছিল না। পরে সে অলংকারটা বিক্রয় করে তার মূল্য খেয়ে ফেলে। মহিলাকে রাস্লুল্লাহ (ছাঃ)-এর নিকট হাযির করা হ'ল। এ সময় মহিলার পরিবার উসামা বিন যায়েদের নিকট (সুফারিশের উদ্দেশ্যে) গেল। তিনি ঐ মহিলার বিষয়ে রাস্লুল্লাহ (ছাঃ)-এর সাথে কথা বললেন। তার কথা বলার সময়েই রাস্লুল্লাহ (ছাঃ)-এর চেহারা বিবর্ণ হয়ে গেল। কিছুক্ষণ পর রাস্লুল্লাহ (ছাঃ) তাকে বললেন, তুমি কি আমার কাছে আল্লাহ্র দণ্ড সমূহের একটি দণ্ড স্থণিত রাখতে সুফারিশ করছ? উসামা তখন বললেন, ইয়া রাস্লাল্লাহ (ছাঃ), আমার জন্য ক্ষমা প্রার্থনা কর্লন। ঐদিন বিকালেই রাস্লুল্লাহ (ছাঃ) একটি ভাষণ দিলেন। প্রথমে তিনি আল্লাহ্র যথাযোগ্য প্রশংসা করলেন, তারপর বললেন, তোমাদের পূর্বেকার লোকেরা

কেবল এ কারণে ধ্বংস হয়ে গিয়েছিল যে, তাদের মধ্যকার অভিজাত শ্রেণীর কেউ চুরি করলে তারা তাকে দণ্ডমুক্ত করে দিত কিন্তু দুর্বল কেউ চুরি করলে তার উপর দণ্ড প্রয়োগ করত। যার হাতে মুহাম্মাদের জীবন তার কসম, ফাতিমা বিনতে মুহাম্মাদও যদি চুরি করত তাহ'লেও আমি তার হাত কেটে দিতাম। তারপর তিনি ঐ মহিলার হাত কেটে দেন'। ১৮ উসামার সুফারিশ উপেক্ষায় রাস্লুল্লাহ ছাঃ)-এর মাঝে সুবিচারের চরিত্র ফুটে উঠেছে। তাতে এটাও বুঝা গেল যে, তাঁর নিকট মানুষের প্রতি ভালবাসার চেয়ে শরী 'আতের স্থান অনেক উধ্বে ছিল। তাছাড়া ব্যক্তিগত বিষয়ে কেউ ভুল করে থাকলে তার বিষয়েটা উপেক্ষা করা যায়, কিন্তু শরী 'আতের কোন বিষয়ে ভুল করলে তার ক্ষেত্রে চোখ বুঁজে থাকা কিংবা তার পক্ষপাতিত্ব করার সুযোগ মোটেও নেই।

কিছু লোকের ক্ষেত্রে দেখা যায় যে, আত্মীয়-বন্ধু কেউ ভুল করলে তাকে ততটা বাধা দেয় না, যতটা বাধা অপরিচিত কাউকে দেয়। আত্মীয়তা বন্ধুত্বের কারণে অনেক সময় তাদের কাজে-কর্মে বেআইনি ভাবধারাও অবলম্বন করতে দেখা যায়। বরং অনেক সময় তারা আপনজনের ভুলভ্রান্তির ব্যাপারে চোখ বুঁজে থাকে, আর অন্যদের ভুলের ব্যাপারে পান থেকে চুন খসতে দিতেও নারায। কবি বলেছেন, চোখের মণির ভুলভ্রান্তি অন্ধকার রাতের মত ঢাকা পড়ে থাকে, কিন্তু চোখের বালির সকল অপরাধ দিবালোকের মত স্পষ্ট হয়ে ওঠে। কাজকর্মের ব্যাখ্যা-বিশ্লেষণেরও এই একই ধারা লক্ষণীয়। একই কাজ প্রিয়জন করলে যেভাবে নেওয়া হয় অন্যে করলে তা ভিন্নভাবে নেওয়া হয়।

১৮. নাসাঈ হা/৪৮৯৮, সনদ ছহীহ; বুখারী হা/৪৩০৪, মিশকাত হা/৩৬১০।

আল–ইখলাছ হজ্জ কাফেলা

আস-সালামু আলায়কুম ওয়া রহমাতুল্লাহ

সম্মানিত হজ্জ গমনেচ্ছু ভাই ও বোনেরা,

আপনাদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর পৃষ্ঠপোষকতায় এবং ডি.বি.এইচ ইন্টারন্যাশনালের সার্বিক তত্ত্বাবধানে (লাইসেন্স নং ২০৪) পরিচালিত **আল-ইখলাছ হজ্জ কাফেলা** প্রতি বছরের ন্যায় এ বছরও হজ্জ কাফেলা নিয়ে যাবে ইনশাআল্লাহ। ছহীহ পদ্ধতিতে হজ্জ ও ওমরাহ করতে চাইলে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করুন-

আমাদের বৈশিষ্ট্য সমূহ:

- (১) রাসলুল্লাহ (ছাঃ)-এর শিখানো পদ্ধতিতে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছ মোতাবেক হজ্জ ও ওমরাহর যাবতীয় কার্যাবলী সম্পাদন।
- (২) হক্পিন্থী আলেম-ওলামাদের মাধ্যমে হজ্জ চলাকালীন বিশেষ প্রশিক্ষণ ও বিভিন্ন বিষয়ের উপর আলোচনার ব্যবস্থা।
- (৩) সম্ভবপর 'বায়তুল্লাহ'র নিকটতম স্থানে আবাসন ব্যবস্থা, যাতে মসজিদুল হারাম ও মসজিদে নববীতে পায়ে হেটে পাঁচ ওয়াক্ত ছালাত জামা'আতে আদায়ের সুব্যবস্থা।
- (৪) দেশী বাবর্চী দারা দেশী খাবারের ব্যবস্থা।

মাওলানা মুহাম্মাদ আব্দুল মান্নান পরিচালক

PCC୬୬୯-८८P८୦ 🖢 । PCC୬୬୯-ଜረଜረ୦

যোগাযোগের ঠিকানা

আল-ইখলাছ হজ্জ কাফেলা AL-IKHLAS HAJJ KAFELA

(সার্বিক ব্যবস্থাপনায় ডি.বি.এইচ ইন্টারন্যাশনাল, লাইসেন্স নং ২০৪) ৫১. আরামবাগ (৩য় তলা), মতিঝিল, ঢাকা-১০০০ ।

কাজী হারূনুর রশীদ সহকারী পরিচালক

🕯 ০১৭১১-৭৮৮২৩৫। ০১৬১১-৭৮৮২৩৫।

ছহীহ পদ্ধতিতে হজ্জ পালনে আমরা আপনাদের একান্ত সহযোগী

জামা'আতে ছালাত আদায়ের গুরুত্ব, ফ্যীলত ও হিক্মত

মহাম্মাদ আব্দুর রহীম*

(২য় কিন্তি)

(৭) ইয়াযীদ ইবনুল আসওয়াদ আল-আমেরী (রাঃ) স্বীয় পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসল (ছাঃ)-এর সঙ্গে আমি হজ্জে হাযির ছিলাম। তাঁর সঙ্গে মসজিদে খায়ফে ফজরের ছালাত আদায় করলাম। ছালাত শেষে তিনি যখন ফিরলেন তখন শেষ প্রান্তে দুই ব্যক্তিকে দেখতে পেলেন. তারা তাঁর সঙ্গে ছালাত আদায় করেনি। তিনি বললেন. এদেরকে আমার কাছে নিয়ে এসো। তাদের নিয়ে আসা হ'ল। তখন ভয়ে তাঁদের ঘাড়ের রগ পর্যন্ত কাঁপছিল। তিনি তাদের বললেন, আমাদের সঙ্গে ছালাত আদায় করতে তোমাদেরকে কিসে বাধা দিল? তারা বলল, হে আল্লাহর রাসুল (ছাঃ)! আমরা আমাদের বাড়িতে ছালাত পড়ে निয়েছिलाম। তিনি বললেন. এরূপ করবে না। যদি তোমাদের বাড়িতে ছালাত পড়ে মসজিদে জামা'আতে আস. তবে তাদের সঙ্গে জামা'আতে শরীক হয়ে যেও। তোমাদের জন্য তা নফল হিসাবে গণ্য হবে'।^১ অত্র হাদীছে জামা'আতে ছালাতের গুরুত্বের প্রতি লক্ষ্য রেখেই রাসুল (ছাঃ) তাদেরকে জামা'আতে শরীক হওয়ার নির্দেশ দিলেন।

(٨) عَنْ أَبِي ذَرِّ قَالَ قَالَ لِي رَسُوْلُ الله صلى الله عليه وسلم وَضَرَبَ فَخَذِي، كَيْفَ أَنْتَ إِذَا بَقِيتَ فِي قَوْمٍ يُؤَخِّرُونَ الصَّلاَةَ عَنْ وَقْتِهَا، قَالَ مَا تَأْمُرُ قَالَ صَلِّ الصَّلاَةَ لُوقْتِهَا ثُمَّ اذْهَبْ لحَاجَتكَ فَإِنْ أُقِيمَت الصَّلاَةُ وَأَنْتَ فِي الْمَسْجَد فَصَلِّ

(৮) আবৃ যার (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (ছাঃ) আমার উরুদেশে হাত মেরে বললেন, যদি তুমি এমন লোকের মধ্যে বেঁচে থাক যারা সঠিক সময় থেকে ছালাতকে পিছিয়ে দিবে তখন তুমি কি করবে? তিনি বললেন, আপনি या आंदिन कत्रति । তिनि वल्लन, তूमि সময়য়য় ছाला आंदि । वात्रभित তোমার প্রয়োজনে যাবে । यि ছाला आत्र इत्र आत তুমি মসজিদে থাক, তাহ'লে তাদের সাথে ছালাত আদায় করবে' । মুসলিমের বর্ণনায় রয়েছে, গাথে ছালাত আদায় করবে' । মুসলিমের বর্ণনায় রয়েছে, গাথে ছালাত আদায় করবে। তামরা তাদের সাথে তোমাদের জামা আতে ছালাতকে নফল বানিয়ে নাও' । তিনি আরো বলেন, كُنْتُمْ أَكْثَرُ مُنَاكُمْ أَحَدُكُمْ وَإِذَا كُنْتُمْ أَكْثَرُ مُخَدُّكُمْ أَحَدُكُمْ مَعَدَم তথন জামা আতবদ্ধভাবে ছালাত আদায় করবে। আর তিনের অধিক থাকলে তোমাদের একজন ইমামতি করবে'। ।

(٩) عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم أَبْصَرَ رَجُلًا يُتَصَدِّقُ عَلَى وَحْدَهُ فَقَالَ : أَلاَ رَجُلٌ يَتَصَدَّقُ عَلَى هَذَا فَيُصَلِّى مَعَهُ-

(৯) আবৃ সাঈদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ (ছাঃ) এক ব্যক্তিকে (জামা'আতের পর) একাকী ছালাত আদায় করতে দেখে বলেন, তোমাদের মধ্যে এমনকেউ নেই কি- যে এই ব্যক্তিকে ছাদাক্বা দিয়ে তার সাথে একত্রে ছালাত পড়তে পারে'? অন্য বর্ণনায় রয়েছে, জনৈক ছাহাবী মসজিদে প্রবেশ করে দেখলেন রাসূল (ছাঃ) তাঁর ছাহাবীদের নিয়ে যোহরের ছালাত জামা'আতে সম্পাদন করে নিয়েছেন। রাসূল তাকে একাকি দেখে বললেন, তোমাদের মধ্যে এমন কে আছে যে, তার সাথে ছওয়াব লাভের ব্যবসায় লিপ্ত হবে? তখন একজন ছাহাবী দাঁড়িয়ে তার সাথে জামা'আতে ছালাত আদায় করলেন। তিনি আরো বললেন, এ দু'জনই জামা'আত। জামা'আতে ছালাত আদায়ের গুরুত্ব অধিক বলেই রাসূল (ছাঃ) জামা'আতে ছালাত আদায়ের ব্যবস্থা করে দিলেন।

(١٠) عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ السُّوَائِيِّ قَالَ قَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: أَلاَ تَصُفُّوْنَ كَمَا تَصُفُّ الْمَلاَئكَةُ عِنْدَ رَبِّهَا تَصُفُّ الْمَلاَئكَةُ عِنْدَ رَبِّهَا تَصَفُّ تَبَارَكَ وَتَعَالَى؟ قَالَ قُلْنَا: يَا رَسُوْلَ الله! وَكَيْفَ تَصَفُّ الْمُلاَئكَةُ عِنْدَ رَبِّهَا؟ قَالَ يُتَمِّمُوْنَ الصُّفُوْفَ الأُولَ وَيَتَرَاصُونَ فَى الصَّفَى ﴿

(১০) জাবের ইবনু সামুরাহ সুয়াঈ (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ বললেন, 'ফেরেশতামণ্ডলী যেরূপ তাদের প্রভুর নিকট সারিবদ্ধ হন, তোমরা কি সেরূপ সারিবদ্ধ হবে না? আমরা জিজ্ঞেস করলাম, হে আল্লাহ্র রাসূল (ছাঃ)!

^{*} নিয়ামতপুর, নওগাঁ।

১. তিরমির্যী হা/২১৯; মিশকাত হা/১১৫২; ছহীহুল জামে'হা/৬৬৬।

২. মুসলিম হা/৬৪৮; নাসাঈ হা/৮৫৯; ছহীহুল জামে' হা/২৩৯৪; মিশকাত হা/৬০০।

৩. মুসলিম হা/৫৩8, ৬8৮।

^{8.} *गेर्जानिम शे/७७8*।

৫. আবুদাউদ হা/৫৭৪; মিশকাত হা/১১৪৬; ছহীহুল জামে' হা/২৬৫২।

৬. আহমাদ হা/১১০৩২, ১১৮২৫, সনদ ছহীহ।

৭. আহমাদ হা/২২২৪৩।

ফেরেশতামণ্ডলী তাদের প্রভর নিকট কিরূপ সারিবদ্ধ হন? তিনি বললেন প্রথম সারিগুলো পূর্ণ করেন এবং সারিতে ঘন হয়ে দাঁড়ান'।^৮ অত্র হাদীছে রাসূল (ছাঃ) জামা'আতে ছালাতের কাতারকে রবের সামনে ফেরেশতামণ্ডলীর কাতারের সাথে তুলনা করেছেন। যা একাকি ছালাত আদায়ে সম্ভব নয়।

(١١) عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ الله صلى الله عليه و سلم رأى في أَصْحَابه تَأَخُّرًا فَقَالَ لَهُمْ: تَقَدَّمُوا فَاتْتَمُّوا بيْ وَلْيَأْتُمَّ بِكُمْ مَنْ بَعْدَكُمْ لاَ يَزَالُ قَوْمٌ يَتَأَخَّرُوْنَ حَتَّى يُؤَخِّرَهُمُ

(১১) আবু সাঈদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ (ছাঃ) তাঁর ছাহাবীদেরকে ছালাতের কাতার হ'তে পশ্চাৎগামী দেখে বললেন, 'তোমরা প্রথম কাতারে এসো এবং আমার অনুসরণ কর। অতঃপর পরবর্তী লোকেরাও তোমাদের অনুসরণ করবে। এক শ্রেণীর লোক সবসময় সামনের কাতার থেকে পিছনে থাকরে। মহান আল্লাহও তাদেরকে পিছনে ফেলে রাখবেন'।^৯ অর্থাৎ তোমরা ছালাতের পিছনের কাতার পসন্দ করলে আল্লাহ তোমাদেরকে তাঁর রহমত, দয়া, উঁচু মর্যাদা, জ্ঞান ও জান্নাত প্রাপ্তি হ'তে পশ্চাৎগামী করে দিবেন'। ১০ লক্ষ্যণীয় যে, জামা'আতে উপস্থিত হয়েও অলসতা করে পিছনের কাতারে দাঁড়ানোর কারণে মহান আল্লাহর অনুগ্রহ ও রহমত প্রাপ্তি হ'তে বঞ্চিত হ'তে হবে। তাহ'লে যারা জামা'আতে ছালাত আদায় করে না তাদের পরিণাম কি হবে?

(١٢) عَنْ زَيْد بْنِ ثَابِت قَالَ قَالَ رَسُولُ الله صلى الله عليه و سلم أَفْضَلُ صَلاَة الْمَرْء فيْ بَيْته إلاَّ الْمَكْتُوْبَةً-

(১২) যায়েদ ইবনু ছাবিত (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ (ছাঃ) ইরশাদ করেছেন. 'ফর্য ছালাত ব্যতীত যে কৌন ধরনের নফল ছালাত ঘরে পড়াই শ্রেয়'।^{১১} রাসূল (ছাঃ) নফল ছালাত বাড়িতে আদায়ের অনুমতি দিলেও ফর্য ছালাত বাডিতে আদায়ের কথা বলেননি।

জামা'আতে ছালাতের গুরুত্বের ব্যাপারে ছাহাবী ও সালাফে ছালেহীনের দৃষ্টিভঙ্গি ও আমল:

জামা আতে ছালাত আদায় অতি গুরুত্বপূর্ণ ইবাদত। রাসূল (ছাঃ) অন্তিম সময়েও জামা'আতে ছালাত আদায়ের জন্য বাডি থেকে মসজিদপানে বারবার যাওয়ার চেষ্টা করছিলেন। ছাহাবী ও সালাফে ছালেহীন সাধ্যমত জামা'আতে ছালাত আদায় করেছেন। নিম্নে এ সম্পর্কে আলোচনা পেশ করা হ'ল।-

عَنْ عَلِيٍّ أَنَّهُ قَالَ : مَنْ سَمِعَ النِّدَاءَ فَلَمْ يَأْتِهِ، لَمْ تُحَاوِز صَلاَتُهُ رَأْسَهُ إلاَّ بالْعُذْرِ –

আলী (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'যে ব্যক্তি আযান শুনার পরও বিনা ওয়রে জামা আতে আসল না. তার ছালাত তার মাথা অতিক্রম করবে না'।^{১২} অর্থাৎ তার ছালাত কবল

عَنْ عَبْد الله قَالَ مَنْ سَرَّهُ أَنْ يَلْقَى الله عَدًا مُسْلمًا فَلْيُحَافظْ عَلَى هَؤُلاء الصَّلَوَات حَيْثُ يُنَادَى بهنَّ-

আব্দুল্লাহ ইবনু মাস্ট্রদ (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'যে ব্যক্তি মুসলিম হিসাবে আল্লাহর সাথে সাক্ষাৎ করতে পসন্দ করে সে অবশ্যই এই ছালাতসমহ হেফাযত করবে যেগুলোর জন্য আযান দেওয়া হয়'।^{১৩} অর্থাৎ সে অবশ্যই পাঁচ ওয়াক্ত ছালাত জামা'আতের সাথে আদায় করবে।

عَنِ ابْنِ عُمَرَ قَالَ : كُنَّا إِذَا فَقَدْنَا الرَّجُلَ فِي صَلاَةِ الْعِشَاءِ وَالْفَحْرِ أُسَأْنَا بِهِ الظُّنَّ-

ইবনু ওমর (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'আমরা যখন কোন লোককে এশা ও ফজরের ছালাতে জামা'আতে দেখতাম না তখন আমরা তার ব্যপারে খারাপ ধারণা করতাম।^{১৪} আলবানী (রহঃ) বলেন, এর অর্থ হ'ল- সে কোন মন্দ কারণ যেমন- শারীরিক অসুস্থতার কারণে বা তার দ্বীনের ক্রটির কারণে অনুপস্থিত। ^{১৫}

عَنِ ابْنِ عَبَّاسِ قَالَ : مَنْ سَمِعَ حَيَّ عَلَى الْفَلَاحِ فَلَمْ يُجِبْ، فَقَدْ تَرَكَ سُنَّةً مُحَمَّد صَلَّى اللَّهَ عَلَيْه وَسَلَّمَ-

ইবনু আব্বাস (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'যে ব্যক্তি হাইয়া 'আলাল ফালাহ-এর আহ্বান শুনল, অথচ সে আহ্বানে সাড়া দিল না, সে রাসূল (ছাঃ)-এর সুন্নাত পরিত্যাগ করল'। ১৬ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ : لأَنْ يَمْتَلَئَ أُذُنُ ابْنِ آدَمَ رَصَاصًا مُذَابًا خَيْرٌ لَهُ مِنْ أَنْ يَسْمَعَ الْمُنَادِيَ، ثُمَّ لاَ يُحِيبُهُ-

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'আযান শ্রবণের পর তাতে সাড়া না দিয়ে মসজিদে গমন থেকে বিরত থাকার চেয়ে আদম সন্তানের কান গলানো সীসা দ্বারা পূর্ণ হওয়া উলুম'।^{১৭}

فَقَدَ عُمْرُ ﴿ جُلاًّ ، अर्था करत वर्णना करत वर्णना وَقُلَدُ عُمْرُ ﴿ جُلاًّ ، अर्था क्यां करत वर्णना فيْ صَلاَة الصُّبْحِ فَأَرْسَلَ إِلَيْه، فَجَاءَ فَقَالَ : أَيْنَ كُنْتَ؟ فَقَالَ : كُنْتُ مَرِيْضًا وَلَوْلاً أَنَّ رَسُولَك أَتَانِيْ مَا حَرَجْتُ، فَقَالَ عُمَرُ : فَإِنَّ كُنْتَ حَارِجًا إِلَى أَحَد فَاخْرُجْ إِلَى الصَّلاَة. 'একদা ওমর (রাঃ) জনৈক লোককে ফজর ছালাতে

৮. আহমাদ হা/২১০৬২; মুসলিম হা/৪৩০; মিশকাত হা/১০৯১।

৯. মুসলিম হা/৪৩৮; মিশকাত হা/১০৯০।

১০. শারহুনুববী 'আলা মুসলিম ৪/১৫৯। ১১. বুখারী হা/৭২৯০; মিশকাত হা/১২৯৫।

১২. ইবন আবী শায়বাহ হা/৩৪৮৯।

১৩. মুসলিম হা/৬৫৪; মিশকাত হা/১০৭২।

১৪. মু'জামুল কাবীর হা/১৩৮৫; ছহীহ তারগীব হা/৪১৭।

১৫. ছহীহাহ হা/৩৩৭৭-এর আলোচনা দ্রষ্টব্য।

১৬. মু'জামুল আওসাত্ব হা/৭৯৯০; ছহীহ তারগীব হা/৪৩২।

১৭. ইবনু আবী শায়বাহ হা/৩৩৭২; ইহইয়াউ উলুমিদ্দীন ১/২৮৯

জামা'আতে দেখতে না পেয়ে তাকে ডেকে পাঠালেন। সে আসলে তিনি বললেন, তুমি কোথায় ছিলে? সে বলল, আমি অসুস্থ ছিলাম। আপনার পাঠানো লোক যদি আমার কাছে না আসত তাহ'লে আমি বাডি থেকে বের হ'তাম না। তখন ওমর (রাঃ) বললেন, তোমাকে যদি বাইরে বের হ'তেই হয় তাহ'লে ছালাতের জন্য বের হবে'।^{১৮}

عَنْ ابن عمر رضى الله عنهما: خرج عمر يَوْمًا إِلَى حَائط لَهُ فَرجع وَقد صلى النَّاسِ الْعَصْرِ فَقَالَ عمر : إِنَّا لللهِ وَإِنَّا إِلَيْهِ رَاجعُون فاتتنى صَلَاة الْعَصْر في الْجَمَاعَة َ أَشهدكُم أَنَ حائطي على الْمَسَاكين صَدَقَة لَيْكُون كَفَّارَة لما صنع عمر رَضي الله عَنهُ والحائطُ الْبُسْتَانِ فيه النخل-

ইবনু ওমর (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, একদা ওমর (রাঃ) তাঁর খেজর বাগানে গেলেন। সেখান থেকে ফিরে এসে দেখলেন লোকেরা আছরের ছালাত পড়ে নিয়েছে। তখন ওমর (রাঃ) ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহে রাজেউন পাঠ করে বললেন, জামা'আতের সাথে আছরের ছালাত আমাকে বঞ্চিত করেছে। (অর্থাৎ আমি আছরের ছালাত জামা'আতে আদায় করতে পারলাম না!) আমি তোমাদের সাক্ষ্য রেখে বলছি, আমার বাগান মিসকীনদের জন্য ছাদাকাহ করে দিলাম, যাতে এটি ওমরের কৃতকর্মের কাফফারা হয়ে যায়। সে বাগানে খেজুর গাছ ছিল' ৷^{১৯}

عَنْ أَبِي حَثْمَةَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَدَ سُلَيْمَانَ بْنَ أَبِي حَثْمَةً في صَلاَة الصُّبْحِ وَأَنَّ عُمَرَ بُّنَ الْخَطَّابِ غَدَا إِلَى السُّوْق وَمَسْكَنُ سُلَيْمَانَ بَيْنَ السُّوْق وَالْمَسْجِد النَّبَوِيِّ، فَمَرَّ عَلَى الشِّفَاء أُمِّ سُلَيْمَانَ فَقَالَ لَهَا لَمْ أَرَ سُلَيْمَانَ فَي الصُّبْح فَقَالَتْ إِنَّهُ بَاتَ يُصِلِّي فَغَلَبَتْهُ عَيْنَاهُ. فَقَالَ عُمَرُ: لأَنْ أَشْهَدَ صَلاَةَ الصُّبْحِ في الْجَمَاعَة أَحَبُّ إِلَىَّ منْ أَنْ أَقُوْمَ لَيْلَةً.

আবু হাছমাহ হ'তে বর্ণিত, তিনি বলেন, একদা ওমর ইবনুল খাতাব (রাঃ) সোলায়মান বিন হাছমাকে ফজর ছালাতের জামা'আতে দেখতে পেলেন না। আর তিনি সকালে বাজারে গেলেন। অপরদিকে সোলায়মানের বাডি ছিল বাজার ও মসজিদে নববীর মধ্যবর্তী স্থানে। তিনি সোলায়মানের মা শিফার পাশ দিয়ে অতিক্রম করার সময় তাকে বললেন, আমি ফজর ছালাতে সোলায়মানকে দেখলাম না যে? সে উত্তরে বলল, সে রাত জেগে ছালাত আদায় করার কারণে তার ঘুম পেয়ে গিয়েছিল। তখন ওমর (রাঃ) বললেন, আমার নিকট রাত জেগে ইবাদত করা অপেক্ষা ফজর ছালাতে জামা'আতে উপস্থিত হওয়া অধিক প্রিয়'।^{২০}

عن عبد الرحمن بن مسور بن مخرمة قال : جَاءَ عُمَرُ بْنُ الْخَطَّابِ يَوْمًا إِلَى مَنْزِل سَعيد بْن يَرْبُوع، فَعَزَّاهُ بِذَهَابِ بَصَره وَقَالَ: لَا تَدَع الْجُمُعَة، وَلَا الصَّلَاةَ في مَسْجد رَسُول الله صَلَّى الله عَلَيْه وَسَلَّمَ، قَالَ: لَيْسَ لِي قَائِذُ، قَالَ: نَحْنُ نَبْعَتُ إِلَيْكَ بِقَائد، قَالَ: فَبَعَثَ إِلَيْهِ بِغُلَامٌ مِنَ السَّبْي -

আব্দুর রহমান বিন মিসওয়ার (রহঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, একদা ওমর ইবনুল খাত্রাব (রাঃ) সাঈদ বিন ইয়ারব্ (রাঃ)-এর বাডিতে আসলেন। অতঃপর তার চোখ নষ্ট হয়ে যাওয়ায় তাকে সান্তনা দিয়ে বললেন, তমি জম'আ ও রাসল (ছাঃ)-এর মসজিদে ছালাত আদায় পরিহার করবে না। তখন সে বলল, আমাকে পথ দেখিয়ে নিয়ে যাওয়ার মত কেউ নেই। তিনি বললেন, আমরা তোমার নিকট পথ দেখানোর জন্য একজন লোক পাঠিয়ে দিব। এরপর তিনি তার জন্য একজন যুদ্ধবন্দী যুবক পাঠিয়ে দেন' ৷^{২১}

أَنَّ ابْنَ عُمَرَ كَانَ إِذَا فَاتَتْهُ العشَاءُ في جَمَاعَة، नारक विना, أَنَّ ابْنَ عُمَرَ كَانَ إِذَا فَاتَتْهُ العشَاءُ في ত্র এশার ছালাতে 'ইব্নু ওম্র (রাঃ)-এর এশার ছালাতে জাঁমা'আত ছুটে গেলে তিনি (নিজের শাস্তি স্বরূপ) সারা রাত জেগে ইবাদত করতেন'।^{২২}

শা'বী (রহঃ) বলেন, আদী বিন হাতেম (রাঃ) বলেন, 🗀 أَقْيْمَت الصَّلاّةُ مُنْذُ أَسْلَمْتُ إِلاَّ وَأَنَا عَلَى وُضُوْء. مَا دَخَلَ जािय डेंगलां अर्थ कर्तात وَقُتُ صَلاَة حَتَّى أَشْتَاقَ إِلَيْهَا. পর এর্মন কোন সময় ছালাতের ইকামত হয়নি যখন আমি ওয়রত অবস্থায় ছিলাম না। আর যখনই ছালাতের সময় হয়েছে তখনই আমি ঐ দিকে ছুটে গেছি'।^{২৩}

প্রখ্যাত তাবেঈ আসওয়াদ বিন ইয়াযীদ আন-নাখঈ (রহঃ)-এর জামা'আতে ছালাত ছুটে গেলে তিনি অন্য মসজিদে চলে যেতেন (এবং জামা[']আতের সাথে ছালাত আদায় করতেন)।^{২8} আনাস বিন মালেক (রাঃ) ছালাত হয়ে গেছে এমন মসজিদে এসে আযান-ইকামত দিয়ে জামা'আতে ছালাত আদায়

ইবনু রজব (রহঃ) বলেন, এখানে দু'টি মাসআলা রয়েছে, (১) যার মসজিদে ছালাতের জামা'আত ছুটে যাবে এবং যেখানে জামা'আত করার সুযোগ থাকবে না সে জামা'আতে ছালাত আদায়ের জন্য অন্য মসজিদে চলে যাবে। ইমাম আহমাদ (রহঃ) বলেন, নিজ গোত্রের মসজিদে জামা'আত

কর**তে**ন।^{২৫}

১৮. ইবনু আবী শায়বাহ হা/৩৪৬২; আহমাদ, 'কিতাবুছ ছালাত' ১/১২২; ড. সায়্যিদ বিন হুসাইন আফানী, ছালাহুল উদ্মাহ ফী উলুব্বিল হিম্মাহ ২/৩৬৬।

১৯. ইবনু কাছীর, মুসনাদে ফার্নক হা/৫২; যাহাবী, কিতাবল কাবায়ের ১/১৭। ২০. শু'আবল ঈমান হা/২৮৭৭; ছহীহ তারগীব হা/৪২৩; মিশকাত হা/১০৮০।

২১. হাকেম হা/৬০৭৬; কানযুল উম্মাল হা/২৩০৫১।

২২. যাহাবী. সিয়ারু আ'লামিন নুবালা ৩/২৩৫; আবু নাঈম. হিলয়াতুল আওলিয়া ১/৩০৩; কান্ধলভী, হায়াতুৰ্ছ ছাহাবা ৪/২৫২, সনদ ছহীই।

২৩. সিয়ারু আ'লামিন নুবালা ৩/১৬৪; ইবনুল মুবারক, কিতাবুল যুহুদ হা/১৩০২; ইবনু হাজার, তাহযীবুত তাহযীব।

২৪. বুখারী, অধ্যায়-৩০, ৩/৯৪। ২৫. বুখারী, ঐ দ্রঃ।

শেষ হয়ে গেলে জামা আতে ছালাত আদায় করার জন্য অন্য মসজিদে চলে যাবে। (২) যে মসজিদে একবার ছালাতের জামা আত হয়ে গেছে সে মসজিদে আবারো ইক্বামত দিয়ে জামা আত করা যাবে। ২৬

হাম্মাদ বিন যায়েদ বলেন, 'লাইছ বিন আবু সুলাইম (রহঃ) নিজ গোত্রীয় মসজিদে জামা'আত ছুটে গেলে, তিনি বাহন হিসাবে গাধা ভাড়া করতেন। অতঃপর তাতে আরোহণ করে জামা'আত না পাওয়া পর্যন্ত মসজিদসমূহ প্রদক্ষিণ করতে থাকতেন'। ^{২৭}

সাঈদ ইবনুল মুসাইয়িব (রহঃ) বলেন, ما أذن مؤذن منذ 'বিশ বছর যাবৎ যখনই ধুয়াযিয়ন আযান দিয়েছে তখনই আমি মসজিদে ছিলাম'। ২৮ অন্য বর্ণনায় আছে, তিনি বলেন,

'পঞ্চাশ বছর যাবৎ আমার প্রথম তাকবীর ছুটে যায়নি এবং আমি ছালাতরত অবস্থায় কোন লোকের ঘাড়ের পশ্চাৎ দিক দেখিনি' (অর্থাৎ প্রথম কাতার ব্যতীত ছালাত আদায় করিনি)। ^{২৯}

একবার তাঁকে বলা হ'ল- তারেক আপনাকে হত্যা করার পরিকল্পনা করেছে। অতএব আপনি আত্মগোপন করুন। তার জওয়াবে তিনি বললেন, এমন কী গোপন যে, আল্লাহ আমার উপর ক্ষমতা রাখবেন না। তাকে বলা হ'ল, আপনি বাড়িতে অবস্থান করুন। উত্তরে তিনি বললেন, আমি 'হাইয়া আলাল ফালাহ'র আহ্বান শুনব আর আমি তাতে সাড়া দিব না? জামা'আতে ছালাত আদায়ের কেমন শুরুত্ব যে হত্যার হুমিকি থাকা সত্ত্বেও তিনি মসজিদ ত্যাগ করেননি।

 শুনি। তোমরা সম্ভব হ'লে হামাগুড়ি দিয়ে হ'লেও জামা'আতে হাযির হবে'।^{৩২}

মুছ'আব বলেন, প্রখ্যাত তাবেঈ আমের যখন নিজের জীবন নিয়ে খুব আশঙ্কায় ছিলেন তখন মুওয়াযযিনের আযান শুনতে পেয়ে বললেন, আমার হাত ধর (মসজিদে নিয়ে চল)। তাকে বলা হ'ল, আপনিতো অসুস্থ! তিনি বললেন, আমি আল্লাহ্র ডাক শ্রবণ করব, অথচ সে ডাকে সাড়া দিব না? অতঃপর তারা তার হাত ধরে মসজিদে নিয়ে গেল এবং ইমামের সাথে মাগরিবের ছালাতে শরীক হ'লেন। এরপর এক রাক'আত ছালাত আদায় করে মারা গেলেন'।

দায়লামী বলেন, ইবনু খাফীফ (রহঃ)-এর মাজায় ব্যথা ছিল। যখন তার ব্যথা উঠে যেত তখন তিনি নড়া-চড়া করতে পারতেন না। যখন ছালাতের জন্য আযান দেওয়া হ'ত তখন তিনি একজন লোকের পিঠে আরোহন করে মসজিদে যেতেন। তাকে বলা হ'ল- আপনি নিজের জন্য বিষয়টি যদি হালকা করে নিতেন (অর্থাৎ বাড়ীতে ছালাত আদায় করতেন)? তিনি বললেন, তোমরা হাইয়া আলাছ ছালাহ-এর আহ্বান শুনার পরে যদি আমাকে ছালাতের কাতারে দেখতেনা পাও, তাহ'লে তোমরা আমাকে কবরস্থানে খুঁজবে'। ত৪

ছাহাবী হারেছ বিন হাস্সান (রাঃ) বিয়ে করলেন। তখন নিয়ম ছিল কেউ বিবাহ করলে কয়েকদিন বাড়িতে নিজেকে আবদ্ধ রাখত। ফজর ছালাতের জন্য বের হ'ত না। কিন্তু তিনি ছালাতের জন্য বের হয়ে গেলেন। তাকে বলা হ'ল-আপনি ছালাতের জন্য বের হচ্ছেন অথচ এই রাতেই আপনার স্ত্রীর সাথে বাসর হয়েছে! তিনি বললেন, আল্লাহ্র কসম! যে নারী জামা'আতে ফজরের ছালাত আদায়ে আমাকে বাধা দিবে সে অবশ্যই নিকৃষ্ট নারী'।

সা'দ বিন ওবায়দা আবু আব্দুর রহমান সুলামী সম্পঁকে বলেন, 'তিনি অসুস্থ থাকা অবস্থাতেও তাদেরকে নির্দেশ দিতেন যে, তারা যেন তাকে কাঁদা-মাটি ও বৃষ্টির দিনেও মসজিদে বহন করে নিয়ে যায়'। ^{৩৬} এখানে লক্ষ্যণীয় যে, দু'দিক থেকে তার মসজিদ ত্যাগ করার অনুমতি ছিল। প্রথমতঃ তিনি অসুস্থ ছিলেন, দ্বিতীয়তঃ বৃষ্টির দিন ছিল। আর এ দু'টি কারণে বাড়ীতে ছালাত আদায়ের অনুমোদন রয়েছে। এরপরেও তিনি মসজিদ ত্যাগ করেননি।

উপরোক্ত হাদীছ ও আছারগুলো থেকে বুঝা যায় যে, জামা'আতে ছালাত আদায় অতি গুরুত্বপূর্ণ ইবাদত। আল্লাহ আমাদের সকলকে পাঁচ ওয়াক্ত ছালাত জামা'আতের সাথে আদায় করার তাওফীক দান করুন–আমীন!

২৬. टॅवनू त्रजव, ফाष्ट्रल वाती ७/८; वाग्नशकी, সুनानूल कुवता टा/८८७८।

२१. यूजनाम रेननून जा'म रा/७३७; रेननू त्रजन, कार्ट्स नाती ७/৫।

২৮. ইহইয়াউ উলূমিদ্দীন ১/২৮৮; যাহাবী, আল-কাবায়ের ১/১৭।

২৯. হিলয়াতুল আওলিয়া ২/১৬৩।

७०. कुत्रजुर्वी ১৮/২৫১।

৩১. ইবরু মুলাক্কিন, বদরুল মুনীর ৪/৪০২; আল-কাবায়ের ১/১৭।

৩২. শু'আবুল ঈমান হা/২৬৬৮; ইহইয়াউ উলূমিদ্দীন ১/২৮৮; আল-কাবায়ের ১/১৭।

৩৩. যাহাবী, তারীখুল ইসলাম ৮/১৪৩; সিয়ারু আ'লামিন নুবালা ৫/২২০।

৩৪. সিয়ারু আ'লামিন নুবালা ১২/৩৪৮; তারীখুল ইসলাম ২৬/৫১০; ইবনুল মুলাক্কিন, তাবাকাতুল আওলিয়া ১/২৯৩।

৩৫. মুজামুল কাবীর হা/৩৩২৪; মাজমা'উয যাওয়ায়েদ হা/২১৫৮; সুনদ হাসান।

৩৬. ইবর্ল মুবারক, কিতাবুয-যুহুদ হা/৪১৯; আল-মাতৃলিবুল আলীয়া ৩/৫৪৯; সনদ ছহীহ।

নারী-পুরুষের ছালাতের পার্থক্য : বিভ্রান্তি নিরসন

আহমাদুল্লাহ*

ভূমিকা:

কোন কোন মুসলিম ভাই বিভিন্ন অগ্রহণযোগ্য বর্ণনা দ্বারা নারী-পুরুষের ছালাতের মাঝে পদ্ধতিগত পার্থক্য নিরূপণের চেষ্টা করেন। তারা ১৮টি পার্থক্য তুলে ধরে থাকেন। বঙ্গানুবাদ 'বেহেশতী জেওর' বইয়ে ১১টি পার্থক্য উল্লেখ করা হয়েছে। তারা মারফু', মাওকৃফ এবং মাকুতু' এই তিন প্রকার বর্ণনা উপস্থাপন করেছেন। নিম্নে তাদের পেশকৃত দলীলসমূহ সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করা হ'ল।-

মারফু' তথা রাসূল (ছাঃ)-এর প্রতি সম্বন্ধযুক্ত বর্ণনা সমূহ:

عَنْ وَائِل بْن حُجْر فَقَالَ لَيْ رَسُوْلُ الله صَلَّى الله عَلَيْه وَسَلَّمَ يَا وَاللَّ مَن حُجْرً إِذَا صَلَّيْتَ فَاجْعَلْ يَدَيْكَ حِذَاءَ أَذُنيْك، وَالْمَرْأَةُ تَجْعَلُ يَدَيْهَا حِذَاءَ تُدْيَيْهَا-

ওয়ায়েল বিন হুজর (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, আমাকে রাসুল (ছাঃ) বললেন, 'হে ওয়ায়েল বিন হুজর! যখন তুমি ছালাত পড়বে তখন তোমার দু'হাত কান পর্যন্ত উত্তোলন করবে। আর নারীরা তাদের দু'হাত বুক পর্যন্ত উত্তোলন করবে'। জবাব: বর্ণনাটি যঈফ বা দুর্বল। নিম্নোক্ত কারণে এটি দলীল ও আমলযোগ্য নয়। হাফেয নুরুদ্দীন হায়ছামী (রহঃ) বলেন.

رَوَاهُ الطَّبَرَانيُّ في حَديث طَويْل فيْ مَنَاقب وَائل منْ طَرِيْق مَيْمُوْنَةَ بنْتَ كُمْوْر، عَنْ عَمَّتَهَا أَمُّ يَحْيَى بنْتَ عَبْدَ الْجَبَّارِ، وَلَمْ أَعْرِفْهَا، وَبَقيَّةُ رِجَالِهِ تُقَاتُ

'এটি তাবারাণী একটি দীর্ঘ হাদীছে ওয়ায়েল-এর মানাক্রিব অধ্যায়ে মায়মূনাহ বিনতে হুজর সূত্রে বর্ণনা করেছেন, তিনি তার ফুফু উম্মে ইয়াহ্ইয়া বিনতে আব্দুল জাব্বার হ'তে বর্ণনা করেছেন। আর আমি তাকে তথা উম্মে ইয়াহইয়াকে চিনি না। এর অবশিষ্ট রাবীগণ নির্ভরযোগ্য'।

উল্লেখ্য, হায়ছামীর এই উক্তিটি ড. ইলিয়াস ফয়সাল প্রণীত 'নবীজীর নামায' গ্রন্থে উল্লেখ করা হ'লেও এর বঙ্গানুবাদ করা **হ**য়নি।⁸

শায়খ নাছিরুদ্দীন আলবানী (রহঃ) বলেন.

وهذا إسناد ضعيف، فإن ميمونة بنت حجر، وعمتها أم يحيى بنت عبد الجبار، لم أجد لهما ترجمة-

'এই সনদটি যঈফ। কেননা মায়মূনা বিনতে হুজর এবং তার ফুফু উন্মে ইয়াহইয়া বিনতে আব্দুল জাব্বার উভয়ের জীবনী আমি পাইনি। অতঃপর তিনি বলেছেন, ف المذكور في الحديث منكر – 'এই হাদীছটিতে উপরোল্লিখিত পার্থক্যটি অস্বীকত বা পরিত্যক্ত'।^৫

لُمْ يَرِدْ مَا ,रारम्य देवतन शांकात वामकानानी (तरः) वर्तन, لُمْ يَرِدْ مَا এমन किष्टू ' يَدُلُّ عَلَى التَّفْرَقَة في الرَّفْع بَيْنَ الرَّحُل وَالْمَرْأَة র্বর্ণিত হয়নি যা পুরুষ ও নারীর রাফ'উল ইয়াদায়নের বিষয়ে পার্থক্য নির্দেশ করে' ৷^৬

আল্লামা শাওকানী বলেন.

وَاعْلَمْ أَنَّ هَذه السُّنَّةُ تَشْتَركُ فَيْهَا الرِّجَالُ وَالنِّسَاءُ وَلَمْ يَرِدْ مَا يَدُلُّ عَلَى الْفَرْق بَيْنَهُمَا فَيْهَا، وَكَذَا لَمْ يَرِدْ مَا يَدُلُّ عَلَى الْفَرْق بَيْنَ الرَّجُل وَالْمَرْأَة فَيْ مَقْدَارِ الرَّفْعِ-

'আর জেনে রাখো! নিশ্চয়ই এই সুন্লাতটি পুরুষ-নারী উভয়কে (আমলের ক্ষেত্রে সমানভাবে) অন্তর্ভুক্ত করে। আর এমন কিছু বর্ণিত হয়নি যা এই বিষয়ে উভয়ের মাঝে কোন পার্থক্য নির্দেশ করে। তদ্রূপ এমন কিছুই বর্ণিত হয়নি যা হাত উত্তোলন করার পরিমাণ সম্পর্কে পুরুষ-নারীর মাঝে পার্থক্য নির্দেশ করে'।

সুতরাং উক্ত বর্ণনাটি রাসুল (ছাঃ)-এর প্রতি সম্বন্ধযুক্ত করা যাবে না। কেননা এটি দুর্বল বর্ণনা। উল্লেখ্য যে, ড. ইলিয়াস ফয়সাল প্রণীত 'নবীজীর নামায' বইয়ে এই বর্ণনাটিকে হাসান বলা হয়েছে।^৮ যা গ্রহণযোগ্য নয়।

দলীল-২: আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, নবী করীম (ছাঃ) বলেছেন, التَّسْبَيْحُ للرِّ حَال، وَالتَّصْفَيْقُ للنِّسَاء 'তাসবীহ হ'ল পুরুষদের জন্য ও তাছফীকু হ'ল নারীদের জন্য'। (তাছফীকু হ'ল এক হাতের পাতা দ্বারা অন্য হাতের তালুতে মারা)।

জবাব : এই পার্থক্য ছালাত আদায়ের পদ্ধতির সাথে সম্পর্কিত নয়। বরং ইমামের ভূলের জন্য সতর্কীকরণের সাথে সম্পক্ত। সুতরাং এই ছহীহ হাদীছটি তাকুলীদপন্থীদের পক্ষে দলীল হ'তে পারে না।

উক্ত হাদীছ দ্বারা নারীদের জামা'আতের সাথে ছালাত আদায় প্রমাণিত হয়। কিন্তু হানাফীগণ এই অনুমতি দিতে প্রস্তুত নন।

عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، أَنَّ رَسُولَ الله صَلَّى الله عَلَيْه وَسَلَّمَ مَرَّ عَلِّي امْرَأَتَيْن تُصَلِّيَّان فَقَالَ إِذَا سَجَدْتُمَا فَضُمَّا بَعْضَ اللَّحْم إِلَى الْأَرْضَ فَإِنَّ الْمَرْأَةَ لَيْسَتَ في ذَلكَ كَالرَّجُل-

^{*} रेमग्रमश्रुत, नीनकाभाती।

১. মোকাম্মাল মোদাল্লাল বেহেশতী জেওর. (ঢাকা : হামিদিয়া লাইব্রেরী লিমিটেড, তৃতীয় সংস্করণ, ফেব্রুয়ারী ২০০৪ইং), পৃঃ ১১৬-১৭।

২. ত্বাবারাণী, মু'জামুল কাবীর হা/২৮, ১৯/২২ পূঃ í

৩. হায়ছামী, মাজমাউয যাওয়ায়েদ হা/২৫৯৪।

৪. ড. ইলিয়াস ফয়সাল, সম্পাদনা : মাওলানা আব্দুল মালেক, নবীজীর নামায, পৃঃ ৩৭৯।

৫. সিলসিলা যঈফা হা/৫৫০০।

৬. ফাৎহুল বারী হা/৭৩৮, ২/২২১।

৭. নায়লুল আওত্বার হা/৬৭১, ২/২১৪। ৮. নবীজ্বীর নামায, পরিশিষ্ট-২, পৃঃ ৩৭৮-৩৭৯।

৯. *বুখারী হা/১২০৩*।

ইয়াযীদ বিন হাবীব (রাঃ) হ'তে বর্ণিত, রাস্লুল্লাহ (ছাঃ) দু'জন মহিলার পাশ দিয়ে যাচ্ছিলেন, যারা ছালাত পডছিল। তিনি বললেন, 'যখন তোমরা সিজদা করবে, তখন শরীরের কিছু অংশ যমীনের সাথে মিলিয়ে দিবে। কারণ এক্ষেত্রে নারী পুরুষের মত নয়'।

জবাব: হাদীছটি নিম্নোক্ত কারণে আমলযোগ্য নয়। (১) এই রেওয়াতটি মুরসাল। ^{১১} আর মুরসাল রেওয়াতসমূহ যঈফ হয়ে থাকে।

- (২) এর সনদে 'সালেম বিন গায়লান' নামক রাবী আছেন. যিনি বিতর্কিত।
- (৩) শায়খ আলবানী (রহঃ) এই মুরসাল বর্ণনাটিকে যঈফ বলেছেন। তিনি বলেন, فعلة الحديث الإرسال فقط 'অতঃপর হাদীছটির ক্রটি হ'ল. (এতে) ইরসাল রয়েছে'।^{১২} অর্থাৎ হাদীছটি 'মুরসাল'।

উল্লেখ্য, আলবানীর এই উক্তিটি 'নবীজীর নামায' গ্রন্থে পেশ করা হয়েছে। তবে অনুবাদ করা হয়নি।^{১৩}

- وَرَوَاهُ الْبَيْهَقَيُّ منْ ,বেলন তাজার (রহঃ) বলেন من الْبَيْهَقَى من الْبَيْهَةِ عَلَى اللهِ (अदक नांसराक् वे طَرِيقَيْن مَوْصُولَيْن، لَكَنْ في كُلِّ منْهُمَا مَتْرُوكُ اللهُ عَلَيْن مَوْصُولَيْن، لَكَنْ في كُلِّ منْهُمَا مَتْرُوكُ দু'টি 'মাওছল' সত্রে বর্ণনা করেছেন। কিব্রু উর্ভয়ের প্রত্যেকটিতে একজন 'মাতর্রক' তথা প্রত্যাখ্যাত (রাবী) আছে'।^{১8}
- ظاهر كلامه انه ليس ,বলন বলেন ظاهر كلامه انه ليس ,الله عنه عنه الله الله الله الله الله عنه ا তার কথায় স্পষ্ট في هذا الحديث الا الانقطاع و سالم متروك হচ্ছে যে. এই হাদীছের মধ্যে বিচ্ছিন্নতা ব্যতীত আর কোন ক্রটি নেই এবং সালেম (বিন গায়লান) হ'লেন মাতরুক'।^{১৫} मनीन-८:

عَنْ عَبْد الله بْن عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ الله صَلَّى الله عَلَيْه وَسَلَّمَ : ۚ إِذَا حَلَسَت الْمَرْأَةُ في الصَّلَاة وَضَعَتْ فَخذَهَا عَلَيَ فَخذهَا الْأُخْرَى، وَإِذَا سَجَدَت أَلْصَقَتْ بَطْنَهَا في فَخذَيْهَا كَأَسْتَر مَا يَكُونُ لَهَا، وَإِنَّ الله تَعَالَى يَنْظُرُ إِلَيْهَا وَيَقُولُ: يَا مَلَائكَتَي أُشْهِدُكُمْ أَنِّيْ قَدَّ غَفَرْتُ لَهَا-

আব্দুল্লাহ বিন ওমর (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, 'যখন নারী ছালাতে বসবে তখন তার এক উরু অপর উরুর উপর রাখবে। আর যখন সিজদা করবে তখন পেটকে উরুর সাথে মিলিয়ে দিবে যা তার সতরের অধিক উপযোগী হয়। আর নিঃসন্দেহে আল্লাহ তা'আলা তার প্রতি দষ্টিপাত করেন এবং বলেন. হে আমার ফেরেশতাগণ! আমি তোমাদেরকে সাক্ষী রাখছি যে. আমি তাকে ক্ষমা করে দিলাম'।^{১৬}

জবাব: এ হাদীছ সম্পর্কে 'আল-আবাতীলু ওয়াল মানাকীরু ওয়াছ ছিহাহ ওয়াল-মাশাহীরু' গ্রন্থে বলা হয়েছে যে.

'এই হাদীছটি মাউয়ু' বাতিল। এর কোন ভিত্তি নেই। আর এটি আবু মৃত্যী-এর অন্যতম মাউয় বর্ণনা'।^{১৭} হাফেয যুবায়ের আলী যাঈ (রহঃ) এই রেওয়ায়াতটিকে মাউয় তথা বানোয়াট বলেছেন। ^{১৮} শায়খ দাউদ আরশাদ বলেছেন, রেওয়ায়াতটি অত্যন্ত দুৰ্বল ও বাতিল।^{১৯}

ইমাম বায়হাকী (রহঃ) বলেন,

أَبُو مُطِيع بَيْنَ الضَّعْفِ فِي أَحَادِيثِهِ، وَعَامَّةُ مَا يَرْوِيه لَا يُتَابَعُ عَلَيْهِ قَالُّ الشَّيْخُ رَحِمَهُ اللَّهُ: وَقَادٌ ضَعَّفَهُ يَحْيَى بْنُ مَعِيْنٍ

'আবৃ মৃত্যীর বর্ণিত হাদীছ যঈফের অন্তর্ভুক্ত। আর তার অধিকাংশ বর্ণনার মুতাবা'আত (সমর্থনসূচক বর্ণনা) করা হয় না। শায়খ (রহঃ) বলেছেন, ইয়াহ্ইয়া বিন মাঈন এবং অন্যরা তাকে যঈফ বলেছেন['] ৷^{২০}

ইবনু সা'দ বলেন, 'আবূ মুত্বী' আল-বালখী-এর নাম আল-হাকাম বিন আব্দল্লাহ। তিনি 'বালখ'-এর বিচার কাজে নিযক্ত ছিলেন। তিনি মুরজিয়া ছিলেন। তিনি আব্দুর রহমান বিন হারমালা ও অন্যান্যদের সাক্ষাৎ লাভ করেছিলেন। কিন্তু তিনি তাদের নিকটে হাদীছ বর্ণনার ক্ষেত্রে যঈফ। তিনি অন্ধ ছিলেন'।^{২১}

الحكم بْن عَبْد الله أَبُو , वात्कर देवतन दिकान (त्रहः) वत्नन, أبد الله أَبُو مُطيع الْبُلْخي ... كَانَ من رُؤَسَاء المرجئة ممَّن يبغض السَّنَن -منتحليها (আল-হাকাম বিন আবুল্লাহ আবু মুত্ত্বী আল-বালখী ... ঐ সকল শীর্ষস্থানীয় মুরজিয়াদের অন্তর্গত ছিলেন. যারা সুনাহ সমূহকে এবং সুনাতপন্থীদেরকে ঘূণা করত'।^{২২}

(8) शरकय याशवी वरलन, عبد الله أبُو مُطيع शिकाभ विन आसूल्लार । الْبَلْخي عَن ابْن جريج وَغَيره تَرَكُوهُ আবু মুত্তী আল-বালখী ইবনে জুরায়েজ এবং অন্যদের থেকে বর্ণনা করেছেন। তারা (মুহাদ্দিছগণ) তাকে বর্জন করেছেন'। ২৩

১০. মারাসীলে আবী দাউদ হা/৮৭।

১১. কানযুল উম্মাল হা/১৯৭; আল-ফাতহুল কাবীর হা/১১৩৫।

১২. সিলসিলা যঈফা হা/২৬৫২।

১৩. নবীজীর নামায, পরিশিষ্ট-২, পৃঃ ৩৭৭।

১৪. আত-তালখীছল হাবীর হা/৩৬8।

১৫. ইবনুত তুরকুমানী হানাফী. আল-জাওহারুন নাকী. ২/২২৩।

১৬. বায়হাকী, আস-সুনানুল কুবরা হা/৩১৯৯। ১৭. আল-আবাত্তীলু ওয়াল মানাকীরু ওয়াছ ছিহাহ ওয়াল-মাশাহীরু, ১/১৪৪-১৪৫।

১৮. তাহক্বীক্বী মীক্বালাত ১/২৩০।

১৯. হাদীছ আওঁর আইলৈ তাকুলীদ বি-জওয়াবে হাদীছ আওর আহলেহাদীছ. ২/৮০ প্ঃ।

২০. *আস-সুনানুল কুবরা হা/৩২০০*।

২১. ত্বাবাক্বাতুল কুবরা, জীবুনী ক্রমিক নং ৩৬৪৮।

২২. আল-মাজরূহীন, জীবনী ক্রমিক নং ২৩৬।

२०. जान-मुगनी किय-यु'जाका. जीवनी क्रिमक नः ३७৫৮।

এছাড়া ইবনুল জাওয়ী (রহঃ), দারাকুৎনী (রহঃ), ইমাম নাসাঈ, হায়ছামী প্রমুখ আবু মুত্ত্বী আল-বালখীকে যঈফ ও পরিত্যক্ত রাবী হিসাবে স্ব স্ব প্রস্থে উল্লেখ করেছেন।^{২৪}

মাওক্ফ তথা ছাহাবীদের প্রতি সম্বন্ধযুক্ত বর্ণনাসমূহ : দলীল-১ :

عَنْ عَبْد رَبِّه بْنِ سُلَيْمَانَ بْنِ عُمَيْرِ قَالَ: رَأَيْتُ أُمَّ الدَّرْدَاءِ تَرْفَعُ يَدَيْهَا فَي الصَّلَاة حَذْو مَنْكَبَيْهَ-

আব্দে রব্বিহ বিন সুলায়মান বিন উমায়ের হ'তে, বর্ণিত তিনি বলেন, 'আমি উম্মুদ দারদাকে দেখেছি, তিনি ছালাতে তার দু'হাতকে কাঁধ পর্যন্ত তুলতেন'।^{২৫}

জবাব : এই রেওয়ায়াত দারা পুরুষ ও নারীদের ছালাতের পদ্ধতিগত কোন পার্থক্য প্রমাণিত হয় না।

'উম্মুদ দারদা (রাঃ) কাঁধ পর্যন্ত হাত তুলতেন' এর পক্ষে ছহীহ হাদীছ রয়েছে। যেমন সালেম বিন আব্দুল্লাহ স্বীয় পিতা হ'তে বর্ণনা করেন যে.

أَنَّ رَسُولَ اللهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَرْفَعُ يَدَيْهِ حَذْوَ مَنْكَبَيْهِ إِذَا وَفَعَ رَأْسَهُ مَنْكَبَيْهِ إِذَا افْتَتَحَ الصَّلاَةَ، وَإِذَا كَبَّرَ لِلرُّكُوْعِ، وَإِذَا رَفَعَ رَأْسَهُ مَنْ الرُّكُوْعِ، وَفِعَهُمَا كَذَلكَ أَيْضًا –

'নিশ্চয়ই রাসূল (ছাঃ) যখন ছালাত ভক্ত করতেন, তখন কাঁধ পর্যন্ত দু'হাত তুলতেন এবং যখন ক্লক্' করতেন, ক্লক্' হ'তে মাথা উঠাতেন তখনও তদ্রুপ দু'হাত উঠাতেন'। ২৬

এখানে في الصَّلَاة হ'ল তাকবীরে তাহরীমা, রুক্র আগে ও পরের রাফউল ইয়াদায়েন। যেমনটি ইমাম বুখারী (রহঃ) ব্যাখ্যা দিয়েছেন য়ে, عَنْ عَبْد رَبِّه بْنِ سُلَيْمَانَ بْنِ عُمْيْر قَالَ رَأَيْتُ أُمَّ الدَّرْدَاءِ تَرْفَعُ يَدَيْهَا فَي الصَّلَاة، وَحَدْق مَنْكَبَيْهَا حَيْنَ تَفْتَتُ الصَّلَاة، وَحَيْنَ تَوْتَتُ يَدُيْهَا وَقَالَت تَرُعُكُمُ وَإِذَا قَالَ: سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَفَعَتْ يَدَيْهَا وَقَالَت : رَبَّنَا وَلَكَ الْحَمْدُ –

আব্দু রব্বিহ বিন সুলায়মান বিন নুমায়ের হ'তে বর্ণিত তিনি বলেন, আমি উম্মুদ দারদাকে দেখেছি যে, তিনি ছালাতের মধ্যে তার দু'হাত দু'কাঁধ পর্যন্ত তুলতেন, যখন তিনি ছালাত শুরু করতেন এবং রুকু' করতেন। আর যখন তিনি বলতেন, 'সামি'আল্লাহু লিমান হামিদাহ' তখন তার দু'হাত তুলতেন এবং বলতেন, 'রব্বানা ওয়া-লাকাল হামদ'।

'কান' পর্যন্ত রাফউল ইয়াদায়েন করারও ছহীহ হাদীছ রয়েছে। যেমন- মালেক বিন হুয়াইরিছ (রাঃ) বলেন,

أَنَّ رَسُولَ اللهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا كَبَّرَ رَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِيَ حَتَّى يُحَاذِيَ بِهِمَا أُذُنَيْهِ، وَإِذَا رَكَعَ رَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِيَ بِهِمَا أُذُنَيْهِ، وَإِذَا رَكَعَ رَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِيَ بِهِمَا أُذُنَيْهِ، وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فَقَالَ: سَمِعَ اللهُ لِمَنْ حَمَدَهُ-

'নিশ্চয়ই যখন রাসূল (ছাঃ) তাকবীর বলতেন তখন দু'হাত্কে কান পর্যন্ত উল্তোলন করতেন। আর যখন রুক্' করতেন এবং রুক্' থেকে মাথা তুলতেন তখনও কান পর্যন্ত হাত তুলতেন। অতঃপর তিনি বলতেন, 'সামি'আল্লাহু লিমান হামিদাহ'। ^{২৯} অতএব কান ও কাঁধ পর্যন্ত দু'হাত উল্তোলন তথা রাফ'উল ইয়াদায়েন করা উভয়টিই নারী-পুরুষের জন্য প্রযোজ্য।

मनीन-२:

عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا، أَنَّهُ سُئلَ: كَيْفَ كَانَ النِّسَاءُ يُصَلِّينَ عَلَى عَهْدَ رَسُولِ اللهِ صَلَّى اللهِ عَلَيْهِ وَسَلَّمَ؟ كُنَّ يَتَرَبَّعْنَ، ثُمَّ أُمْرْنَ أَنْ يَحْتَفَزْنَ-

ইবনে ওমর (রাঃ) হ'তে বর্ণিত, তাকে জিজ্ঞেস করা হ'ল যে, রাসূলের যুগে মহিলারা কিভাবে ছালাত আদায় করতেন? তিনি বললেন, তারা ছালাতে চারজানু হয়ে বসতেন অতঃপর জড়সড় হয়ে আদায় করার জন্য তাদেরকে নির্দেশ দেওয়া হয়'।^{৩০}

জবাব :

এই রেওয়ায়াতটি যঈফ নিম্নোক্ত কারণে,

- (১) ইবরাহীম বিন মাহদীর নির্দিষ্টতা অজ্ঞাত রয়েছে। 'তাক্বরীবুত তাহযীব' প্রস্থে এই নামের দু'জন রাবী আছেন। তন্মধ্যে দ্বিতীয়জন সমালোচিত। হাফেয ইবনে হাজার আসক্বালানী (রহঃ) বলেছেন, 'তিনি বাছরী, মুহাদ্দিছণণ তাকে মিথ্যুক বলেছেন'। ^{৩১}
- (২) এর সনদে যির্র বিন নুজায়েহ, আহমাদ বিন মুহাম্মাদ খালেদ ও আলী বিন মুহাম্মাদ আল-বায্যায নামক রাবী আছেন, যাদের জীবনী পাওয়া যায় না।
- (৩) ক্বায়ী ওমর ইবনুল হাসান বিন আলী আল-আশনানী হ'লেন বিতর্কিত রাবী। তার সম্পর্কে ইমাম দারাকুৎনী

২৪. আয-যু'আফাউল মাতরূকীন, জীবনী ক্রমিক নং ৯৫৯, ১৬০, ৬৫৪; তানকীহুত তাহকীকু, মাসআলা নং ২৯৯।

২৫. ইমাম বুখারী, জুইউ রাফ'ইল ইয়াদায়েন হা/২৩।

२७. वृथाती श/१७৫।

২৭. *বুখারী হা/৭৩*৬।

২৮. ইমাম বুখারী, জুযেউ রাফইল ইয়াদায়েন হা/২৪; হাফেয যুবায়ের আলী যাঈ (রহঃ) এই হাদীছের সনদকে হাসান বলেছেন। দ্রঃ তাহন্ধীন্ধী মাক্যালাত, ১/২৩৬ পৃঃ।

২৯. *মুসলিম হা/৩৯১*।

৩০. মুহাম্মাদ আল-খাওয়ারেযমী, জামেউ মাসানীদিল ইমামিল আ'যম, ১/৪০০; মুসনাদে আবী হানীফা হা/৩৭।

৩১. আত-তাকুরীব, জীবনী ক্রমিক নং ২৫৭।

मनीन-७ :

বলেছেন যে. তিনি মিথ্যা বলতেন'।^{৩২} ইবনুল জাওযী তার কঠোর সমালোচনা করেছেন এবং বুরহানুদ্দীন হালাবী তাকে হাদীছ জালকারীদের মধ্যে অন্তর্ভুক্ত করেছেন।^{৩৩}

(৪) অন্য সনদে আব্দুল্লাহ বিন আহমাদ বিন খালেদ আর-রাযী, যাকারিয়া বিন ইয়াহইয়া নিশাপুরী ও ক্রাবীছাহ ত্যাবারী অজ্ঞাত। আর আবূ মুহাম্মাদ আল-বুখারী মিথ্যুক রাবী।° প্রতীয়মান হ'ল যে, এই রেওয়ায়াতটি মাওয'। আর ইমাম আব হানীফা হ'তে এ রেওয়ায়াত প্রমাণিতই নেই। এরপরও বহু মানুষ এই মাউয়' রেওয়ায়াত পেশ করে থাকেন।^{৩৫}

عَنْ عَلِيٍّ قَالَ: إِذَا سَجَدَت الْمَرْأَةُ فَلْتَحْتَفِرْ وِلْتَضُمُّ فَحِذَيْهَا-আলী (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'যখন নারী সিজদা করবে, তখন যেন জড়সড় হয়ে যায় ও দুই উরুকে মিলিয়ে রাখে' ^{(৩৬}

জবাব: এই বর্ণনার সনদে হারেছ আল-আওয়ার নামক রাবী রয়েছে। তার সম্পর্কে হাফেয যায়লাঈ (রহঃ) বলেন. عُذُنَهُ ও শা'ৰী الشُّعْبيُّ وَابْنُ الْمَدينيِّ، وَضَعَّفَهُ الدَّارَقُطْنيُّ ইবনুল মাদীনী মিথ্যক অভিহিত করেছেন। আর দারাকুৎনী তাকে যঈফ বলেছেন[']।^{৩৭}

নাছিরুদ্দীন আলবানী (রহঃ), ইবনু সা'দ ও দারাকুৎনী হারেছকে যঈফ বলেছেন।^{৩৮}

হাফেয যাহাবী বলেন. ইবনুল মাদীনী তাকে মিথ্যুক. দারাকুৎনী তাকে যঈফ. নাসাঈ তাকে 'শক্তিশালী নন' এবং শা'বী তাকে মিথ্যুক বলেছেন।^{৩৯}

সুতরাং এমন চরম দুর্বল রাবীর বর্ণনা দ্বারা দলীল গ্রহণ করা সিদ্ধ নয়। উপরম্ভ এ হাদীছের সনদে 'আব ইসহাক আস-সাবীঈ' নামক আরেকজন রাবী আছেন। তিনি আস্থাভাজন রাবী হ'লেও মুদাল্লিস হিসাবে ব্যাপক প্রসিদ্ধ। আসমাউল भूमाल्लिमीन, जावाकाजून भूमाल्लिमीन, यिकक्न भूमाल्लिमीन, আল-মুদাল্লিসীন প্রভৃতি গ্রন্থে তাকে প্রসিদ্ধ মুদাল্লিস রাবী হিসাবে উল্লেখ করা হয়েছে। ^{৪০} নাছিরুদ্দীন আলবানী তাকে মুদাল্লিস^{8১} রাবী হিসাবে আখ্যা দিয়েছেন।^{8২}

मनीन-८:

عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ سُئِلَ عَنْ صَلَاةِ الْمَرْأَةِ، فَقَالَ: تَجْتَمِعُ

ইবনে আব্বাস (রাঃ)-কে জিজ্ঞেস করা হ'ল মহিলাদের ছালাত সম্পর্কে। তিনি বললেন, 'জডসড হয়ে এবং খবই আঁটসাঁট হয়ে ছালাত পড়বে'।⁸⁰

জবাব : ছালাতের কোন রুকনকে আঁটসাঁট হয়ে আদায় করবে. উপরোল্লিখিত বর্ণনাটিতে এই বিষয়ে কোন স্পষ্ট ব্যাখ্যা নেই। বরং এর ভাষা হ'ল 'আম' তথা ব্যাপক অর্থবোধক। একে 'খাছ' করার দলীল প্রয়োজন। যদি বলা হয় যে, সিজদায় আঁটসাঁট হয়ে সিজদা করবে (যেমনটি হানাফীগণ দাবী করেন), তাহ'লে এটি মারফ্' হাদীছের খেলাফ হবে। কারণ রাসূল (ছাঃ) হুকুম দিয়েছেন যে, তোমাদের কেউ যেন কুকুরের মত তার বাহুদ্বয়কে বিছিয়ে না দেয়।⁸⁸ এ হুকুম নারী-পুরুষ সবার জন্যই প্রযোজ্য। একে পুরুষদের সাথে 'খাছ' করার জন্য মারফু' হাদীছ প্রয়োজন। সূতরাং নবী করীম (ছাঃ)-এর এই হুকুমকে ছাহাবীর প্রতি সম্বন্ধয়ক্ত বক্তব্য দ্বারা প্রত্যাখ্যান করা যাবে না।

দ্বিতীয়তঃ ইবনে আব্বাস (রাঃ) ৬৮ হিজরীতে মারা গেছেন। যখন ৮৮ হিজরীতে মুত্যবরণকারী ছাহাবী আব্দুল্লাহ বিন হারেছ (রাঃ)-এর সাথে তার হাদীছ শ্রবণ প্রমাণিত হয়নি. তখন ৬৮ হিজরীতে মৃত্যুবরণকারী ছাহাবী থেকে হাদীছ শ্রবণ কিভাবে সাব্যস্ত হ'তে পারে?^{8৫}

তৃতীয়তঃ ইবনে আব্বাস (রাঃ) হ'তে বুকায়ের হাদীছ শ্রবণ করেছেন মর্মে কোন প্রমাণ নেই। সুতরাং এই রেওয়াতটি বিচ্ছিনু হওয়ার দরুণ যঈফ সাব্যস্ত হয়েছে। যা আমলের অযোগ্য এবং দলীলযোগ্য নয়।

মাক্তৃত্ব' তথা তাবেঈনদের প্রতি সম্বন্ধযুক্ত বর্ণনাসমূহ मनीन-১:

عَنْ إِبْرَاهِيمَ قَالَ: إِذَا سَجَدَت الْمَرْأَةُ فَلْتَلْزَقْ بَطْنَهَا بِفَحِذَيْهَا، وَلَا تَرْفَعْ عَجيزَتَهَا، وَلَا تُجَافي كَمَا يُجَافي الرَّجُلُ-

ইবরাহীম নাখঈ বলেন, নারীরা যখন সিজদা করবে তখন তার পেটকে উরুর সাথে আঁটসাঁট করে রাখবে এবং তার নিতম্বকে যেন (পুরুষের ন্যায়) উপরে না তুলে। আর অঙ্গ-প্রত্যঙ্গকে ঐরূপ দূরবর্তী করে না রাখে যেভাবে পুরুষেরা রাখে'।^{8৬}

৩২. দারাকুৎনী, সুওয়ালাতুল হাকিম, নং ২৫২, পঃ ১৬৪।

৩৩. আল-মীউয়্'আত, ৩/২৮০; আল-কাশফুল হাছীছ, পূঃ ৩১১-৩১২, নং ৫৪১।

৩৪. আল-কাশফুল হাছীছ, পৃঃ ২৪৮; বায়হাকী, কিতাবুল বিরাআত, পৃঃ ১৫৪; লিসানুল মীযান, ७/७८৮-७८৯; नुकल जाग्ननारून की रेप्ट्रनांि तार्के रेल रेग्नामासने, 9: 80, 85।

৩৫. যুবায়ের আলী যাঈ, তাহক্বীক্বী মাকালাত, ১/২৩০। ৩৬. মুছানাফ ইবনে আবী শায়বাহ হা/২৭৭৭।

৩৭. নাছবুর রায়াহ, ২/৩।

৩৮. আছলু ছিফাতি ছলাতিন নাবী, ২/৬৭১; আত-ত্বাবাক্বাতুল কুবরা, জীবনী ক্রমিক নং ২০৮৩, ১৫১।

৩৯. আল-মুগনী ফী যু'আফুাইর রিজাল, জীবনী ক্রমিক নং ১২৩৬।

৪০. আসমাউল মুদাল্লিসীন, জীবনী ক্রমিক নং ৪৫; ত্বাবাক্বাতুল त्रुमाञ्चित्रीन, जीवनी क्रियक नः ५५; यिकक्रन त्रुमाञ्चित्रीन, जीवनी क्रियिक नर् क्र; वाल-भूमाञ्चित्रीन, जीवनी क्रियक नर 89।

৪১. রাবীর হিফ্য শক্তি নষ্ট হয়ে যাওয়া, বিবেক-বুদ্ধি দুর্বল হয়ে যাওয়া, হাদীছকে সঠিকভাবে মনে রাখতে না পারায় হাদীছের বাক্যে তালগোল

পাকিয়ে যাওয়াকে ইখতিলাত বলা হয়। বিভিন্ন কারণে ইখতিলাত হ'তে পারে। যেমন বয়স বেড়ে যাওয়া, বই-পুস্তক পুড়ে যাওয়া, ধন-সম্পদের ক্ষতি হওয়া কিংবা সন্তান-সন্ততির মৃত্যু ঘটার কারণে মানসিক আঘাত পাওয়া ইত্যাদি। দ্রঃ তায়সীরু মুছত্বলাহিল হাদীছ, পৃঃ ১২৫।

^{82.} *जिनजिना ছহীহাহ হা/১৭০১*।

৪৩. মুছান্লাফ ইবনে আবী শায়বাহ হা/২৭৭৮।

^{88.} বুখারী হা/৮২২।

৪৫. হাফেয যুবায়ের আলী যাঈ, তাহক্বীক্বী মাক্বালাত, ১/২৩৩।

৪৬. মুছান্লাফ ইবনে আবী শায়বাহ হা/২৭৮২।

জবাব : এই বর্ণনাটিও যঈফ এবং অগ্রহণযোগ্য। কারণ এখানে সুফিয়ান ছাওরী নামক একজন মুদাল্লিস রাবী রয়েছেন, যিনি 'আন' (عَنْ) দ্বারা বর্ণনা করেছেন। ইবনে হাজার আসক্বালানী (রহঃ) তার সম্পর্কে বলেন, — و کان ربما دلس (আর তিনি কখনো কখনো তাদলীস করতেন'। 89

'আসমাউল মুদাল্লিসীন', 'আল-মুদাল্লিসীন' ও 'আত-তাবঈনু লি-আসমাইল মুদাল্লিসীন' গ্রন্থে তাকে মুদাল্লিস বলা হয়েছে এবং ইবনুত তুরকুমানী হানাফী, হাফেয যাহাবী, বদরুদ্দীন আইনী হানাফী, ইমাম নববী প্রমুখ তাঁকে মুদাল্লিস বলেছেন।

मनीन-२:

عَنْ مُجَاهِد أَنَّهُ كَانَ يَكْرَهُ أَنْ يَضَعَ الرَّجُلُ بَطْنَهُ عَلَى فَخِذَيْهِ إِذَا سَجَدَ كُمَا تَضَعُ الْمَرْأَةُ-

মুজাহিদ হ'তে বর্ণিত, তিনি এই বিষয়টিকে মাকর্রহ মনে করতেন যে, 'সিজদা করার সময় পুরুষ নারীদের মত তার পেটকে উরুর সাথে লাগিয়ে বসবে যেভাবে নারীরা রাখে'।⁸⁸

জবাব : এটি খুবই দুর্বল বর্ণনা। এর সনদে লায়ছ বিন সুলায়েম নামক রাবী আছেন। যিনি সত্যবাদী। কিন্তু তিনি শেষ বয়সে ইখতিলাত্বের শিকার হন। আর তার হাদীছ সমূহের মাঝে পার্থক্য করতে পারতেন না (কোন হাদীছটি ইখতিলাত্বের আগে আর কোনটি পরের তা বুঝতে পারতেন না)। এজন্য তার বর্ণিত হাদীছ যঈফ।

'আত-তাহক্বীক্ ফী মাসাইলিল খিলাফ', 'বায়ানুল ওয়াহমি ওয়াল ঈহাম ফী কুতুবিল আহকাম', 'মা'রিফাতুত তাযকিরাহ', 'তানক্বীহুত তাহক্বীক্' ও 'আহওয়ালুর রিজাল' এন্থে লায়ছকে যঈফ বলা হয়েছে।^{৫০}

বায়হাক্বী, যায়লাঈ, হাফেয হায়ছামী, ইমাম নাসাঈ, হাফেয আহমাদ শাহীন, ইবনুল জাওয়ী, ইয়াহইয়া বিন মাঈন ও শায়খ আলবানী (রহঃ) সহ জমহুর বিদ্বানগণ লায়ছকে যঈফ বলেছেন। ৫১

मनीन-७:

عَنِ ابْنِ جُرَيْجِ قَالَ: قُلْتُ لِعَطَاء: تُشَيْرُ الْمَوْأَةُ بِيَدَيْهَا بِالتَّكْبِيْرِ كَالرَّجُلِ وَأَشَارَ فَحَفَضَ كَالرَّجُلِ وَأَشَارَ فَحَفَضَ يَدَيْهِ جَدًّا، وَجَلًا، وَقَالَ: إِنَّ لِلْمَرْأَةِ هَيْئَةً لَيْسَتْ لِللَّمْرَأَةِ هَيْئَةً لَيْسَتْ لِللَّمْرَأَةِ هَيْئَةً لَيْسَتْ لِللَّجُلِ، وَإِنْ تَرَكَتْ ذَلَكَ فَلاَ حَرَجَ-

ইবনে জুরায়েজ (রহঃ) বলেছেন যে, আমি আত্বাকে জিজেন করলাম, নারী কি তাকবীরের সময় পুরুষদের মত ইশারা করবে? তিনি বললেন, নারী পুরুষের মত হাত তুলবে না। এরপর তিনি ইশারা করলেন। তারপর তার দু'হাত নীচুতে রেখে (শরীরের সাথে) মিলিয়ে দিলেন। আর বললেন, নারীর পদ্ধতি পুরুষদের মত নয়। আর যদি এমনটি না করে, তবে কোন অসুবিধা নেই'। বি

জবাব : রেওয়ায়াতটির শেষে আছে 'যদি এমনটি না করে, তবে কোন অসুবিধা নেই'। ^{৫৩} এই বাক্যটির স্পষ্ট মর্ম এই যে, যদি পুরুষদের মত করে, তবুও কোন সমস্যা নেই। দেওবন্দীদের নির্ভরযোগ্য আলেম জাফর আহমাদ থানভী দেওবন্দী বলেছেন, فان قول التابعي لا حجة فيه 'নিশ্চয়ই তাবেঈর বক্তব্যের মাঝে কোন হুজ্জাত তথা দলীল নেই'। ^{৫৪}

উপসংহার :

উপরোক্ত বিশ্লেষণের ভিন্তিতে আমরা বলতে পারি যে, নারী-পুরুষের ছালাতের প্রচলিত পার্থক্য সমূহ সঠিক নয়। বিশেষ করে নারীদের জড়সড় হয়ে সিজদা দেওয়ার নিয়ম বিশুদ্ধ নয়। মূলতঃ ছালাত আদায়ের পদ্ধতি ও তাসবীহ তাহলীলের ক্ষেত্রে নারী-পুরুষের মধ্যে কোন পার্থক্য নেই। তবে নারীরা জামা'আতে ছালাত আদায়ের ক্ষেত্রে ইমাম একই কাতারের মাঝ বরাবর দাঁড়াবে, ছালাতে ক্রুটি হ'লে মুক্তাদী নারী হাতের উপর হাত মেরে সতর্ক করবে। এছাড়া আর কোন পার্থক্য নেই। আল্লাহ আমাদের ছহীহ হাদীছ অনুযায়ী ছালাত আদায়ের তাওফীক দান করুন-আমীন!

মক্কা হজ্জ ও ওমরাহ সার্ভিস

আমাদের ব্যবস্থাপনায় সউদী আরবের বিভিন্ন এলাকা থেকে আকর্ষণীয় প্যাকেজে হজ্জ ও ওমরাহ করার ব্যবস্থা রয়েছে। এছাড়া আমরা বিভিন্ন কোম্পানীতে যে কোন অনুষ্ঠানে বাস/কোস্টার ভাড়া দিয়ে থাকি।

যোগাযোগ

মীযানুর রহমান

আমীর বদর, ১৬ নং রোড, আল-খোবার, সউদী আরব। মোবাইল: +966 543966886

৪৭. তাকুরীবৃত তাহযীব, জীবনী ক্রমিক নং ২৪৪৫।

⁸৮. আসমাউল মুদাল্লিসীন, জীবনী ক্রমিক নং ১৮; আল-মুদাল্লিসীন, জীবনী ক্রমিক নং ২১; আল-জাওহারুন নাক্বী, ৮/২৬২; মীযানুল ই'তিদাল, জীবনী ক্রমিক নং ৩৩২২; উমদাতুল ক্বারী, হা/২১৪-এর আলোচনা দ্রঃ; শরহে ছহীহ মুসলিম, ২/১৮২।

৪৯. মুছান্লাফ ইবনে আবী শায়বাহ হা/২৭৮০।

৫০. আত-তাহক্বীক ফী মাসাইলিল খিলাফ হা/১৩১৫; বায়ানুল ওয়াহমি ওয়াল ঈহাম ফী কুতুবিল আহকাম, ৫/২৯৫; মা'রিফাতৃত তাযকিরাহ, জীবনী নং ২৬৮; ইবনে আব্দুল হাদী, তানক্বীহৃত তাহক্বীকু, ৩/২৩৪; আহওয়ালুর রিজাল, জীবনী ক্রমিক নং ১৩২।

৫১. আল-জাওঁহারুন নাক্বী, ১/২৯৮; নাছবুর রায়াহ, ২/৪৭৫, ৪/৩৩০; মাজমাউয যাওয়ায়েদ, হা/৬৩৬৪; আয-যু'আফাউল মাতর্রুকীন, জীবনী ক্রমিক নং ৫১১; তারীখে আসমাউয যু'আফা ওয়াল কায্যাবীন, জীবনী ক্রমিক নং ৫৩১; আয-যু'আফাউল মাতর্রুকীন, নং ২৮১৫; তারীখে ইবনে মাঈন, দারেমীর বর্ণনা, নং ৭২০; সিলসিলা ছহীহাহ হা/২৫৪; ইতহাফল মাহরাহ হা/২৭৬০।

৫২. মুছান্নাফ ইবনে আবী শায়বাহ হা/২৪৭৪।

^{€0.} À 1

৫৪. ই'লাউস সুনান, ১/২৪৯; তাহক্বীক্বী মাক্বালাত, ১/২২৬-এর বরাতে।

সিজদার গুরুত্ব ও তাৎপর্য

রফীক আহমাদ*

ভূমিকা: 'সিজদা' এক অনন্য বা অদ্বিতীয় সম্মাননা, যা শুধু আল্লাহ্রই প্রাপ্য। মহান আল্লাহ বলেন, وَاسْجُدُوا لِلَّه 'তোমরা আল্লাহকে সিজদা কর' (ফুছছিলাত ৪০/০৭)। সিজদা দ্বারা মানব জাতির পিতা আদম (আঃ)-কে প্রথম অভ্যর্থনা জানান হয়। এর দ্বারা মানুষকে শ্রেষ্ঠত্ব দানের বিষয়টি সন্দেহাতীতভাবেই প্রমাণিত হয়েছে। আলোচ্য নিবন্ধে সিজদার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোচনা করা হ'ল।-

সিজদার সূচনা:

আল্লাহ তা'আলা আদম (আঃ)-কে সৃষ্টি করে ফেরেশতাদের প্রতি আদম (আঃ)-কে সিজদা করার নির্দেশ দিয়েছিলেন' (হা-মীম-সিজদাহ ৪১/১১)। ইবলীস ব্যতীত ফেরেশতারা সকলে তাঁকে সিজদা করল। অহংকারবশত সে ভুল করল এবং পথন্রস্ট হ'ল। আল্লাহ ইবলীসকে জিজ্ঞেস করলেন, আদমকে সিজদা না করার কারণ কি? ইবলীস বলল, আদম মাটির তৈরী আর আমি আগুনের তৈরী, কাজেই মাটির তৈরী মানুষকে আগুনের তৈরী জিন সিজদা করতে পারে না' (অর্থাৎ সে অহংকার করল)। আল্লাহ তার প্রতি চরম অসম্ভুষ্ট হ'লেন এবং তার প্রতি চিরতরে অভিশম্পাত করলেন।

মূলতঃ আল্লাহ তা'আলা তাঁর ইবাদত করার জন্যই মানব জাতিকে সৃষ্টি করেন। অতঃপর মানব জাতির প্রতি অসামান্য ভালোবাসার প্রতীক হিসাবে সিজদার মত গুরুত্বপূর্ণ সম্মান দারা আদম (আঃ)-কে বন্ধুরূপে বরণ করে নেন। অতঃপর ইবলীসের শয়তানী চিন্তা-চেতনা ও সীমালংঘনের বিষয় আদম (আঃ)-কে অবহিত করে তার নিকট থেকে অনেক দুরে ও সাবধানে থাকতে বলেন। আর জান্নাতে একটি বক্ষের ফল খেতে নিষেধ করেন। কিন্তু শয়তান ইবলীস তার মিথ্যা ও লোভনীয় কথা দ্বারা আদম ও হাওয়া (আঃ)-কে আল্লাহর আদেশ লংঘনে উদ্বন্ধ করল। আদম ও হাওয়া (রাঃ) শয়তানের ধোঁকা ও প্রতারণা বুঝতে পারেননি, ইবলীসের মিথ্যা কসম ও কথায় বিশ্বাস করে এক পর্যায়ে তারা নিষিদ্ধ গাছের ফল খেয়ে ফেললেন। এজন্য আল্লাহ আদম (আঃ)-এর প্রতি অসম্ভষ্ট হন এবং কিছু কালের জন্য তাঁদের পথিবীতে নির্বাসন দেন। আল্লাহ শয়তানকেও অভিশপ্তরূপে পৃথিবীতে পাঠিয়ে দেন।

মূলতঃ সিজদা কখনোই আদম (আঃ)-এর জন্য ইবাদত ছিল না। বরং তা ছিল মানব জাতির প্রতি অন্যদের সম্মান প্রদর্শন। আসলে সিজদা হ'ল আল্লাহ্র প্রাপ্য এবং আল্লাহ্র প্রতি যাবতীয় ইবাদতের শ্রেষ্ঠাংশ। আল্লাহ মানব জাতির জন্য ছালাতের মত একটি ইবাদতের বিধান দান করেছেন। অতঃপর সারা বিশ্বের মানুষের সিজদার দিক নির্দেশনা বা প্রতীক হিসাবে বায়তুল্লাহ বা কা'বা শরীফ নির্ধারণ করেছেন। ফলে সমগ্র জগতের মানুষ আল্লাহর আদেশে বায়তুল্লাহকে

কিবলা হিসাবে ব্যবহার করে আসছে। উল্লেখ্য, ইবলীস জান্নাত থেকে বহিষ্কৃত হ'লেও মানুষের রগ-রেশায় ঢুকে ধোঁকা দেওয়ার ও বিভ্রান্ত করার ক্ষমতা আল্লাহ তাকে দিয়েছিলেন। আর এটা আল্লাহর পক্ষ থেকে মানুষকে পরীক্ষা করার জন্য। শয়তানের ধোঁকা বা প্রবঞ্জনাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করতে পারলেই মানুষ তার শ্রেষ্ঠত্ব বহাল রাখতে পারবে এবং আল্লাহ্র প্রিয় পাত্র হয়ে পরকালে জান্নাত লাভ করবে। পক্ষান্তরে শয়তানের ধোঁকায় আল্লাহ্র পথ ছেড়ে দিয়ে শয়তানের পথ ধরলে পরকালে জাহান্নামে থাকতে হবে। সুতরাং শয়তানের সিজদা না করার বিষয়টি মানুষকে বার বার স্মরণ করে অত্যন্ত সতর্ক থাকতে হবে।

পৃথিবী হ'ল মানুষের জন্য সাময়িক পরীক্ষাকেন্দ্র মাত্র। জান্নাত থেকে নেমে আসা মানুষ পৃথিবীর পরীক্ষাস্থলে সুন্দর কাজের মাধ্যমে পুনরায় জান্নাতে ফিরে যেতে পারবে, অন্যথা ব্যর্থ হয়ে জাহান্নামে নিক্ষিপ্ত হবে। এ বিষয়ে উপযুক্ত শিক্ষা দানের জন্য আল্লাহ তা'আলা মানব জাতির কল্যাণে মহাগ্রন্থ আল-কুরআন অবতীর্ণ করেছেন এবং সিজদার বিষয়টি গুরুত্ব সহকারে বর্ণনা করেছেন।

সিজদা আল্লাহর জন্য:

পৃথিবীর সব কিছুই মহান আল্লাহ্র জন্য সিজদা করে । আল্লাহ্ বলেন, وَلَلهُ يَسْجُدُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طُوعًا وَكَرْهًا وَللهُ يَسْجُدُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طُوعًا وَكَرْهًا سَالَةُ مُ بِالْغُدُوِّ وَالْآصَالِ (మांत আल्लाহर्क সিজদা করে যা কিছু আছে নভোমণ্ডলে ও ভূমণ্ডলে ও তাদের ছায়াসমূহ সকালে ও সন্ধ্যায় ইচ্ছায় ও অনিচ্ছায়' (রা'দ ১৩/১৫)।

অন্যত্র আল্লাহ আরো বলেন

أَلَمْ تَرَ أَنَّ اللهَ يَسْجُدُ لَهُ مَنْ فِي السَّمَاوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ وَالشَّمْسُ وَاللَّوَابُّ وَكَثِيْرٌ وَاللَّوَابُّ وَكَثِيْرٌ مِنَ النَّسُ وَاللَّوَابُّ وَكَثِيْرٌ مِنَ اللهُ فَمَا لَهُ مِنْ مَنْ النَّاسِ وَكَثِيْرٌ حَقَّ عَلَيْهِ الْعَذَابُ وَمَنْ يُهِنِ اللهُ فَمَا لَهُ مِنْ مُكْرِم إِنَّ اللهَ يَفْعَلُ مَا يَشَاءً-

'তুমি কি দেখ না যে, আল্লাহ্কে সিজদা করে যা কিছু আছে নভোমগুলে ও ভূমগুলে, সূর্য, চন্দ্র, নক্ষত্ররাজি, পর্বতরাজি, বৃক্ষলতা, জীবজন্তু ও বহু মানুষ। আর বহু মানুষ (যারা সিজদা করতে অস্বীকার করেছে) তাদের উপর শাস্তি অবধারিত হয়েছে। বস্তুতঃ আল্লাহ যাকে লাপ্ত্বিত করেন তাকে সম্মানদাতা কেউ নেই। নিশ্চরই আল্লাহ যা চান তাই-ই করেন' (হজ্জ ২২/১৮)। তিনি আরো বলেন,

أُولَمْ يَرَوْا إِلَى مَا حَلَقَ اللهُ مِنْ شَيْءِ يَتَفَيَّأُ ظَلَالُهُ عَنِ الْيَمِينِ وَالشَّمَاتُلِ سُجَّدًا لِلَّهِ وَهُمْ دَاخِرُوْنٌ، وَلِلَّهُ يَسْجُدُ مَا فَيَ السَّمَاوَاتِ وَمَا فِي النَّارِضِ مِنْ دَابَّة وَالْمَلَائِكَةُ وَهُمْ لَا يَسْتَكْبِرُوْنَ، يَخَافُوْنَ رَبَّهُمْ مِنْ فَوْقِهِمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ

^{*} শিক্ষক (অবঃ), বিরামপুর, দিনাজপুর।

১. মুত্তাফাকু আলাইহ, মিশকাত হা/৬৮ 'ঈমান' অধ্যায়, 'ওয়াসওয়াসা' অনুচ্ছেদ ু

'তারা কি আল্লাহ্র সৃষ্ট বস্তুসমূহের প্রতি লক্ষ্য করে না। তাদের ছায়া ডাইনে ও বামে ঢলে পড়ে আল্লাহ্র প্রতি সিজদাবনত হয় বিনীতভাবে? আসমান ও যমীনে যত প্রাণী আছে, সবই আল্লাহকে সিজদা করে এবং ফেরেশতাগণ। আর তারা অহংকার করে না' (নাহল ১৬/৪৮-৪৯)।

তিনি আরো বলেন, الَّمَّنُ هُو َ قَانَتٌ آنَاءَ اللَّيْلِ سَاجِدًا وَقَائمًا , তিনি আরো বলেন, الْمَّنُ هُو َ وَال 'যে ব্যক্তি রাত্রিকালে সিজদার কিংবা দাঁড়িয়ে আনুগত্য প্রকাশ করে, আখেরাতকে ভয় করে ও তার প্রতিপালকের অনুগ্রহ প্রত্যাশা করে (সে কি তার সমান, যে তা করে না)' (য়ৢয়য় ৩৯/৯)।

সিজদা সংক্রান্ত উপরোক্ত আয়াতগুলোর মাধ্যমে দেখা যায় যে, নভোমণ্ডল ও ভূমণ্ডলের সবাই আল্লাহকে সিজদা করে। কিন্তু দুর্ভাগ্য যে, মানুষের মধ্যে অনেকে তাঁকে সিজদা করে, আবার অনেকে সিজদা করে না। এদের সম্পর্কে দয়ায়য় আল্লাহ বলেন, وُوْنَ اللهِ وَيَحْسَبُونَ أَنَّهُمْ الضَّلَالَةُ إِنَّهُمْ 'এক দলকে আল্লাহ হেদায়াত নছীব করেছেন এবং আরেক দলের উপর ভ্রম্ভা নির্ধারত হয়ে গেছে। তারা আল্লাহকে ছেড়ে শয়তানকে বন্ধুরূপে গ্রহণ করেছে এবং ভেবে নিয়েছে যে, তারা সুপথপ্রাপ্ত হয়েছে' (আ'রাফ ৭/০০)।

এ পৃথিবী মানুষের জন্য একটা অসাধারণ ও কঠিন পরীক্ষা কেন্দ্র। এ বিষয়ে মহান আল্লাহ বলেন, اللَّذِي خَلَقَ الْمَوْتَ الْمُلْكُ وَهُو عَلَى كُلِّ شَيْء قَدِيرٌ، الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لَيَبْلُو كُمْ أَيْكُمْ أَحْسَنُ عَمَلًا وَهُوَ الْعَزِيزُ الْغَفُورُ— الْمَلْكُ تَاكُمْ أَجْسَنُ عَمَلًا وَهُوَ الْعَزِيزُ الْغَفُورُ— মহিমাময় তিনি যিনি সার্বভৌম ক্ষমতার অধিকারী, তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান। যিনি মৃত্যু ও জীবন সৃষ্টি করেছেন

তোমাদের পরীক্ষার জন্য যে, কে তোমাদের মধ্যে কর্মে উত্তম? তিনি পরাক্রমশালী, ক্ষমাশীল' (মূলক ৬৭/১-২)।

মহান আল্লাহ আরও বলেন, 'মানুষ কি মনে করে যে, আমরা ঈমান এনেছি' একথা বললেই তাদেরকে পরীক্ষা না করে অব্যাহতি দেওয়া হবে? আমিতো তাদের পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করেছিলাম। আল্লাহ অবশ্যই জেনে নিবেন কারা সত্যবাদী ও কারা মিথ্যাবাদী। যারা মন্দ কাজ করে তারা কি মনে করে যে, তারা আমার আয়ত্তের বাইরে থেকে যাবে? তাদের সিদ্ধান্ত কতই মন্দ!' (আনকাবৃত ২৯/২-৪)।

সিজদার গুরুত্ব ও তাৎপর্য :

নভোমণ্ডল ও ভূমণ্ডলের সমস্ত জীব ও জড়বস্তু আল্লাহ্র ইবাদত করে বা সিজদা করে। কিন্তু মানুষ ও জিন ব্যতীত কারও হিসাব হবে না এবং পরীক্ষাও হবে না। কারণ মানুষ ব্যতীত কোন জীব ও জড় বস্তুর ক্ষতি করার কোন শক্রু নেই এবং মানুষের মত তাদের জ্ঞান শক্তিও নেই। মানুষ স্বীয় জ্ঞান দ্বারা তাদের চিরশক্রু শয়তানের মোকাবেলা করে আল্লাহ্র নিদর্শন সমূহ হ'তে জ্ঞান লাভ করতে পারে অথবা উক্ত জ্ঞান লাভ করে মানুষের এক বিশাল অংশ আল্লাহ্র দলভুক্ত হয়ে যায় এবং আল্লাহকে সিজদা করে। পরকালের পরীক্ষায়ও এই দল আল্লাহ্র পদতলে সিজদার মাধ্যমে জয়যুক্ত হবে, আল্লাহ্র সানুধ্যে প্রৌছে পরম সুখে অনন্ত কালের জান্নাতে বসবাস করবে।

আল্লাহকে অস্বীকারকারী এই দল সিজদা না করার কারণে পরকালেও আল্লাহ্র পরীক্ষায় সিজদা করতে পারবে না। ফলে তারা জাহান্নামে নিক্ষিপ্ত হবে। এ বিষয়েও পবিত্র কুরআনে স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হয়েছে যে,

يَوْمَ يُكْشَفُ عَنْ سَاق وَيُدْعَوْنَ إِلَى السُّجُودِ فَلَا يَسْتَطيعُونَ، خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرُّهَقُهُمْ ذَلَّةٌ وَقَدْ كَانُوا يُدْعَوْنَ إِلَى السُّجُودِ وَهُمْ سَالِمُونَ، فَذَرْنِي وَمَنْ يُكَذِّبُ بِهَذَا الْحَدِيثِ

سَنَسْتَدْر جُهُمْ منْ حَيْثُ لَا يَعْلَمُونَ -

'(স্মরণ করা সেদিনের কথা) যেদিন পায়ের গোছা উন্মোচিত করা হবে এবং তাদেরকে সিজদা করার জন্য আহ্বান জানানো হবে, কিন্তু তারা তা করতে সক্ষম হবে না। তাদের দৃষ্টি অবনত থাকবে, তারা লাঞ্ছনাগ্রস্ত হবে। অথচ যখন তারা সুস্থ ও স্বাভাবিক ছিল, তখন তাদেরকে সিজদা করতে আহ্বান জানানো হয়েছিল। অতএব যারা এই কালামকে মিথ্যা বলে, তাদেরকে আমার হাতে ছেড়ে দিন, আমি এমন ধীরে ধীরে তাদেরকে ধরবো যে, তারা জানতে পারবে না' (কলম ৬৮/৪২-৪৪)।

এ মর্মে হাদীছে এসেছে যে, 'ক্রিয়ামতের দিন এক সময় আল্লাহ (লোকদেরকে) বলবেন, আমি তোমাদের রব! সবাই বলবে, হাঁা আপনিই আমাদের রব। (সেই সময়) নবীগণ ছাড়া আর কেউ তাঁর সাথে কথা বলবে না। আল্লাহ তাদেরকে জিজ্ঞেস করবেন, তোমরা কি কেউ তাঁর কোন চিহ্নুজান? তারা বলবে, সাক বা পায়ের নলার তাজাল্লী। সেই সময় সাক খুলে দেওয়া হবে। তখন সকল ঈমানদার ব্যক্তি সিজদায় পড়ে যাবে। তবে যারা দুনিয়াতে প্রদর্শনীর জন্য আল্লাহকে সিজদা করত তারা থেকে যাবে। তারা সেই সময় সিজদা করতে চাইলে, তাদের মেরুদণ্ডের হাড় শক্ত হয়ে একটি তক্তার ন্যায় হয়ে যাবে (তাই তারা সিজদা করতে পারবে না)'।

মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। বিশ্বজগতের প্রতিপালক আল্লাহ তা'আলা মানুষকে তাঁর ইবাদত করার জন্য যথেষ্ট জ্ঞান-বুদ্ধি, বিবেক-বিবেচনা দিয়ে পৃথিবীতে পাঠিয়েছেন। মানব জীবনের প্রতিটি ভাল কাজই ইবাদত। এ ইবাদত অবশ্যই আল্লাহ ও তাঁর রাসূলের শেখানো ও সমর্থিত পদ্ধতিতে হ'তে হবে।

'সিজদা' একটি ইবাদত। সিজদার গুরুত্ব ও তাৎপর্য অত্যধিক। কারণ সিজদা একমাত্র আল্লাহ্র উদ্দেশ্যে নিবেদিত একটি কাজ। মানুষ কেন সিজদা করে, কিভাবে সিজদা করে আল্লাহ তা জানেন। মানুষ জান্নাত হ'তে পৃথিবীতে এসেছে, পৃথিবীতে ইবাদত করে পুনরায় জান্নাতে ফিরে যাবে। ইবাদতের মাধ্যমে মানুষকে এ পৃথিবী হ'তে জান্নাতে পৌছতে হবে। এজন্য কঠোর পরিশ্রম করতে হবে। ছালাতে সিজদা অতীব গুরুত্বপূর্ণ। এর জন্য আল্লাহ্র বিশেষ নির্দেশ রয়েছে। মহান আল্লাহ বলেন, وَأَنْتُمْ سَامِدُوْنَ للهِ وَاعْبُدُوْا للهِ وَاعْبُدُوا للهِ وَاللهِ وَالْعُوا لِهُ وَالْعُوا لِهُ وَاللهِ وَاعْبُدُوا للهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَالْعُوا لِهُ وَالْعُوا لِهُ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاعْبُوا لِهُ وَالْعُوا لِهُ وَاللهِ وَاللهُ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهُ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهُ وَاللهِ وَاللهِ وَال

হেদায়াত প্রাপ্ত মানুষ বহুমুখী ইবাদত দ্বারা আল্লাহ্র সম্ভোষ লাভের চেষ্টা করে। তন্মধ্যে সিজদার স্থান সর্বউর্ধের। সিজদার সময় মানুষ আল্লাহর সর্বাধিক নিকটে চলে যায় এবং মানুষের আল্লাহভীতি, বিনয় ও নম্রতা বহুগুণে বেড়ে যায়। আসলে সিজদা মানুষকে আল্লাহ্র দাসত্ত্ব চূড়ান্ত সীমায় পৌছে দেয় এবং মানুষও তখন বিগলিত চিত্তে আল্লাহ্র শরণাপন হয়।

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, أَوْرِبُ مَا يَكُونُ الْعُبُدُ مِنْ رَبِّهِ وَهُوَ سَاجِدٌ فَأَكْثِرُوا الدُّعَاءَ 'বান্দা আল্লাহ তা'আলার অধিক নিকটবর্তী হয়, যখন সিজদারত থাকে। অতএব তোমরা তখন অধিক দো'আ করতে থাক'।

অতঃপর আল্লাহ তা আলা তাঁর প্রিয় নবী ও রাসূল (ছাঃ)-কে বিশেষভাবে প্রত্যাদেশ করেন, وَبُّكَ وَكُنْ مِنَ 'অতএব তুমি তার্মার প্রতিপালকের প্রশংসা বর্ণনা কর এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হয়ে যাও। আর তুমি তোমার প্রতিপালকের ইবাদত কর, যতক্ষণ না মৃত্যু তোমার নিকট উপস্থিত হয়' (हজর ১৫/৯৮-৯৯)।

আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (ছাঃ) পৃথিবীর শ্রেষ্ঠ মানুষ, শ্রেষ্ঠ নবী ও রাসূল ছিলেন। তিনি ছালাত ও সিজদার গুরুত্ব সম্পর্কে বহু হাদীছ বর্ণনা করে গেছেন। যার কয়েকটি নিম্নে উল্লেখ করা হ'ল।-

- (১) মা'দান ইবনে আবু ত্মালহা ইয়া'মারী (রাঃ) হ'তে বর্ণিত. তিনি বলেন, রাসুলুল্লাহ (ছাঃ)-এর আযাদক্ত গোলাম ছাওবান (রাঃ)-এর সাথে আমার সাক্ষাৎ হ'ল। আমি বললাম. আপনি আমাকে এমন একটি আমলের সংবাদ দান করুন, যার উপর আমল করলে আল্লাহ আমাকে জান্নাতে দাখিল করবেন। কিংবা তিনি বললেন, আপনি আমাকে আল্লাহ্র একটি প্রিয়তম আমলের সংবাদ দিন। তিনি নীরব রইলেন। আমি আবার বললাম, তিনি এবারও কিছু বললেন না। অতঃপর আমি তৃতীয়বার জিজ্ঞেস করলে তিনি বললেন, আমি এ সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ)-কে জিজ্ঞেস করলে তিনি বললেন, আল্লাহ্র উদ্দেশ্যে অধিক সিজদা কর। কেননা তুমি যখনই আল্লাহ্র উদ্দেশ্যে একটি সিজদা করবে, তখন এর দারা আল্লাহ তা'আলা তোমার মর্যাদা এক ধাপ বাড়িয়ে দিবেন এবং তোমার একটি পাপ মোচন করে দিবেন। রাবী মা'দান বলেন, আমি আবুদ দারদা (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করলাম এবং তাঁকে একই প্রশ্ন করলাম, ছাওবান আমাকে যা বলেছেন, তিনিও আমাকে অনুরূপ বলেছেন'।⁸
- (২) রাবী আহ ইবনে কা ব (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-এর সাথে রাত যাপন করতাম। একদা আমি তাঁর ওয় ও ইস্তেঞ্জা করার জন্য পানি আনলাম। তখন তিনি আমাকে বললেন, তোমার কিছু চাওয়ার থাকলে চাইতে পার। তখন আমি আরয করলাম, হে আল্লাহ্র রাসূল (ছাঃ)! আমি আপনার সাথে জান্লাতে থাকতে চাই। রাসূলুল্লাহ (ছাঃ)

৩. মুসলিম হা/৪৮২; মিশকাত হা/৮৯৪।

৪. মুসলিম, মিশকাত হা/৮৩৭।

বললেন, ওটা ছাড়া আর কিছু চাও কি? আমি বললাম, এটাই চাই। রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, وَفَأَعِنِّى عَلَى نَفْسكَ بِكُثْرُهُ وَقَالَى مُعَلِّى نَفْسكَ بِكُثْرُهُ 'তাহ'লে বেশী বেশী সিজদার দ্বারা তুমি এই ব্যাপারে আমাকে সাহায্য কর'।

(৩) নবী করীম (ছাঃ) বলেছেন, 'আমার যে কোন উম্মতকে কিয়ামতের দিন আমি চিনে নিতে পারব। ছাহাবীগণ বললেন, এতসব সৃষ্টিকূলের মধ্যে আপনি তাদেরকে কিভাবে চিনবেন? তিনি বললেন, তুমি যদি কোন আস্তাবলে প্রবেশ কর যেখানে নিছক কালো ঘোড়ার মধ্যে এমনসব ঘোড়াও থাকে যেগুলোর হাত, পা ও মুখ ধবধবে সাদা, তবে কি তুমি উভয়ের মধ্যে পার্থক্য করতে পারবে না? ছাহাবীগণ বললেন, হাা পারব। তিনি বললেন, ঐ দিন সিজদার কারণে আমার উম্মতের চেহারা সাদা ধবধবে হবে, আর ওযুর কারণে হাত-পা উজ্জ্বল সাদা হবে'।

বস্তুতঃ আদম সন্তান পাপের কারণে জাহান্নামে যাবে। অতঃপর জাহান্নামের আগুন তার সর্বাঙ্গ ভক্ষণ করবে সিজদার স্থান ব্যতীত। শেষ পর্যন্ত আল্লাহ এদের প্রতিও দয়া করবেন। নবী করীম (ছাঃ) বলেছেন, 'আল্লাহ যখন জাহান্নামীদের কাউকে দয়া করতে চাইবেন, তখন ফেরেশতাদেরকে নির্দেশ দিবেন ঐ লোকদের বের করার জন্য, যারা আল্লাহ্র ইবাদত করত। অনন্তর তাঁরা তাদেরকে বের করবেন। তাঁরা তাদেরকে সিজদার চিহ্ন সমূহ দেখে চিনে নিবেন। আল্লাহ আগুনের উপর সিজদার চিহ্ন ভক্ষণ হারাম করে দিয়েছেন। এভাবে তাঁরা তাদেরকে জাহান্নাম থেকে বের করবেন'।

ঈমানদার ব্যক্তির জন্য সিজদার গুরুত্ব অপরিসীম। মুমিন আল্লাহ্র পদতলে সিজদা করতে ও ক্ষমা প্রার্থনা করতে দ্বিধাবোধ করবে না। যেমন পবিত্র কুরআনে আল্লাহ বলেন, وَظَنَّ دَاوُوْدُ أَنَّما فَتَنَّاهُ فَاسْتَغْفَرَ رَبَّهُ وَخَرَّ رَاكِعًا وَأَناب 'দাউদ বুর্ঝতে পারল, আমি তাকে পরীক্ষা করলাম। তারপর সে তার প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা করল আর সিজদায় লুটিয়ে পড়ল এবং মুখ ফিরাল তার দিকে' (ছোয়াদ ৩৮/২৪)। অপর এক আয়াতে আল্লাহ বলেন.

قُلْ آمنُوْا به أَوْ لَا تُؤْمنُوا إِنَّ الَّذِينَ أُوتُوا الْعلْمَ مِنْ قَبْله إِذَا يُثْلَى عَلَيْهِمَ يَخرُونَ للْأَذْقَانَ سُجَّدًا، وَيَقُولُونَ سُبْحَانَ رَبِّنَا إِنْ كَانَ وَعَدُ رَبِّنَا لَمَفْعُولًا، وَيَخرُونَ لِلْأَذْقَانِ يَبْكُونَ وَيَزِيدُهُمْ خُشُهُ عًا-

'তুমি বলে দাও (হে অবিশ্বাসীগণ!), তোমরা কুরআনের প্রতি ঈমান আন বা না আন, যাদেরকে ইতিপূর্বে জ্ঞান দান করা হয়েছে (আহলে কিতাবের সৎ আলেমগণ), যখন তাদের উপর এটি পাঠ করা হয়, তখনই তারা সিজদায় লুটিয়ে পড়ে। আর তারা বলে, মহাপবিত্র আমাদের পালনকর্তা! আমাদের প্রতিপালকের প্রতিশ্রুতি অবশ্যই কার্যকরী হয়। আর তারা কাঁদতে কাঁদতে মাটিতে লুটিয়ে পড়ে এবং তাদের বিনয়চিত্ততা আরও বৃদ্ধি পায়' (ইসরাঈল ১৭/১০৭-১০৯)।

প্রকৃতপক্ষে সিজদার সময় দয়াশীল ও ক্ষমাশীল আল্লাহর কাছে দয়া-ক্ষমা, করুণা, অনুগ্রহ, রহমত, ভালোবাসা প্রভৃতি লাভ করার আশাও করা হয়। উপরে বর্ণিত আয়াতে দাউদ (আঃ)-এর ক্ষমা প্রার্থনা ও সিজদায় লুটিয়ে পড়া একটি তাৎপর্যময় উদাহরণ। তিনি একজন নবী হয়েও তাঁর পরীক্ষায় ভীত হয়ে পড়েছিলেন এবং আল্লাহ্র কাছে ক্ষমা প্রার্থনা করে সিজদায় লুটিয়ে পড়েছিলেন।

ফলাফল নির্ভর করে সিজদাকারীর অন্তরের স্বচ্ছতার উপরে। আর এর ফায়ছালাকারী একমাত্র আল্লাহ তা'আলা। তিনি ব্যতীত এ বিষয়ে কারো কোন হাত নেই। সুতরাং আল্লাহ্র উপর নির্ভরশীল হয়েই তাঁর প্রতি দৃঢ় আশা-ভরসা নিয়ে সিজদা ও প্রার্থনা করতে হবে।

সিজদা কত গুরুত্বপূর্ণ ও মহামূল্যবান তা ইবলীস জানত। ইবলীস একজন জিন, তাকে সৃষ্টি করা হয়েছে ইবাদতের জন্য। সে ছিল খুবই বুদ্ধিমান ও পরহেযগার। এ কারণে ফেরেশতাদের সাথে জানাতে থাকত। ফেরেশতাদের সৃষ্টি শুধু আল্লাহ্র হুকুম পালনের জন্য। তাই আদম (আঃ)-কে সিজদার আদেশে ফেরেশতাগণ নিঃসংশয়ে আল্লাহ্র আদেশ পালন করেছিল। কিন্তু ইবলীস আলাদা বৈশিষ্ট্যের কারণে আদম (আঃ)-কে সিজদা করেনি।

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, 'আদম সন্তান যখন সিজদার আয়াত পাঠ করে, অতঃপর সিজদা করে, শয়তান তখন সরে গিয়ে কেঁদে কেঁদে বলে হায়! তাকে সিজদা করতে বলা হয়েছে, অতঃপর সে সিজদা করেছে, তার জন্য জান্নাত। আর আমাকে সিজদার আদেশ করা হয়েছে, অতঃপর আমি অবাধ্য হয়েছি। তাই আমার জন্য জাহান্নাম ধার্য হ'ল'। ^৮

মানুষ আল্লাহকে সিজদা করেও অন্য পাপের কারণে জাহান্নামে নিক্ষিপ্ত হয়। অতঃপর এক সময় আল্লাহ্র দয়ায় সিজদার কারণে জাহান্নাম হ'তে রক্ষা পাবে। কিন্তু যারা জীবনে কোন দিন সিজদা করেনি, তারা কখনও জাহান্নাম হ'তে নাজাত পাবে না। জাহান্নামে চিরস্থায়ী বসবাসের অনেক কারণ বা অপরাধ আছে, তন্মধ্যে আল্লাহকে সিজদা না করা বা আল্লাহকে অস্বীকার করা অন্যতম।

পরিশেষে বলা যায়, আল্লাহকে সিজদাকারী ব্যক্তি জান্নাতে যাবে। কিন্তু যারা নামেমাত্র সিজদাকারী অর্থাৎ যাদের সিজদায় আল্লাহ সম্ভষ্ট নন, তারা প্রথমে জাহান্নামে নিক্ষিপ্ত হবে। পরে আল্লাহ্র দয়া ও রহমতে ধীরে ধীরে নিজেদের কর্ম অনুযায়ী জান্নাতে স্থান পাবে। আল্লাহ আমাদেরকে সকল ভ্রান্তির উর্ধ্বে উঠে তাঁর সম্ভষ্টির পথে চলার তাওফীক দান করুন-আমীন!

৫. মুসলিম হা/৪৮৯; মিশকাত হা/৮৩৬।

৬. মুসনাদে আহমাদ; সিলসিলা ছহীহাহ হা/২৮৩৬।

৭. বুখারী হা/৮০৬; মুসলিম হা/১৮২; মিশকাত হা/৫৫৮১।

৮. মুসলিম, ইবনু মাজাহ, আহমাদ, মিশকাত হা/৮৩৫।

আমানত

মুহাম্মাদ মীযানুর রহমান*

(৩য় কিন্তি)

দেশ ও জাতির কল্যাণে আমানতদার নেতৃত্ব:

বিশ্বস্ত আমানতদার, যোগ্য ও মেধাবী ব্যক্তি বর্তমানে সমাজে অনেক ক্ষেত্রেই উপেক্ষিত। পিতা-মাতার সীমাহীন ত্যাগে গড়ে ওঠা মেধাবী সন্তান আজ অযোগ্যদের টাকার কাছে ন্যায্য পদ থেকে বঞ্চিত হচ্ছে। শিক্ষান্সন সহ সর্বত্র আজ অযোগ্য লোকদের দৌরাত্ম্য চলছে, যা দেশ ও জাতির ধ্বংসের অশনি সংকেত।

এ শ্রেণীর লোকেরাই আজ সামাজিকভাবে সমাদৃত ও গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত। বস্তুতঃ রাসূল (ছাঃ) এই নিদ্দিত বাস্তবতার বিষয়ে ভবিষ্যদ্বাণী করেছেন। আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

إِذَا ضُيِّعَت الأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ قَالَ كَيْفَ إِضَاعَتُهَا يَا - فَالسَّاعَةَ اللَّهِ فَالْ إِذَا أُسْنِدَ الأَّمْرُ إِلَى غَيْرِ أَهْلِه، فَانْتَظَرِ السَّاعَةَ 'যখন আমানত ন্ষ্ট হয়ে যাবে, তখন ক্বিয়ামতের অপেক্ষা করবে। রাবী বলেন, হে আল্লাহ্র রাসূল (ছাঃ)! আমানত কভাবে নষ্ট হয়ে যাবে? তিনি বললেন, যখন অযোগ্য ব্যক্তিকে কোন দায়িত্ব দেয়া হবে, তখন ক্বিয়ামতের অপেক্ষা কববে'। '

ভ্যায়ফা (রাঃ) রাসূলুল্লাহ (ছাঃ) থেকে অযোগ্য ও ঈমানহীন লোক সম্পর্কে বর্ণনা করেন। রাসূল (ছাঃ) বলেন,

'অমুক বংশে একজন আমানতদার লোক আছে, সে ব্যক্তি সম্পর্কে বলা হবে যে, সে কতই না জ্ঞানী, কতই না হুঁশিয়ার, কতই না বাহাদুর? অথচ তার অন্তরে সরিষা দানা পরিমাণ ঈমান থাকবে না'।

রাসূলুল্লাহ (ছাঃ) আরও বলেন,

'নিশ্চয়ই মানুষ এমন শত উটের মত, যাদের মধ্য থেকে তুমি একটিকেও বাহনের উপযোগী পাবে না'।°

অর্থাৎ উটের কাজ হ'ল বোঝা বহন করা। আর যে উট বোঝা বহন করতে পারে না, সেটা নিজেই একটা বোঝা। অনুরূপভাবে মানুষ আজ নামে মাত্র মানুষ। তার দেহ সৌষ্ঠব সুন্দর হ'লেও শত মানুষের মাঝে মানবিক গুণসম্পন্ন ব্যক্তিত্ব খুঁজে পাওয়া দুষ্কর।

রাসূলুল্লাহ (ছাঃ) আরও বলেন,

إِنَّهَا سَتَأْتِي عَلَى النَّاسِ سنُونَ حَدَّاعَةٌ يُصَدَّقُ فِيهَا الْكَاذِبُ وَيُكَذَّبُ فِيهَا الصَّادِقُ وَيُؤْتَمَنُ فِيهَا الْخَاتِنُ وَيُخَوَّنُ فَيهَا الأَمِينُ وَيَنْطَقُ فِيهَا الرُّوْيْبِضَةُ قِيلَ وَمَا الرُّوَيْبِضَةُ قَالَ السَّفِيهُ يَتَكَلَّمُ فِي أَمْرِ الْعَامَة-

'অতি শীঘ্রই মানুষের মাঝে এমন এক প্রতারণাপূর্ণ সময় আসবে, যখন তাদের মধ্যে মিথ্যাবাদীকে সত্যবাদী বলে বিশ্বাস করা হবে। আর সত্যবাদীকে মিথ্যাবাদী প্রতিপন্ন করা হবে। খেরানতকারীর কাছে আমানত রাখা হবে এবং আমানতদার ব্যক্তি খিরানত করবে। আর সে সময় তাদের মধ্যে 'রুওয়াইবিযাহ' কথা বলবে। তাঁকে বলা হ'ল রুওয়াইবিযাহ কি? তিনি বললেন, নির্বোধ বা মূর্খ ব্যক্তি জনসাধারণের বিষয়ে কথা বলবে।

রাস্লুল্লাহ (ছাঃ)-এর ভবিষ্যদ্বাণীর বাস্তব প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি। ক্ষমতার উৎস বলে খ্যাত পার্লামেন্ট সদস্য পদ এখন অর্থের বিনিময়ে নির্ধারিত হয়, যেখানে যোগ্যতা ও সততা বিবেচ্য বিষয় নয়। অর্থের বিনিময়ে একজন মানুষ যখন ক্ষমতায় আসীন হয়, তখন দেশ ও জাতি তার নিকট থেকে কিইবা প্রত্যাশা করতে পারে? সুশীল সমাজ আরও স্ত স্ভিত হন, যখন সমাজের কুখ্যাত সন্ত্রাসী জনপ্রতিনিধি নির্বাচিত হয়। যাদের হাতে সমাজের কোন কিছুই নিরাপদ নয়। তারা দেশ ও সমাজের কি নিরাপত্তা দিবে? নেতৃত্বের মত গুরুত্বপূর্ণ 'আমানত' অযোগ্য, অদক্ষ ও সন্ত্রাসীদের হাতে চলে গেলে দেশ জুড়ে অশান্তি, নৈরাজ্য, আইন-শৃংখলার অবনতি, প্রশাসনে দৈন্যদশা সৃষ্টি হবে এটাই স্বাভাবিক। যার প্রতিফল আমরা দেখতে পাচ্ছি।

গত ২২শে মে ২০১৫ইং সচিবালয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের এক সংবাদ সন্দোলনে লিখিত বক্তব্যে এক পৃষ্ঠায় ৪৮টি শব্দের ভুল বানান পাওয়া যায়। এটা সরকারের একটি মন্ত্রণালয়ের চিত্র। অন্যসব বিভাগের অবস্থা এ থেকে সহজেই অনুমেয়। দলীয় রাজনীতির ফলে অবস্থা এমন পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে, নিজ দলীয় লোক অযোগ্য ও অদক্ষ হ'লেও তাদের প্রশাসনের বিভিন্ন স্তরে জায়গা করে দেয়া হয়। অপরদিকে দলীয় না হ'লে তাদেরকে বিবেচনা করা হয় না। বিশ্ব রাজনীতি এমন এক নিন্দনীয় পর্যায়ে দাঁড়িয়েছে যে, বিরোধী শক্তিকে দমন করতে গিয়ে নিজ দেশের নাগরিকদেরকে জেল-যুলুম, অমানবিক নিপীড়ন, গুম-খুন সহ বুটের তলায় পিষ্ট করা হয়। আর এগুলিই হ'ল

^{*} त्राणीशक्ष, फिनाज्जश्रुत्र ।

১. বুখারী হা/৬৪৯৬।

২. বুখারী হা/৬৪৯৭; মুসলিম হা/১৪৩।

৩. বুখারী হা/৬৪৯৮; মুসলিম হা/২৫৪৭।

৪. আহমাদ হা/৭৮৯৯, সনদ হাসান।

৫. মাসিক আত-তাহরীক, জুলাই ২০১৫, পঃ ৪১।

মানুষের তৈরী করা মতবাদে গড়ে ওঠা রাজনীতির জঘন্য রূপ। যেভাবেই হোক ক্ষমতায় একবার যেতে পারলে মসনদকে কিভাবে স্থায়ী করা যায়, নেতারা সেই চিন্তায় সর্বদা মগ্ন থাকে। তখন তাদের কাছে দেশের স্বার্থ ও নাগরিক সুযোগ-সুবিধা গৌণ আর ক্ষমতা হয় মুখ্য। ক্ষমতার কায়েমী চিন্তা যখন তাদের পেয়ে বসে, তখন নেতারা হয়ে যান দুর্বৃত্তপরায়ণ। ফলে খুন, ধর্ষণ, নির্যাতন ও দুর্নীতি ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। বাংলাদেশ শিশু অধিকার ফোরামের তথ্য মতে, গত সাড়ে তিন বছরে দেশে ৯৬৮টি শিশুকে নির্যাতন করে হত্যা করা হয়েছে। বিভিন্ন দৈনিক সংবাদপত্র ও অনেক সংগঠনের পরিসংখ্যান অনুযায়ী ২০১২ সালে ২০৯ এবং ২০১৩-২০১৪ সালে ৩৫০ জন শিশুকে হত্যা করা হয়। গত ২০১৫ সালের ফেব্রুয়ারী থেকে সেপ্টেম্বর পর্যন্ত সাতে মাসে এ মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৯১ জনে।

নারী নির্যাতন, ধর্ষণ ও খুনের ঘটনাও ভয়ঙ্কর। গত ছয় মাসে সারাদেশে ধর্ষণ ও নারী নির্যাতনের দশ হাযার মামলা হয়েছে। ও এখন খুনের টার্গেট করা হচ্ছে বিদেশী নাগরিকদের, যা দেশের পরিস্থিতিকে আরও খারাপের দিকে নিয়ে যাচ্ছে। গত ২৮শে সেপ্টেম্বর'১৫ ইটালিয়ান নাগরিক সিজার তাবেলাকে হত্যা করা হয় গুলশানের কূটনৈতিক পাড়ায়। এর পাঁচদিন পরেই তরা অক্টোবর জাপানী নাগরিক ৬৬ বছরের বৃদ্ধ হোশি কোনিওকে রংপুরে প্রকাশ্য দিবালোকে গুলি করে হত্যা করে সন্ত্রাসীরা মোটর সাইকেল যোগে পালিয়ে যায়। এভাবে দেশের সর্বত্র সন্ত্রাস, খুন-খারাবী, হত্যা-গুম নিত্যনৈমিত্তিক ব্যাপারে পরিণত হয়েছে। আদর্শ, সৎ ও আমানতদার নেতৃত্বই পারে এ দৈন্যদশা থেকে জাতিকে রক্ষা করতে।

আমানতদারীর কতিপয় দৃষ্টান্ত:

এক্ষণে আমরা কুরআন ও ছহীহ সুনাহ থেকে আমানতের এমন কিছু দৃষ্টান্ত পেশ করব, যা ব্যক্তি ও সমাজ জীবনে আমানত সম্পাদনের ক্ষেত্রে সহায়ক হবে।

(১) ফেরাউন মূসা (আঃ)-কে হত্যা করার সিদ্ধান্ত গ্রহণ করলে মূসা মিসর ছেড়ে মাদিয়ানে হিজরত করেন। ফেরাউনের উক্ত চক্রান্ত প্রসঙ্গে আল্লাহ বলেন,

'এ সময় শহরের দূর প্রান্ত থেকে এক ব্যক্তি ছুটে আসল এবং বলল, হে মূসা! রাজ্যের পরিষদবর্গ তোমাকে হত্যা করার শলা-পরামর্শ করছে। অতএব (এখান থেকে) তুমি বের হয়ে যাও। নিশ্চয়ই আমি তোমার হিতাকাংখী' (কুছাছ ২৮/২০)। অতঃপর মিসর ছেড়ে মৃসা মাদিয়ানে যাওয়ার পর পানি পানের আশায় একটি কূপের নিকট গেলে তিনি দেখতে পেলেন দু'জন মেয়ে তাদের তৃষ্ণার্ত পশুগুলিসহ একটু দূরে দাঁড়িয়ে আছে। তাদের প্রয়োজন ও অসহায়ত্বের প্রতি কেউ দৃষ্টিই দিচ্ছে না। মৃসা তখন নিজে অসহায় ও মায়লৄম, তিনি মায়লুমের ব্যথা বুঝেন। তাদের এ অবস্থা দেখে তার হৃদয় দরদে উথলে উঠল। কিছুক্ষণ ইতঃস্তত করলেও মেয়ে দু'টির দিকে এগিয়ে গিয়ে তাদের সমস্যার কথা জিজ্ঞেস করলেন। তারা উত্তরে বলল, রাখালরা তাদের পশুগুলিকে পানি পান করা শেষ না করা পর্যন্ত আমরা আমাদের পশুগুলিকে পানি পান করাতে পারি না। আর আমাদের পিতা খুবই বৃদ্ধ মানুষ, তিনি আমাদের অপেক্ষায় থাকেন। অতঃপর মৃসা (আঃ) তাদের পশুগুলিকে পানি পান করিয়ে দিলে মেয়ে দু'টি অন্যান্য দিনের অনেক আগেই বাড়ীতে ফিরে আসে।

উল্লেখ্য যে, রাখালরা পানি পান করানোর পর তাদের অভ্যাস
মত একটি ভারী পাথর (যে পাথর দশজন মিলে উত্তোলন
করত) দিয়ে কৃপের মুখ বন্ধ করে দিত। ফলে মেয়ে দু'টি
উচ্ছিষ্ট পানি পান করাত। অতঃপর মূসা (আঃ) সেই পাথরটি
একাই কৃপের মুখ থেকে সরিয়ে দিয়ে পানি তুলে পশুপালকে
পান করানোর ব্যবস্থা করেন। অতঃপর অনাহারে সহায়সম্বলহীন ক্ষুধার্ত মূসা অপরিচিত ভিন দেশে একটি গাছের
ছায়ায় বসে নিজের অসহায়ত্বের কথা আল্লাহ্র নিকট তুলে
ধরে বললেন, দুঁলু তুল ক্রেল্লিন, কুলি কুলি ক্রিলি ক্রিলির মুখাপেক্ষী (ক্রাছাছ ২৮/২৪)।

মেয়রা অনেক আগে বাড়ীতে আসার কারণ ও বলিষ্ঠ মূসা সম্পর্কে তাদের পিতাকে জানালে পিতা মূসার কাজের কৃতজ্ঞতাম্বরূপ তাকে প্রতিদান দেয়ার জন্য বাড়ীতে ডেকে আনার জন্য মেয়েকে পাঠিয়ে দিলেন।

উল্লেখ্য যে, মেয়েদের পিতা ছিলেন বিখ্যাত নবী শো'আয়েব (আঃ)। যিনি মাদায়েনবাসীর নিকট প্রেরিত হয়েছিলেন। মেয়েটি তাদের বাড়ীতে আসার জন্য মূসা (আঃ)-এর নিকট গেলে মূসা তাকে বললেন, তুমি আমাকে আমার পিছন থেকে তোমাদের বাড়ী যাওয়ার পথ দেখিয়ে দাও। মূলতঃ অসতর্ক দৃষ্টিপাত থেকে বাঁচার জন্য মূসা (আঃ) ঐ সতর্কাবস্থা গ্রহণ করেছিলেন। মেয়েটি মূসার বলিষ্ঠতা ও আমানতদারীর প্রত্যক্ষ ধারণা পাওয়ার পর পিতাকে বলল, বাবা আপনি তাঁকে কর্মচারী হিসাবে নিয়োগ দিন। পিতা বললেন, কর্মচারীর জন্য দু'টি গুণ থাকা দরকার তাহ'ল (১) শক্তি-সামর্থ্য (২) আমানতদারী। তুমি এ দু'টির মধ্যে এমন কি দেখতে পেয়েছ? মেয়েটি বলল, পানি পান করানোর সময় তাঁর শক্তি-সামর্থ্যর পরিচয় পেয়েছি। আর পথ চলার সময়

৬. দৈনিক ইনকিলাব ৬.৮.১৫ইং; মাসিক আত-তাহরীক, সেপ্টেম্বর ২০১৫ইং ১৮/১২, সম্পাদকীয় কলাম।

৭. বাংলাদেশ প্রতিদিন ০৪.১০.২০১৫ইং পৃঃ ১।

৮. ইবনু কাছীর, তাফসীর সূরা ক্বাছাছ ২১-২৪ আয়াত।

আমাকে পশ্চাতে রেখে পথ চলা দ্বারা তার বিশ্বস্ততা বা আমানতদারীতার প্রমাণ পেয়েছি।^১

আব্দুল্লাহ বিন মাসঊদ (রাঃ) বলেন,

أفرس الناس ثلاثة: أبو بكر حين تفرس في عُمَر، وصاحب يوسف حين قال: أَكْرمي مَثْوَاهُ، وصاحبة موسى-

ঘটনাটির কুরআনী বর্ণনা নিমুরূপ:

'তখন মুসা সেখান থেকে ভীত-সন্ত্রস্ত অবস্থায় বের হয়ে গেল এবং সে বলল, হে আমার প্রতিপালক! তুমি আমাকে যালেম সম্প্রদায়ের হাত থেকে রক্ষা কর। 'অতঃপর যখন সে মাদিয়ান অভিমুখে রওয়ানা করল, তখন বলল, নিশ্চয়ই পালনকর্তা আমাকে সরল পথ প্রদর্শন করবেন। অতঃপর যখন সে মাদিয়ানের কুয়ার নিকটে পৌছল, তখন সেখানে একদল লোককে তাদের পশুপালকে পানি পান করাতে দেখল। আর তাদের পিছনে দু'জন নারীকে তাদের পশুগুলিকে সামলিয়ে রাখতে দেখল। মুসা গিয়ে তাদের বলল. তোমাদের কি অবস্থা? তারা বলল. আমরা পানি পান করাতে পারিনা যতক্ষণ না রাখালরা সরে যায়। অথচ আমাদের পিতা খুবই বৃদ্ধ। তখন মুসা তাদের পশুগুলিকে পানি পান করালো। অতঃপর ছায়ার নীচে ফিরে গেল এবং বলল, হে আমার পালনকর্তা! আমি তোমার পক্ষ হ'তে আমার প্রতি কল্যাণ নাযিলের মুখাপেক্ষী। অতঃপর বালিকাদ্বয়ের একজন লজ্জাবশত হয়ে তার কাছে এল এবং বলল, আমার আব্বা আপনাকে ডেকেছেন, যাতে আপনি আমাদের পশুগুলিকে যে পানি পান করিয়েছেন, তার বিনিময় দিতে পারেন। তখন মুসা তার নিকটে গেল ও তাকে সকল ঘটনা খুলে বলল। (জবাবে) তিনি বললেন, ভয় পেয়োনা। তুমি যালেম সম্প্রদায়ের হাত থেকে বেঁচে গেছ। অতঃপর মেয়ে দু'টির একজন বলল, হে পিতা! একে কর্মচারী নিযুক্ত করুন! নিশ্চয়ই আপনার কর্মসহায়ক হিসাবে সেই-ই উত্তম হবে, যে শক্তিশালী ও বিশ্বস্ত' (কুছাছ ২৮/২১-২৬)।

قَالَ إِنِّي أُرِيدُ أَنْ أُنْكِحَكَ إِحْدَى ابْنَتَيَّ هَاتَيْنِ عَلَى أَنْ تُأْجُرُنِي ثَمَانِيَ حِجَجٍ فَإِنْ أَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِنْدِكَ وَمَا أُرِيدُ أَنْ أَشُقَّ عَلَيْكَ سَتَجِدُنِي إِنْ شَاءَ اللهُ مِنَ الصَّالِحِينَ-

'তখন তিনি (পিতা) মৃসাকে বললেন, আমি আমার এই মেয়ে দু'টির একজনকে তোমার সাথে বিবাহ দিতে চাই এই শর্তে যে, তুমি আট বছর আমার (বাড়ীতে) কর্মচারী থাকবে। তবে যদি দশ বছর পূর্ণ কর, সেটা তোমার ইচ্ছা। আমি তোমাকে কষ্ট দিতে চাইনা। আল্লাহ চাহেন তো তুমি আমাকে সদাচারী হিসাবে পাবে' ক্লোছাছ ২৮/২৭)।

- (২) আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'এক লোক অপর লোক হ'তে একখণ্ড জমি ক্রয় করেছিল। ক্রেতা খরীদকৃত জমিতে একটা স্বর্ণভর্তি কলস পেল। ক্রেতা বিক্রেতাকে বলল, আমার কাছ থেকে তোমার স্বর্ণ নিয়ে নাও। কারণ আমি জমি ক্রয় করেছি, স্বর্ণ ক্রয় করিনি। জমিওয়ালা বলল, আমি জমি এবং এতে যা কিছু আছে সবই তোমার নিকট বিক্রি করে দিয়েছি। অতঃপর তারা উভয়েই অপর এক লোকের কাছে এর মীমাংসা চাইল। মীমাংসাকারী বললেন, তোমাদের কি ছেলে-মেয়ে আছে? একজন বলল, আমার একটি ছেলে আছে। অন্যজন বলল, আমার একটি মেয়ে আছে। মীমাংসাকারী বললেন, তোমার মেয়েকে তার ছেলের সঙ্গে বিবাহ দাও আর প্রাপ্ত স্বর্ণের মধ্যে কিছু তাদের বিবাহে ব্যয় কর এবং বাকী অংশ তাদেরকে দিয়ে দাও'। ১১
- (৩) আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত রাস্লুল্লাহ (ছাঃ) বলেন, বনী ইসরাঈলের জনৈক ব্যক্তি অপর এক ব্যক্তির নিকট এক হাযার স্বর্ণমুদ্রা কর্য চাইলে কর্যদাতা বলল, কয়েরজন লোক নিয়ে আস, আমি তাদেরকে সাক্ষী রাখব। গ্রহীতা বলল, 'আল্লাহই সাক্ষী হিসাবে যথেষ্ট'। কর্যদাতা পুনরায় বলল, তবে একজন যামিনদার উপস্থিত কর! সে বলল, 'আল্লাহই যামিনদার হিসাবে যথেষ্ট'। তখন কর্যদাতা বলল, তুমি ঠিকই বলেছ। তারপর সে নির্ধারিত সময়ে পরিশোধের শর্তে তাকে এক হাযার স্বর্ণমুদ্রা ধার দিল। অতঃপর সে (গ্রহীতা) সমুদ্র্যান্রা করল এবং তার (ব্যবসায়িক) প্রয়োজন পূরণ করল। পরিশোধের সময় ঘনিয়ে আসলে সে যানবাহন খুঁজতে লাগল, যাতে নির্ধারিত সময়ে কর্যদাতার নিকট এসে পৌছতে পারে। কিম্ব সে কোন যানবাহন পেল না। তখন সে এক টুকরো কাঠ নিয়ে তা ছিদ্র করল এবং কর্যদাতার নামে একখানা চিঠি ও এক হাযার দীনার ওর মধ্যে পুরে ছিদ্রটি বন্ধ

অতঃপর শো'আয়েব (আঃ) তার এক মেয়েকে বিবাহের মোহরানা স্বরূপ আট বছর ময়ুরী খাটার শর্তে মূসার সাথে বিবাহ দেন। অতঃপর মূসা বিশ্বস্ততার সাথে তার অঙ্গীকার পূর্ব করেন। এ বিষয়ে আল্লাহ বলেন

৯. নবীদের কাহিনী, ২/২২-২৪।

১০. ইবনু কাছীর, তাফসীর সূরা ক্বাছাছ ২৫-২৮ আয়াত।

১১. রুখারী হা/৩৪৭২, 'নবীদের কাহিনী' অধ্যায়, অনুচ্ছেদ-৫৪; মুসলিম হা/১৭২১; আহমাদ হা/৮১৭৬।

করে দিল। তারপর ঐ কাষ্ঠখণ্ডটা সমুদ্র তীরে নিয়ে গিয়ে বলল, 'হে আল্লাহ! তুমি তো জান, আমি অমুকের নিকট এক হাযার স্বর্ণমুদ্রা কর্য চাইলে সে আমার কাছ থেকে যামিনদার চেয়েছিল। আমি বলেছিলাম, আল্লাহই যামিনদার হিসাবে যথেষ্ট। এতে সে রাযী হয়ে যায় (এবং আমাকে ধার দেয়)। তারপর সে আমার কাছে সাক্ষী চেয়েছিল, আমি বলেছিলাম, সাক্ষী হিসাবে আল্লাহই যথেষ্ট। তাতে সে রাযী হয়ে যায়। আমি তার প্রাপ্য তার নিকট পৌছে দেওয়ার উদ্দেশ্যে যানবাহনের জন্য যথাসাধ্য চেষ্টা করলাম, কিন্তু পেলাম না। আমি ঐ এক হাযার স্বর্ণমুদ্রা তোমার নিকট আমানত রাখছি। এই বলে সে কাষ্ঠখণ্ডটা সমুদ্রবক্ষে নিক্ষেপ করল। তৎক্ষণাৎ তা সমুদ্রের মধ্যে ভেসে চলে গেল। অতঃপর লোকটি ফিরে গেল এবং নিজের শহরে যাওয়ার জন্য যানবাহন খুঁজতে লাগল।

ওদিকে কর্যদাতা (নির্ধারিত দিনে) এ আশায় সমুদ্রতীরে গেল যে, হয়তবা ঋণগ্রহীতা তার পাওনা টাকা নিয়ে কোন নৌযানে চড়ে এসে পড়েছে। ঘটনাক্রমে ঐ কাষ্ঠখণ্ডটা তার নযরে পড়ল, যার ভিতরে স্বর্ণমূদ্রা ছিল। সে তা পরিবারের জ্বালানির জন্য বাড়ী নিয়ে গেল। যখন কাঠের টুকরাটা চিরল, তখন ঐ স্বর্ণমুদ্রা ও চিঠিটা পেয়ে গেল। কিছুদিন পর ঋণগ্রহীতা এক হাযার স্বর্ণমূদা নিয়ে (পাওনাদারের নিকট) এসে হাযির হ'ল। সে বলল, আল্লাহর কসম! আমি তোমার (প্রাপ্য) মাল যথাসময়ে পৌছে দেওয়ার উদ্দেশ্যে যানবাহনের খোঁজে সর্বদা চেষ্টিত ছিলাম। কিন্তু যে জাহাযটিতে করে আমি এখন এসেছি এর আগে আর কোন জাহাযই পাইনি (তাই সময়মত আসতে পারলাম না)। কর্যদাতা বললেন, তুমি কি আমার নিকট কিছু পাঠিয়েছিলে? ঋণ্धাহীতা বলল, আমি তো তোমাকে বললামই যে. এর আগে আর কোন জাহাযই পাইনি। অতঃপর ঋণদাতা বলল, আল্লাহ পাক আমার নিকট তা পৌছিয়েছেন, যা তুমি পত্রসহ কাষ্ঠখণ্ডে পাঠিয়েছিলে। কাজেই এক হাযার স্বর্ণমুদ্রা নিয়ে আনন্দচিত্তে ফিরে যাও। তখন সে এক হাযার দীনার আনন্দচিত্তে নিয়ে ফিরে চলে গেল।^{১২}

(৪) সুওয়াইদ ইবনু গাফালা (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'সোলায়মান বিন রাবী 'আহ এবং যায়েদ বিন সোহানের সঙ্গে আমি এক যুদ্ধে শরীক ছিলাম। আমি একটি চাবুক পেলাম। তারা উভয়ে আমাকে এটা ফেলে দিতে বললেন। আমি বললাম, না। এর মালিক এলে এটা আমি তাকে দিয়ে দিব। নতুবা আমিই এটা ব্যবহার করব। আমরা ফিরে গিয়ে হজ্জ করলাম। এরপর যখন মদীনায় গেলাম, তখন ওবাই বিন কা'ব (রাঃ)-কে (এ বিষয়ে) জিজ্ঞেস করলাম। তিনি বললেন, নবী (ছাঃ) এর যুগে আমি একটি থলে পেয়েছিলাম। এর মধ্যে একশ' দীনার ছিল। আমি এটা নবী (ছাঃ)-এর কাছে নিয়ে গেলাম। তিনি বললেন, এক বছর পর্যন্ত এর ঘোষণা দিতে থাক। কাজেই আমি এক বছর পর্যন্ত এর

ঘোষণা দিলাম। এরপর আমি তাঁর কাছে এলাম। তিনি আরও এক বছর ঘোষণা দিতে বললেন। আমি আরও এক বছর ঘোষণা দিলাম। এরপর আমি আবার তাঁর কাছে এলাম। তিনি আবার এক বছর ঘোষণা দিতে বললেন। আমি আরও এক বছর ঘোষণা দিলাম। এরপর আমি চতুর্থবার তাঁর কাছে আসলাম। তিনি বললেন, থলের ভিতরের দীনারের সংখ্যা, বাঁধন এবং থলেটি চিনে রাখ। যদি মালিক ফিরে আসে তাকে দিয়ে দাও। নতুবা তুমি নিজে তা ব্যবহার কর।

১৩. বুখারী হা/২৪৩৭ 'পড়ে থাকা জিনিস উঠিয়ে নেওয়া' অধ্যায়-৪৫।

আপনার স্বর্ণালংকারটি ২২/২১ বা ১৮ ক্যারেট আছে কি..? পরীক্ষার রিপোর্ট সহ খরিদ করে সমাজকে অপরাধ মুক্ত করুন।

আমরা আল-বারাকা জুয়েলার্স- টু সাতক্ষীরাতে সর্ব প্রথম স্বর্ণের ক্যারেট মাপা মেশিন এনেছি। আধুনিক প্রযুক্তিসমৃদ্ধ মেশিনে অলঙ্কারের সঠিক ক্যারেট জেনে খরিদ করুন।

जन्पूर्व रालाल कवजा तीि ञतूज्वत्व ञातवा जिवा मिरा थािक

AL-BARAKA JEWELLERS-2 আল্ল-বারাকা জুয়েলার্স- টু

এখানে সকল প্রকার অলঙ্কার এক্স-রে করে রিপোর্ট প্রদান করা হয়।

২/৫ নিউ মার্কেট, সাতক্ষীরা (প্রথম গেটের বাম হাতে ৫ নং দোকান) ফোন : ০৪৭১-৬২৫৪৪ মোবাইল : ০১৭১১-০১৮৫২৯, ০১৭১৬-১৮১৩৪৫ E-Mail: albarakajewellers2@gmail.com

ইংরেজী অনুবাদক আবশ্যক

'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ' কর্তৃক প্রকাশিত বইসমূহ বাংলা থেকে ইংরেজী ভাষায় অনুবাদ করার জন্য ইসলামী চেতনাসম্পন্ন কয়েকজন দক্ষ অনুবাদক আবশ্যক। এজন্য উপযুক্ত সম্মানী প্রদান করা হবে। দেশ-বিদেশের যে কোন স্থান থেকে যে কোন ব্যক্তি এ মহতী কাজে অংশগ্রহণ করতে পারেন। আগ্রহীদেরকে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।

যোগাযোগ

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

নওদাপাড়া, পোঃ সপুরা, রাজশাহী। মোবাইল: ০১৭১৭-৮৬৫২১৯, ০১৯১৯৪৭৭১৫৪ ইমেইল: tahreek@ymail.com

১২. বুখারী হা/২২৯১, 'যামিন হওয়া' অধ্যায়, অনুচেছদ-১।

দিশারী

কামারুযযামান বিন আব্দুল বারী*

(২য় কিন্তি)

ছাহাবায়ে কেরাম কি আমাদের আদর্শ হওয়ার যোগ্যতা রাখেন?

উত্তর: মুসলমানদের অনুকরণীয় ও অনুসরণীয় আদর্শ হ'লেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব মুহাম্মাদ (ছাঃ)। অতঃপর দ্বীনের অতন্দ্র প্রহরী, ইসলামের জন্য জান-মাল উৎসর্গকারী নিবেদিতপ্রাণ ছাহাবায়ে কেরাম (রাঃ)। তাঁদের সম্পর্কে রাস্লুল্লাহ (ছাঃ) বলেছেন, দ্বাঁহ نَيْر أُمَّتِي الْقَرْنُ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، مُّ الَّذِينَ يَلُونَهُمْ، سُرَّ الَّذِينَ يَلُونَهُمْ، مُّ الَّذِينَ يَلُونَهُمْ، اللَّذِينَ يَلُونَهُمْ، اللَّذِينَ يَلُونَهُمْ، مُرَّ اللَّذِينَ يَلُونَهُمْ، اللَّذِينَ يَلُونَهُمْ، اللَّذِينَ يَلُونَهُمْ، مُرَّ اللَّذِينَ يَلُونَهُمْ، اللَّهَ عَلَيْ اللَّهُ عَلَى اللَّهُ اللْهُ اللَّهُ الللْهُ اللَّهُ اللْهُ اللَّهُ اللَّهُ الللْهُ اللَّهُ اللَّهُ الل

তাছাড়া তাঁদের প্রশংসায় আল্লাহ বলেন.

مُحَمَّدٌ رَسُوْلُ اللهِ وَالَّذَيْنَ مَعَهُ أَشَدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْتَغُوْنَ فَضْلًا مِنَ اللهِ وَرِضْوَانًا سَيْمَاهُمْ فَيْ وُجُوْههمْ مَنْ أَثَرِ السُّجُوْد-

'মুহাম্মাদ আল্লাহ্র রাসূল এবং তাঁর সাথীগণ কাম্ফেরদের প্রতি কঠোর, নিজেদের মধ্যে পরস্পরে সহানুভূতিশীল। আল্লাহ্র অনুথহ ও সম্ভুষ্টি কামনায় তুমি তাদেরকে রুকু ও সিজদারত দেখবে। তাদের চেহারায় রয়েছে সিজদার চিহু' (ফাতহ ৪৮/২৯)। তাঁদের এই প্রশংসাবাণী কুরআন সহ অন্যান্য আসমানী কিতাবেও ঘোষিত হয়েছে। যেমন আল্লাহ উক্ত আয়াতের শেষাংশে বলেন.

ذَلكَ مَنْلُهُمْ فِي التَّوْرَاةِ وَمَنْلُهُمْ فِي الْإِنْجِيْلِ كَزَرْعِ أَخْرَجَ شَطْأَهُ فَاآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَى عَلَى سُوْقِهِ يُعْجِبُ الزُّرَّاعَ لَيُغَيْظَ بِهِمُ الْكُفَّارَ وَعَدَ اللهُ الَّذِيْنَ آمَنُوْا وَعَمِلُوا الصَّالِحَاتِ مَنْهُمْ مَغْفَرةً وَأَجْرًا عَظِيْمًا –

'তাওরাতে তাঁদের উদাহরণ এরপ। আর ইঞ্জীলে তাঁদের উদাহরণ হচ্ছে একটি শস্যবীজের মত, যা থেকে উদগত হয় অঙ্কুর, অতঃপর তা শক্ত ও মযবৃত হয় এবং কাণ্ডের উপর দৃঢ়ভাবে দাঁড়ায়। এটা কৃষকদের আনন্দে অভিভূত করে। কিন্তু আল্লাহ তাঁদের দ্বারা কাফেরদের অন্তর্জ্বালা সৃষ্টি করেন। তাঁদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাঁদেরকে ক্ষমা ও মহাপুরস্কারের ওয়াদা দিয়েছেন' (ফাতহ ৪৮/২৯)। ছাহাবীগণের উচ্চ মর্যাদা সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, \hat{V} تَسُبُّوْا أَصْحَابِيْ، فَلَوْ أَنَّ أَحَدَّكُمْ أَنْفَقَ مثْلَ أُحُد ذَهَبًا مَا بَلَغَ تَسُبُّوْا أَصْحَابِيْ، فَلَوْ أَنَّ أَحَدَّكُمْ أَنْفَقَ مثْلَ أُحُد ذَهَبًا مَا بَلَغَ (তোমরা আমার ছাহাবীগণকে গালি দিরোনা। কেন্না তোমাদের কেউ যদি ওহোদ পর্বত পরিমাণ স্বর্ণ আল্লাহ্র রাস্তায় ব্যয় করে, তবুও তা তাদের এক মুদ (৬২৫ থাম) বা অর্ধ মুদ-এর সমপরিমাণ হবে না'।

ছাহাবীগণের সম্মান ও মর্যাদার কথা কুরআন ও ছহীহ হাদীছে বহু জায়গায় বিধৃত হয়েছে। তাই বলে তাঁদের মর্যাদা বাড়াতে গিয়ে এবং তাঁদেরকে আমাদের 'আদর্শ' প্রমাণ করতে গিয়ে কোনরূপ জাল ও বানোয়াট হাদীছ বর্ণনা করার কোন প্রয়োজন নেই। যদিও অনেক মাযহাবী ভাই উক্ত বিষয়ে নিম্নোক্ত মিথ্যা ও বানোয়াট হাদীছ ২টি সমাজে প্রচার করে থাকেন, সে দু'টি নিম্নে পেশ করা হ'ল।-

- (১) কুঁট । কুট । কুট
- (২) बैंग्यें के बैंग्यें के बिंग्यें के

ছাহাবায়ে কেরামের আদর্শ অনুসরণীয়:

যেসব বিষয়ে হাদীছে সুস্পষ্ট নির্দেশনা নেই সেসব ক্ষেত্রে ছাহাবায়ে কেরামের অনুসরণ করতে হবে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, فَعَلَيْكُمْ بِسُنَّتِي وَسُنَّة الْخُلَفَاءِ الرَّاشِدِينَ الْمَهْدِيِّينَ নির্দের উপর অপরিহার্য হ'ল আমার সুন্নাত এবং খোলাফায়ে রাশেদীনের সুন্নাতকে কঠিনভাবে আঁকড়ে ধরা। তোমরা সেগুলি মাড়ির দাঁত দিয়ে কামড়ে ধর'। তবে রাসূল (ছাঃ)-এর হাদীছের বিপরীতে ছাহাবীগণের বক্তব্য অনুসরণীয় নয়।

ছাহাবীগণের আদর্শের কিছু দৃষ্টান্ত:

ছাহাবীগণের আদর্শের অনেক দৃষ্টান্ত পবিত্র কুরআন ও ছহীহ হাদীছে উল্লিখিত হয়েছে। নিম্নে তাদের কিছু নমুনা প্রদন্ত হ'ল।-

(১) ছাহাবীগণ 'হায়াতুনুবী'তে বিশ্বাসী ছিলেন না :

ছাহাবীগণ 'হায়াতুনুবী' তথা নবী করীম (ছাঃ) এখনো জীবিত আছেন এবং মীলাদ মাহফিলে উপস্থিত হন এমন ভ্রান্ত

^{*} প্রধান মহাদ্দিছ. বেলটিয়া কামিল মাদরাসা. জামালপুর।

সূরা আহ্যাব ৩৩/২১; কলম ৬৮/৪; মুসনাদে আহ্মাদ হা/২৫৩৪১; ছহীহুল জামে' হা/৪৮১১।

মুসলিম হা/২৫৩৩; বুখারী হা/৩৬৫১, ২৬৫২ 'ছাহাবীগণের মর্যাদা' অনুচ্ছেদ।

৩. বুখারী, হা/৩৬৭৩, 'ছাহাবীদের মর্যাদা' অধ্যায়; আ.প্র. ৩৩৯৮, ই.ফা. ৩৪০৫: মুসলিম হা/২৫৪০।

^{8.} जिनजिना यैनेकार रो/७**১**।

৫. जिनिजिना यञ्जेकार श/७२ ।

৬. নাসাঈ হা/১৫৭৯; মিশকাত হা/১৬৫, সনদ হাসান।

আক্বীদায় বিশ্বাসী ছিলেন না। যার বাস্তব প্রমাণ নিম্নোক্ত হাদীছটি। নবী করীম (ছাঃ)-এর স্ত্রী আয়েশা (রাঃ) হ'তে বর্ণিত, 'রাসূল (ছাঃ)-এর যখন মৃত্যু হয়, তখন আবুবকর (রাঃ) সুনহ-এ ছিলেন। ইসমাঈল (রাঃ) বলেন, 'সুনহ' মদীনার উঁচু এলাকার একটি স্থানের নাম। ওমর (রাঃ) দাঁড়িয়ে বলতে লাগলেন, আল্লাহ্র কসম! আল্লাহ্র রাসূল (ছাঃ)-এর মৃত্যু হয়নি। আয়েশা (রাঃ) বলেন, ওমর (রাঃ) বললেন, আল্লাহ্র কসম! তখন আমার অন্তরে এ বিশ্বাসই ছিল যে, আল্লাহ অবশ্যই তাঁকে পুনরায় জীবিত করবেন এবং তিনি কিছু সংখ্যক লোকের হাত-পা কেটে ফেলবেন। অতঃপর আবুবকর (রাঃ) আসলেন এবং আল্লাহ্র রাসূল (ছাঃ)-এর চেহারা হ'তে আবরণ সরিয়ে তাঁর কপালে চুম্বন করলেন এবং বললেন, আমার পিতা-মাতা আপনার উপর কুরবান হৌক। আপনি জীবনে-মরণে পবিত্র। ঐ সত্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ! আল্লাহ আপনাকে কখনও দু'বার মৃত্যু আস্বাদন করাবেন না। অতঃপর তিনি বেরিয়ে আসলেন এবং বললেন, হে হলফকারী! ধৈর্য অবলম্বন কর। আবুবকর (রাঃ) যখন কথা বলতে লাগলেন, তখন ওমর (রাঃ) বসে পড়লেন। আবুবকর (রাঃ) আল্লাহ তা'আলার হাম্দ ও ছানা বর্ণনা করে বললেন, যারা মুহাম্মাদ (ছাঃ)-এর ইবাদতকারী ছিলে তারা জেনে রাখ, মুহাম্মাদ (ছাঃ) মারা গেছেন। আর যারা আল্লাহ্র ইবাদত করতে তারা নিশ্চিত জেনে রাখ আল্লাহ চিরঞ্জীব, তিনি অমর। অতঃপর আবুবকর (রাঃ) এ আয়াত তিলাওয়াত করলেন, 'নিশ্চয়ই তুমি মরণশীল আর তারা সকলেই মরণশীল' (যুমার ৩৯/৩০)। আরো তিলাওয়াত করলেন, 'আর মুহাম্মাদ একজন রাসূল বৈ কিছুই নয়। তাঁর পূর্বে বহু রাসূল বিগত হয়েছে। এক্ষণে যদি সে মৃত্যুবরণ করে অথবা নিহত হয়, তাহ'লে তোমরা কি পশ্চাদপসরণ করবে? বস্তুতঃ যদি কেউ পশ্চাদপসরণ করে, সে আল্লাহ্র কোনই ক্ষতি করতে পারে না। আর আল্লাহ সত্ত্বর তাঁর কৃতজ্ঞ বান্দাদের পুরস্কৃত করবেন' (আলে ইমরান ৩/১৪৪)। রাবী বলেন, আবুবকর (রাঃ)-এর এ কথাগুলি শুনে সবাই ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে লাগলেন'।

অতঃপর আবুবকর (রাঃ) কুরআন থেকে তেলাওয়াত করলেন, 'নিশ্চয়ই আপনি মরণশীল এবং তারাও সকলে মরণশীল' (*যুমার ৩৯/৩০*) ।

আবুবকর ছিদ্দীক (রাঃ)-এর উপরোক্ত বক্তব্য থেকে বুঝা গেল যে, রাসূলুল্লাহ (ছাঃ)-কে 'হায়াতুনুবী' তথা চির অমর বলে বিশ্বাস করা শিরক। কেননা আল্লাহ ব্যতীত সকল প্রাণীই মৃত্যুবরণ করবে। সম্মানিত প্রশ্নকারী ও মাযহাবী ভাইয়েরা আবুবকর (রাঃ)-এর এ আদর্শকে আপনারা মানেন কি?

(২) রাসূলুল্লাহ (ছাঃ)-এর শরী'আতে কোনরূপ হাস-বৃদ্ধি করা যাবে না : ছাহাবায়ে কেরামকে রাসূলুল্লাহ (ছাঃ) যেভাবে শরী'আত শিক্ষা দিতেন, তাঁরা তাতে কোন হাস-বৃদ্ধি করতেন না। আবু হুরায়রাহ (রাঃ) হ'তে বর্ণিত, 'এক বেদুইন নবী করীম (ছাঃ)-এর নিকট এসে বলল, আমাকে এমন একটি আমলের কথা বলুন, যদি আমি তা সম্পাদন করি তবে জানাতে প্রবেশ করতে পারব। রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, আল্লাহ্র ইবাদত করবে, আর তাঁর সাথে কোন কিছু শরীক করবে না। ফরয ছালাত আদায় করবে, ফরয যাকাত প্রদান করবে এবং রামাযান মাসে ছিয়াম পালন করবে। সে বলল, যাঁর হাতে আমার প্রাণ রয়েছে, তাঁর শপথ করে বলছি, আমি এর চেয়ে বেশী করব না, কমও করব না। যখন সে ফিরে গেল, তখন নবী করীম (ছাঃ) বললেন, যে ব্যক্তি কোন জানাতী লোককে দেখতে পসন্দ করে সে যেন এই ব্যক্তিকে দেখে'। '

উক্ত হাদীছে রাসূলুল্লাহ (ছাঃ) যদিও ইসলামের সকল বিধি-বিধানের কথা উল্লেখ করেননি, তবুও ঐ ছাহাবীকে দুনিয়াতেই জান্নাতের সুসংবাদ দিয়েছেন তার এ স্বীকৃতির কারণে যে, 'আপনি আমাকে যা শিক্ষা দিয়েছেন, তাতে সামান্যতম হাস-বৃদ্ধি করব না'। এ হাদীছ থেকে প্রতীয়মান হয় যে, জান্নাতী হওয়ার মূলনীতি হ'ল রাসূলুল্লাহ (ছাঃ)-এর আনীত শরী 'আতে সামান্যতম হাস-বৃদ্ধি না করা।

এবার মাযহাবী ভাইদের প্রতি সবিনয় জিজ্ঞাসা, আপনারা ছালাত-ছিয়াম সহ ইবাদতে নাওয়াইতুআন.... এমন গংবাঁধা নিয়ত, দরূদে ইবরাহীমী ব্যতীত অন্যান্য দরূদ যেমন ইয়া নবী সালামু আলাইকা, দরূদে হাযারী, দরূদে গঞ্জে আরশ, জালালী খতম, আদ্বিয়া খতম, কুলখানী, চেহলাম, চল্লিশাসহ এমন বহু কিছু ইসলামী শরী আতে অনুপ্রবেশ ঘটিয়েছেন। এবার আপনারাই বলুন, রাসূলুল্লাহ (ছাঃ) কর্তৃক দুনিয়াতেই জান্নাতের সুসংবাদ প্রাপ্ত উক্ত ছাহাবীকে আপনারা 'আদর্শ' হিসাবে গ্রহণ করেছেন কি? যদি গ্রহণ করতে পারতেন তাহলে এরকম বানাওয়াট আমল থেকে বিরত থাকতে পারতেন।

(৩) উপযুক্ত প্রমাণ ছাড়া ছাহাবীগণ কারো হাদীছ গ্রহণ করতেন না :

প্রত্যেক ছাহাবী ন্যায়পরায়ণ ও বিশ্বস্ত হওয়া সত্ত্বেও এক ছাহাবী অন্য ছাহাবীর নিকট থেকে উপযুক্ত প্রমাণ ছাড়া হাদীছ গ্রহণ করতেন না। নিম্নোক্ত হাদীছটি তার প্রমাণ।

আবৃ সাঈদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, একবার আমি আনছারদের এক মজলিসে উপস্থিত ছিলাম। এমন সময় হঠাৎ আবৃ মূসা (রাঃ) ভীত সন্ত্রস্ত হয়ে এসে বললেন, আমি তিনবার ওমর (রাঃ)-এর নিকট অনুমতি চাইলাম, কিন্তু আমাকে অনুমতি দেওয়া হ'ল না। তাই আমি ফিরে এলাম। ওমর (রাঃ) তাঁকে জিজ্ঞেস করলেন, তোমাকে ভেতরে প্রবেশ করতে কিসে বাধা দিল? আমি বললাম, আমি প্রবেশের জন্য তিনবার অনুমতি চাইলাম, কিন্তু আমাকে অনুমতি দেওয়া হ'ল না। তাই আমি ফিরে এলাম। রাস্লুল্লাহ (ছাঃ) বলেছেন, 'যদি তোমাদের কেউ তিনবার প্রবেশের অনুমতি চায়। কিন্তু তাতে অনুমতি দেওয়া না হয়, তবে সে যেন ফিরে যায়'। তখন ওমর

৭. বুখারী হা/৩৬৬৭-৬৮, 'ছাহাবীগণের মর্যাদা' অধ্যায়।

রোঃ) বললেন, আল্লাহ্র কসম! তোমাকে এ কথার উপর অবশ্যই দলীল পেশ করতে হবে। তিনি সবাইকে জিজ্ঞেস করলেন, তোমাদের মাঝে কেউ আছে কি যে নবী করীম (ছাঃ) থেকে এ হাদীছ শুনেছে? তখন উবাই ইবনু কা'ব (রাঃ) বললেন, আল্লাহ্র কসম! আপনার কাছে প্রমাণ দিতে দলের সর্বকনিষ্ঠ ব্যক্তিই উঠে দাঁড়াবে। আর আমি দলের সর্বকনিষ্ঠ ছিলাম। সুতরাং আমি তাঁর সঙ্গে উঠে দাঁড়িয়ে বললাম, নবী করীম (ছাঃ) অবশ্যই এ কথা বলেছেন'।

উল্লিখিত হাদীছ থেকে প্রমাণিত হয় যে, ওমর (রাঃ) আবু মূসা আশ'আরী (রাঃ)-এর ন্যায় একজন ন্যায়পরায়ণ, বিশ্বস্ত ও জলীলুল ক্বদর ছাহাবীর নিকট থেকে প্রমাণ ব্যতীত হাদীছ গ্রহণ করেননি। এবার মাযহাবী ভাইদের নিকট সবিনয় প্রশ্ন, আপনারা কি ওমর (রাঃ)-কে এ ব্যাপারে 'আদর্শ' হিসাবে মানেন? তাঁকে আদর্শ হিসাবে মানলে তো আর অন্যের তাক্বলীদ করতেন না। কেননা 'তাক্বলীদ' মানেই তো অন্যের কথা বিনা দলীলে গ্রহণ করা'।

(৪) সন্দিগ্ধ বিষয়ে ছাহাবীগণ নিজেদের ইচ্ছানুযায়ী কোন সিদ্ধান্ত নিতেন না : কোন বিষয়ে রাসূলুল্লাহ (ছাঃ)-এর হাদীছ জানা না থাকলে ছাহাবীগণ রাসূলুল্লাহ (ছাঃ)-এর অনুমোদন ব্যতীত কোন কাজ করতেন না।

আবু সাঈদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, নবী করীম (ছাঃ)-এর ছাহাবীদের কয়েকজন আরবের এক গোত্রের নিকট আসলেন। গোত্রের লোকেরা তাদের আতিথেয়তা করল না। তারা সেখানে থাকতেই হঠাৎ সেই গোত্রের নেতাকে সাপ দংশন করল। তখন তারা এসে বলল, আপনাদের কাছে কি কোন ঔষধ আছে কিংবা আপনাদের মধ্যে ঝাড়-ফুঁককারী কেউ আছেন কি? তারা বললেন, তোমরা আমাদের কোন আতিথেয়তা করোনি। কাজেই আমাদের জন্য কোন পারিশ্রমিক নির্দিষ্ট না করা পর্যন্ত আমরা তা করব না। ফলে তারা তাদের জন্য এক পাল বকরী পারিশ্রমিক নির্ধারণ করল। তখন একজন ছাহাবী উম্মূল কুরআন (সুরা ফাতিহা) পড়তে লাগলেন এবং দংশিত স্থানে থুথু দিলেন। ফলে সে আরোগ্য লাভ করল। এরপর তাঁরা বকরীগুলো নিয়ে এসে বলল, আমরা নবী করীম (ছাঃ)-কে জিজ্ঞেস করার পূর্বে এটি স্পর্শ করব না। এরপর তাঁরা মদীনায় এসে এ বিষয়ে রাসুল (ছাঃ)-কে জিজ্ঞেস করলেন। রাসূল (ছাঃ) শুনে হাসলেন এবং বললেন, তোমরা কিভাবে জানলে যে. এটি রোগ সারায়? ঠিক আছে বকরীগুলো নিয়ে যাও এবং তাতে আমার জন্যও এক ভাগ রেখে দিয়ো'।^{১১}

উক্ত হাদীছ থেকে প্রতীয়মান হয় যে, ঝাড়-ফুঁক করে বিনিময় গ্রহণ করা যাবে কি-না এ ব্যাপারে ছাহাবীগণের জানা ছিল না বিধায় তাঁরা নিজ থেকে সিদ্ধান্ত গ্রহণ করেননি; বরং রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট থেকে সিদ্ধান্ত জানার পর তারা পরবর্তী করণীয় নির্ধারণ করেছেন। তাহ'লে আমরা কিভাবে হাদীছ না জেনে বা না মেনে অন্যের কথা বিনা দলীলে গ্রহণ করতে পারি?

(৫) ছাহাবীগণ ছিলেন পরস্পর দয়ার্দ্র ও কাফিরদের প্রতি কঠোর :

আল্লাহ বলেন, مُحَمَّدٌ رَسُوْلُ اللهِ وَالَّذِيْنَ مَعَهُ أَشَدَّاءُ عَلَى , কিব্নু কিব্নু

মাযহাবী ও আহলেহাদীছ উভয়েই মুসলিম হওয়া সত্ত্বেও তারা পরস্পর সহানুভূতিশীল না হয়ে তারা যেন একে অপরের শক্রতে পরিণত হয়েছে। একশ্রেণীর মুক্বাল্লিদের কাজই হ'ল আহলেহাদীছদের গালি দেওয়া ও তুচ্ছ-তাচ্ছিল্য করা। আবার আরেক শ্রেণীর লোক 'ট্রেনিং কোর্স' করে আহলেহাদীছ নিধনে মাঠে নেমেছে। তাহ'লে প্রশ্ন এসে যায় এক্ষেত্রে তারা ছাহাবীগণকে 'আদর্শ' মানলেন কিভাবে?

(৬) ছাহাবীগণের আঝ্বীদা ছিল 'আল্লাহ আরশের উপর আছেন':

আল্লাহ নিরাকার নন। বরং তাঁর নিজস্ব আকার আছে। যেমনটি তাঁর উপযুক্ত। তিনি সাত আসমানের উপরে আরশে সমুনীত, প্রত্যেক ছাহাবীর এই আক্রীদা ছিল।

মু'আবিয়া বিন হাকাম আস-সূলামী (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'আমার একজন দাসী ছিল। ওহোদ ও জাওয়ানিইয়াহ নামক স্থানে সে আমার ছাগল চরাত। একদিন দেখি, নেকডে আমাদের একটি ছাগল ধরে নিয়ে গেছে। আমি একজন আদম সন্তান (সাধারণ মানুষ), তারা যেভাবে ক্রুদ্ধ হয় আমিও সেভাবে ক্রন্ধ হই। আমি তাকে একটা থাপ্পড় মারি। অতঃপর রাসূল (ছাঃ)-এর নিকট আসলে তিনি এটাকে গর্হিত কাজ বলে অভিহিত করলেন। তখন আমি বললাম, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমি কি তাকে আযাদ করে দেব না? তিনি বললেন, তাকে আমার নিকট নিয়ে এস। আমি তাকে আল্লাহ্র রাসূল (ছাঃ)-এর নিকট নিয়ে আসলাম। রাসূলুল্লাহ (ছাঃ) তাকে জিজ্ঞেস করলেন, আল্লাহ কোথায়? সে বলল, আসমানে। তিনি তাকে জিজ্ঞেস করলেন, আমি কে? তখন সে বলল, আপনি আল্লাহ্র রাসূল (ছাঃ)। তখন নবী করীম (ছাঃ) বললেন, তাকে মুক্ত করে দাও, কারণ সে একজন ঈমানদার নারী^{'। ১২}

উল্লিখিত হাদীছ থেকে প্রমাণিত হয় যে, আল্লাহ তা'আলা আসমানে আছেন এমনই ছিল ছাহাবীদের আক্ট্বীদা। কিন্তু দুঃখজনক হ'লেও সত্য যে, মুক্বাল্লিদ ভাইদের আক্ট্বীদা হ'ল আল্লাহ নিরাকার এবং তিনি সর্বত্র বিরাজমান। অথচ তাদের অনুসরণীয় ইমাম আবু হানীফা (রাঃ)-এর আক্ট্বীদা ছিল

রুধারী হা/৬২৪৫, ২০৬২ 'অনুমতি প্রার্থনা' অধ্যায়, 'তিনবার সালাম দেয়া ও অনুমতি চাওয়া' অনুচেছদ: মুসলিম হা/২১৫৩; মুসনাদে আহমাদ হা/১৯৬৩০।

১০. জুরজানী, কিতাবুত তা রীফাত, পুঃ ৬৪।

১১. বুখারী হা/৫৭৩৬, ২২৭৬ 'চিকিৎসা' অধ্যায়, 'সূরা ফাতিহা দ্বারা ঝাড়-ফুঁক দেওয়া' অনুচেছদ, আ.প্র. ৫৩১৬, ই.ফা. ৫২১২।

১২. মুসলিম হা/৫৩৭ 'মসজিদ সমূহ ও ছালাতের স্থানসমূহ' অনুচ্ছেদ্র

আল্লাহ নিরাকার নন এবং সর্বত্র বিরাজমান নন. তিনি আসমানের উপরে আরশে অবস্থান করেন। ইমাম আবু হানীফা (রহঃ) বলেন, في السماء أم في বলেন, من قال لا أعرف ربي في السماء أم الأرض فقد كفر لأن الله تعالى يقول الرحمن على العرش े । । । । । । । । । । । (य वनत य, जालार আসমানে আছেন না যমীনে তা আমি জানি না, সে কুফরী করবে। কেননা আল্লাহ বলেন, রহমান আরশে সমুন্নীত। আর তার আরশ সপ্ত আকাশের উপর।^{১৩} তিনি আরো বলেন, ্রু قال لا أعرف ربي في السماء أو في الأرض فقد كفر وكذا من قال إنه على العرش ولا أدري العرش أفي السماء أو في الأرض والله تعالى يدعى من أعلى لا من أسفل ليس من (য বলবে যে, আল্লাহ وصف الربوبية والألوهية في شيء. আসমানে আছেন না যমীনে আছেন তা আমি জানি না, সে কুফরী করবে। অনুরূপভাবে যে বলবে যে, তিনি আরশে আছেন। কিন্তু আরশ আকাশে না যমীনে. আমি তা জানি না. সেও কুফরী করবে। কেননা উপরে থাকার জন্যই আল্লাহকে ডাকা হয়; নীচে থাকার জন্য নয়। আর নীচে থাকাটা আল্লাহ্র রুবুবিয়াত এবং উলুহিয়াতের গুণের কিছুই নয়'।^{১৪} এবার জবাব দিন, আপনাদের এ ভ্রান্ত আকীদার উদ্ভাবক কে? আপনারা রাসূলুল্লাহ (ছাঃ), ছাহাবায়ে কেরাম এমনকি আপনাদের অনুসরণীয় ইমামকেও তো মানেন না। তাহ'লে আপনারা কোন শ্রেণীর মুসলমান?

মোটকথা যে সকল বিষয়ে কুরআন ও হাদীছে রাসূল (ছাঃ)-এর সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই. সে সকল বিষ য়ে

১৩. ইজতিমাউল জুয়ুশিল ইসলামিয়াহ, পঃ ৯৯।

ছাহাবীদেরকে আদর্শ হিসাবে গ্রহণ করা যাবে। তবে এক্ষেত্রে ছাহাবায়ে কেরামের মর্যাদানুসারে তাদেরকে মান্য করতে হবে। ছাহাবীদের সর্বোত্তম ব্যক্তি হ'লেন আবুবকর (রাঃ)। অতঃপর ওমর (রাঃ), অতঃপর ওছমান (রাঃ), অতঃপর আলী (রাঃ) ৷ ১৫ অতঃপর আশারায়ে মুবাশশারার বাকী ৬ জন।^{১৬} অতঃপর রাসূলুল্লাহ (ছাঃ)-এর পরিবারবর্গ।^{১৭} অতঃপর বদরী ছাহাবীগণ । ১৮ অতঃপর বাইয়াতে রিযওয়ানে অংশগ্রহণকারী ছাহাবীবর্গ (ফাৎহ ৪৮/১৮)। অতঃপর মক্কা বিজয়ের পূর্বে ইসলামের জন্য ব্যয়কারী ও জিহাদকারী ছাহাবীগণ। সর্বশেষ মক্কা বিজয়ের পর ইসলামের জন্য ব্যয়কারী ও জিহাদকারী ছাহাবী। আল্লাহ তা'আলা বলেন, 🗓 يَسْتَويْ منْكُمْ مَنْ أَنْفَقَ منْ قَبْلِ الْفَتْحِ وَقَاتَلَ أُولَئكَ أَعْظَمُ دَرَجَةً منَ الَّذينَ أَنْفَقُوا منْ بَعْدُ وَقَاتَلُوا وَكُلاًّ وَعَدَ اللَّهُ তाমাদের মধ্যে याता सका الْحُسْنَى وَالله بمَا تَعْمَلُوْنَ حَبِيْر – বিজয়ের পূর্বে ব্যয় করেছে ও জিহাদ করেছে, তারা এবং পরবর্তীরা সমান নয়; তারা মর্যাদায় শ্রেষ্ঠ তাদের অপেক্ষা যারা পরবর্তীকালে ব্যয় করেছে ও জিহাদ করেছে। তবে আল্লাহ উভয়ের কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। তোমরা যা কর আল্লাহ তা সবিশেষ অবহিত' (হাদীদ ৫৭/১০)।

অতএব ছাহাবায়ে কেরামের আদর্শ অনুসরণ করা যাবে যদি তা রাসূলুল্লাহ (ছাঃ)-এর সুন্নাতের পরিপন্থী না হয় এবং তা ছহীহ সূত্রে আমাদের নিকটে পৌছে। আল্লাহ আমাদেরকে দ্বীনের সঠিক বুঝ দান করুন-আমীন!

১৮. বুখারী হা/০৯৮৩ 'মাগাযী' অধ্যায়, 'বদরী ছাহাবীদের মর্যাদা' অনুচ্ছেদ।





১৪. ইমাম আবু হানীফা, আল-ফিকুহুল আবসাত, পুঃ ৫১।

১৫. বুখারী হা/৩৬৫৫, ৩৬৯৭, ৩৬৭১, 'ছাহাবীগণের মর্যাদা' অধ্যায়, 'নবী (ছাঃ)-এর পরেই আবুবকর (রাঃ)-এর মর্যাদা' অনুচেছদ; ইমাম ছাবুনী, আক্টীদাতুস সালাফ, পঃ ৮৬।

১৬. তিরমিয়ী হা/৩৭৪৭; ইবনু মাজাহ, মিশকাত হা/৬১০৯।

১৭. মুসলিম হা/২৪০৮; মিশকাত হা/৬১৩১ 'রাসুল পরিবারের মর্যাদা' অধ্যায়।

8. আল-হেরা শিল্পী শফীকুল ভাই সম্পর্কে দু'টি কথা

মুহাম্মাদ আমীনুল ইসলাম*

পৃথিবীতে মানুষ আসবে এবং যাবে এটাই স্বাভাবিক। মহান আল্লাহ বলেন, 'প্রত্যেকটি প্রাণীকেই মৃত্যুর স্বাদ আস্বাদন করতে হবে' (আলে ইমরান ১৮৫; আদ্বিয়া ৩৫)। তবে দু'একটি মৃত্যু এমন, যা যুগ যুগ ধরে স্মৃতি হয়ে থাকে। দোলা বা জাগরণ সৃষ্টি করে অন্তরে। তেমনি একজন দ্বীন প্রচারের নিখাদ খাদেম 'আলহেরা শিল্পী গোষ্ঠী'র প্রধান জনাব মুহাম্মাদ শফীকুল ইসলাম। দ্বীনে হক্বের দাওয়াত দিতে দিতে হঠাৎ করে চলে গেলেন আখেরাতের অনন্ত জীবনে। রেখে গেলেন অনেক স্মৃতি। আলোচ্য নিবন্ধে শফীকুল ভাইয়ের জীবনী থেকে কিছু কথা তুলে ধরার প্রয়াস পাব।-

শফীকুল ভাইয়ের সঠিক জন্ম তারিখ পাওয়া যায় না। তবে জাতীয় পরিচয়পত্র অনুসারে তার জন্ম তারিখ ১৮ই মে ১৯৫৭ সাল। তার পিতার নাম মৃত আব্দুল কাদের মোল্লা। মাতার নাম মিছিরন বিবি। তিনি জয়পুরহাটের সদর উপযেলার কমরগ্রাম উত্তর পাড়ায় অতি দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন। ২ ভাই ও ১ বোনের মধ্যে তিনি ছিলেন সবার ছোট। তার পিতা পেশায় কৃষক ছিলেন। পাশাপাশি তিনি ছোটখাট ব্যবসায়ীও ছিলেন।

স্থানীয় মন্তবে তার লেখাপড়ার হাতে খড়ি। কমরগ্রাম উচ্চ বিদ্যালয়ে ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া করেন তিনি। আর্থিক দুরবস্থার কারণে আর লেখাপড়া চালিয়ে যেতে পারেননি। তবে বিশুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে পারতেন। তার সুললিত কপ্রের তিলাওয়াত শুনে সবাই অবাক হ'ত। প্রথম জীবনে তিনি কৃষিকে পেশা হিসাবে গ্রহণ করেন। পরবর্তীতে কিছুদিন তিনি আনসার বিভাগে চাকুরী করেন। তিনি আনসারে চাকুরী অবস্থায় স্থানীয় বাসিন্দা মুসাম্মাৎ মনোয়ারা খাতুনকে বিবাহ করেন। আনছারের চাকুরী হ'তে অব্যাহতি নিয়ে তিনি জয়পুরহাট বাজারে সুতা ও মনোহারীর ব্যবসা শুকুল করেন।

তিনি সংসার জীবনের শুরুতে একজন নাট্যদলের কর্মী ও জারি সংগীত শিল্পী ছিলেন। মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ড. মুহামাদ আসাদুল্লাহ আল-গালিব ১৯৮৩ সালে জয়পুরহাটে আসলে তাঁর আমন্ত্রণে সাড়া দিয়ে ঐ বাতিল পথ ছেড়ে দিয়ে ইসলামী পথে ফিরে আসেন। অতঃপর ১৯৮৭ সালে জয়পুরহাট যেলা 'যুবসংঘে'র কমিটিতে তাকে প্রচার সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়। ১৯৯৪ সালে 'আহলেহাদীছ আন্দোলন'-এর আবির্ভাব ঘটলে তাকে যেলা 'আন্দোলন'-এর অর্থ সম্পাদকের দায়িত্ব দেয়া হয়। মৃত্যুর আগ পর্যন্ত তিনি নিষ্ঠার সাথে এই দায়িত্ব পালন করেন।

১৯৯১ সালে ২৫ ও ২৬ এপ্রিল রাজশাহী নওদাপাড়ায় ২য় জাতীয় সম্মেলন ও তাবলীগী ইজতেমার যৌথ বৈঠকের পরামর্শ অনুযায়ী শফীকুল ইসলামের নেতৃত্বে 'আল-হেরা শিল্পী গোষ্ঠী'র পদযাত্রা শুরু হয়। সেই যে শুরু হ'ল জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত নানা বাধা-বিপত্তি পেরিয়ে তিনি নিষ্ঠার সাথে এ দায়িত্ব পালন করে গেছেন। একজন একনিষ্ঠ কর্মীর সকল ভূমিকা তিনি পালন করে গেছেন। তার দরাজ ও সুললিত কণ্ঠের ইসলামী জাগরণী মানুষকে মন্ত্রমুঞ্জের মতো আকর্ষিত করত।

তিনি আমীরে জামা'আতের হাতে আনুগত্যের যে বায়'আত নিয়েছিলেন তা অক্ষরে অক্ষরে পালন করেছেন। ২০০৫ সালে ২২শে ফেব্রুয়ারী মুহতারাম আমীরে জামা'আতসহ কেন্দ্রীয় ৪ নেতা থ্রেফতারের পর মিথ্যা ও হয়রানিমূলক মামলার বিরুদ্ধে যেসব নেতাকর্মী সোচ্চার থেকে দ্বীনি দায়িত্ব পালন করে গেছেন তাদের মধ্যে শফীকুল ভাই ছিলেন উল্লেখযোগ্য। তিনি প্রতিটি কর্মসূচীতে অংশগ্রহণ করে সুললিত কণ্ঠে জাগরণী পরিবেশন করে নেতাকর্মীদের উজ্জীবিত কর্বতেন।

অবশেষে তার জীবনেও নেমে আসে দুর্যোগের ঘনঘটা। সে
দিন ছিল বুধবার। ১৪ই সেপ্টেম্বর ২০০৫ইং। তিনি
জয়পুরহাটের দোকানে বেচাকেনা করছিলেন। হঠাৎ বিকাল ৪টায় কয়েকজন ডিবি পুলিশ এসে বলল, সারাদেশে গত ১৭
আগষ্ট যে বোমা হামলা হয়েছে এ ব্যাপারে এসপি স্যার
আপনার সাথে একটু কথা বলতে চান। আপনি আমাদের সাথে
চলুন। এসপি স্যারের সাথে সাক্ষাৎ ও কথা বলার পর আবার
ফিরে আসবেন। এ কথা শুনে তিনি দোকানের মালামাল
শুছিয়ে কিছু টাকা এবং সঙ্গে থাকা সাইকেলটি একজনের
যিন্মায় রেখে তাদের সাথে এসপি অফিস যান। সেই যে
গেলেন ফিরে আসলেন ৮ মাস পর মামলা নিস্পত্তির পরে।

সুচতুর এসপি আপোষে ডেকে নিয়ে তাকে ১৭ই আগষ্ট'০৫ জয়পুরহাটে সিরিজ বোমা হামলা মামলার ৫নং আসামী করে কারাগারে পাঠিয়ে দেয়। গ্রেফতারের পর সন্ধ্যায় তার বাড়ী তল্লাশী করে কিছু না পেয়ে একটি তাফসীর, কিছু ইসলামী বই ও একটি কোর্ট ফাইল নিয়ে যায়।

দেশব্যাপী সিরিজ বোমা হামলার পর শুধু শফীকুল ভাই নয়, মিথ্যা মামলায় সারাদেশে আমাদের প্রায় ৪০জন নেতাকর্মীকে গ্রেফতার করা হয়। শুধু জয়পুরহাটেই গ্রেফতার করা হয় সংগঠনের তৎকালীন ৮ জন দায়িত্বশীলকে। যারা সকলেই মামলাগুলো হ'তে আইনি লড়াইয়ের মাধ্যমে বেকসুর খালাস পেয়ে বেরিয়ে আসেন। ফালিল্লাহিল হামদ।

শফীকুল ভাইয়ের নিকট থেকে প্রাপ্ত তথ্য মতে তাকে দুই দিনের রিমান্ডে নেওয়া হয়। রিমান্ডে ব্যাপক জিজ্ঞাসাবাদ করার এক পর্যায়ে প্রশ্ন করা হয়, তুমি যদি কাউকে দাওয়াত দাও, আর সে যদি দাওয়াত গ্রহণ না করে উল্টো তোমাকে আঘাত করে, তখন কি করবে? তিনি বলেন, স্যার ধৈর্যধারণ করতে হবে। তারা আবার বলে, তাহ'লে তো আন্দোলন হ'ল না। কারণ 'আন্দোলন' মানে নড়াচড়া করা? তিনি জবাবে বললেন, স্যার আমানের লক্ষ্য উদ্দেশ্য হ'ল 'নির্ভেজাল

^{*} কমরগ্রাম, সদর থানা, জয়পুরহাট।

তাওহীদের প্রচার ও প্রতিষ্ঠা এবং জীবনের সর্বক্ষেত্রে কিতাব ও সুনাতের যথাযথ অনুসরণের মাধ্যমে আল্লাহ্র সম্প্রুষ্টি অর্জন করা'। কাজেই কে মানল আর কে মানল না তা দেখা আমাদের মূল বিষয় নয় বরং দাওয়াত পৌছে দেওয়াই আমাদের মূল কাজ।

শুধু তাই নয় আহলেহাদীছ আন্দোলনের তৎকালীন অর্থ সম্পাদক জনাব হাফীযুর ভাইকে গ্রেফতারের জন্য তার মাধ্যমে ছক এঁকেছিল জেলা প্রশাসন। তারা কৌশল করে শফীকুল ভাইয়ের মোবাইল থেকে হাফীযুর ভাইকে ফোন করে বলতে বলে যে, কেমন আছেন? কোথায় আছেন? কবে বাসায় ফিরবেন? এখন কি করছেন? ইত্যাদি। কিন্তু শফীকুল ভাই 'কোথায় আছেন' এই প্রশ্নটি ছাড়া বাকি প্রশ্নগুলো করেন। হাফীযুর ভাই বুঝতে পেরে মোবাইল বন্ধ করে দেন। প্রশ্নটি না করায় এসপি ছাহেব তার উপর রাগান্বিত হয়ে নানা প্রশ্ন ও টর্চার করে। উল্লেখ্য যে, ১২/১১/২০০৫ তারিখে হার্ট স্টোকে হাফিযুর ভাই ইন্তেকাল করেন। তার মৃত্যুর খবর শুনে তিনি ভেঙ্গে পড়েন এবং যার পর নাই ব্যথিত হন।

তিনি কারাগারে প্রবেশের পর মাগরিব ও এশার ছালাত আদায় করেন। তাকে দেখে জেলখানার আসামীরা একদিকে ব্যথিত হ'লেও অন্যদিকে খুশি হন। কারণ তার নিকট দ্বীনের কথা ও সুললিত কণ্ঠে জাগরণী শুনতে পাবে। এমনকি তখনি সবাই বায়না ধরে একটি জাগরণী বলার জন্য। তিনি সকল আসামীর উদ্দেশ্যে গলা ছেড়ে দিয়ে একটি ইসলামী জাগরণী পরিবেশন করেন। এই জাগরণীর কথা উপর মহলের কানে পৌঁছা মাত্র তাকে গভীর রাতেই আমদানী ওয়ার্ড থেকে সেলে নিয়ে যাওয়া হয়। মাঝে মধ্যে তিনি কারারক্ষীদেরও জাগরণী শুনিয়ে মুগ্ধ করতেন।

অবশেষে দীর্ঘ ৮ মাসের আইনি লড়াই শেষে নির্দোষ প্রমাণিত হয়ে ১৪ মে'০৬ইং রোজ রবিবার রাজশাহী কেন্দ্রীয় কারাগার হ'তে তিনি মুক্তি লাভ করেন। ফালিল্লাহিল হাম্দ। তবে দুঃখজনক যে, এই মামলার কারণে তিনি দু'দু'বার হজ্জের চেষ্টা করে এবং টাকা জমা দিয়েও হজ্জে যেতে পারেনি। কারণ পুলিশ প্রশাসন তার পাসপোর্ট করার অনুমতি দেয়নি। আর এই ব্যাথা নিয়েই তিনি দুনিয়া থেকে বিদায় নিলেন।

১৯৮৩ সালে মুহতারাম আমীরে জামা'আতের হাতে বায়'আত নিয়েছিলেন জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত সেই বায়'আত অক্ষণ্ণ রেখেছিলেন তিনি। শত বাধা বিপত্তি উপেক্ষা করে শিরক-বিদ'আতের বিরুদ্ধে লড়াই চালিয়ে গিয়েছেন। নির্ভেজাল তাওহীদের দাওয়াত পরিবার, সমাজ তথা দেশের এক প্রান্ত থেকে অপর প্রান্তে ছড়িয়ে দিয়েছেন। দেশের ৬৪ যেলার অধিকাংশ গ্রামেই তার যাতায়াত ও দাওয়াত অব্যাহত ছিল।

তার আমানতদারীতার কথা অবর্ণনীয়। প্রথমেই তাকে কমরগ্রাম শাখার অর্থ সম্পাদক করা হ'লে খাতা কলমের হিসাব ছাড়াই পরিপূর্ণভাবে নেতাকর্মীদের নিকট থেকে আদায়কৃত অর্থের হিসাব স্বচ্ছতার সাথে রাখতেন। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি যেলা 'আন্দোলন'-এর অর্থ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি অত্যন্ত স্বচ্ছতার সাথে হিসাব-নিকাশ রেখেছেন। এমনকি জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত অর্থ সম্পাদক হিসাবে তার নিকট নগদ ক্যাশ ৩৬,১০০/= টাকা জমা ছিল। যা তিনি আলাদাভাবে একটি কৌটায় রেখেছিলেন। তার মৃত্যুর দ্বিতীয় দিন তার বড় ছেলে আসাদুল্লাহ আল-গালিব, যেলা 'আন্দোলন'-এর সভাপতি মাহফুযুর রহমান ও যেলা 'যুবসংঘে'র সভাপতি আবুল কালাম গণনা করলে ঠিক ৩৬,১০০/= টাকা হয়। আমানতদারীতার এই বাস্তব নমুনা বর্তমান দুনিয়ায় খুবই বিবল।

তার একাডেমিক শিক্ষা অল্প হ'লেও মৃত হৃদয় জাগিয়ে তুলার মতো অগণিত ইসলামী জাগরণীর মাধ্যমে তিনি সমাজ সংস্কারে ভূমিকা রেখেছিলেন। সমাজে জেকে বসা শিরক বিদ'আত ও কুসংশ্বারের বিরুদ্ধে তিনি সব সময় ছিলেন সোচ্চার। তথ্য প্রযুক্তির এই যুগে তার কণ্ঠের মোহনীয়তা ক্যাসেট. সিডি. ভিসিডি ও ইন্টারনেটের মাধ্যমে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। যা দ্বীনে হকুের প্রচার ও সমাজ সংস্কারে জাগরণ সষ্টি করে। এজন্যই তিনি 'জাগরণী শিল্পী' নামে দেশ-বিদেশে বিশেষভাবে পরিচিতি লাভ করেছিলেন। হাদীছ ফাউণ্ডেশন থেকে প্রকাশিত জাগরণী বইয়ে দেখা যায় বেশ কিছ জাগরণী তার নিজের লেখা। তাছাডা সব জাগরণীরই তিনি নিজে সুরকার ও কণ্ঠশিল্পী। আল-হেরা শিল্পীগোষ্ঠী কর্তৃক প্রকাশিত ৮টি ক্যাসেটের অধিকাংশ গানই তার কণ্ঠে গাওয়া। তার বহু গান ইন্টারনেটে ছড়িয়ে-ছিটিয়ে আছে। তার এসব কর্ম সমাজ সংস্কারে যুগ যুগ ধরে ভূমিকা পালন করবে বলে আমরা বিশ্বাস করি।

গত ১৩ই ডিসেম্বর ২০১৫ইং রোজ রবিবার রাত ১০.৪৫ মিনিটে বগুড়া গাবতলী থানাধীন সালাফিইয়াহ হাফেযিয়া মাদরাসা মেহেন্দীপুর চাকলার উনুয়নকল্পে অনুষ্ঠিত বার্ষিক ইসলামী জালসায় বক্তব্য প্রদানরত অবস্থায় স্ট্রোক করেন। প্রথমে তাকে গাবতলী থানা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয় এবং ক্রমশ অবস্থার অবনতি হ'লে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত ১.২৬ মিনিটে তিনি মৃত্যুবরণ করেন। (ইনা লিল্লা-হি ওয়া ইনা ইলাইহে রাজেউন)। তাঁর আকস্মিক বিদায়ে আমরা যারপর নাই ব্যথিত, মর্মাহত ও বেদনাহত। আল্লাহ যেন তাঁর দ্বীনের খেদমত কবুল করেন এবং তাকে জানাতুল ফেরদাউস দান করেন-আমীন!

প্রচলিত অর্থে আহলেহাদীছ কোন মাযহাবের নাম নয়; ইহা নির্ভেজাল ইসলামী আন্দোলনের নাম

হাদীছের গল্প

রাসূল (ছাঃ) কর্তৃক স্বপ্নে দেখা একদল মানুষের বিবরণ

আবু উমামা বাহেলী (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, একদা রাসুল (ছাঃ) ফজরের ছালাতের সময় আমাদের নিকটে এসে বললেন, গতরাতে আমি একটি সত্য স্বপ্ন দেখেছি। তোমরা তা মনোযোগ দিয়ে শ্রবণ কর। আমার নিকট দু'জন লোক এসে আমার দু'হাত ধরে এক দুর্গম পাহাড়ের কাছে নিয়ে গিয়ে বলল, এতে আরোহণ করুন! আমি বললাম, আমি পর্বতারোহণে সক্ষম নই। তারা বললেন, আমরা শীঘ্রই আপনার জন্য তা সুগম করে দিব। আমি যখনই পা উঠাচ্ছিলাম তখনই সিঁড়িতে পা রাখছিলাম। অবশেষে পর্বতের সমতল ভূমিতে পৌছে গেলাম। হঠাৎ বিকট শব্দ শুনে জিজ্ঞেস করলাম, এটা কিসের শব্দ? তারা বললেন, এটি জাহান্নামীদের আর্তনাদ। আমরা সামনের দিকে অগ্রসর হতেই একদল নারী ও পুরুষকে দেখলাম যাদের দু'চোয়াল ফাড়া রয়েছে। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা ঐ সকল লোক যারা নিজেরা যা বলত তদনুযায়ী আমল করত না। অতঃপর আমরা সামনে অগ্রসর হতেই আরেকদল নারী ও পুরুষকে দেখলাম, যাদের চোখ ও কানে পেরেক মারা আছে। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা ঐ সকল লোক যারা এমন কিছু দেখার দাবী করত, যা তারা দেখেনি। এমন কিছু শুনার দাবী করত, যা তারা শুনেনি (অর্থাৎ মিথ্যা বলত)।

এরপর তারা আমাকে নিয়ে সামনের দিকে অগ্রসর হলেন। সেখানে দেখলাম, একদল নারী ও পুরুষের পায়ের গোছায় রশি বেঁধে ঝুলিয়ে রাখা হয়েছে, চোয়াল ফাড়া আছে এবং তা থেকে রক্ত বেরুচ্ছে। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা ঐ সকল লোক যারা সময়ের পূর্বে ইফতার করত। তিনি বললেন, ইহুদী-নাছারারা ধ্বংস হউক! সুলায়মান বলেন, আমি জানিনা আবু উমামা এ উক্তিটি রাসূল (ছাঃ) থেকে শুনেছেন, না একথাটি তিনি নিজে বলেছেন। অতঃপর তারা আমাকে নিয়ে সামনের দিকে অগ্রসর হলেন। সেখানে গিয়ে দেখলাম, একদল নারী-পুরুষের লাশ পড়ে আছে। যা অত্যন্ত ফুলে-ফেঁপে আছে, দুৰ্গন্ধ ছড়াচ্ছে এবং তার দৃশ্য অত্যন্ত বীভৎস। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা কাফেরদের নিহত ব্যক্তিবর্গ। আমরা কিছুদূর অগ্রসর হতেই একদল লোককে গাছের ছায়ায় ঘুমিয়ে থাকতে দেখলাম। জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এগুলো মুসলমানদের লাশ। তারা আমাকে আরো সামনে নিয়ে গেলেন। সেখানে দেখলাম, একদল নারী-পুরুষের লাশ পড়ে আছে। যা অত্যন্ত ফুলে-ফেঁপে আছে, যেগুলোর দৃশ্য অত্যন্ত বীভৎস এবং (সেগুলো থেকে) বাথরুমের মত দুর্গন্ধ ছড়াচেছ। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা হ'ল ব্যভিচারী নারী ও পুরুষ।

অতঃপর আমাকে আরো সামনে নিয়ে যাওয়া হল। সেখানে দেখলাম একদল নারীর পায়ের গোছায় রশি বেঁধে নীচের দিকে মাথা করে ঝুলিয়ে রাখা হয়েছে। আর সাপ তাদের স্তন দংশন করছে। জিজ্ঞেস করলাম, এরা কারা? উত্তরে তারা বললেন, এরা ঐ সকল মহিলা, যারা (শারীরিক সৌন্দর্য অটুট রাখার জন্য) নিজ সন্তানদের দুধ পান থেকে বঞ্চিত করেছিল। অতঃপর তারা আমাকে সামনে নিয়ে গেলেন। সেখানে দেখলাম. একদল শিশু দুই নদীর মধ্যবর্তী স্থানে খেলছে। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা মুমিনদের সন্তান। অতঃপর সামনে চললাম। কিছু লোককে দেখলাম যাদের চেহারা অত্যন্ত সুন্দর, পোষাক সুন্দর এবং সুগন্ধির অধিকারী। তাদের চেহারা 'কারাতীস' সদৃশ (সাদা কাগজের ন্যায়)। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা হলেন ছিদ্দীক, শহীদ ও সৎকর্মশীলগণ। আরো কিছুদূর অগ্রসর হয়ে তিনজন লোককে দেখলাম, যারা শরাব পান করছিল এবং গান গাচ্ছিল। জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, এরা হলেন যায়েদ বিন হারেছা. জা'ফর বিন আবু ত্রালিব ও আব্দুল্লাহ বিন রাওয়াহা (রাঃ)। অতঃপর আমি উপরের দিকে মাথা উঁচু করে আরশের নীচে তিনজন ব্যক্তিকে দেখলাম। আমি জিজ্ঞেস করলাম, এরা কারা? তারা বললেন, তাঁরা হলেন আপনার পিতা ইবরাহীম এবং মৃসা ও ঈসা (আঃ)। তাঁরা আপনার জন্য অপেক্ষা করছে (মু'জামুল কাবীর হা/৭৬৬৭; ইবনু খুযায়মাহ হা/১৯৮৬; হাকেম হা/২৮৩৭; ছহীহাহ হা/৩৯৫১; ছহীহ তারগীব হা/২৩৯৩)।

হাদীছের শিক্ষা:

- (১) সূর্যান্তের সাথে সাথে ছায়েম ইফতার করবে। তার পূর্বেও না, পরেও না।
- (২) নির্দিষ্ট সময়ের পূর্বে ইফতার করার কারণে এতো বড় শান্তি হলে, যারা ছিয়াম পালন করে না তাদের কিরূপ শান্তি হবে তা সহজেই অনুমেয়।
- (৩) আযান দেওয়ার ক্ষেত্রে মুওয়াযযিনদের খুবই সতর্কতা অবলম্বন করতে হবে। কারণ মানুষজন স্বভাবতঃ তাদের আযান শুনে ইফতার করে।
- (8) শারীরিক সৌন্দর্য অটুট রাখার অভিপ্রায়ে যে সকল নারী তাদের শিশু সন্তানদের নিজের বুকের দুধ পান করান না সাপ তাদের স্তন দংশন করবে।
- (৫) ব্যভিচারের শাস্তি অত্যন্ত ভয়াবহ।
- (৬) সদা-সর্বদা সত্য কথা বলতে হবে এবং তদনুযায়ী আমল করতে হবে। অন্যথায় কঠিন শান্তির মুখোমুখি হতে হবে।
- (৭) মুসলমানদের সন্তানেরা জান্নাতী হবে।

*মুহাম্মাদ আব্দুর রহীম নিয়ামতপুর, নওগাঁ।

চিকিৎসা জগৎ

গাজরের উপকারিতা

গাজর স্বাদে অত্যন্ত সুস্বাদু, পুষ্টিকর এবং আঁশসমৃদ্ধ শীতকালীন সবজি, যা প্রায় সারা বছরই পাওয়া যায়। কাঁচা ও রান্না দু'ভাবেই এটি খাওয়া যায়। তরকারী ও সালাদ হিসাবেও গাজর অত্যন্ত জনপ্রিয়। গাজর অতি পুষ্টিমান সমৃদ্ধ সবজি। এতে উচ্চমানের বিটা ক্যারোটিন, ভিটামিন এ, মিনারেলস ও অ্যান্টিঅক্সিডেন্ট আছে। তবে এর সবচেয়ে গুরুত্বপূর্ণ যে উপকারটি হ'ল দৃষ্টিশক্তি বৃদ্ধি পাওয়া। এ ছাড়াও আছে আরও অনেক স্বাস্থ্যগত সুবিধা।

সালাদ অথবা সবজি কিংবা সামান্য লবণ মেখে এমনিতেই খাওয়া যায় গাজর। এ ছাড়া আছে গাজরের হালুয়া। তবে বিশেষজ্ঞরা বলছেন যদি গাজর থেকে সর্বোচ্চ পুষ্টিটা পেতে হয় তবে কাচা গাজর খাওয়াই সর্বোত্তম। তাই গাজরের জুস বানিয়ে খেলেই পাওয়া যাবে গাজরের সর্বোচ্চ পুষ্টি উপাদান। সম্প্রতি একটি প্রতিবেদনে বলা হয়, প্রতিদিন সকালে এক গ্রাস গাজরের জুস স্বাস্থ্যের উন্নতি করবে কয়েকগুণ। নিম্নে এর কিছু গুরুত্বপূর্ণ উপকার সম্পর্কে আলোচনা করা হ'ল-

১. দৃষ্টিশক্তি বৃদ্ধিতে সহায়ক :

দৃষ্টিশক্তি বৃদ্ধিতে ভিটামিন 'এ' একটি গুরুত্বপূর্ণ উপাদান। লাল-কমলা রঙের ফল-মূল অথবা সবজি যেমন গাজর, মিষ্টি কুমড়া এবং তরমুজে বেটা-ক্যারোটিন নামের এক ধরনের উপাদান থাকে। এই উপাদানটি শরীরে ভিটামিন 'এ'-তে পরিণত হয়। আর এতেই শরীরের অন্যান্য স্বাস্থ্যগত উপকারের পাশাপাশি দৃষ্টিশক্তি বৃদ্ধিতেও সহায়তা করে।

২. ঠিক রাখে অ্যান্টিঅক্সিডেন্ট:

শরীরে অ্যান্টিঅক্সিডেন্ট নামক একটি উপাদানের কারণে বয়সের ছাপ চলে আসে। গাজরের মধ্যে যে ক্যারটিনয়েড থাকে তা অ্যান্টিঅক্সিডেন্ট হিসাবে কাজ করে। আর এই অ্যান্টিঅক্সিডেন্ট শরীরে বয়সের ছাপ আসার গতিকে ধীর করে। এ ছাড়া অ্যান্টিঅক্সিডেন্ট শরীরকে বিষমুক্ত করে, হৃদরোগ এবং ক্যান্সার প্রতিরোধেও সহায়তা করে।

৩. ক্যান্সার প্রতিরোধে সহায়ক হয় :

হজম প্রক্রিয়া শেষে খাদ্যের যে উচ্ছিষ্টাংশগুলো আমাদের শরীরে থেকে সেগুলোকে ফ্রি র্যাডিকেলস বা মৌল বলে। এই ফ্রি র্যাডিকেলস শরীরের কিছু কোষ নষ্ট করে। অ্যান্টিঅক্সিডেন্ট জাতীয় খাবার এই ধরনের মৌলের বিরুদ্ধে যুদ্ধ করে। শরীরে ক্যান্সারের কোষ জন্ম নেওয়ার প্রবণতা কমে যায়। গবেষণায় দেখা যায়, প্রতি ১০০ গ্রাম গাজরে ৩৩ শতাংশ ভিটামিন 'এ', ৯ শতাংশ ভিটামিন 'সি' এবং দেশতাংশ ভিটামিন 'বি-৬' পাওয়া যায়। এগুলো এক হয়ে ফ্রি র্যাডিকেলসের বিরুদ্ধে যুদ্ধ করে।

8. রোধ-প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি:

প্রতিদিন এক গ্লাস গাজরের জুস শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা আশ্চর্যজনকভাবে বৃদ্ধি করে। শরীরে ক্ষতিকর জীবাণু, ভাইরাস এবং বিভিন্ন ধরনের প্রদাহের বিরুদ্ধে কাজ করে। গাজরের জুসে ভিটামিন ছাড়াও বিভিন্ন ধরনের খনিজ, পটাশিয়াম, ফসফরাস ইত্যাদি থাকে যা হাড় গঠন, নার্ভাস সিস্টেমকে শক্ত করা ও মস্তিষ্কের ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে।

ে হার্ট সবল রাখে:

একটি সুস্থ হার্টের জন্য শারীরিকভাবে কর্মক্ষম থাকা, পর্যাপ্ত ঘুম এবং চাপ মুক্ত থাকাটা খুব দরকার। প্রয়োজন সঠিক খাদ্যতালিকার। গাজর ডায়েটেরি ফাইবার ও অ্যান্টিঅক্সিডেন্টে পরিপূর্ণ থাকে। এই উপাদানগুলো ধমনির ওপর কোন কিছুর আস্তর জমতে না দিয়ে রক্ত চলাচল স্বাভাবিক রাখে। সুস্থ রাখে হার্টকে।

৬. ত্বকের শুষ্কতা দূর করে :

অ্যান্টিঅক্সিডেন্ট এবং পটাশিয়ামের মতো খনিজের উপস্থিতি আছে গাজরে। এই উপাদানগুলো ত্বককে রাখে সুস্থ এবং সতেজ। এসব পুষ্টি উপাদান ত্বক শুকিয়ে যাওয়া, স্কিন টোনকে উন্নত করা এবং তুকে দাগ পড়া থেকে রক্ষা করে।

৭. কোলেস্টরেল এবং ব্লাড সুগার নিয়ন্ত্রণ:

কোলেস্টরেল এবং ব্লাড সুগার নিয়ন্ত্রণের ক্ষেত্রেও গাজরের জুস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। গাজরের মধ্যে থাকা পটাশিয়ামই এর মূল কারণ। গাজরে ক্যালরি এবং সুগারের উপাদান খুবই কম। এ ছাড়া ডায়াবেটিস প্রতিরোধে যে সব ভিটামিন এবং খনিজের প্রয়োজন তাও বিদ্যমান। চর্বি কমাতে সাহায্য করে বলে ওজনও কমে। তাই চিকিৎসকেরা শরীরে পুষ্টির পরিমাণ বাড়াতে খাওয়ার আগে বা পড়ে এক গ্রাস গাজরের জুস খাওয়ার পরামর্শ দিয়ে থাকেন।

॥ সংকলিত ॥

তাওহীদ ম্যারেজ মিডিয়া

দ্বীনদার-পরহেযগার ও ছহীহ আক্বীদাসম্পন্ন পাত্র-পাত্রীর সন্ধান এবং বিবাহ সংক্রান্ত পরামর্শের জন্য যোগাযোগ করুন

রেজিস্ট্রেশনের জন্য আপনার বিস্তারিত জীবন বৃত্তান্ত প্রেরণ করুন অথবা নির্ধারিত ফরম পূরণ করে নিম্নোক্ত ঠিকানায় পাঠিয়ে দিন। ফরম আমাদের অফিস অথবা ওয়েবসাইট থেকে সংগ্রহ করুন।

(রেজিস্ট্রেশন ফী : ৫০০ টাকা

যোগাযোগের সময়

প্রতিদিন আছর থেকে মাগরিব পর্যন্ত

ঠিকানা

তাওহীদ ম্যারেজ মিডিয়া

নওদাপাড়া মাদরাসা (আমচত্ত্র), পোঃ সপুরা, রাজশাহী। মোবাইল: ০১৭০৭-৬৬৬৬১৪ (বিকাশ)।

ইমেইল : tawheedmarriagemedia@gmail.com ওয়েব লিংক : www.at-tahreek.com/tmmedia

কবিতা

মানুষ কেন বুঝে না?

আবুল কাসেম গোভীপুর, মেহেরপুর।

নভোমণ্ডল ও ভূমণ্ডল দেখ লক্ষ্য করে
এত সুন্দর আল্লাহ্র সৃষ্টি ভুলে গেলে কি করে?
আকাশ দেখ যমীন দেখ দেখ লক্ষ তারা
সৃষ্টি জগৎ চোখে দেখে অস্বীকার করবে কারা?
দিনের পরে রাত আসে কালো-আঁধার ছেয়ে
আলোকময় করেন আল্লাহ চাঁদের আলো দিয়ে।
নদী যেমন আকভ-বাঁকা পানি থৈ থৈ করে
পশু-পাথি, জীব-জন্তু আল্লাহ্র যিকির করে।
পাহাড়-পর্বত আছে দেখ যমীনেতে খাড়া
কোন কিছু হয় না সৃষ্টি আল্লাহ্র হুকুম ছাড়া।
এই দুনিয়ার প্রাণী যত জোড়ায় জোড়ায় দেখি
আল্লাহ সৃষ্টির সু-ব্যবস্থায় আর নেই কিছু বাকি।
সৃষ্টির সেরা মানুষ তোমরা ওয়াদা করে এলে
ভবের খেলায় মত্ত হয়ে সবই ভুলে গেলে!

সন্ত্ৰাস

ডাঃ নাছরুল্লাহ সাতক্ষীরা।

নামটি বড় ভয়াবহ জীবন করে নাশ জায়গা-জমি দখল করতে লাগে না কোন পাশ। সন্ত্রাস!

যুবক-বৃদ্ধ পায় না দিশা সবলেরাও করে হা-হুতাশ। দিন-দুপুরে মানুষ ধরে গলাতে দেয় ফাঁস।

রাস্তা-ঘাটে মানুষ ধরে টাকা-পয়সা নেয় যে কেড়ে জৌর-যুলুম করলে পরে বুক করে দেয় ক্রাশ। সন্ত্রাস!

কেউবা করে কালোবাজারী কেউ করে মানুষ পাচার কেউবা মাদক ব্যবসা করে গড়ে টাকার পাহাড়। এসব কিছুর করলে প্রতিবাদ জীবন করে নাশ। সন্ত্রাস!

ভয় করে না পুলিশ-ব্যাবকে এলাকার সে আস তার সাথে কেউ গোল বাঁধালে জীবন করে বিনাশ। সন্ত্রাস!

এর প্রতিকার চাই যে মোরা গড়তে শান্তির সমাজ অহি-র বিধান মানলে সবাই কায়েম হবে সেই রাজ।

শ্ৰেষ্ঠ কাল

মুহাম্মাদ সাইফুল ইসলাম শ্যামপুর, মতিহার, রাজশাহী।

অহংকারে আমার ভয় করে প্রভু আমি না হই অহংকারী মানুষের মন্দ আচরণেও আমি যেন উত্তমটাই দিতে পারি। জাগতিক চাকচিক্য আভিজাত্যের অর্থহীন বৈভব পৃথিবীর পথে আমি মুসাফির প্রভু প্রয়োজন নেই ঐসব। মৃত্যুকে সাথে নিয়ে যাঁরা গেয়েছিলেন জীবনের জয়গান ঐ পথই মোর প্রিয় পথ প্রভু তাঁরাই প্রিয়জন।
অহংবোধ যাঁরা মাটি করেছিলেন রাসূলের আহ্বানে
তাঁরাই জেনেছেন কেন এ জনম কী তাহার মানে?
ধৈর্য যাঁদের করেছে মহান করেছে দ্বীপ্তিমান
নবী ও ছাহাবী হকের দিশারী চিরকাল অম্লান।
দামি জামা-জুতা সুগন্ধি মাখা শরীরের বাহাদুরি
তুচ্ছ করেছেন জীবনের মোহ দুনিয়ার জারিজুরি।
দুঃখ-দৈন্যের মাধুরী মিশিয়ে সাজিয়েছে তাঁরা পরকাল
পরকাল মোদের জীবনের ভিত্তি পরকালই শ্রেষ্ঠকাল।

ইসলামের জয়গান

মুজীবুল হায়দার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আজ ইসলামের জয়গান চারিদিকে
হে যুবক! তুমি ঘুরছ কেন এদিকে ওদিকে?
তুমি কি শুননি ইসলামের জয়গান আকাশে-বাতাসে
তুমি কি দেখনি ইসলামের পতাকা?
হে যুবক! ইসলামের পতাকা তলে এসো
নিজেকে পরিশুদ্ধ করে নাও।
হয়ে যাও ইসলামের বীর সৈনিক
এই ইসলামের পতাকা তলে আছে
যত সুখ যত শান্তি।
দূর হোক পৃথিবী হ'তে যত অশান্তি
যত বাতিল ইসলামের পরিপন্থী।
হে যুবক! তুমি জয়গান গাও ইসলামের
তুমি জয়গান গাও কুরআন ও হাদীছের
তুমি জয়গান গাও যারা আল্লাহ্র পথে চলে
আল্লাহ্র কথা বলে।

ধন্য মোরা আজ

মুহাম্মাদ মুছতফা কামাল বুড়িমারী, পাটগ্রাম, লালমণিরহাট।

আমীরে জামা'আতের সুভাগমনে ধন্য মোরা আজ খুশিতে বিভোর যেন ছিটবাসীরা সাজছে নতুন সাজ। দীর্ঘদিনের বেহাল দশা হ'তে আজ সোরা মুক্ত দু'দেশের সদ্বিচ্ছাা ফলে মোরা বাংলাদেশে ভুক্ত। তাইতো মুহতারাম আমীরে জামা'আত মোদের খবর নিতে সুদূর পথ পাড়ি দিয়ে এলেন এই যে কঠিন শীতে। ওগো কেমন আছ ছিটবাসীরা, এতদিন ছিলে কেমন করে কতই না দূর্ভোগ পোহাতে হয়েছে দীর্ঘ ৬৮ বছর ধরে। সঙ্গে যৎসমান্য শীত বস্ত্র অল্প কিছু দান থাকুন সুখে ছিটবাসীরা তোমরা তো দেশের মেহমান। পড়ক সরকারের শুভ দৃষ্টি তোমাদের উনুয়নের তরে সকল সুবিধা পাও যেন আনন্দে জীবন উঠুক ভরে। মিললে সময় আসব আবার আল্লাহ যদি চান রহম করো দয়াময়, তুমিতো রহিম রহমান। কুরআন ও ছহীহ হাদীছের দাওয়াত সকলকে দিয়ে যাই একই নবীর উম্মাত মোরা সকলে ভাই ভাই। ইসলামে নেই ফিরক্বাবাজি, শুধু একটি মাত্র রশি নেই পীর মুরীদের ভেলকীবাজি, কুরআন-হাদীছ চষি। সন্ত্রাস আর জঙ্গিবাদের ইসলামে নেই ঠাঁই এই উদাত্ত আহ্বান রাখি মোরা আহলেহাদীছ ভাই।

সোনামণিদের পাতা

গত সংখ্যার সাধারণ জ্ঞান (ইসলামী)-এর সঠিক উত্তর

- সিরিয়া।
 ২. আনাস (রাঃ)।
- ৩. খাদীজা (রাঃ)-এর। ৪. ছাহাবায়ে কেরামের দল।
- ৫. ইববাহীম (আঃ)-এর স্ত্রী 'সারা' ও ইয়াহইয়া (আঃ)-এর স্ত্রী।

গত সংখ্যার মেধা পরীক্ষা (স্বদেশ)-এর সঠিক উত্তর

- ১. মেহেরপুর (৭১৬ বর্গ কি. মি.)।
- ২. শ্যামনগর (সাতক্ষীরা)।
- ৩. ঢাকা।
- ৪. বান্দরবান।
- ৫. বেগমগঞ্জ (নোয়াখালী)।
- ৬. রাজস'লী (রাঙ্গামাটি) Î

চলতি সংখ্যার সাধারণ জ্ঞান (ইসলামী)

- ১. ছাহাবী কাকে বলে?
- ২. জান্নাতের সুসংবাদপ্রাপ্ত দশজন ছাহাবী কে কে?
- ৩. ইসলামের চার খলীফার নাম কি?
- 8. কোন ছাহাবীর উপাধি ছিল 'আবু তুরাব'?
- ৫. কোন ছাহাবীকে দেখলে ফেরেশতারা লজ্জিত হ'তেন?
- ৬. কোন ছাহাবীকে চলন্ত শহীদ বলা হয়?
- ৭. কোন ছাহাবীকে উড়ন্ত শহীদ বলা হয়?
- ৮. ফেরেশতাগণ কোন ছাহাবীর গোসল দিয়েছিলেন?
- ৯. কোন ছাহাবীকে রাসূলুল্লাহ (ছাঃ) গোপন বিষয় জানাতেন?
- ১০. কোন ছাহাবীর মৃত্যুতৈ আল্লাহ্র আরশ কেঁপে উঠেছিল?

সংগ্রহে : মুহাম্মাদ মুস্তাফীযুর রহমান পার্বতীপুর, দিনাজপুর।

চলতি সংখ্যার সাধারণ জ্ঞান (স্বদেশ)

- ১. বাংলাদেশের সর্বউত্তরের যেলা কোনটি?
- ২. বাংলাদেশের সর্বদক্ষিণের যেলা কোনটি?
- ৩. বাংলাদেশের সবচেয়ে পূর্বের যেলা কোনটি?
- ৪. বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের যেলা কোনটি?
- ে বাংলাদেশের সর্বউত্তরের থানা কোনটি?
- ৬. বাংলাদেশের সর্বদৃক্ষিণের থানা কোনটি?
- ৭. বাংলাদেশের পূর্বের থানা কোনটি?
- ৮. বাংলাদেশের পশ্চিমের থানা কোনটি?
- ৯. বাংলাদেশের সর্বউত্তরের স্থান কোনটি?
- ১০. বাংলাদেশের সর্বদক্ষিণের স্থান কোনটি?

সংগ্রহে : মুহাম্মাদ তরীকুল ইসলাম বংশাল, ঢাকা।

সোনামণি সংবাদ

করাতকান্দি, কুমারখালী, কৃষ্টিয়া ২১শে ডিসেম্বর সোমবার : অদ্য বাদ যোহর করাতকান্দি আহলেহাদীছ জামে মসজিদে 'সোনামণি' কুষ্টিয়া-পূর্ব সাংগঠনিক যেলা পরিচালনা পরিষদ পুনর্গঠন উপলক্ষে এক পরামর্শ সভা অনুষ্ঠিত হয়। যেলা 'আন্দোলন'-এর সভাপতি হাশীমুদ্দীন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত পরামর্শ সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত সোনামণি কেন্দ্রীয় পরিচালক আব্দুল হালীম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অত্র যেলা 'যুবসংঘ'-এর সভাপতি ইনামুল হক ও সাধারণ সম্পাদক মুহাম্মাদ তুহিন। অনুষ্ঠান শেষে মুম্ভাকীম হুসাইনকে পরিচালক করে সাত সদস্য বিশিষ্ট সোনামণি কুষ্টিয়া-পূর্ব সাংগঠনিক যেলা পরিচালনা পরিষদ পুনর্গঠন করা হয়।

বেড়াঙ্বলা, ঝিনাইদহ ৩১শে ডিসেম্বর বৃহস্পতিবার : অদ্য বাদ আছর বেড়াঙ্বলা আহলেহাদীছ জামে মসজিদে এক সোনামণি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। যেলা 'আন্দোলন'-এর সাংগঠনিক সম্পাদক জনাব আব্দুল খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোনামণি কেন্দ্রীয় পরিচালক আব্দুল হালীম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অত্র যেলা 'আন্দোলন'-এর সভাপতি মাস্টার ইয়াকূব হোসাইন, 'সোনামণি' পরিচালক মুহাম্মাদ আসাদুয্যামান ও অত্র মসজিদের ইমাম মাওলানা বেলালুদ্দীন। অনুষ্ঠান পরিচালনা করেন যেলা সোনামণি সহ-পরিচালক ন্যরুল ইসলাম।

মোহনপুর, রাজশাহী ৩১শে ডিসেম্বর বৃহস্পতিবার : অদ্য বাদ আছর খানপুর কেন্দ্রীয় আহলেহাদীছ জামে মসজিদে খানপুর (বাগবাজার) শাখার উদ্যোগে এক সোনামণি প্রশিক্ষণ অনুষ্ঠিত। মাওলানা ছুফী আলী আকবরের সভাপতিত্বে অনুষ্ঠিত উজ্পর্শিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোনামণি কেন্দ্রীয় সহ-পরিচালক রবীউল ইসলাম। বিশেষ অতিতি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহ-পরিচালক হাফেয হাবীবুর রহমান ও রাজশাহী-পশ্চীম যেলা সোনামণি সহ-পরিচালক বুলবুল আহমাদ। অনুষ্ঠানে মুহাম্মাদ হাফীযুর রহমানকে পরিচালক করে সোনমণি বালক ও বালিকা পৃথক শাখা গঠন করা হয়। অনুষ্ঠানে কুরআন তেলাওয়াত করে মুহাম্মাদ রুহুল আমিনও জাগরণী পরিবেশন করে আন্দুল কুদ্দুস। অনুষ্ঠান পরিচালনা করেন মুহাম্মাদ নাঈম ইসলাম।

পবা, রাজশাহী তরা জানুয়ারী রবিবার : অদ্য বাদ যোহর মধ্যভূগরইল আহলেহাদীছ জামে মসজিদে বিশটি সূরা ও সোনামণি
পরিচিতির উপর এক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। 'আহলেহাদীছ
আন্দোলন বাংলাদেশ' মধ্য-ভূগরইল শাখার সভাপতি জনাব
মুনীরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত প্রতিযোগিতা
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'সোনামণি'
কেন্দ্রীয় পরিচালক আব্দুল হালীম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত
ছিলেন 'সোনামণি' রাজশাহী মহানগরের পরিচালক আসাদুল্লাহ
আল-গালিব। প্রতিযোগিতায় বিজয়ী তিন জনকে পুরক্কর করা হয়।
প্রথম স্থান অধিকার করে মাহকূ্যা খাতুন (আনিকা), দ্বিতীয় স্থান
অধিকার করে সুমাইয়া আখতার এবং তৃতীয় স্থান অধিকার করে
শাহরিয়ার হুসাইন। অনুষ্ঠানে সঞ্চালক ছিলেন সোনামণি কেন্দ্রীয়
সহ-পরিচালক রবীউল ইসলাম।

নওদাপাড়া, রাজশাহী ১৩ই জানয়ারী, বুধবার : অদ্য বাদ মাগরিব সোনামণি আল-মারকাযুল ইসলামী আস-সালাফী কমপ্লেক্স এলাকার উদ্যোগে সোনামণি মারকায এলাকার প্রধান উপদেষ্টা হাফেয লুৎফর রহমানের সভাপতিত্বে দারুল হাদীছ বিশ্ববিদ্যালয় (প্রাঃ) জামে মসজিদে ২০১৬ সালের প্রথম বৈঠক অনুষ্ঠিত। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোনামণি সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক ও 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মহতারাম আমীরে জামা'আত প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোনামণি কেন্দ্রীয় পরিচালক আব্দুল হালীম, সহ-পরিচালক রবীউল ইসলাম, যয়নুল আবেদীন ও হাফেয হাবীবুর রহমান প্রমুখ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আল-মারকাযুল ইসলামী আস-সালাফী কমপ্লেক্স-এর প্রিন্সিপ্যাল আব্দুল খালেক সালাফী. ভাইস-প্রিঙ্গিপ্যাল নুরুল ইসলাম, সোনামণি মারকায এলাকার উপদেষ্টা নযরুল ইসলাম ও লতীফুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে কুরুআন তেলাওয়াত করে সোনামণি আব্দুল্লাহ এবং ইসলামী জাগরণী পরিবেশন করে আব্দুল হাসীব। অনুষ্ঠান পরিচালনা করে সোনামণি মারকায এলাকার সহ-পরিচালক মুহাম্মাদ শহীদুল্লাহ।

স্বদেশ

বিশ্ববিদ্যালয়ের প্রায় শতভাগ শিক্ষকের আত্মসম্মানবোধ নেই

-অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক, ঢাবি

উচ্চশিক্ষিত বিদ্যাজীবী তথা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দলবাজির প্রতি ইংগিত করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সমাজচিন্তক প্রফেসর আবুল কাশেম ফজলুল হক বলেছেন, বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুই হাযার শিক্ষকের মধ্যে ৫ জনের নাম বলতে পারবে না যাদের আত্মসমানবাধ আছে।

কাজী মোতাহার হোসেন ও তার সময়ের শিক্ষকদের কথা উল্লেখ করে তিনি বলেন, সেই সময় অনেক শিক্ষকের মেরুদণ্ড ছিল। কিন্তু বর্তমানে বিশ্ববিদ্যালয়ে বেশির ভাগ শিক্ষক মেরুদণ্ডহীন। প্রফেসর আবুল কাশেমের বক্তব্যে উঠে এসেছে যে, উচ্চশিক্ষিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এতই দলাদলি ও দলীয় রাজনীতির সংকীর্ণতায় আবদ্ধ যে শতকরা ৯৯.৭৫ ভাগ শিক্ষকের আত্মসম্মানবোধ নেই। শুধু তাই নয়, মেধাবী হ'লেও রাজনীতির কারণে তারা মেরুদণ্ডহীন।

গত ৯ই জানুয়ারী'১৬ শনিবার ঢাবির রমেশচন্দ্র মিলনায়তনে 'মুক্তচিন্তা ও স্বাধীনতা' শীর্ষক বক্তৃতায় তিনি আরও বলেন, জঙ্গীদের নিয়ে বুদ্ধিজীবীদের আক্রোশমূলক কথা ও রাজনৈতিক উদাসীনতার কারণে দেশে জঙ্গী সৃষ্টি হচ্ছে। তিনি বলেন, জঙ্গীবাদ বন্ধ করতে হ'লে আমেরিকা ও ন্যাটো সহ যেসব দেশ মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে হামলা চালিয়ে যাচেছ, তা বন্ধ করতে হবে। কারণ একজনকে মারলে সে তো মারবেই'।

[হক কথা বলার জন্য প্রফেসর ছাহেবকে ধন্যবাদ। এই সঙ্গে পাঠ করুন 'আত-তাহরীক' সম্পাদকীয় জানুয়ারী'১৬ (স.স.)]

শিক্ষা ক্ষেত্রে সর্বত্র অবক্ষয় দেখা যাচেছ

-প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, শিক্ষক-ছাত্র-কর্মচারী প্রত্যেকের মধ্যে অবক্ষয় দেখা যাচ্ছে। শিক্ষার কি মান ছিল, আজকে আমরা কোথায় চলে যাচ্ছি? দেশে শিক্ষাক্ষেত্রের প্রতিটি স্তরে অবক্ষয়রোধে সংশ্লিষ্ট প্রত্যেককে নিজ নিজ ভূমিকা যথাযথভাবে পালনের আহ্বান জানান প্রধান বিচারপতি। গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে জগনাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধান বিচারপতি সরেন্দ্র কমার সিনহা বলেন, এই সর্বোচ্চ ইউনিভার্সিটি ক্যাম্পাসে দাঁড়িয়ে বলতে চাই যে, দেশের এই সর্বোচ্চ বিদ্যাপীঠ সহ সর্বত্র শিক্ষক-ছাত্র-কর্মচারী প্রত্যেকের মধ্যে অবক্ষয় দেখা যাচ্ছে। আমরা শিক্ষাকে একটা ব্যবসা হিসাবে পরিণত করেছি। এই মহান বিদ্যাপীঠের সম্মানিত শিক্ষকেরা এখন নিজ প্রতিষ্ঠানে ক্লাস নেয়ার চেয়ে প্রাইভেট ইউনিভার্সিটিতে ক্লাস নেয়ার জন্য ঝুঁকে যান। আমার এই কথা শুনলে অনেকে অখুশি হবেন। কিন্তু যখন দেখি একটি ছেলে বা মেয়ে এই প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ডিগ্রী নিয়ে আইন পেশায় যায়, তখন তাকে একটার বেশি দু'টি প্রশ্নু করলে তার মুখ থেকে কোন কথা বের হয় না; সেসময় খুবই কষ্ট লাগে। তিনি বলেন, শিক্ষার আলো জালাতে হ'লে গুরুজনদের যেভাবে আমরা শ্রদ্ধা করতাম, এটা বজায় রাখতে হবে। আর সম্মানিত শিক্ষকদের নিকটে অনুরোধ রাখবো যে, গুরুজন হিসাবে তারা যেন আন্ত রিকতার সঙ্গে অর্জিত শিক্ষা ছাত্রদের মাঝে বিতরণ করেন।

বিশাল বাজেটের রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চক্তি সই

পাবনার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে রাশিয়ান ফেডারেশনের প্রতিষ্ঠান অ্যাটমস্ট্রয় এক্সপোর্টের সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন। রাশিয়ার এ প্রতিষ্ঠানটি ১২০০ করে মোট ২৪০০ মেগাওয়াটের দু'টি বিদ্যুৎ কেন্দ্র তৈরী করবে; যাতে ব্যয় ধরা হয়েছে ১ লাখ ১ হায়ার ২০০ কোটি টাকা। আইন অনুযায়ী, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মালিকানা থাকবে বাংলাদেশ আনবিক শক্তি কমিশনের হাতে। আর কেন্দ্রটি পরিচালনার দায়িত্ব পাবে নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ। এই বিদ্যুৎ কেন্দ্রের লাইফ টাইম ৫০ বছর। এর প্রথম ইউনিট ২০২১ সালের মধ্যে চালু করা সম্ভব হবে বলে সরকার আশা করছে।

১৯৬১ সালে পরমাণু কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়ার পর ১৯৬৩ সালে প্রস্তাবিত ১২টি এলাকার মধ্য থেকে বেছে নেয়া হয় রূপপুরকে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য প্রায় ৫০ বছর আগের নেয়া সেই উদ্যোগ সক্রিয় করে তোলা হয়। প্রস্তাবিত এ কেন্দ্রের জন্য আগেই অধিগ্রহণ করা হয় ২৬২ একর জমি। ২০১৩ সালের অক্টোবরে এর ভিত্তি স্থাপন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

অ্যাটমস্ট্রায়ের নকশায় পাঁচ স্তরের নিরাপত্তা ব্যবস্থা সম্বলিত সর্বাধুনিক প্রযুক্তি দিয়ে রূপপুরে এই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা হবে জানিয়ে সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, এর নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তার কিছু থাকবে না। চুক্তি অনুযায়ী, এই কেন্দ্রের তেজক্রিয় বর্জা রাশিয়া নিজ দেশে ফেরত নিয়ে যাবে।

রাশিয়া ভারতে চেরনোবিল পারমাণবিক চুল্লী পরিচালনায় ব্যর্থ হয়েছে। যার খেসারত উভয় দেশকে আজও দিতে হচ্ছে। জাপান তার দেশে ব্যর্থ হয়েছে। এখন বাংলাদেশের একই ভাগ্য বরণ করতে হবে কি-না ভেবে দেখা আবশ্যক। কেননা দেশে উক্ত বিষয়ে যোগ্য জনবল নেই। ফলে যেকোন সময় অঘটন ঘটে যেতে পারে (স.স.)]

জ্যোতির্বিদ্যায় হৈচে ফেলে দিয়েছে বাংলাদেশী তরুণ

সূর্যের চেয়ে কয়েকশ গুণ বড় পাঁচ জোড়া নক্ষত্র আবিদ্ধার করে জ্যোতির্বিদ্যার জগতে হৈচৈ ফেলে দিয়েছে নাসার তরুণ বাংলাদেশী গবেষক ড. রুবাব খানের নেতৃত্বাধীন গবেষক দল। দীর্ঘদিন ধরেই এ দলটি মহাবিশ্বের বিভিন্ন স্থানে 'ইটা কারিনে'র মতো নক্ষত্র ব্যবস্থার খোঁজে অনুসন্ধান চালাচ্ছিলেন। শেষমেশ খোঁজ মেলে ইটা কারিনের মতো জোড়া নক্ষত্রের। তবে একটি-দু'টি নয়, পাঁচ জোড়া নক্ষত্রের খোঁজ পান তারা। সম্প্রতি যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত আমেরিকান অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটির বার্ষিক বৈঠকে রুবাব খান তাঁদের আবিষ্কারের কথা ঘোষণা করেন।

১০ হাযার আলোকবর্ষ দ্রত্বের মধ্যে সবচেয়ে আলোকিত ও বৃহৎ
নক্ষত্র ব্যবস্থা এই 'ইটা কারিনে'। এটি সূর্যের চেয়ে ৫০ লাখ গুণ
বেশি আলোকিত। কয়েক শতাব্দী ধরেই এটি মানুষের কাছে
পরিচিত। ইটা কারিনেতে আছে দু'টি প্রধান নক্ষত্র। ড. রুবাব
খানের দলের অনুসন্ধানে পাওয়া পাঁচটি জোড়া নক্ষত্র ব্যবস্থা ইটা
কারিনের মতোই বৈশিষ্ট্য প্রদর্শন করে। আর এই নক্ষত্র
ব্যবস্থাগুলোর অবস্থান পৃথিবী থেকে এক কোটি ৫০ লাখ থেকে দুই
কোটি ৬০ লাখ আলোকবর্ষ দ্রত্বের মধ্যেই।

বিদেশ

পৃথিবীর সবচেয়ে গরীব দেশ কঙ্গো

পথিবীর সবচেয়ে দরিদ দেশ হ'ল কঙ্গো। দেশটির ২০ শতাংশ মানুষ অনাহারে মারা যায়। ৪০ শতাংশ মানুষ আধপেটা খেয়ে বাঁচে। দারিদ্যের সব মাপকাঠিতেই দেশটি সবার প্রথমে থাকে। গহয়দ্ধে একেবারে জরাজীর্ণ হাল। সরকারও উদাসীন। কর্মসংস্থান বলতে কিছু নেই। প্রতিদিন মানুষ মারা যায় অনাহারে। রাস্তায় রাস্তায় মানুষ খিদের জ্বালায় ছোটাছুটি করে। জিডিপি পার ক্যাপিটা ৩৪৮ মার্কিন ডলার। কিন্তু কিভাবে সষ্টি হ'ল এই পরিস্থিতি! ২০০৮ সালে সংঘটিত হয় দ্বিতীয় কঙ্গো যুদ্ধ। এযুদ্ধই দেশটির মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছে। আধুনিক আফ্রিকার ইতিহাসে সবচেয়ে ভয়াবহতম যুদ্ধের নাম দিতীয় কঙ্গো যুদ্ধ। যুদ্ধ যে কতটা রক্তাক্ত, কতটা বিধ্বংসী হ'তে পারে তার জুলন্ত দষ্টান্ত বয়ে বেডাচ্ছে এ যুদ্ধ। ভয়াবহতম এই যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করেছিল আফ্রিকার সাতিটি জাতি এবং সঙ্গে সমরাস্ত্রে সজ্জিত ২৫টি আর্মড গ্রুপ। গণতান্ত্রিক কঙ্গো প্রতিষ্ঠা বা খনিজ সম্পদের ওপর প্রভাব বিস্তারকে কেন্দ্র করে যদ্ধটি বাধে। স্বার্থের কাছে অন্ধ হয়ে ভাই ভাইয়ের রক্ত দিয়ে আনন্দ প্রকাশ করার এ ছিল এক নিকৃষ্ট উদাহরণ। এ যুদ্ধে কমপক্ষে ৫৪ লক্ষাধিক মানুষের মৃত্যু হয়। আর লাখ লাখ মানুষ নিজেদের সম্পদ ও ঘরবাড়ি ছেড়ে পার্শ্ববর্তী দেশগুলোতে উদ্বাস্ত হিসাবে আশ্রয় নেয়। এরপর থেকে চলমান এই পরিস্থিতি। আজও লাখ লাখ গহহীন মানুষ যেন প্রতিনিয়ত মত্যুর সাথে লডাই করে চলেছে। খাদ্যাভাব আর অপুষ্টিতে ভোগা নিরীহ মানুষগুলোকে দেখলে মনের অজান্তে যুদ্ধকে ধিক্কার জানাতে ইচ্ছা হবে।

ব্রিটেন একটি খ্রিষ্টান রাষ্ট্র

'ব্রিটেন একটি খ্রিস্টান রাষ্ট্র' এমন শিক্ষা দেবার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দিয়েছেন সেদেশের শিক্ষামন্ত্রী নিকি মরগান। ধর্মে বিশ্বাসী নয়, এমন প্রতিষ্ঠানগুলোর জন্যও একই নির্দেশনা প্রকাশ করে তিনি পরিষ্কার করে বলেছেন যে, ধর্মে অবিশ্বাসীদের মতাদর্শকে সমান মর্যাদা দেবার কোন প্রয়োজন নেই। শিক্ষামন্ত্রী উদ্বেগ প্রকাশ করে বলেন, মানবতাবাদীরা আদালতকে ব্যবহার করে যে শিক্ষা দিতে চাচ্ছেন. তাতে প্রাথমিক বিদ্যালয়গুলো শিক্ষার্থীদের নাস্তিক্যবাদ শেখাতে বাধ্য হবে। তাই নতুন নির্দেশনায় বলা হয়েছে, ধর্ম শিক্ষার ক্ষেত্রে ধর্মীয় ও ধর্ম বিরোধী শিক্ষার জন্য অথবা নাস্তিক্যবাদ শেখানোর জন্য সমান সময় দেবার কোন স্যোগ কোন শিক্ষা প্রতিষ্ঠানকে দেয়া হবে না। তবে তাদের মতামত অন্যান্য পাঠে পড়ানো যেতে পারে। এ निर्দেশनारक विधिশ হিউম্যানিস্ট অ্যাসোসিয়েশন সার্থক বলে অভিহিত করেছে। উল্লেখ্য, গণতন্ত্রের আতুড়ঘর হিসাবে পরিচিত এই দেশটিতে ৫৯.৪% খিষ্টান, ২৪.৭% নান্তিক এবং ৫% মুসলিমের বসবাস।

[একেই বলে 'ঠেলার নাম বাবাজী'। ধর্মনিরপেক্ষ বৃটেন এখন ধর্ম শিক্ষা দিতে বাধ্য হচ্ছে। এর মাধ্যমে বাংলাদেশ সহ মুসলিম দেশগুলি শিক্ষা হাছিল করলে দেশের মঙ্গল হবে (স.স.)]

যন্ত্র নয়, মানুষের লোভই মানবসভ্যতার ভয়ের কারণ

-স্টিফেন হকিং

যন্ত্র নর, মানুষের লোভই মানবসভ্যতার ভরের কারণ। এমনটাই মত প্রখ্যাত বিজ্ঞানী স্টিফেন হকিংরের। বিশ্বজুড়ে যন্ত্রসভ্যতার আগ্রাসনে মানবসভ্যতা কতটা সংকটে, কতখানি প্রভাবিত হ'তে চলেছে বিশ্বের অর্থনীতি- সেই প্রসঙ্গেই এ মন্তব্য বিশ্বখ্যাত এই বিজ্ঞানীর। তাঁর মতে, যান্ত্রিক সুবিধা যেমন মানুষকে দিয়েছে কাজ্ঞ্বিত গতি, তেমনই কমিয়ে দিয়েছে মানুষের মূল্যও। কেননা

বহু মানুষের কাজ একা যন্ত্র করে দিতে পারে। কিন্তু প্রশ্ন হ'ল সেই সম্পদের বণ্টন কিভাবে হচ্ছে? যদি সমভাবে বণ্টিত হয় তাহ'লে পৃথিবীর প্রত্যেক মানুষই যন্ত্রসভ্যতার আশীর্বাদ নিয়ে ভালোভাবে জীবন যাপন করতে সমর্থ হবে। কিন্তু মানুষের লোভ, অসাম্যের প্রতি মানুষের আকষর্ণ যদি না কমে, তবে শ্রমজীবী সম্প্রদায় কোনদিনই মূল্য পাবেন না। অর্থাৎ অর্থনৈতিক অবস্থানের ভিত্তিতে শ্রেণীবিভেদ আরও বাড়তে থাকবে। তাই যন্ত্র নয়, বরং মানবসভ্যতার ভয়ের কারণ হিসাবে মানুষের দিকেই আঙুল তুলেছেন বাক ও চলংশক্তিহীন এই বিজ্ঞানী।

[ধন্যবাদ এই নাস্তিক বিজ্ঞানীকে। তবে লোভ কিভাবে দূর হবে তা তিনি বলেননি। সেটার জন্য মানুষকে অবশ্যই পরকালে বিশ্বাসী হতে হবে। এজন্য আমরা হকিংকে মৃত্যুর আগে ইসলাম করুলের আহ্বান জানাচ্ছি (স.স.)]

২০১৫ সালে ২৩ হাযার বোমা ফেলেছে যুক্তরাষ্ট্র

২০১৫ সালের প্রথম দিন থেকে শেষ দিন পর্যন্ত যুক্তরাষ্ট্র মুসলিম প্রধান ইরাক, সিরিয়া, আফগানিস্তান, পাকিস্তান, ইয়ামন এবং সোমালিয়ায় ২৩ হাষার ১৪৪টি বোমা ফেলেছে। যুক্তরাষ্ট্রের বেসরকারী গবেষণা সংস্থা কাউন্সিল অব রিলেশনাস রেসিডেন্ট-এর গবেষণায় এ তথ্য উঠে এসেছে।

সবচেয়ে বেশী বোমা ফেলা হয়েছে আইএস অধ্যুষিত ইরাক ও সিরিয়ায়। ২২ হাযার ১১০টি বোমা ফেলা হয়েছে ইরাক ও সিরিয়ার বিস্তীর্ণ অঞ্চল জুড়ে। এরপরে আফগানিস্তানে ৯৪ ৭টি। পাকিস্তানে ১১টি, ইয়েমেনে ৫৮টি এবং সোমালিয়ায় ১৮টি বোমা ফেলা হয়েছে।

[এগুলি কথিত গণতান্ত্রিক বোমা। অতএব এতে মানুষ ও সম্পদ ধ্বংস হ'লেও কোন দোষ নেই। ধিক এইসব শান্তির মুখোশধারীদের (স.স.)]

গাদ্দাফী ছিলেন আফ্রিকার ত্রাতা

কঠোর শাসক গাদ্দাফীর বিরুদ্ধে দমন-পীড়নসহ কিছু কিছু অভিযোগ ছিল। কিন্তু এ কথাও সত্য যে, তার আমলে লিবিয়ায় স্থিতিশীলতা ছিল। ছিল কর্মসংস্থান। আফ্রিকা তো বটেই, এশিয়ার বিভিন্ন দেশের অভিবাসী শ্রমিকদের কাছে লিবিয়া ছিল লোভনীয় কর্মক্ষেত্র। দেশটিতে গিয়ে তারা বিপুল অর্থ আয় করেছে। জীবনমানের উনুয়ন করেছে। দারিদ্যের দুষ্টচক্র থেকে বেরিয়ে এসেছে। কিন্তু মু'আম্মার গাদ্দাফীর পতনের পর লিবিয়ায় শুরু হয় অস্থিরতা। হানাহানি ছড়িয়ে পড়ে সর্বত্র। চরম অরাজক পরিস্থিতিতে আফ্রিকার দেশ ঘানার অনেক প্রবাসী শ্রমিক লিবিয়া ছাড়তে বাধ্য হয়। একই সঙ্গে তাদের স্বপ্লেরও সমাপ্তি ঘটে। ঐ শ্রমিকদের কাছে গাদ্দাফী ছিলেন আফ্রিকার ত্রাতা। লিবিয়ার মত নেতার জন্য তাদের মন এখনো কাঁদে। সম্প্রতি বিবিসির এক প্রতিবেদনে এমনটিই উঠে এসেছে। ২০১১ সালের অক্টোবরে পশ্চিমাদের সহায়তায় লিবিয়ার চার দশকের শাসক গাদ্দাফীকে ক্ষমতাচ্যত ও নির্মমভাবে হত্যা করে দেশটির বিদোহীরা। তার পতনের সময় লিবিয়ার অধিবাসীরা ভেবেছিল, নির্দয় গাদ্দাফী উৎখাত ও নিহত হওয়ায় তাদের জীবনে নতুন অধ্যায়ের সূচনা হবে। কিন্তু তাদের সেই আশা দুরাশায় পরিণত হয়। সেখানে শুরু হয় সহিংসতা ও রাজনৈতিক সঙ্কট। গাদ্দাফীর আমলে তিন বছর লিবিয়ায় থাকা ঘানার অধিবাসী করীম মুহাম্মাদ (৪৫) তার অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে বলেন, লিবিয়ায় সবাই সুখী ছিল। আমেরিকার মতো দেশে মানুষ সেতুর নিচে ঘুমায়। কিন্তু লিবিয়ায় তেমনটা কখনো দেখিনি। সেখানে কোন বৈষম্য ছিল না. ছিল না কোন সমস্যা। ভালো কাজ ছিল, মানুষের হাতে অর্থ ছিল। কিন্তু বর্তমান পরিস্থিতির ভয়াবহতা নিয়ে নতুন করে কিছু বলার নেই।

[দাঁত থাকতে মানুষ দাঁতের মর্যাদা বুঝে না। আর অধিকাংশ মানুষ কখনোই তার প্রকৃত শক্রকে চিনতে পারে না, দূরদর্শী অল্প সংখ্যক মানুষ ব্যতীত (স.স.)]

মুসলিম জাহান

ঘাস ও লতা-পাতা খেয়ে বাঁচার চেষ্টা সিরিয়ার মানুষের!

অবরুদ্ধ ও যুদ্ধবিধ্বন্ত সিরিয়ার মানুষ ক্ষুধায় মৃত্যুবরণ করছে। রাজধানী দামেক্ষ থেকে ২৫ কিলোমিটার উত্তর-পশ্চিমের শহর মাদায়া। এই শহরের আবু আবদুর রহমান চারদিন ধরে কিছুখানি। ক্ষুধা ও দুর্বলতায় আবদুর রহমান ও তার পরিবারের লোকজন ঘরের মধ্যে নড়াচড়া করাই কমিয়ে দিয়েছেন। তাদের আশঙ্কা, যে শক্তি শরীরে অবশিষ্ট আছে নড়াচড়া করলে তাও শেষ হয়ে যাবে। তাদের মতে, শহরে জীবিত কোনও বিড়াল বা কুকুরও নেই। এমনকি যে ঘাস ও লতা-পাতা খেয়ে আমরা এতদিন ছিলাম তাও এখন আর সহজে পাওয়া যাচ্ছে না। শহরের বাসিন্দারা কাতার ভিত্তিক সংবাদমাধ্যম আল-জাষীরাকে এভাবেই তাদের খাদ্যাভাবের কথা বলেছেন। শহরটির এক বাসিন্দার মতে, অবরোধ আরোপের পর থেকে এ পর্যন্ত ক্ষুধা ও ঠাণ্ডায় অন্তত ৬০ জন মারা গেছে। সরকারী বাহিনী ও হিষবুল্লাহ গত জুলাই থেকে শহরটিতে অবরোধ করে রেখেছে। ফলে সেখানে খাদ্য, জ্বালানি ও চিকিৎসা সরঞ্জামের সরবরাহ নেই বললেই চলে।

শুধু মাদায়াই নয়, এমন নাজুক অবস্থার মধ্য দিয়ে দিন পার করছেন যাবাদানি, ইদলিবসহ আশপাশের প্রায় চার লাখ মানুষ। মানবাধিকার সংগঠনগুলো জানিয়েছে, নিত্যপণ্য সামগ্রীর অভাবে দুর্বিষহ জীবনযাপন করছেন অবরুদ্ধ সিরিয়ার লাখ লাখ মানুষ। জাতিসংঘের অধীনে অন্ত্রবিরতি চুক্তি হ'লেও এসব অঞ্চলে মানবিক পরিস্থিতির কোন উন্নতি হয়নি। ৫ বছর ধরে চলা সহিংসতায় দেশটিতে এ পর্যন্ত প্রায় আডাই লক্ষাধিক মানুষ মারা গেছে।

এবার শত শত মানুষের সামনে নিজের মাকে হত্যা করল আইএস চরমপন্থী

ববর্রতার সব সীমাই যেন অতিক্রম করল সশস্ত্র চরমপন্থী সংগঠন আইএস। এবার জনসমক্ষে নিজের মাকে হত্যা করেছে এক আইএস চরমপন্তী। আইএস ছাডতে বলায় নির্মমভাবে মাকে হত্যা করে আলী সাকার। সম্প্রতি আইএসের কথিত রাজধানী রাকায় এ হত্যাকাণ্ড ঘটে বলে যুক্তরাজ্যভিত্তিক দেশটির মানবাধিকার পর্যবেক্ষণ সংস্থা 'সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটসে'র বরাতে এ খবর আন্তর্জাতিক সংবাদমাধ্যমে ছড়িয়ে পড়ে। এসওএইচআর জানায়, ৪৫ বছর বয়সী ঐ মা তার সন্তানকে ভুলপথে চলার বিষয়ে সতর্ক করেন। তিনি সন্তানকে নিয়ে দেশ ছেডে যাওয়ার কথাও বলেন। কিন্তু ঐ পথভ্রম্ভ সন্তান তার মায়ের এ সতর্কতার খবর শীর্ষপর্যায়ে জানিয়ে দেয়। পরে তাকে আটক করে আইএস। অতঃপর বিচারে ঐ নারীকে অপরাধী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেয় আইএস। আর তাকে মারার জন্য তার সন্তানকেই দায়িত্ব দেয়া হয়। অতঃপর বর্বর আইএসের ঐ সদস্য ২১ বছরের আলী সাকার তার মা ৪৫ বছরের লিনা আল-কাসেমকে রাকার পোস্ট অফিসের কাছে কয়েকশ' মানুষের সামনে হত্যা করে। সংবাদমাধ্যম বলছে, শুধু ঐ দুর্ভাগা মাকৈ নয়, সিরিয়া ও ইরাকের বিশাল এলাকায় আইএস গত দৈড বছরে এভাবে অন্তত দুই হাযার মানুষকে প্রকাশ্যে আগুনে পুড়িয়ে, গলা কেটে অথবা পাথর মেরে হত্যা করেছে। যদিও তাদের নির্মূলে আন্তর্জাতিক সম্প্রদায়ের অভিযান অব্যাহত রয়েছে।

[আন্তর্জাতিক শক্র মিডিয়ার এসব খবর মিথ্যা হউক, এটাই আমরা কামনা করি। কিন্তু যদি সত্য হয়, তাহ'লে বলব, এরা ইসলামের সবচেয়ে বড় শক্র অথবা শক্রদের দোসর। অতএব হে মুসলিম! তোমরা সাবধান হও! (স.স.)]

বিজ্ঞান ও বিস্ময়

আসছে যাত্ৰীবাহী ড্ৰোন!

চীনের একটি প্রযুক্তি প্রতিষ্ঠান প্রথমবারের মত যাত্রীবাহী ড্রোন তৈরী করতে সক্ষম হয়েছে। '১৮৪' নামক একটি যাত্রীবাহী ডোনের প্রোটোটাইপটিকে বিশ্বের প্রথম যাত্রীবাহী ডোন বলে জানিয়েছে প্রযুক্তি প্রতিষ্ঠান ইহাং। চীনের বার্ষিক প্রযুক্তি কনভেনশনে ইহাংয়ের পক্ষ থেকে বলা হয়েছে, হেলিকপ্টার সদৃশ এক আসনবিশিষ্ট ঐ ডোনে যাত্রী ওঠার পর গন্তব্য ঠিক করে দিতে হবে। উড্ডয়ন আর অবতরণ ড্রোনটির এ দু'টি কাজ দু'টি বাটন দিয়ে নিয়ন্ত্রণ করবেন যাত্রী। বাকি সবই নিয়ন্ত্রণ করবে ড্রোনটির নিজস্ব সফটওয়্যার। এটি হেলিকপ্টারের মতো সোজাসজি উডবে আর অবতরণ করবে. এ কারণে এর কোন রানওয়ে প্রয়োজন হবে না। ঘণ্টায় সর্বোচ্চ ৬২ মাইল বেগে ছুটতে এবং ১১ হাযার ৪৮০ ফট পর্যন্ত ওপরে উঠতে সক্ষম ডোনটি। লম্বায় ১৮ ফট হ'লেও. এটি ভাঁজ করে পাঁচ ফটের মধ্যে নামিয়ে আনা সম্ভব। ফলে খব সহজেই গাড়ি রাখার পার্কিং স্পটেই এটি রাখা যাবে। যে কোন সমস্যা ন্যরে আসামাত্র ডোন্টি মাটিতে অবতরণ করবে। তাই গাড়ি চালানোর চেয়ে ড্রোনটি নিরাপদ হবে বলে আশা করছে নির্মাতা প্রতিষ্ঠানটি। ড্রোনগুলির দাম হবে দুই থেকে তিন লাখ ডলার।

চালক ছাড়াই চলবে গাড়ি

সড়ক দুর্ঘটনার জন্য সাধারণত চালকরাই দায়ী। তাই দুর্ঘটনা কমাতে চালকের পরিবর্তে অন্য একটি উপায় আবিষ্কার করেছে গুগল। প্রতিষ্ঠানটি এমন এক কম্পিউটার প্রোগ্রাম আবিষ্কার করেছে, যা মানুষের চেয়েও দক্ষভাবে গাড়ি গন্তব্যে নিয়ে যাবে এবং দুর্ঘটনাও কমাবে।

গুগলের নিজস্ব গবেষণায় দেখা গেছে, মানুষ চালিত গাড়ির চেয়ে ২৭ শতাংশ কম দুর্ঘটনার শিকার হয় গুগলের প্রোগ্রাম নিয়ন্ত্রিত চালকবিহীন গাড়ি। গবেষণায় আরও দেখা যায়, প্রোগ্রাম নিয়ন্ত্রিত গাড়িটিতে যান্ত্রিক গোলযোগ দেখা দেয়ার পরও দুর্ঘটনা ঘটেনি। গতানুগতিক গাড়িগুলো প্রতি দশ লক্ষ মাইলে ৪.২টি দুর্ঘটনার শিকার হয়েছে, সেখানে চালকবিহীন গাড়ি হয়েছে ৩.২টি'র। শুধু নিয়ন্ত্রিত পরিবেশে নয়, আমেরিকার ব্যক্ততম শহরের রাস্তায়ও এ পরীক্ষা চালানো হয়। এই সাফল্য ইঙ্গিত বহন করছে যে, ভবিষ্যতের চালকবিহীন গাড়ির যুগ খুব দূরে নয়। মানুষ শুধু কমাও করবে আর চালকবিহীন গাড়ি তাকে গস্তব্যে পৌঁছে দেবে।

ভাঁজ করে রাখা যাবে যে টেলিভিশন

টেলিভিশন দেখা শেষ হওয়ার পর সেটা ভাঁজ করে বা গোল পাকিয়ে রেখে দিলেন এক পাশে। শুনতে কল্পকাহিনী মনে হ'লেও বাস্তবে এই প্রযুক্তি এখন নাগালের মধ্যেই। এরকম এক টেলিভিশন ইতিমধ্যে পরীক্ষামূলকভাবে তৈরী করেছে নির্মাতা প্রতিষ্ঠান এলজি। তাদের তৈরি ১৮ ইঞ্চি সাইজের এই টেলিভিশনের ডিসপ্লে এইচডি মানের। তবে এখন ৫৫ ইঞ্চি সাইজের এরকম টেলিভিশন তৈরীর পরিকল্পনা করছে। এই ক্ষীন হবে ফোর-কে মানের, অর্থাৎ এইচডি-র চেয়েও চারগুণ উন্নত। এলজি বলছে, ইচ্ছেমাফিক ডিসপ্লে তৈরীতে খুব কাজে লাগবে এই ক্ষীন। বিশেষ করে যারা ঘরে বা দোকানে এর জন্য কোন জায়গা বরাদ্দ রাখতে চান না।

সংগঠন সংবাদ

আন্দোলন

সুধী সমাবেশ

রংপুর ১৫ই জানুয়ারী শুক্রবার : অদ্য বাদ মাগরিব রংপুর শহরের সেন্ট্রাল রোডস্থ 'কুরআন লার্নিং সেন্টার' মিলনায়তনে 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' রংপুর যেলার উদ্যোগে এক 'সুধী সমাবেশ' অনুষ্ঠিত হয়। মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব লালমণিরহাটের সদ্যস্বাধীন ছিটমহল সমূহে শীতবস্ত্র বিতরণের উদ্দেশ্যে যাওয়ার পথে রাত ৯-৩৮মিনিটে রংপুর পৌছে সরাসরি উক্ত সুধী সমাবেশে যোগদান করেন। অতঃপর প্রধান অতিথির ভাষণে তিনি বলেন.

'আহলেহাদীছ আন্দোলন' পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে জীবন গড়ার আন্দোলন। এ আন্দোলন প্রচলিত অর্থে কোন গোষ্ঠীগত আন্দোলন নয়। প্রচলিত শৈথিল্যবাদ ও চরমপন্থী মতবাদ সমূহের বিপরীতে এ আন্দোলন সর্বদা মধ্যপন্থী আদর্শের অনুসারী। ধর্ম-বর্ণ নির্বিশেষে যিনিই সার্বিক জীবনে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের অনুসারী হবেন, তিনিই 'আহলেহাদীছ' হিসাবে অভিহিত হবেন। এটি তার বৈশিষ্ট্যগত নাম। এটিই হ'ল 'ফিরক্বা নাজিয়াহ'। এ পথেই রয়েছে ইহকালীন মঙ্গল ও পরকালীন মুক্তি। তিনি সকলকে বিশেষ করে তরুণদেরকে চাকচিক্য সর্বস্ব শ্লোগান সমূহে বিদ্রান্ত না হয়ে আহলেহাদীছ আন্দোলনে শরীক হওয়ার আহ্বান জানান।

বেলা 'আন্দোলন'-এর সভাপতি মাস্টার খায়রুল আ্যাদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য পেশ করেন 'আন্দোলন'-এর কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক ড. মুহাম্মাদ কাবীরুল ইসলাম, যেলা 'যুবসংঘ'-এর সাধারণ সম্পাদক আদনান, দিনাজপুরের পার্বতীপুর থানার বছিরবনিয়া শাখা 'যুবসংঘ'-এর সভাপতি হাফিয় আল-আসাদ ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শাখা 'যুবসংঘ'-এর আহ্বায়ক কাষী আরমান হোসায়েন প্রমুখ।

সেমিনার শেষে আমীরে জামা আত স্থানীয় হারাগাছ ক্লিনিকের মালিক ডাঃ শাহজাহানের আমন্ত্রণে তাঁর ধাপ মেডিকেল মোড়স্থ বাসায় যান এবং তার আতিথেয়তা গ্রহণ করেন। অতঃপর সেখান থেকে ফিরে তিনি সেন্ট্রাল রোডে কেন্দ্রীয় আহলেহাদীছ জামে মসজিদের সম্মুখস্থ আদনানদের বাসায় রাত্রি যাপন করেন। অতঃপর উক্ত জামে মসজিদে ফজরের ছালাত আদায় করেন এবং ছালাত শেষে সংক্ষিপ্ত দরস প্রদান করেন। অতঃপর সকাল ৬-টা ৪০ মিনিটে সফরসঙ্গীদের নিয়ে লালমণিরহাটের উদ্দেশ্যে রওয়ানা হয়ে যান।

ছিটমহলের শীতার্ত মানুষের পাশে আমীরে জামা'আত জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে আর্তমানবতার সেবায় এগিয়ে আসুন! -মুহতারাম আমীরে জামা'আত

পাটথাম, লালমণিরহাট ১৬ই জানুয়ারী শনিবার : অদ্য সকাল পৌনে ১১-টায় লালমণিরহাট যেলার পাটথাম থানাধীন বুড়িমারী ইউনিয়নের মুহাম্মাদীপাড়া আহলেহাদীছ জামে মসজিদ প্রাঙ্গণে শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ কালে মুহতারাম আমীরে জামা আত প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব উপরোক্ত কথা বলেন। তিনি আরও বলেন. ১৯৭৮ সালে 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' প্রতিষ্ঠার পর থেকেই ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল দুস্থ মানুষের নিকটে আমরা সাধ্যমত সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছি। সেই সাথে তাদেরকে ইহকালীন মঙ্গল ও পরকালীন শান্তির জন্য পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে জীবন গড়ার আহ্বান জানিয়েছি। তিনি সকলকে আল্লাহ্র বিধান মেনে দেশের সুনাগরিক হওয়ার আহ্বান জানান।

'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' লালমণিরহাট যেলা সভাপতি মাওলানা শহীদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে যেলা 'আন্দোলন' ও 'যুব সংঘে'র নেতৃবৃন্দ ছাড়াও উপস্থিত ছিলেন 'আন্দোলন'-এর কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক ড. মুহাম্মাদ কাবীরুল ইসলাম, বগুড়া যেলা 'আন্দোলন'-এর সভাপতি মুহাম্মাদ আব্দুর রহীম, জয়পুরহাট যেলা সভাপতি মুহাম্মাদ মাহফ্যুর রহমান, রংপুর যেলা সভাপতি মাস্টার খায়রুল আযাদ, রাজশাহী মহানগর 'আন্দোলন'-এর সাধারণ সম্পাদক অধ্যাপক মুবীনুল ইসলাম, গাইবান্ধা-পশ্চিম যেলার সাংগঠনিক সম্পাদক আলতামাসুল ইসলাম, 'আহলেহাদীছ যুবসংঘ'-এর কেন্দ্রীয় কাউন্সিল সদস্য ও 'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ'-এর গবেষণা সহকারী আহমাদ আব্দুল্লাহ নাজীব, রাজশাহী বিশ্ববিদ্যালয় 'যুবসংঘ'-এর সাধারণ সম্পাদক ইহসান এলাহী যহীর ও আহলেহাদীছ যুবসংঘের 'কর্মী' আব্দুল্লাহ আল-মামূন।

এছাড়াও ছিলেন পাটগ্রাম থানা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্জ আনোয়ারলল ইসলাম (৬১), শ্রীরামপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব মূসা আলী (৫০), অধ্যাপক রেযাউল করীম প্রধান ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।

শীতবস্ত্র বিতরণ :

এখানে ১৩ নং ছিট খড়খড়িয়া, ১৪ নং ছিট লথামারী মুহাম্মাদীপাড়া, ১৫নং ছিট খাড়খড়িয়া রহমতপুর, ২০নং ছিট ডাঙ্গিরপাড়া লথামারী প্রভৃতি এলাকার শীতার্ত অসহায় দুস্থ মানুষের মাঝে উন্নত মানের 'কম্বল' সমূহ বিতরণ করেন মুহতারাম আমীরে জামা'আত ও তাঁর সাথীবৃন্দ। অতঃপর স্থানীয় দায়িত্বশীলদের নিকট 'সুয়েটার' সমূহ রেখে আসেন, যাতে তারা ১৩টি ছিটমহলের হকদার ভাই-বোনদের তালিকা করে তাদের হাতে সেগুলি দ্রুত প্রৌছে দেন।

অনুষ্ঠান শেষে তিনি উফারমারা গ্রামের ১০৫ বছরের বৃদ্ধ বাবুর উদ্দীনকে ২০০০/= টাকা নগদ অনুদান প্রদান করেন এবং জানুয়ারী'১৬ থেকে ঐ পরিমাণ টাকা তাকে প্রতিমাসে অনুদান প্রদান করবেন বলে জানান। উল্লেখ্য যে, উক্ত বৃদ্ধ হুইল চেয়ারে চলাফেরা করেন। ১১ বছরের পুত্র আব্দুর রউফ তাকে নিয়ে বাড়ী বাড়ী ভিক্ষা করে। বৃদ্ধের স্ত্রী পার্গালিনী এবং কনিষ্ঠ পুত্র আব্দুল মালেকের বয়স মাত্র ৯ বছর। আমীরে জামা'আত তাদেরকে অবশ্যই নিকটস্থ স্কুল বা মাদরাসায় ভর্তি হওয়ার পরামর্শ দেন। অতঃপর এই দুস্থ পরিবারকে সাহায্য করার জন্য তিনি স্থানীয় নেতৃবৃদ্দের দৃষ্টি আকর্ষণ করেন এবং তাদের জন্য সরকারী ভাতার ব্যবস্থা করার অনুরোধ করেন। নেতৃবৃদ্দ স্বতঃক্ষুর্ভভাবে তাতে সাড়া দেন এবং এ সপ্তাহের মধ্যেই একটা ব্যবস্থা করবেন বলে আশ্বাস দেন।

জমি দান:

মুহাম্মাদীপাড়া আহলেহাদীছ জামে মসজিদের মুতাওয়াল্লী জনাব আসাদুয্যামান ও তার বড় ভাই যাফিয়ার রহমান (দুলাল) আমীরে জামা'আতকে সাথে নিয়ে পার্শ্ববর্তী রাস্তার ধারে খোলামেলা স্থানে প্রায় ২ বিঘা জমির একটি প্লট দেখান। যেখানে তাঁরা একটি মসজিদ ও মাদরাসা করতে চান এবং এ ব্যাপারে আমীরে জামা'আতের সহযোগিতা কামনা করেন। আমীরে জামা'আত তাদের আহ্বানে সাড়া দেন এবং সাধ্যমত চেষ্টা করবেন বলে আশ্বস্ত করেন।

দহগ্রাম রওয়ানা ও শীতবস্ত্র বিতরণ :

অতঃপর মুতাওয়াল্লীর বাড়ীতে দুপুরের আতিথেয়তা গ্রহণ শেষে আমীরে জামা'আত দহগ্রাম-আঙ্গরপোতার উদ্দেশ্যে রওয়ানা হন। অতঃপর তিন বিঘা করিডোর অতিক্রম করে সরাসরি ৯ কি.মি. দূরে আঙ্গরপোতা সীমান্তে বিজিবি ফাঁড়ি পর্যন্ত চলে যান। ফেরার পথে বঙ্গেরবাড়ী স্কুল মাঠ পরিদর্শন করেন। যেখানে মাননীয় প্রধানমন্ত্রী ছিটমহল বিনিময় চুক্তি শেষে আগমন করেছিলেন। অতঃপর বিকাল ৩-২০ মিনিটে দহগ্রাম গুচ্ছ্গ্রামে শীতবস্ত্র বিতরণ করেন। এই সময় তাঁর সাথে লালমণিরহাট যেলা 'আন্দোলন'-এর দায়িতুশীলবৃন্দ ছাড়াও ছিলেন পাটগ্রাম মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক জনাব রেযাউল করীম প্রধান ও স্থানীয় নেতবন্দ।

এখানে মুহতারাম আমীরে জামা'আত উপস্থিত জনগণের উদ্দেশ্যে সংক্ষিপ্ত ভাষণে বলেন, আপনারা সর্বাবস্থায় আল্লাহ্র উপরে ভরসা করুন। কুরআন ও হাদীছ মেনে জীবন যাপন করুন। সবকিছুর বিনিময়ে পরকালীন পাথেয় হাছিলে সচেষ্ট থাকুন। 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' সর্বদা আপনাদের পাশে থাকবে ইনশাআল্লাহ।

মেহের আলীর সাথে পরিচয়:

এখানে মুহতারাম আমীরে জামা'আত ১৪৫ বছরের বৃদ্ধ মেহের আলীর সাথে পরিচিত হন। ৮৭ বছর বয়সী তার ছোট ভাই বলেন, আমরা জন্মগতভাবেই 'আহলেহাদীছ'। আমীরে জামা'আত তাদেরকে ২০ কপি 'ছালাতুর রাসূল (ছাঃ)' বিতরণের জন্য উপহার দেন।

কুলাঘাট রওয়ানা :

দহথাম থেকে বিকাল ৩-৫০ মিনিটে মুহতারাম আমীরে জামা'আত লালমণিরহাট সদর থানার অন্তর্ভুক্ত কুলাঘাট ইউনিয়নের বাঁশপেচাই ও ভেতরকুটি ছিটমহলে শীতবস্ত্র বিতরণের উদ্দেশ্যে রওয়ানা হন। পথিমধ্যে তিনি ১৯৯৭ সালে তাঁর মাধ্যমে প্রতিষ্ঠিত কাকিনার বাজার আহলেহাদীছ জামে মসজিদে মাগরিব ও এশার ছালাত জমা ও কুছর করেন। অতঃপর সন্ধ্যা ৭-টায় তিনি লালমণিরহাট শহরে পৌছেন। কিন্তু আমীরে জাাম'আতের নিরাপত্তার অজুহাত দেখিয়ে লালমণিরহাট পুলিশ প্রশাসন তাঁকে ফিরে যেতে অনুরোধ করে। ফলে তিনি রাত সাড়ে ৭-টায় লালমণিরহাট শহর থেকে রাজশাহীর উদ্দেশ্যে ফেরৎ রওয়ানা হন।

ইতিপূর্বেই সেখানে বিতরণের জন্য কম্বল ও সোয়েটার সহ শীতবস্ত্র সমূহ পৌছানো হয়েছিল। ফলে তিনি লালমণিরহাট যেলা সংগঠনকে সেগুলি উপস্থিত হকদারগণের মধ্যে বিতরণের নির্দেশ দেন এবং সকলকে সালাম পাঠান। রাতেই বেশী অংশ বিতরণ করা হয়। প্রদিন বাকী অংশ প্রদান করা হয়।

ফেরার পথে গোবিন্দগঞ্জ ও বগুড়ায় সফরসঙ্গী তিনজনকে নামিয়ে দেন এবং নওগাঁ হয়ে রাত ২-টায় রাজশাহী মারকাযে পৌঁছে যান। ফালিল্লাহিল হামদ।

ছিটমহল সমূহে আহলেহাদীছের অবস্থান:

প্রায় সকল ছিটমহলেই অল্প বিস্তর 'আহলেহাদীছ' রয়েছেন। তবে উপরে বর্ণিত ১৩টি ছিটমহলে আহলেহাদীছের জামে মসজিদ সমূহ রয়েছে। বিশ্ময়কর বিষয় এই যে, বুড়িমারী ইউনিয়নের উফারমারা প্রামের ১০৫ বছরের বৃদ্ধ বাবুরুদ্দীন, পিতা : মৃত- বাহুই মুহাম্মাদ একজন জন্মগত 'আহলেহাদীছ'। একইভাবে দহগ্রাম ইউনিয়নের শুচ্ছ গ্রামের ১৪৫ বছরের বৃদ্ধ মেহের আলী একজন জন্মগত 'আহলেহাদীছ'। এতেই বুঝা যায় যে, ছিটমহলগুলোতে বহু পূর্ব থেকেই আহলেহাদীছের বসবাস রয়েছে।

আহলেহাদীছ জামে মসজিদ সমূহ:

লালমণিরহাট যেলার পাট্গ্রাম উপযেলাধীন ছিটমহল সমূহে আহলেহাদীছ জামে মসজিদ-এর সংখ্যা মোট ১৩টি।

(১) বুড়িমারী ইউনিয়ন, ১৪নং কারীবাড়ী ছিটমহল, মুহামাদী পাড়ায় ২টি। (২) শ্রীরামপুর ইউনিয়ন, ১৮নং ছিটমহল, সালাফীপাড়ায় ১টি। (৩) উক্ত ইউনিয়নের ইসলামপুর ডাঙ্গিরপাড়া ২০নং লথামারী ছিটমহল, ১টি। (৪) পাটগ্রাম ইউনিয়ন, বেংকান্দা হানীফার বাড়ী ছিটমহল, ১টি। (৫) ঐ, মুছল্লিটারী ৩১নং ছিটমহল, ২টি। (৬) ঐ, বাংলাবাড়ী ছিটমহল, ১টি। (৭) কুচলিবাড়ী ইউনিয়ন, পানবাড়ী (পাবনা পাড়া), ১টি। (৮) দহগ্রাম ইউনিয়ন, গুচহ্গ্রাম ছিটমহল, ১টি। (৯) ঐ, সরদার পাড়া ছিটমহল, ১টি। (১০) বাউরা ইউনিয়ন, চৌদ্দবাড়ী ছিটমহল, ১টি। (১১) জোংডা ইউনিয়ন, সরকারের হাট ছিটমহল, ১টি।

১৯৪৭ সালে স্বাধীন পাকিস্তানের অঙ্গীভূত হওয়া সত্ত্বেও বিগত ৬৮বছর এই ছিটমহলগুলি ভারতের আওতাধীন ছিল। চুরি-ডাকাতি ও অত্যাচার-নির্যাতন এদের নিত্য সঙ্গী ছিল। ১৯৭৪ সালে মুজিব-ইন্দিরা চুক্তির পর বাংলাদেশের বেরুবাড়ী ইউনিয়ন ভারতকে দিয়ে দেওয়া হ'লেও তার বিনিময়ে ভারতের তিন বিঘা করিডোর বাংলাদেশকে দেওয়া হয়ন। বিগত চারদলীয় জোট সরকারের আমলে প্রথমে ১ঘণ্টা করে, পরে ৬ঘণ্টা করে করিডোর খুলে দেওয়া হ'ত। বর্তমান সরকারের আমলে গত ৩১শে জুলাই'১৫ শুক্রবার এক চুক্তি বলে ভারত এটি ২৪ঘণ্টা উন্মুক্ত করে দিতে সম্মত হয়। সেই সাথে ভারতের অভ্যন্তরে থাকা বাংলাদেশের ১১১টি এবং বাংলাদেশের অভ্যন্তরে থাকা ভারতের ৫১টি ছিটমহলের অধিবাসীদেরকে ভারত বা বাংলাদেশের যেকোন একটির নাগরিকত্ব বেছে নেওয়ার সুযোগ দেওয়া হয়। সেই সাথে মুক্ত হয় ১৬২টি ছিটমহলের ৫২ হাযার বন্দী মানুষ। ফালিল্লাহিল হামদ।

ভারতের অভ্যন্তরে থাকা বাংলাদেশের ১১১টি ছিটমহলের মধ্যে ৫৯টি লালমণিরহাটে, ৩৬টি পঞ্চগড়ে, ১২টি কুড়িগ্রামে ও ৪টি নীলফামারীতে। যেগুলির অবস্থান ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের কুচবিহারে ৪৭টি এবং জলপাইগুড়িতে ৪টি। যেখানকার মোট জনসংখ্যা ৪৪ হাযার।

তাবলীগী সভা

দামুড়্ছদা, চুয়াডাঙ্গা ২৫শে ডিসেম্বর শুক্রবার : অদ্য বাদ মাগরিব 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' চুয়াডাঙ্গা যেলার উদ্যোগে যেলার দামুড়হুদা দশমী গোরস্থান সংলগ্ন জামে মসজিদে এক মাসিক তাবলীগী ইজতেমা অনুষ্ঠিত হয়। যেলা 'আন্দোলন'-এর সভাপতি জনাব মুহাম্মাদ সাঈদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত তাবলীগী ইজতেমায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত 'আন্দোলন'-এর কেন্দ্রীয় সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক

অধ্যাপক দুররুল হুদা। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যেলা 'আন্দোলন'-এর প্রচার সম্পাদক হাফেয কামারুয্যামান। অনুষ্ঠানে সঞ্চালক ছিলেন যেলা 'আন্দোলন'-এর সহ-সভাপতি মুহাম্মাদ রোকনুদ্দীন।

ফতেহপুর, ঝিকরগাছা, যশোর হেই জানুয়ারী: অদ্য বাদ মাগরিব যশোর যেলার ঝিকরগাছা থানাধীন ফতেহপুর বাজার আহলেহাদীছ জামে মসজিদে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' ঝিকরগাছা উপযেলার উদ্যোগে এক তাবলীগী সভা অনুষ্ঠিত হয়। উপযেলা 'আন্দোলন'-এর সভাপতি মাওলানা মুনীরুষ্যামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত তাবলীগী সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'আন্দোলন'-এর কেন্দ্রীয় সেক্রেটারী জেনারেল অধ্যাপক মাওলানা নূরুল ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য পেশ করেন যেলা 'আন্দোলন'-এর সাধারণ সম্পাদক অধ্যাপক আকবার হোসাইন, 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ'-এর সাবেক কেন্দ্রীয় সাহিত্য ও পাঠাগার সম্পাদক মুহাম্মাদ হারনুর রশীদ ও 'আন্দোলন'-এর সুধী মাস্টার মহব্বতুল্লাহ প্রমুখ।

মারকায সংবাদ

(১) আল-মারকাযুল ইসলামী আস-সালাফী কমপ্লেক্স:

জুনিয়র দাখিল পরীক্ষা (জেডিসি) : ২০১৫ সালের জুনিয়র দাখিল পরীক্ষায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে আল-মারকাযুল ইসলামী আস-সালাফী, নওদাপাড়া, রাজশাহীর বালক ও বালিকা শাখা মিলে ৬৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে এবারও শতভাগ পাস করে। তন্মধ্যে বালক শাখার ৩৫ জনের মধ্যে ২৬ জন জিপি ৫ (A+) ও ৯ জন জিপিএ ৪ (A) পেয়ে উত্তীর্ণ হয়েছে। বালিকা শাখা থেকে ৩২ জনের মধ্যে ৮ জন জিপিএ ৫ (A+) ও ২৪ জন জিপিএ ৪ (A) পেয়ে উত্তীর্ণ হয়েছে। উল্লেখ্য যে, তাদের মধ্যে ১৩ ছাত্র গোল্ডেন জিপিএ ৫ পেয়েছে।

ইবতেদায়ী সমাপনী পরীক্ষা: ২০১৫ সালের ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় আল-মারকাযুল ইসলামী আস-সালাফীর বালক ও বালিকা শাখা মিলে ৮৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে এবারও শতভাগ পাস করে। তন্মধ্যে বালক শাখার ৫৭ জনের মধ্যে ১৯ জন জিপিএ ৫ (A+), ৩২ জন জিপিএ ৪ (A) ও ৬ জন জিপিএ ৩.৫০ (A-) পেয়ে উত্তীর্ণ হয়েছে। অত্র মাদরাসার বালিকা শাখা থেকে ২৭ জনের মধ্যে ৫ জন জিপিএ ৫ (A+), ২০ জন জিপিএ ৪ (A) ও ২ জন জিপিএ ৩.৫০ (A-) পেয়ে উত্তীর্ণ হয়েছে।

(২) দারুল হাদীছ আহমাদিয়া সালাফিইয়াহ, বাঁকাল, সাতক্ষীরা :

অত্র মাদরাসা থেকে ২০১৫ সালের জুনিয়র দাখিল পরীক্ষায় ১৮ জন ছাত্র অংশগ্রহণ করে। তাদের মধ্যে ৯ জন জিপিএ ৪ (A), ৫ জন জিপিএ ৩.৫০ (A-) এবং ২ জন জিপিএ ৩.০০ (B) পেয়ে উত্তীর্ণ হয়েছে।

একই বছরের ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় ৩৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। তন্মধ্যে ১২ জন জিপিএ ৪ (A), ১২ জন জিপিএ ৩.৫০ (A-), ৩ জন জিপিএ ৩.০০ (B) এবং ৬ জন জিপিএ ২.০০ (C) পেয়ে উত্তীর্ণ হয়েছে। পাশের হার শতভাগ।

(৩) আল-মারকাযুল ইসলামী ও ইয়াতীমখানা, কালদিয়া, বাগেরহাট :

অত্র মাদরাসা থেকে ২০১৫ সালের ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় ২ জন ছাত্র অংশগ্রহণ করে। তাদের মধ্যে ১ জন জিপিএ ৩.৫০ (A-) এবং দুই জন জিপিএ ৩.০০ (B) পেয়ে উত্তীর্ণ হয়েছে। (8) মাদরাসাতৃল হাদীছ আস-সালাফিইয়াহ, সাবগ্রাম, বগুড়া : অত্র মাদরাসা থেকে ২০১৫ সালের জুনিয়র দাখিল পরীক্ষায় ৬ জন ছাত্র অংশগ্রহণ করে। তাদের মধ্যে ২ জন গোল্ডেন জিপিএ ৫

একই বছরের ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় ২৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। তন্যুধ্যে ৫ জন জিপিএ-৫ (A+) এবং ১৯ জন জিপিএ-৪ (A) পেয়ে উত্তীর্ণ হয়েছে।

(A+) এবং ৪ জন জিপিএ ৪ (A) পেয়ে উত্তীর্ণ হয়েছে।

মৃত্যু সংবাদ

(১) মুহতারাম আমীরে জামা'আতের আপন ছোট ভগ্নিপতি, 'আন্দোলন'-এর সাধারণ পরিষদ সদস্য, দারুলহাদীছ আহমাদিয়া সালাফিইয়াহ, বাঁকাল মাদ্রাসার সাবেক হিসাবরক্ষক, অবসরপ্রাপ্ত সমবায় কর্মকর্তা মুহাম্মাদ লুৎফর রহমান (৭২) গত ২৮শে ডিসেম্বর সোমবার আনুমানিক বিকাল ৫-টায় খুলনায় তাঁর আত্মীয়ের বাড়িতে বেড়াতে গিয়ে লিফট দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন। (ইনা লিল্লা-হি ওয়া ইনা ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ পুত্র ও ২ কন্যা রেখে যান। পরের দিন মঙ্গলবার দুপুর ২-টায় সাতক্ষীরা যেলা শহরের কাটিয়া সরকারপাড়ায় নিজ বাড়ী সংলগ্ন মাঠে তাঁর জানাযার ছালাত অনুষ্ঠিত হয়। জানাযায় ইমামতি করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব। অতঃপর তাঁকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

উক্ত জানাযায় আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ, সাতক্ষীরা যেলার বিপুল সংখ্যক নেতাকর্মী ছাড়াও সাবেক মন্ত্রী ডাঃ আফতাবুজ্জামান, প্রবীণ আইনজীবী এ.কে.এম. শহীদুল্লাহ, সাতক্ষীরা যেলা জাতীয় পার্টির সভাপতি শেখ আযহার হোসেন, সাতক্ষীরা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এম. ক্বামারুষ্যামান, দফতর সম্পাদক শেখ ফরীদ আহমাদ ময়না সহ অগণিত মুছল্লী অংশ গ্রহণ করেন।

(২) খ্যাতনামা বাগ্মী ও মুনাযির খুলনার মাওলানা আব্দুর রউফ (৭৩) গত ৭ই জানুয়ারী বৃহস্পতিবার ভোর ৪-টায় খুলনার খালিশপুরস্থ নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন। (ইন্না লিল্লা-হি ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তিনি ২ ব্রী ও ৪ পুত্র সন্তান রেখে যান। ঐদিন বিকাল ৪-৪০মিনিটে খালিশপুর স্যাটেলাইট স্কুল ময়দানে তার জানাযার ছালাত অনুষ্ঠিত হয়। জানাযায় ইমামতি করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ড. মুহামাদ আসাদুল্লাহ আল-গালিব। অতঃপর তাকে গোয়ালখালী কবরস্থানে দাফন করা হয়।

উল্লেখ্য যে, মাত্র এক সপ্তাহ পূর্বে ৩১শে ডিসেম্বর'১৫ বৃহস্পতিবার মুহতারাম আমীরে জামা'আত এম-৪৮ খালিশপুর হাউজিং এস্টেট- এর বাসায় গিয়ে তাঁর সাথে সাক্ষাৎ করে আসেন। এ সময় তাঁর সাথে ছিলেন তাঁর দ্বিতীয় পুত্র আহমাদ আব্দুল্লাহ নাজীব ও কনিষ্ঠ পুত্র হাফেয আহমাদ আব্দুল্লাহ শাকির এবং ভাগিনা ছদরুল আনাম।

ভোরে মৃত্যু সংবাদ শুনে আমীরে জামা'আত প্রশিক্ষণ সম্পাদক ড. কাবীরুল ইসলাম ও রাবি শাখা 'আহলেহাদীছ যুবসংঘে'র সাধারণ সম্পাদক ইহসান এলাহী যহীরকে সাথে নিয়ে মারকায থেকে রওয়ানা হন। অতঃপর সকাল ৬.৫০-এর ট্রেন ধরে দুপুর দেড়টায় খুলনা পৌছেন। সেখানে তাঁদেরকে অভ্যর্থনা জানান 'আন্দোলন'- এর কেন্দ্রীয় সমাজকল্যাণ সম্পাদক জনাব গোলাম মোক্তাদির,

খুলনা যেলা সভাপতি মাওলানা জাহান্সীর আলম, সহ-সভাপতি জনাব মুহাম্মাদ আলী, সাধারণ সম্পাদক মুখ্যাম্মিল হক, যেলা 'যুবসংঘ'-এর সভাপতি মুহাম্মাদ শু'আইব প্রমুখ দায়িত্বশীলবৃন্দ। সেখান থেকে মাইক্রো যোগে তিনি কেন্দ্রীয় শূরা সদস্য কাষী হারূনুর রশীদ-এর খালিশপুরস্থ বাসভবনে গমন করেন। এখানে যোহর ও আছর ছালাতান্তে কিছুক্ষণ বিশ্রামের পর তিনি মাওলানা আন্দুর রউফ-এর জানাযায় অংশ গ্রহণ করেন।

জানাযায় অন্যান্যের মধ্যে ছিলেন 'আন্দোলন'-এর কেন্দ্রীয় সমাজকল্যাণ সম্পাদক গোলাম মোক্তাদির, প্রশিক্ষণ সম্পাদক ড. মুহাম্মাদ কাবীরুল ইসলাম, কেন্দ্রীয় শুরা সদস্য অধ্যাপক শেখ রফীকল ইসলাম, মাওলানা আলতাফ হোসায়েন ও কাষী হারূনুর রশীদ, রাজশাহী বিশ্ববিদ্যালয় 'আহলেহাদীছ যুবসংঘ'-এর সাধারণ সম্পাদক ইহসান এলাহী যহীর, খুলনা যেলা 'আন্দোলন'-এর সভাপতি মাওলানা জাহাঙ্গীর আলম, সহ-সভাপতি জনাব মহাম্মাদ আলী, যেলা 'যুবসংঘ'-এর সভাপতি মুহাম্মাদ শু'আইবসহ 'আন্দোলন' ও 'যুবসংঘে'র বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীলবৃন্দ এবং প্রাক্তন সংসদ সদস্য কাষী সেকান্দার আলী ডালিম সহ স্থানীয় মসজিদসমূহের ইমাম ও মুছল্লীবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। যেলা সভাপতি আব্দুল মান্নান সহ সাতক্ষীরা থেকে 'আহলেহাদীছ আন্দোলন'-এর নেতা-কর্মীগণ একটি রিজার্ভ বাস যোগে জানাযায় অংশ গ্রহণ করেন। এছাডা পার্শ্ববর্তী বাগেরহাট যেলা সভাপতি সরদার আশরাফ হোসাইন ও সহ-সভাপতি মাওলানা আহমাদ আলী এবং যশোর যেলা সেক্রেটারী অধ্যাপক আকবর হোসাইন ও অর্থ সম্পাদক জনাব আব্দল আযীয় সহ বিভিন্ন এলাকা থেকে আগত 'আন্দোলন' ও 'যুবসংঘে'র কর্মী ও দায়িতৃশীলবৃন্দ জানাযায় যোগদান করেন। এছাডাও ছিলেন খলনার মাওলানা আযীয়র রহমান ছিদ্দীকী, মাওলানা আব্দুস সাত্তার, তেরখাদার মাওলানা সেকেলুদ্দীন ও অন্যান্য ওলামায়ে কেরাম।

মাওলানা আব্দুর রউফ পিরোজপুর যেলার নাযীরপুর থানাধীন চৌঠাইমহল গ্রামে আনুমানিক ১৯৪২ সালে জন্মগ্রহণ করেন। তিনি গোপালগঞ্জ যেলার টুঙ্গিপাড়া থানাধীন গওহরডাঙ্গা শামসুল উলূম মাদরাসা থেকে দাওরায়ে হাদীছ পাশ করেন। তাঁর পিতা প্রখ্যাত আলেম মাওলানা আব্দুল আযীয় ছিলেন উক্ত মাদরাসার প্রিঙ্গিপ্যাল। অতঃপর তিনি পাকিস্তানের করাটাতে লেখাপড়া করেন। প্রত্যক্ষ সাক্ষী ও প্রতিবেশী নতুন আহলেহাদীছ কাষী হারনুর রশীদের ভাষ্য মতে, বিগত ১৯৮২ সালের মাঝামাঝিতে 'আহলেহাদীছ যুবসংঘে'র দাওয়াতের মাধ্যমে তিনি 'আহলেহাদীছ' হন।

কর্মজীবন :

তিনি বলেন, খালিশপুর পিপল্স জুট মিল হাইস্কুলে মৌলবী শিক্ষক হিসাবে মাওলানার কর্মজীবন শুক্ল হয়। পাশাপাশি বর্তমান বাস ভবনের নিবটবর্তী ভাড়া ঘরে 'ডন হোমিও ডিসপেনসারি' নামে হোমিও ডাজারী শুক্ল করেন। এসময় তিনি জামায়াতে ইসলামীর 'ক্লকন' ও মুফাসসিরে কুরআন হিসাবে পরিচিত ছিলেন। একই সঙ্গে তিনি বায়তুল ফালাহ জামে মসজিদ কমিটির সদস্য ছিলেন। 'আহলেহাদীছ যুবসংঘে'র ছেলেরা তাঁর নিকটে বিভিন্ন মাসআলামাসায়েল জানতে চাইলে তিনি আহলেহাদীছের ছালাতকে সঠিক বলে মন্তব্য করেন। এতে বহু ছাত্র ও তরুণ আহলেহাদীছ হ'তে থাকে। তখন 'খুলনা ইমাম পরিষদে'র বৈঠকে 'এদেরকে যেখানে পাও, ধরে ধরে পিটাও' বলে ফৎওয়া দেওয়া হয়। একথা তাঁকে জানানো হলে তিনি বলেন, এখন থেকে আমিও প্রকাশ্যে আহলেহাদীছ তরীকায় ছালাত আদায় করব। সাথে সাথে হার্ডবোর্ড

জুট মিল মসজিদের ইমাম হাফেয ক্বারী সিরাজুল ইসলাম বললেন, এখন থেকে তোমরা আমার মসজিদে ছালাত আদায় করবে। তিনি গোপনে আহলেহাদীছের সমর্থক ছিলেন। এরপর থেকে খালিশপুরে 'আহলেহাদীছ যুবসংঘে'র দাওয়াত জোরদার হতে থাকে। মাসউদ বিন ইসহাক সহ আমরা মাওলানা আব্দুর রউফ-এর সমর্থনে জোরালো ভূমিকা রাখি।

অতঃপর মুহতারাম আমীরে জামা'আত তাঁর বাসার নিকটস্থ এলাকায় জমি কিনে দেন। যা ১৯.১২.১৯৮৭ইং তারিখে রেজিষ্ট্রি হয়। এর মাস ছয়েক পরে তিনি উক্ত জমিতে একটি পাকা 'আহলেহাদীছ জামে মসজিদ' করে দেন। যা আজও রয়েছে। বর্তমানে সেটি দো'তলা হয়েছে। ২০০০ সালে প্যারালাইসিসে আক্রান্ত হয়ে মাওলানা বাকক্ষম অবস্থায় আমৃত্যু শয্যাশায়ী ছিলেন।

(৩) মাসিক আত-তাহরীক পাঠক ফোরাম, রিয়াদ, সউদী আরব শাখার সভাপতি জনাব মুহাম্মাদ জাহাঙ্গীর -এর মাতা রাযিয়া বেগম (৯০) গত ১৬ জানুয়ারী'১৬ শনিবার সকাল পৌনে ১০-টায় মৃত্যুবরণ করেন। (ইনা লিল্লা-হি ওয়া ইনা ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তিনি ৫ পুত্র, ৩ কন্যাসহ বহু আত্মীয়-স্বজন রেখে যান। একই দিন বেলা সাড়ে ১১-টায় ঢাকার বনশ্রীতে তার প্রথম জানাযা এবং কুমিল্লা যেলার দাউদকান্দি থানার নিজ গ্রাম দৌলতপুরে বিকাল ৫-টায় ২য় জানাযা অনুষ্ঠিত হয়। অতঃপর তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

[আমরা মাইয়েতগণের রূহের মাগফেরাত কামনা করছি এবং তাঁদের শোকাহত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।- সম্পাদক]

অধ্যাপক ইয়াকৃব আলী ও প্রফেসর এ.এইচ.এম. শামসুর রহমানের শয্যাপার্শ্বে আমীরে জামা'আত

মাওলানা আব্দুর রউফের জানাযা থেকে ফিরে আমীরে জামা আত সফরসঙ্গীদের নিয়ে কায়ী হারূনের বাসায় এসে ইফতার করেন। অতঃপর রাতের খাবার শেষে তিনি প্রথমে দৌলতপুর বি.এল. সরকারী কলেজের রসায়ন বিভাগের অবসরপ্রাপ্ত সাবেক ডেমোনেস্ট্রেটর ও বর্তমানে দীর্ঘ দিন যাবৎ শয্যাশায়ী জনাব ইয়াকৃব আলীকে দেখার জন্য দৌলতপুরের পাবলায় তাঁর বাসায় গমন করেন। তিনি তার সাথে কুশল বিনিময় করেন ও তার জন্য দো আ করেন। সেখান থেকে বের হয়ে আমীরে জামা আত একই কলেজের অবসরপ্রাপ্ত সাবেক প্রফেসর এ.এইচ.এম. শামসুর রহমানের আড়ংঘাটার বাসায় যান। এখানেও তিনি তার সাথে কুশল বিনিময় করেন এবং তার শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন ও দো আ করেন।

এসময় তাঁর সঙ্গে ছিলেন 'আন্দোলন'-এর কেন্দ্রীয় সমাজকল্যাণ সম্পাদক গোলাম মোজাদির, প্রশিক্ষণ সম্পাদক ড. মুহাম্মাদ কাবীরুল ইসলাম, কেন্দ্রীয় শূরা সদস্য কাষী হারূনুর রশীদ, রাজশাহী বিশ্ববিদ্যালয় 'যুবসংঘ'-এর সাধারণ সম্পাদক ইহসান এলাহী যহীর, যেলা 'আন্দোলন'-এর সভাপতি মাওলানা জাহাঙ্গীর আলম, সহ-সভাপতি জনাব মুহাম্মাদ আলী, সাংগঠনিক সম্পাদক আন্দুল কন্দুস প্রমুখ।

সেখান থেকে বের হয়ে তিনি দৌলতপুর রেলস্টেশনে পৌছেন। অতঃপর রাত পৌনে ৮-টায় ঢাকাগামী সুন্দরবন এক্সপ্রেস ট্রেনযোগে রাত ১২-২০ মিনিটে ঈশ্বরদী পৌছেন। অতঃপর সেখান থেকে মাইক্রোযোগে রাত ২-২৫ মিনিটে রাজশাহী মারকাযে পৌছেন। ফালিল্লাহিল হামদ।

প্রশ্ন (১/১৬১) : মাইয়েতকে গোসল দানকারী ব্যক্তির জন্য গোসল করা আবশ্যক কি? এছাড়া লাশের খাটিয়া বহন করলে ওয়ু করতে হবে কি?

-মামূন, চাঁপাই নবাবগঞ্জ।

উত্তর: মাইয়েতকে গোসল করিয়ে নিজে গোসল করা এবং লাশ বহন করার পর ওয়ু করা উত্তম। আবু হুরায়রা (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) বলেছেন, 'যে ব্যক্তি মাইয়েতকে গোসল করাবে সে যেন নিজে গোসল করে এবং যে ব্যক্তি লাশ বহন করবে সে যেন ওয়ু করে' (আবুদাউদ হা/০১৬১; ইরওয়া হা/১৪৪, সনদ ছহীহ)। ইবনু ওমর (রাঃ) বলেন, মৃতকে গোসল করানোর পর আমাদের কেউ কেউ গোসল করত, আবার কেউ করত না (দারাকুংনী হা/১৮৪২; আলবানী, আহকামুল জানায়েয ৫৪ পৃঃ, সনদ ছহীহ)। অতএব সম্ভব হ'লে উক্ত গোসল করা উত্তম, তবে ছেড়ে দিলে কোন গোনাহ নেই (ওছায়মীন, শারহুল মুমতে' ১/২৫৪, ফাতাওয়া লাজনা দায়েমা ৫/৩১৭-১৮)।

প্রশ্ন (২/১৬২) : কচ্ছপ ও ব্যাঙ্ড খাওয়া যাবে কি? কেট খেয়ে ফেললে তার জন্য করণীয় কি?

-আব্দুল কুদ্দুস, পারিলা, পবা, রাজশাহী।

উত্তর: রুচি হ'লে কচ্ছপ খেতে পারে। কারণ কচ্ছপ জলজ প্রাণীর অন্তর্ভুক্ত। আর আল্লাহ বলেন, 'তোমাদের কল্যাণার্থে তোমাদের জন্য সমুদ্রের শিকার ও সমুদ্রের খাদ্য হালাল করা হয়েছে' (মায়েদাহ ৫/৯৬)। আয়াতটির ব্যাখ্যায় হাসান বছরী বলেন, কচ্ছপে কোন দোষ নেই (বুখারী, তরজমাতুল বাব ২/৮৫৪ পৃঃ)। তবে ব্যাঙ খাওয়া বৈধ নয়। কেননা রাসূল (ছাঃ) ব্যাঙ মারতে নিষেধ করেছেন। আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) ছুরাদ পাখি, ব্যাঙ, পিঁপীলিকা ও হুদহুদ পাখি মারতে নিষেধ করেছেন (আবুদাউদ হা/৫২৬৭, ইবনু মাজাহ হা/৩২২৩; মিশকাত হা/৪১৪৫)। কেউ খেয়ে ফেললে তওবা করবে।

-মকবূল হোসাইন, নবাবগঞ্জ, দিনাজপুর।

উত্তর: এরূপ হ'তে পারে। স্বপ্নে কারো পুরোপুরি খাৎনা হয়ে গেলে পরবর্তীতে আর খাৎনা দেওয়ার প্রয়োজন নেই। তবে যদি তা সম্পূর্ণরূপে না হয়ে থাকে, তাহ'লে পুনরায় সুন্দরভাবে খাৎনা করা উচিত। কারণ এটি সুন্নাত এবং এর মধ্যে রয়েছে শিশুর ভবিষ্যুৎ স্বাস্থ্যের জন্য অশেষ মঙ্গল।

প্রশ্ন (৪/১৬৪) : কবরের আযাবের বিষয়টি কুরআনের আয়াত দ্বারা প্রমাণিত কি? কবরের আযাব অস্বীকারকারীর পরিণতি কি?

-হাসান, চরমিরকামারী, ঈশ্বরদী, পাবনা।

উত্তর : হাঁা প্রমাণিত। যেমন আল্লাহ বলেন, (১) আল্লাহ মুমিনদেরকে দৃঢ় বাক্য দ্বারা দৃঢ় রাখেন ইহজীবনে ও

পরজীবনে *(ইবরাহীম ১৪/২৭)*। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, উক্ত আয়াতটি নাযিল হয়েছে কবরের আযাব বিষয়ে। যখন তাকে বলা হবে, তোমার প্রতিপালক কে? সে বলবে, আমার প্রতিপালক আল্লাহ। আমার নবী মুহাম্মাদ' (মুল্রাফাকু আলাইহ, মিশকাত হা/১২৫)। (২) 'অবশেষে ফেরাউনের সম্প্রদায়কে আল্লাহর কঠোর শাস্তি ঘিরে ধরে। আর আগুনকে তাদের সামনে সকালে ও সন্ধ্যায় পেশ করা হয়। আর যেদিন কিয়ামত সংঘটিত হবে (সেদিন ঘোষণা করা হবে), ফেরাউনের অনুসারীদেরকে কঠোরতম আযাবে প্রবেশ করাও' গোফের ৪০/৪৫-৪৬)। ইবন কাছীর (রহঃ) বলেন, আহলে সুন্নাতের নিকট অত্র আয়াতই আলামে বারযাখে কবরের শাস্তি সাব্যস্ত হওয়ার মৌলিক ভিত্তি (ইবনু কাছীর, তাফসীর সুরা গাফের/মুমিন ৪৬ আয়াত)। (৩) আল্লাহ অন্যত্র বলেন, 'অচিরেই আমি তাদেরকে দু'বার শাস্তি দেব। অতঃপর তারা কঠিন শাস্তির দিকে ফিরে যাবে' *(তওবা ৯/১০১)*। হাসান বছরী ও ক্বাতাদাহ বলেন, দু'বার শাস্তি অর্থ রোগ-শোক ও বিপদাপদের মাধ্যমে প্রথমবার দুনিয়াবী শাস্তি এবং দ্বিতীয়বার কবর আযাবের শাস্তি' (কুরতুবী, ইবনু কাছীর; দ্রঃ বুখারী 'জানাযা' অধ্যায়, অনুচ্ছেদ-৮৫)। কবরের শাস্তির ব্যাপারে আয়েশা (রাঃ)-এর প্রশ্নে জবাবে রাসূল (ছাঃ) বলেন, 'কবরের আযাব সত্য' (বুখারী হা/১৩৭২; ছহীহাহ হা/১৩৭৭)। এছাড়া বহু ছহীহ হাদীছ দ্বারা এটি স্পষ্টভাবে প্রমাণিত।

মোদ্দাকথা কবরের আয়াবের বিষয়টি সম্পূর্ণ আদৃশ্য জ্ঞানের বিষয়। যে বিষয়ে মানবীয় জ্ঞানের অবকাশ নেই। অতএব পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের উপরে নিঃশঙ্কচিত্তে আমাদের ঈমান আনতে হবে। অহেতুক সন্দেহ-দ্বন্দ্বের দোলাচলে পড়ে ইহকাল ও পরকাল হারানোর পিছনে কোন যুক্তি নেই।

কবরের আযাব গায়েবী বিষয়। আর গায়েবের উপর ঈমান আনতে অস্বীকারকারী ব্যক্তি মুমিন নয় (বাক্চারাহ ২/২)। কেননা এর মাধ্যমে সে ঈমানের ছয়টি রুকনের একটিকে তথা আখেরাত বিশ্বাসকে অস্বীকার করেছে।

প্রশ্ন (৫/১৬৫) : মৃখের দুই চোয়ালের লোম কি দাড়ির অন্তর্ভুক্ত?

-আব্দুল হামীদ, নওগাঁ।

উত্তর : ليسة বা দাড়ি বলতে ঐ সমস্ত লোমকে বুঝায়, যা পুরুষের দুই চোয়াল বা গাল ও থুতনীতে গজায় شعر (خصور হিবনুল মান্যুর, লিসানুল আরব ১৫/২৪৩: ইবনু হাজার, ফাংছল বারী হা/৫৮৯২-এর ব্যাখ্যা দ্রঃ)। অতএব দুই চোয়াল ও থুতনীতে গজানো লোম কাটা বা ছাটা যাবে না (ওছায়মীন, মাজুম' ফাতাওয়া ১১/৮৫, প্রশ্ন নং ৫৫)।

প্রশ্ন (৬/১৬৬) : 'তিনটি ক্ষেত্রে মিথ্যা কথা বলা যায়' কথাটির সত্যতা আছে কি? থাকলে কোন কোন ক্ষেত্রে?

-সাইফুল ইসলাম, বিনোদপুর, বাঘা, রাজশাহী।

উত্তর: তিনটি ক্ষেত্রে মিথ্যা কথা বলা যায়- কথাটি সত্য। সে তিনটি ক্ষেত্র হ'ল- দু'ব্যক্তির মধ্যে মীমাংসার জন্য, (২) যুদ্ধক্ষেত্রে, (৩) স্বামী-স্ত্রী পরস্পরের নিকট (আবুদাউদ হা/৪৯২১; তিরমিয়ী হা/১৯৩৭; মিশকাত হা/৫০৩১, ৫০৩৩; ছহীহাহ হা/৫৪৫)। এছাড়া কল্যাণকর কাজের স্বার্থে সাময়িকভাবে মিথ্যার আশ্রয় নেরা যায়। যেমন মুশরিকরা তাদের উৎসবে শরীক হওয়ার জন্য ইবরাহীম (আঃ)-কে দাওয়াত দিলে তিনি না যাওয়ার জন্য বলেন, 'আমি অসুস্থ' (ছাফফাত ৮৯)। মূর্তি ভাঙ্গার পরে তিনি বড় মূর্তিকে দোষারোপ করে বলেছিলেন, 'বড়টাই তো একাজ করেছে। তাকে জিজ্ঞেস কর' (আদিয়া ৬৩)। ইউসুফ (আঃ) ভাইদের রসদপত্রের মধ্যে ওয়নের পাত্র লুকিয়ে রেখে ঘোষককে দিয়ে বলেছিলেন, হে কাফেলার লোকজন! তোমরা অবশ্যই চোর' (ইউসুফ ৭০)। উল্লেখ্য, এগুলো প্রকৃত অর্থে মিথ্যা নয়, বরং 'তাওরিয়াহ'। যা সত্যকে প্রতিষ্ঠিত করার জন্য করা হয়ে থাকে।

थन्न (१/১৬१) : জूर्य जात्र খू९ता थमात्नत मगरा नाठि त्नि । कि यत्नती? मनीनमर जानए० ठारे ।

-যুলফিক্বার জামীল, বাগমারা, রাজশাহী।

উত্তর: যেকোন খুৎবায় বা বক্তব্যের সময় হাতে লাঠি নিয়ে বক্তব্য দেওয়া রাসুলুল্লাহ (ছাঃ)-এর নিয়মিত সুনাত। হাকাম ইবনে হুখন আল-কুলফী বলেন, 'আমি সপ্তম অথবা অষ্টম দিনে রাসুলুল্লাহ (ছাঃ)-এর নিকট গেলাম। অতঃপর বললাম, হে আল্লাহ্র রাসূল! আমরা আপনার সাথে সাক্ষাতের জন্য এসেছি। আপনি আমাদের কল্যাণের জন্য দো'আ করুন। ... আমরা সেখানে কয়েকদিন অবস্থান করলাম। অবশেষে আমরা একদিন তাঁর সাথে জুম'আর ছালাতে যোগ দিলাম। তিনি লাঠির উপর ভর দিয়ে খুৎবায় দাঁড়ালেন। অতঃপর আল্লাহ্র প্রশংসা করে বললেন, 'হে মানবমণ্ডলী! আমি যা আদেশ করছি তোমরা তা পুরোপুরি আদায় করতে সক্ষম নও। কাজেই মধ্যম পথ অবলম্বন কর এবং মানুষকে সুসংবাদ দাও' (আবুদাউদ, হা/১০৯৬, সনদ হাসান; ইরওয়া ৩/৭৮ পুঃ, হা/৬১৬)। অন্য বর্ণনায় রয়েছে, 'রাসূলুল্লাহ (ছাঃ) লাঠির উপর ভর দিয়ে খুৎবা প্রদান করতেন' (মুসনাদে আব্দুর রাযযাক হা/৫২৪৬; ইরওয়াউল গালীল ৩/৭৮ পৃঃ, সনদ ছহীহ)।

কোন কোন বিদ্বান মিম্বর তৈরীর পর রাসূল (ছাঃ) হাতে লাঠি নেননি বলে মত প্রকাশ করেছেন (ইবনুল ক্বাইমিন, যাদুল মা'আদ ১/৪১১ পৃঃ)। কিন্তু তার পক্ষে কোন দলীল নেই। বরং ফাতিমা বিনতে ক্বারেস (রাঃ) বলেন, 'রাসূলুল্লাহ (ছাঃ) একদিন সাধারণ আলোচনার সময় মসজিদে মিম্বরে বসে লাঠি দিয়ে মিম্বরে আঘাত করে বললেন, ত্বাইয়েবা অর্থাৎ মদীনা শহর... (মুসলিম, মিশকাত হা/৫৪৮২)। এটি প্রমাণ করে যে, মিম্বরে বসা অবস্থাতেও তার হাতে লাঠি ছিল। এছাড়া ছাহাবীগণের মধ্যেও মিম্বরে দাঁড়িয়ে হাতে লাঠি নিয়ে খুৎবা দেওয়ার প্রমাণ পাওয়া যায়। যেমন হিশাম বিন ওরওয়া বলেন, আমি আব্দুল্লাহ বিন যুবায়ের (রাঃ)-কে খুৎবা দিতে দেখেছি। এমতাবস্থায় তাঁর হাতে লাঠি ছিল' (মুছানাফ আব্দুর রাযযাক হা/৫৬৫৯)।

উপরোক্ত আলোচনায় সুস্পষ্টভাবে প্রমাণিত হয় যে, শুধু জুম'আ নয়, বরং যেকোন খুৎবা বা বক্তব্য দেওয়ার সময় হাতে লাঠি রাখা সুন্নাত। উল্লেখ্য যে, 'রাসূলুল্লাহ (ছাঃ) অসুস্থ থাকার কারণে হাতে লাঠি নিয়ে খুৎবা দিয়েছিলেন' বলে সমাজে প্রচলিত কথাটি ভিত্তিহীন।

প্রশ্ন (৮/১৬৮) : কবরের উপর আরসিসি কলাম করে দোতলায় মসজিদ নির্মাণ করে তাতে ছালাত আদায় করা যাবে কি?

-ডা. এস. এম. মামূন রাজারবাগ পুলিশ হাসপাতাল, ঢাকা।

উত্তর: এভাবে মসজিদ নির্মাণ করা জায়েয নয়। কবরের উপর নির্মিত মসজিদের নীচ তলায় যেমন ছালাত জায়েয নয়, তেমনি দোতলায়ও জায়েয নয়। রাসূল (ছাঃ) বলেন, 'তোমরা কবরের উপর বসো না এবং কবরের দিকে ফিরে ও কবরের উপরে ছালাত আদায় করো না' (মুসলিম হা/৯৭২; মিশকাত হা/১৬৯৮)। অন্য বর্ণনায় তিনি কবরের উপর মসজিদ নির্মাণকারীদের লা'নত করেছেন (রুখারী হা/৪২৭, ১৩৩০)। এরূপ মসজিদ থাকলে মসজিদ সরিয়ে নিতে হবে (শায়খ বিন বায়, মাজমূ' ফাতাওয়া ৬/৩৩৭-৩৩৮; ফাতাওয়া লাজনা দায়েমাহ ১/৪১৮-৪২১)।

প্রশ্ন (৯/১৬৯) : মানুষকে মাটি না পানি থেকে সৃষ্টি করা হয়েছে? এছাড়া অন্যান্য পশু-পাখি কোন বস্তু থেকে সৃষ্টি করা হয়েছে?

-ছাকিব, ধূরইল, মৌহনপুর, রাজশাহী।

উত্তর: আদম (আঃ)-কে মাটি দিয়ে সৃষ্টি করা হয়েছে। অতঃপর তাঁর থেকে স্ত্রী হাওয়াকে সৃষ্টি করা হয়েছে। অতঃপর স্বামী-স্ত্রীর মিলনে পানি বিন্দুর মাধ্যমে অন্যান্য মানুষকে সৃষ্টি করা হয়েছে (আলে ইমরান ৩/৫৯; নিসা ৪/১)। আল্লাহ বলেন, 'হে মানবমণ্ডলী! তোমরা যদি পুনরুখান সম্পর্কে সন্দেহ পোষণ করো, (তাহ'লে একবার ভেবে দেখ) আমরা তোমাদের সৃষ্টি করেছি মাটি থেকে। অতঃপর শুক্রবিন্দু থেকে ... (হজ্জ ২২/৫)। একইভাবে অন্যান্য পশু-পাখি সৃষ্টিরও মূল উপাদান হ'ল পানি। আল্লাহ বলেন, আল্লাহ প্রত্যেক জীবকে সৃষ্টি করেছেন পানি থেকে। তাদের কেউ বুকে ভর দিয়ে চলে। কেউ দু'পায়ে ভর দিয়ে চলে এবং কেউ চারপায়ে ভর দিয়ে চলে.. (নূর ২৪/৪৫)। তিনি আরো বলেন, অতঃপর আমরা পানি দ্বারা সকল প্রাণবান বস্তুকে সৃষ্টি করলাম (আদ্বিয়া ২১/৩০; কিন্তারিত দ্রঃ তাফসীরুল কুরআন ৩০ তম পারা, পঃ ৩৭৭)।

প্রশ্ন (১০/১৭০) : কাদিয়ানীদের পরিচয় ও তাদের আক্ট্রীদাসমূহ জানতে চাই।

-যাকির হোসাইন, ফুলতলা, পঞ্চগড়।

উত্তর: শেষনবী মুহাম্মাদ (ছাঃ)-কে অস্বীকার করায় কাদিয়ানী সম্প্রদায় কাফের। চৌদ্দশ' হিজরীর প্রথম দিকে গোলাম আহমাদ কাদিয়ানীর (১৮৩৫-১৯০৮) মাধ্যমে মুসলিমদেরকে বিভ্রান্ত করার জন্য ইংরেজদের পৃষ্ঠপোষকতায় এ সম্প্রদায় জন্মলাভ করে (পৃঃ ১১৮-২২)। গোলাম আহমাদ প্রথমে নিজেকে মুজাদ্দিদ ও ইমাম মাহদী দাবী করে। এরপর নিজেকে ঈসা ইবনু মারইয়াম এবং সবশেষে নিজেকে 'নবী' বলে দাবী করে। এমনকি মুহাম্মাদ (ছাঃ)-এর চেয়ে নিজেকে শ্রেষ্ঠ বলে (পৃঃ ১০৮)। নিম্নে তাদের কিছু আক্বীদা উল্লেখ করা হ'ল: (১) তারা বিশ্বাস করে যে, স্বয়ং আল্লাহ্ ছালাত আদায় করেন, ছওম পালন করেন, ঘুমান, জাগ্রত থাকেন, লিখেন, সঠিক করেন, ভুল করেন, স্ত্রীর সাথে মিলিত হন ইত্যাদি (পৃঃ ৯৭)। (২)

তারা মুহাম্মাদ (ছাঃ)-কে শেষনবী বলে স্বীকার করে না (পঃ ১০২)। (৩) তারা বিশ্বাস করে যে, গোলাম আহমাদ কাদিয়ানী নবী ও রাসুলগণের মধ্যে শ্রেষ্ঠ (পঃ ১০৩, ১০৮)। (৪) তারা বিশ্বাস করে যে, গোলাম আহমাদের নিকট জিবরীল (আঃ) অহী নিয়ে আগমন করতেন (পঃ ১০৬)। (৫) যারা গোলাম আহমাদকে বিশ্বাস করে না তাদেরকে তারা 'কাফির' আখ্যা দিয়ে থাকে এবং তাদেরকে চিরস্থায়ী জাহান্লামী মনে করে *(পঃ* ১২২)। (৬) তারা মুসলিমদের পিছনে ছালাত আদায় করাকে জায়েয মনে করে না এবং মুসলমানদের সাথে বিবাহ-শাদী হারাম মনে করে ও তাদের কবরস্থানে মুসলমানদের দাফন নিষিদ্ধ বলে' (পঃ ৩৪, ৩৬-৩৭)। (৭) বৃটিশ প্রভূদের খুশী করার জন্য গোলাম আহমাদ কাদিয়ানী তার বায়'আত নামায় বলেন. যে ব্যক্তি ইংরেজ হুকুমতের আনুগত্য করে না, বরং তাদের বিরুদ্ধে মিছিল করে, সে ব্যক্তি আমাদের দলভুক্ত নয়' (পঃ ১২১-২২)। ইংরেজরা সবচেয়ে ভয় পায় মুসলমানদের জিহাদী জাযবাকে। তাই তিনি লেখেন, তোমরা এখন থেকে জিহাদের চিন্তা বাদ দাও। কেননা দ্বীনের জন্য যুদ্ধ হারাম হয়ে গেছে। এখন ইমাম ও মসীহ এসে গেছেন এবং আসমান থেকে আল্লাহ্র নূর অবতরণ করেছেন। অতএব কোন জিহাদ নেই। সুতরাং যারা এখন আল্লাহ্র রাস্তায় জিহাদ করবে, তারা আল্লাহর শত্রু' (পঃ ১১৯)। (৮) তাঁর লিখিত বই 'আল-কিতাবুল মুবীন'-কে তারা কুরআনের ন্যায় মনে করে, যা বিশ পারায় সমাপ্ত এবং এর বিরোধী সবকিছুকে তারা বাতিল গণ্য করে (পঃ ১০৮, ১১৭)। (৯) তারা কাদিয়ান শহরকে মক্কা-মদীনার চেয়ে মর্যাদাপূর্ণ মনে করে এবং ঐ শহরের মাটিকে তারা 'হারাম শরীফ' বলে (% ১১১-১২)। (১০) তারা তাদের দ্বীনকে পৃথক ও নতুন পরিপূর্ণ দ্বীন মনে করে। গোলাম আহমদের সাথীদেরকে 'ছাহাবা' এবং তার অনুসারীদের নতুন 'উম্মত' বলে (% ১১০)। (১১) কাদিয়ানে তাদের বার্ষিক সম্মেলনকে 'হজ্জ' মনে করে (১১৬)। এছাড়াও তাদের বহু নিকষ্ট আক্ট্রীদা রয়েছে (বিস্তারিত দ্রঃ ইহসান ইলাহী যাহীর, আল-ক্বাদিয়ানিয়াহ : দিরাসাত ও তাহলীল (রিয়াদ : ১৪০৪/১৯৮৪), পৃঃ ৯৪-১২৩; ১৫৪-৫৯)।

গোলাম আহমাদের শেষ পরিণতি : অল ইণ্ডিয়া আহলেহাদীছ সেক্রেটারী હ সাপ্তাহিক কনফারেন্স-এর আহলেহাদীছ' পত্রিকার সম্পাদক আবুল অফা ছানাউল্লাহ্ অমৃতসরী (রহঃ) অনেকগুলি মুনাযারায় তাকে পরাজিত করেন। মাওলানা ছানাউল্লাহ্র আগুনঝরা বক্তৃতা ও ক্ষুরধার লেখনীতে অতিষ্ঠ হয়ে গোলাম আহমাদ ১৯০৭ সালের ১৫ই এপ্রিল তারিখে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে মাওলানা ছানাউল্লাহকে 'মুবাহালা' করার আহ্বান জানিয়ে বলেন, আমাদের দু'জনের মধ্যে যে মিথ্যাবাদী, তাকে যেন আল্লাহ সত্যবাদীর জীবদ্দশায় মৃত্যু দান করেন'। আল্লাহ মিথ্যুকের দো'আ কবুল করেন এবং বিজ্ঞপ্তি প্রকাশের ১৩ মাস ১০ দিন পর ১৯০৮ সালের ২৬ মে কঠিন কলেরায় আক্রান্ত হয়ে নাক-মুখ দিয়ে পায়খানা বের হওয়া অবস্থায় এই ভণ্ডনবী ন্যক্কারজনকভাবে লাহোরে নিজ কক্ষের টয়লেটে মৃত্যুবরণ করেন। অথচ মুবাহালা গ্রহণকারী সত্যসেবী আহলেহাদীছ নেতা আল্লামা ছানাউল্লাহ আমৃতসরী মৃত্যুবরণ করেন মিথ্যাবাদীর মৃত্যুর প্রায় ৪০ বছর পরে ১৯৪৮ সালের ১৫ই মার্চ তারিখে। ফালিল্লা-হিল হামদ।

প্রশ্ন (১১/১৭১) : মুসলিম হা/১৪৮০-এর বর্ণনায় অনুযায়ী রাসূল (ছাঃ) ফাতেমা বিনতে ক্যায়েস (রাঃ)-কে মু'আবিয়া (রাঃ)-এর সাথে তার দরিদ্রতার কারণে বিবাহ দেননি। অন্যদিকে তিরমিয়ী হা/১০৮৪-তে পরহেযগারিতা ও চরিত্র দেখে বিবাহের নির্দেশ দিয়েছেন। এক্ষণে উভয় হাদীছের মাঝে সামঞ্জস্য বিধান কি হবে?

-আব্দুল্লাহিল কাফী, ছোটবনগ্রাম, রাজশাহী।

উত্তর : প্রস্তাব দানকারী তিনজন ছাহাবী মু'আবিয়া, আবু জাহম ও ওসামা বিন যায়েদ (রাঃ) সকলেই পরহেযগারিতা ও চারিত্রিক দিক থেকে উত্তম ছিলেন। সেকারণ রাসূল (ছাঃ) অন্যান্য দিক সমূহ বিবেচনা করে ওসামা (রাঃ)-এর সাথে বিবাহ দিয়েছিলেন। যেমন আবুবকর ও ওমর (রাঃ) উভয়ে ফাতিমা (রাঃ)-কে বিবাহ করার প্রস্তাব দিলে বয়সে অনেক ছোট বলে রাসূল (ছাঃ) তা প্রত্যাখ্যান করেন। পরে আলী (রাঃ) প্রস্তাব দিলে তা গ্রহণ করেন (নাসাঈ হা/৩২২১; মিশকাত হা/৬০৯৫, সনদ ছহীহ)।

স্মর্তব্য যে, রাসূল (ছাঃ) বিবাহের ক্ষেত্রে ধন-সম্পদ, বংশ-মর্যাদা ও সৌন্দর্যের উপর পরহেষগারিতাকে প্রাধান্য দিতে বলেছেন (বুখারী, মুসলিম, মিশকাত হা/৩০৮২, ৩০৯০, 'বিবাহ' অধ্যায়)। কিন্তু বাকী তিনটির দিকে লক্ষ্য রাখতে নিষেধ করেননি। অতএব বিবাহের ক্ষেত্রে পরহেষগারিতা ছাড়াও অন্যান্য দিক বিবেচনা করায় কোন বাধা নেই।

-আবুল বাশার, আশুলিয়া, ঢাকা।

উত্তর: পিতা-মাতার ন্যায় শ্বশুর-শ্বাশুড়ীর ব্যয়ভার বহন করা জামাইয়ের জন্য আবশ্যিক নয়। তবে হকদার হ'লে জামাই তাদেরকে যাকাতের টাকা দিতে পারবে এবং তাদের জন্য এ টাকা গ্রহণ করাও জায়েয হবে (বুখারী হা/১৪৬২; ইরওয়া হা/৮৭৮; ফাংছল বারী ৩/৩২৯; ফাতাওয়া লাজনা দায়েমাহ ১০/৬২)। বরং এধরনের নিকটাত্মীয়কে দান করলে দ্বিগুণ ছওয়াব পাওয়া যাবে (তিরমিয়ী হা/৬৫৮; ইবনু মাজাহ হা/১৮৪৪; মিশকাত হা/১৯৩৯)।

প্রশ্ন (১৩/১৭৩) : জামা আতে ছালাতরত অবস্থায় শয়তানের ওয়াসওয়াসা থেকে বাঁচার উপায় কি?

-শাহরিয়ার আব্দুল্লাহ, শিরোইল, রাজশাহী।

উত্তর: 'আ'উযুবিল্লা-হ' বাম দিকে তিনবার থুক মারবে। ওছমান ইবনু আবিল 'আছ বলেন, 'হে আল্লাহ্র রাসূল! শয়তান আমার ছালাত এবং ক্রিরাআতের মধ্যে সন্দেহ সৃষ্টি করে। রাসূলুল্লাহ (ছাঃ) উত্তরে বললেন, 'এটা একটা শয়তান যাকে 'খিনযাব' বলা হয়। সুতরাং তুমি যখন এর খটকা অনুভব করবে, তখন তা থেকে আল্লাহ্র নিকটে আশ্রয় প্রার্থনা করবে। অর্থাৎ 'আ'উযুবিল্লা-হ' পড়বে এবং বাম দিকে তিনবার থুক মারবে। রাবী বলেন 'আমি এ আমল করাতে আল্লাহ আমার হ'তে শয়তানের ওয়াসওয়াসা দূরীভূত করেন (মুসলিম হা/২২০৩; মিশকাত হা/৭৭ 'ওয়াসওয়াসা' অনুচ্ছেদ)। উল্লেখ্য যে, থুক মারা অর্থ থুথু ফেলা নয়।

প্রশ্ন (১৪/১৭৪) : জনৈক ব্যক্তি সূদের সাথে জড়িত ছিল। বর্তমানে সে তওবা করেছে। কিন্তু সে উক্ত সূদের টাকার উপরেই জীবিকা নির্বাহ করছে। এমতাবস্থায় তার রূমী কি হালাল হবে?

-আব্দুল্লাহিল বাকী, রাজশাহী।

উত্তর: মূল সম্পদ রেখে দিয়ে সূদের মাধ্যমে অর্জিত ও জমাকৃত সম্পদ সাধ্যমত হিসাব করে পৃথক করতে হবে এবং নেকীর প্রত্যাশা ব্যতীত তা জনকল্যাণমূলক কাজে ব্যয় করে দিতে হবে (ছহীহ ইবনে হিন্সান হা/৩০৫৬, ছহীছত তারগীব হা/৮৮০)। অনিচ্ছাকৃত কমবেশীতে দোষ নেই। কারণ আল্লাহ কাউকে তার সাধ্যাতীত কোন কাজের ভার দেন না...' (বাকুারাহ ২৮৬)। অতঃপর অবশিষ্ট অর্থ দিয়ে জীবিকা নির্বাহ করতে হবে। এতেই রুয়ী হালাল হবে এবং তাতে আল্লাহ বরকত দান করবেন ইনশাআল্লাহ।

थम् (১৫/১৭৫) : क्ष्डात्रत्र आयान्त्र भूर्ति मानूचत्क जागित्र एमध्यात जन्म ममजिएमत मारेत्क कृत्रजान एठनाध्याठ, एम'जा वा हमनायो गान गाध्या यात्व कि?

-নাছিরুদ্দীন, বায়া, রাজশাহী।

উত্তর: ফজরের আযানের পূর্বে আযান ব্যতীত সকল প্রকার গান, তেলাওয়াত ও যিকির সম্পূর্ণরূপে শরী আতবিরোধী কাজ (ইবনু তায়মিয়াহ, ইখতিয়ারাতুল ফিকুহিইয়াহ, ৪০৭ পৃঃ)। ইবনু হাজার আসক্বালানী (রহঃ) বলেন, সাহারীর সময় (আযান ব্যতীত) লোক জাগানোর নামে অন্য যেসব কাজ করা হয়, সবই বিদ আত (ইবনু হাজার, ফাৎছল বারী ২/১০৪)। ইবনুল জাওয়ীও অনুরূপ মন্তব্য করেছেন (তালবীসু ইবলীস ১/১২৩; বিস্তারিত দ্রঃ ছালাত রাসূল (ছাঃ) ৭৬, ৭৯ পুঃ)।

প্রশ্ন (১৬/১৭৬) : কবরে গিয়ে পিতার জন্য দো'আ করার পদ্ধতি কি? সেখানে গিয়ে নিজের জন্য দো'আ করা যাবে কি? -গিয়াছুদ্দীন আহমাদ, কালীগঞ্জ, সাতক্ষীরা।

উত্তর : কবরস্থানে দাঁড়িয়ে পিতা–মাতা ও অন্যান্য কবরবাসীদের জন্য দো'আ করবে। এসময় একাকী দু'হাত উঠানো যাবে (মুসলিম হা/৯৭৪; নাসাঈ হা/২০৩৭; ছহীহাহ হা/১৭৭৪)। তবে সেখানে স্রেফ দো'আ ব্যতীত ছালাত, তেলাওয়াত, যিকর–আযকার, দান–ছাদাক্বা কিছু করা জায়েয নয়। এছাড়া জুম'আর দিন কবর যিয়ারতের বিশেষ ফযীলত সম্পর্কে যে হাদীছ বর্ণিত হয়েছে তা মওযু' বা জাল (সিলসিলা যঈফাহ হা/৪৯-৫০; বায়হাক্বী, ভ'আবুল ঈমান মিশকাত হা/১৭৬৮ 'কবর যিয়ারত' অনুচ্ছেদ)। আর সেখানে নিজের জন্য দো'আ করায় কোন বাধা নেই। কারণ কবরস্থানে গিয়ে দো'আ করলে মৃত্যুকে অধিক স্মরণ হয় (মুসলিম হা/৫৭৪; মিশকাত হা/১৭৬৩)। এক্ষণে কবরস্থানে পঠিতব্য দো'আ নিমুরূপ:

اَلسَّلاَمُ عَلَى أَهْلِ الدِّيَارِ مِنَ الْمُؤْمِنِيْنَ وَالْمُسْلِمِيْنَ، وَيَــرْحَمُ الله الْمُسْتَقْدِمِيْنَ مِنَّا وَالْمُسَتَّأْخِرِيْنَ، وَإِنَّا إِنْ شَآءَ الله بِكُـــمْ لَلاَحقُوْنَ –

(আস্সালা-মু 'আলা আহলিদ দিয়া-রি মিনাল মু'মিনীনা ওয়াল মুসলিমীনা; ওয়া ইয়ারহামুল্লা-হুল মুস্তাকৃদিমীনা মিন্না ওয়াল মুস্তা 'খিরীনা: ওয়া ইনা ইনশা-আল্লা-ছ বিকুম লা লা
হেকুনা)। অর্থাৎ মুমিন ও মুসলিম কবরবাসীদের উপরে শান্তি
বর্ষিত হৌক। আমাদের অগ্রবর্তী ও পরবর্তীদের উপরে
আল্লাহ রহম করুন! আল্লাহ চাহে তো আমরা অবশ্যই
আপনাদের সাথে মিলিত হ'তে যাচ্ছি' (মুসলিম হা/২২৫৬;
মিশকাত হা/১৭৬৭)। অন্য বর্ণনায় অতিরিক্ত এসেছে, الله وَالْكُمُ الْعَافِيَةُ

— ক্রিটি মঙ্গল কামনা করছি' (মুসলিম হা/২২৫৭)। অন্য বর্ণনায়
আরও অতিরিক্ত এসেছে, وَالْهُمُ الْعَافِيةُ (আ্লাছম্মাণফিরলাছ্ম) অর্থাৎ, হে আল্লাহ! তুমি তাদেরকে ক্ষমা
করো (মুসলিম, মিশকাত হা/১৭৬৬; বিস্তারিত দ্রঃ ছালাতুর রাস্ল (ছাঃ)
২৫৩-৫৪ পঃ)।

প্রশ্ন (১৭/১৭৭) : যিনি আযান দিবেন তার জন্য ইক্চামত দেওয়া যক্ষরী কি? অন্য কেউ ইক্চামত দিতে গেলে আযান দাতার অনুমতি লাগবে কি?

-যুবায়ের ইসলাম, ছয়ঘরিয়া, সাতক্ষীরা।

উত্তর: আযান দাতার জন্য ইক্বামত দেওয়া যরূরী নয়। এ মর্মে বর্ণিত হাদীছটি যঈফ (তিরমিয়ী হা/১৯৯; মিশকাত হা/৬৪৮; যঈফাহ হা/৩৫)। অতএব শৃংখলাগত কোন সমস্যা না থাকলে যে কেউ ইক্বামত দিতে পারে। সেক্ষেত্রে নির্ধারিত মুওয়াযযিনের অনুমতির প্রয়োজন নেই।

প্রশ্ন (১৮/১৭৮) : জনৈক বজা বলেন, ওযর ব্যতীত হজ্জ থেকে বিরত থাকা ব্যক্তি ইহুদী বা খ্রিষ্টান অবস্থায় মৃত্যুবরণ করবে। একথা কোন সত্যতা আছে কি?

-সাইফুদ্দীন, মান্দা, নওগাঁ।

উত্তর: একথা ঠিক নয়। বরং এর দ্বারা ধমকি দেওয়া হয়েছে এবং দ্রুত হজ্জ সম্পাদনের তাকীদ দেওয়া হয়েছে। এরপরেও উক্ত মর্মে বর্ণিত হাদীছটি যঈফ (ভিরমিয়ী হা/৮১২; মিশকাত হা/২৫৩৫; যঈফ তারগীব হা/৭৫৪)। তবে একই মর্মেওমর (রাঃ) থেকে মওকৃফ সনদে বর্ণিত আছারটিকে ইবনু কাছীর (রহঃ) ছহীহ বলেছেন (ইবনু আবী শায়বাহ হা/১৪৬৭০; ইবনু কাছীর তাফসীর আলে ইমরান ৯৭ আয়াত)। এর দ্বারা সামর্থ্যবান ব্যক্তির দ্রুত হজ্জ করার প্রতি তাকীদ করা হয়েছে। এর অর্থ এই নয় যে, এর কারণে সে পুরোপুরি ইহুদী বা খ্রিষ্টান অবস্থায় মৃত্যুবরণ করবে। ত্বীবী বলেন, এর মাধ্যমে কঠোর ধমকি দেওয়া হয়েছে (মিরক্বাত হা/২৫২১-এর ব্যাখ্যা দ্রঃ)। ইবনু হাজারসহ অন্যান্য বিদ্বানগণও একই বক্তব্য পেশ করেছেন। তবে হজ্জের ফরিয়াতকে অস্বীকার করে তা থেকে বিরত থাকলে সে কাফির অবস্থাতেই মৃত্যুবরণ করবে।

প্রশ্ন (১৯/১৭৯) : জামা'আতের সাথে ছালাতরত অবস্থায় মুক্তাদীগণকে 'সামি'আল্লান্থ লিমান হামিদাহ' বলতে হবে কি? -শহীদুর রহমান শহীদ, ঢাকা।

উত্তর : ইমাম-মুক্তাদী উভয়েই 'সামি'আল্লা-হু লিমান হামিদাহ' ও 'আল্লা-হুম্মা রব্বানা লাকাল হামদ…' বলবে। রাসুল (ছাঃ) বলেন, 'তোমরা ছালাত আদায় কর, যেভাবে আমাকে ছালাত আদায় করতে দেখছ' (বুখারী, মুসলিম, মিশকাত হা/৬৮৩)। অন্য বর্ণনায় এসেছে, ইমাম নির্ধারণ করা হয় তাকে অনুসরণ করার জন্য (বুখারী, মুসলিম, মিশকাত হা/১১৩৯)। অত্র হাদীছদ্বয় প্রমাণ করে যে, ইমাম-মুক্তাদী সকলেই 'সামি'আল্লাহু লিমান হামিদাহ' বলতে পারে (বিস্তারিত দ্রঃ মির'আত ৩/১৮৯ 'রুকৃ' অনুচ্ছেদ)। একদল ওলামায়ে কেরাম কেবল মুক্তাদীর জন্য 'রব্বানা...হামদ' বলার ব্যাপারে মত প্রকাশ করলেও উভয়ের জন্য দু'টি বাক্য বলার বিষয়টিই ছহীহ হাদীছের অধিক নিকটবর্তী (ফিকুহুস সুন্নাহ ১/১৬২; আলবানী, ছিফাতু ছালাতির্মী ১৩৫ পঃ)।

প্রশ্ন (২০/১৮০) : বাড়ী করার জন্য ব্যাংকে নিয়মিত টাকা জমা করি প্রতি বছর জমাকৃত টাকার যাকাত দিতে হবে কি?

-সৌরভ হাসান, কোতওয়ালী, রংপুর।

উত্তর : জমাকৃত টাকা বছর শেষে নিছাব পরিমাণ হ'লে শতকরা আড়াই টাকা হারে যাকাত দিতে হবে (আবুদাউদ হা/১৫৭৩; তিরমিয়ী হা/৮৩১-৩২)। স্মর্তব্য যে, উক্ত জমাকৃত টাকার সৃদ ভোগ না করে নেকীর উদ্দেশ্য ব্যতীত দান করে দিতে হবে এবং যাকাতের নির্ধারিত অংশ সৃদ থেকে নয় বরং মূলধন থেকেই পরিশোধ করতে হবে।

প্রশ্ন (২১/১৮১) : ১৯৭১ সালে নিহত মুক্তিযোদ্ধাদের স্মরণে মসজিদের ভিতরে পৃথক রংয়ের খুঁটি তৈরী করা এবং তাদের জন্য নিয়মিতভাবে সূরা ইয়াসীন পাঠ করা যাবে কি?

-তাহসীন আল-মাহী, খুলনা বিশ্ববিদ্যালয়।

উত্তর : মসজিদে হৌক বা বাইরে হৌক এরূপ করা সম্পূর্ণরূপে শরী'আত বিরোধী কাজ। আর মৃতের স্মরণে কুরআন পাঠ করার কোন বিধান শরী'আতে নেই। সুতরাং এরূপ আমল সম্পূর্ণরূপে বিদ'আতী প্রথা। যা অবশ্যই পরিত্যাজ্য (রুখারী, মুসলিম, মিশকাত হা/১৪০)। শায়খ বিন বায (রহঃ) বলেন, মৃত ব্যক্তির জন্য কবরের পাশে বা যে কোন স্থানে কুরআন পাঠ করা বিদ'আত (মাজমু' ফাতাওয়া ৪/৩৩৯; ফাতাওয়া লাজনা দায়েমা ৯/৪৩)। কবরস্থানে গিয়ে সূরা ইয়াসীন পাঠের ফ্যীলত সম্পর্কে যা বর্ণিত হয়েছে তা মওযু বা জাল (সিলসিলা ফ্রফাহ হা/১২৪৬)।

প্রশ্ন (২২/১৮২) : শোনা যায় যে, দাউদ (আঃ) যখন যবৃর তেলাওয়াত করতেন, তখন মাছ তাঁর তেলাওয়াত শ্রবণের জন্য সমৃদ্রের কিনারায় চলে আসত। এ কথার কোন সত্যতা আছে কি?

> -মেহেদী হাসান ছাতিয়ানতলা, সাতক্ষীরা।

উত্তর: 'মাছ সমূদ্রের কিনারায় চলে আসত'- একথা সম্পূর্ণরূপে বানোয়াট ও ভিত্তিহীন। বিভিন্ন তাফসীর প্রস্থে জিন, মানুষ, পাখি, চতুপ্পদ জন্তু সমূহ দাউদ (আঃ)-এর তেলাওয়াত শুনার জন্য একত্রিত হ'ত বলে সূত্রবিহীনভাবে বর্ণিত হয়েছে (কাশফুল বায়ান ৩/৪১৬; তাফসীরুল কাবীর ২৬/৩৭৬)। যা প্রহণযোগ্য নয়। ছহীহ হাদীছ থেকে কেবল এটুকুই প্রমাণিত যে, দাউদ (আঃ)-কে সুন্দর কণ্ঠ দান করা হয়েছিল (বুখারী হা/৫০৪৮; মুসলিম হা/১৮৮৮; মিশকাত হা/৬১৯৪)।

প্রশ্ন (২৩/১৮৩) : বাড়ীতে প্রবেশের দো'আ হিসাবে বর্ণিত 'হে আল্লাহ! আমি তোমার নিকট আগমন ও নির্গমনের মঙ্গল চাই' দো'আটি কি ছহীহ?

-আব্দুল মান্নান, বাগমারা, রাজশাহী।

উত্তর: এ মর্মে বর্ণিত হাদীছটি যঈফ (আবুদাউদ হা/৫০৯৬)। আলবানী (রহঃ) প্রথমে এ হাদীছটিকে ছহীহ বললেও (ছহীহাহ হা/২২৫, ছহীহল জামে হা/৮৩৯) পরবর্তীতে তাঁর নিকটে স্পষ্ট হয় যে, হাদীছটির বর্ণনাকারীদের মধ্যে গুরাইহ বিন ওবায়েদ ও আবু মালেক আশ আরীর মধ্যে ইনকিতা রয়েছে। সেকারণ পরবর্তীতে তিনি হাদীছটি যঈফ হিসাবে সাব্যস্ত করেছেন (ভারাজু আতে আলবানী হা/২১; যঈফাহ হা/৫৮৩২)। অতএব কেবল 'বিসমিল্লাহ' বলে বাড়িতে প্রবেশ করবে এবং সালাম দিবে (নূর ২৪/৬১; ইমাম নবনী, আল-আযকার ১/২৩)। আর বাড়ি থেকে বের হওয়ার সময় বলবে, 'বিসমিল্লা-হি তাওয়াক্কাল্তু 'আলাল্লা-হি অলা হাওলা অলা কুউওয়াতা ইল্লা বিল্লা-হ' (তিরমিয়ী হা/৩৪২৬; মিশকাত হা/২৪৪২)।

थ्रभ (२८/১৮८) : कांन जन्छांन वा मत्यानत्तत्र भारा मियानिण्जात्व राज जूला मूनाजांज कता यात्व कि?

-আব্দুল্লাহ, আল-বারাকা জুয়েলার্স, রাজশাহী।

উত্তর : কোন অনুষ্ঠান বা সম্মেলন শেষে সম্মিলিতভাবে হাত তুলে মুনাজাত করা ছহীহ হাদীছ দ্বারা প্রমাণিত নয়। অতএব এভাবে দো'আ করা বিদ'আত (ক্সিন্তারিত দ্রঃ ছালাতুর রাসূল (ছাঃ) ১৩২-৩৩ পৃঃ)। বরং এসময় মজলিস ভঙ্গের শরী'আত নির্দেশিত দো'আটি পাঠ করবে (তির্বিমী হা/৩৪৩৩; ছালাতুর রাসূল (ছাঃ) ৩০০ পৃঃ)।

প্রশ্ন (২৫/১৮৫) : সাদা কাপড় দিয়ে কাফন পরানোর ব্যাপারে শরী'আতের কোন নির্দেশনা আছে কি? অন্য কোন রং বা প্রিন্টযুক্ত কাপড় দ্বারা কাফন পরানো যাবে কি?

-মাহদী হাসান, ছাতিয়ানতলা, সাতক্ষীরা।

উত্তর : সাদা কাপড় দ্বারা কাফন দেওয়া সুন্নাত। রাসূল (ছাঃ) বলেন, 'তোমরা সাদা পোষাক পরিধান কর। কেননা এটি পৃত-পবিত্র। আর এর দ্বারা তোমাদের মৃতদের কাফন পরাও' (তিরমিয়ী হা/২৮১০; মিশকাত হা/৪৩৩৭)। অন্য বর্ণনায় রয়েছে, রাসূল (ছাঃ) বলেন, তোমাদের জন্য সর্বোত্তম পোষাক হ'ল সাদা পোষাক। এই পোষাকে তোমাদের মৃতদের কাফন পরাবে এবং নিজেরাও তা পরবে *(ইবনু মাজাহ* হা/১৪৭২; মিশকাত হা/১৬৩৮; ছহীহুল জামে' হা/৩৩০৫)। **আয়েশা** (রাঃ) বলেন, 'রাসূল (ছাঃ)-কে তিনটি সাদা কাপড়ে কাফন পরানো হয়েছিল' (বুখারী হা/১২৬৪; মুসলিম হা/৯৪১)। অতএব মাইয়েতকে সাদা কাপড় দ্বারা কাফন পরাতে হবে। তবে বাধ্যগত কারণে অন্য রংয়ের কাপড় দ্বারা কাফন পরানো যায় (মুসলিম, শরহ নববী ৭/৮, হা/৯৪১-এর ব্যাখ্যা দ্রষ্টব্য)। আর কাপড় না পেলে বা কাপড়ে কমতি হ'লে অন্য কিছু দিয়ে ঢেকে দেওয়ায় কোন বাধা নেই। যেমন হামযা ও মুছ'আব (রাঃ)-এর দাফনকালে কাফনের কাপড়ে কমতি হ'লে রাসূল (ছাঃ) তার পায়ের দিকটা ইযখির ঘাস দিয়ে ঢেকে দিতে বলেছিলেন (বুখারী হা/৬৪৪৮; আহমাদ হা/২৭২৬২, মিশকাত হা/১৬১৫)।

প্রশ্ন (২৬/১৮৬) : টিভিতে কার্টুন ছবি দেখা যাবে কি?

-আব্দুল মাজেদ, টিকরামপুর, চাঁপাই নবাবগঞ্জ।
উত্তর: এটি কার্টুনের ধরনের উপর নির্ভর করবে। কার্টুনে
কোন অশ্লীলতা এবং ইসলাম ও আক্ট্রীদা বিরোধী কোন কথা ও
কাজ না থাকলে তা দেখা যেতে পারে (উছায়মীন, মাজমু' ফাতাওয়া
২/২৮০, ১২/২৭৯)। তবে শিশুদেরকে টিভিতে কার্টুন দেখানোর
মত অনর্থক কাজ থেকে বিরত রাখতে হবে। বরং শিশুদের
এমন কিছু দেখাতে ও শেখাতে হবে, যা তাদের পরবর্তী জীবনে
কল্যাণকর হয়' (ইবনুল কুাইয়িম, তুহফাতুল মাওলুদ পঃ ২৪০)।

প্রশ্ন (২৭/১৮৭) : আমাদের দেশে প্রচলিত অমুসলিমদের তৈরী বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্য যেমন সাবান, শ্যাস্পু ইত্যাদি ব্যবহার করা জায়েয হবে কি?

-ছালাহুদ্দীন তুহীন, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

উত্তর: হারামের মিশ্রণ থাকলে নাজায়েয। তবে সাধারণভাবে জায়েয। কেননা রাসূল (ছাঃ) অমুসলিমদের উপহার গ্রহণ করেছেন, তাদের হাদিয়া খেয়েছেন এবং তাদের সাথে ব্যবসাকরেছেন (বুখারী হা/২৬১৫-১৮, ২০৬৬; আবুদাউদ, মিশকাত হা/৫৯৩১)। তবে মুসলমানদের তৈরী পণ্য পেলে তা ব্যবহার করাই উত্তম। এর মাধ্যমে একদিকে অপর ভাইকে সহযোগিতা করা হয়, অন্যদিকে পণ্যের মাঝে হারাম বম্ভ থাকার সম্ভাবনা থেকেও বাঁচা যায়।

थ्रभ (२৮/১৮৮) : সম্ভানের জন্য কোন সম্পত্তি রেখে যাওয়া কি আবশ্যক?

-মুজাহিদ, পুরাতন সি এ্যান্ড বি ঘাট, চাঁপাই নবাবগঞ্জ।
উত্তর: আবশ্যিক না হ'লেও সন্তানদের জন্য কিছু সম্পদ রেখে যাওয়া উত্তম। রাসূল (ছাঃ) সা'দ বিন খাওলা (রাঃ)-কে মাত্র একটি কন্যা থাকা সত্ত্বেও তিনভাগের একভাগের বেশী অছিয়ত করতে নিষেধ করে বলেন, তোমার সন্তানদের নিঃস্ব অবস্থায় মানুষে কাছে প্রার্থী হিসাবে রেখে যাওয়ার চাইতে সম্পদশালী করে রেখে যাওয়াই উত্তম (বুখারী হা/১২৯৫; মিশকাত হা/৩০৭১)।

প্রশ্ন (২৯/১৮৯) : লাশের খাটিয়া বহনকারীদের জন্য পঠিতব্য নির্দিষ্ট কোন দো'আ আছে কি? যদি না থাকে এসময় তারা কি কি দো'আ পাঠ করবে?

> -মুহাম্মাদ রুবেল আমীন প্রাইম ব্যাংক, এলিফ্যান্ট রোড, ঢাকা।

উত্তর : লাশের খাটিয়া বহনকারীদের জন্য পঠিতব্য নির্দিষ্ট কোন দো'আ নেই। তবে এসময় আল্লাহ্র স্মরণ করবে এবং মৃত্যুর চিস্তা করতে করতে চুপচাপ মধ্যম গতিতে কবরের দিকে এগিয়ে যাবে (ছালাতুর রাসূল (ছাঃ) ২২৯ পৃঃ)।

প্রশ্ন (৩০/১৯০) : কোন মাদরাসার মূল ফাণ্ড থেকে ঋণ নেয়া বৈধ হবে কি? কেউ কেউ বলেন, ফাণ্ডের মালিকানা যৌথ হওয়ার কারণে তা থেকে ঋণ নেয়া বৈধ নয়। এর সঠিক সমাধান জানতে চাই।

-আব্দুর রহমান, নগরকান্দা, ফরিদপুর।

উত্তর: মাদরাসার ফাণ্ডের ব্যাপারে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত। মাদরাসা কর্তৃপক্ষ কোন ব্যক্তিকে কর্যে হাসানাহ দিলে তাতে শরী আতে কোন বাধা নেই। এক্ষেত্রে তারা কোন অন্যায়ের আশ্রয় নিলে তারাই গোনাহগার হবে। এজন্য দাতাদের নেকীতে ঘাটতি হবে না।

প্রশ্ন (৩১/১৯১) : জামা আতবদ্ধ জীবন যাপন ইসলামে আবশ্যিক হ'লেও যথাযথ পরিবেশ না পেলে নারী হিসাবে আমার করণীয় কি?

- শারমীন নাহার, কলারোয়া, সাতক্ষীরা।

উত্তর: সঠিক জামা'আত খুঁজে নিয়ে নিজ থেকে তার আমীরের প্রতি আনুগত্যের অঙ্গীকার করা এবং তা মেনে চলাই মুমিন নারী-পুরুষের কর্তব্য। এজন্য অঞ্চল বা দেশ শর্ত নয়। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, জামা'আবদ্ধ জীবন হ'ল রহমত এবং বিচ্ছিন্ন জীবন হ'ল আযাব (আহমাদ, ছহীহাহ হা/৬৬৭; ছহীহুল জামে' হা/৩১০৯)। তিনি বলেন, জামা'আতের উপরে আল্লাহ্র হাত থাকে' নোসাদ্দ হা/৪০২০; ছহীহুল জামে' হা/৩৬২১)।

প্রশ্ন (৩২/১৯২) : জেহরী বা সেরী ছালাতে মাসবৃক ছানা কখন পাঠ করবে?

-মেহেদী, কোচাশহর, গোবিন্দগঞ্জ।

উত্তর: তাকবীরে তাহরীমার পরে ছানা পড়ার সময় অতিক্রান্ত হয়ে যাবার পর জামা'আতে যোগদানকারীকে ছানা পড়তে হবে না। কেননা এটা সুন্নাত এবং এসময় এটি পাঠের সময় ফউত হয়ে যায় (নববী, আল-মাজমৃ' ৩/৩১৮)। এ অবস্থায় কেবল সূরা ফাতিহা পড়বে। কেননা জেহরী ছালাতে ইমামের ক্বিরাআতের সময় মুক্তাদীর সূরা ফাতিহা ব্যতীত অন্য কিছুপড়ার অনুমতি নেই। রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'তোমরা ইমামের ক্বিরাআত রত অবস্থায় কেবলমাত্র সূরা ফাতিহা চুপে চুপে পড়বে (ছহীহ ইবনু হিব্বান হা/১৮৪১, আলবানী-আরনাউত্ব, সনদ ছহীহ)।

প্রশ্ন (৩৩/১৯৩) : কোন ব্যাপারে কারো সাথে অঙ্গীকার করে পরবর্তীতে তা ভঙ্গ করার পরিণাম কি?

নাঈম, লালমণিরহাট।

উত্তর: প্রথমতঃ বিনা ওযরে অঙ্গীকার ভঙ্গ করা কাবীরা গুনাহ (মায়েদাহ ৫/০১; যাহাবী, কিতাবুল কাবায়ের ১/১৬৮)। রাসূল (ছাঃ) বলেন, 'যার অঙ্গীকার পূরণ নেই তার দ্বীন নেই' (আহমাদ হা/১২৪০৬; মিশকাত হা/০৫;)। দ্বিতীয়তঃ এটি মুনাফিকের লক্ষণ (বুখারী হা/০৪; মিশকাত হা/৫৬)। তৃতীয়তঃ এরূপ ব্যক্তি আল্লাহ্র লা'নতপ্রাপ্ত হয় এবং তাদের অন্তর শক্ত হয়ে যায় (মায়েদাহ ৫/১৩)। চতূর্থতঃ এর কুপ্রভাবে সমাজে অশান্তি ও হত্যাকাণ্ড ছড়িয়ে পড়ে (হাকেম হা/২৫৭৭; ছহীহাহ হা/১০৭)। পঞ্চমতঃ অঙ্গীকার ভঙ্গকারীদের আল্লাহ তা'আলা নিকৃষ্ট সৃষ্টি (ল্লেম্ম ক্রেটিন আন্তাহ তাবল আখ্যায়িত করেছেন (আনফাল ৮/৫৫-৫৬)। অতএব যেকোন মূল্যে অঙ্গীকার পূর্ণ করা জান্নাত পিয়াসী মুমিনের আবশ্য কর্তব্য।

মার্তব্য যে, ভুলে যাওয়া, বাধ্যগত অবস্থা, হারাম কাজ করা বা ওয়াজিব তরক করার ব্যাপারে অঙ্গীকার করা, হঠাৎ রোগ-শোকে আক্রান্ত হওয়া প্রভৃতি কারণবশতঃ অঙ্গীকার ভঙ্গের ব্যাপারে মুমিন ব্যক্তি ক্ষমাপ্রাপ্ত হবে ইনশাআল্লাহ (বাক্বারাহ ২/১৮৬: ইবনে মাজাহ হা/২০৪৫)। প্রশ্ন (৩৪/১৯৪) : সূর্য ও চন্দ্র গ্রহণের ছালাত আদায়ের পদ্ধতি বিস্তারিত জানতে চাই।

-ফাহীমা, কেঁড়াগাছি, সাতক্ষীরা।

উত্তর : সূর্য বা চন্দ্র গ্রহণ আল্লাহ্র বিশেষ নিদর্শন। এসময় আল্লাহ্র প্রতি গভীর আনুগত্য ও ভীতি সহকারে জামা'আতসহ দু'রাক'আত ছালাত আদায় করা, খুৎবা দেওয়া, হাত তুলে দো'আ ও ইস্তেগফার করা, দান-ছাদাক্বা করা সুনাত (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৫৮০, 'সূর্য বা চন্দ্র গ্রহণের ছালাত' অনুচ্ছেদ)।

পদ্ধতি : আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ)-এর সময়ে একবার সূর্য গ্রহণ হ'লে আল্লাহ্র রাসূল (ছাঃ) ছালাত আদায় করেন ও লোকেরাও তাঁর সাথে ছালাত আদায় করে। প্রথমে তিনি ছালাতে দাঁড়ালেন এবং সূরা বাক্যারাহ্র মত দীর্ঘ ক্রিরাআত করলেন। অতঃপর (১) দীর্ঘ রুকৃ করলেন। তারপর মাথা তুলে ক্বিরাআত করতে লাগলেন। তবে প্রথম কিরাআতের চেয়ে কিছুটা কম কুরাআত করে (২) রুক্তে গেলেন। এবারের রুকু প্রথম রুকুর চেয়ে কিছুটা কম হ'ল। তারপর তিনি রুকু থেকে মাথা তুলে সিজদা করলেন। অতঃপর সিজদা শেষে তিনি উঠে দাঁড়ালেন এবং লম্বা কিরাআত করলেন। তবে প্রথমের তুলনায় কিছুটা ছোট। এরপর তিনি (৩) রুকু করলেন, যা আগের রুকুর চেয়ে কম ছিল। রুকু থেকে মাথা তুলে পুনরায় ক্রিরাআত করলেন। যা প্রথমের তুলনায় ছোট ছিল। অতঃপর তিনি (৪) রুকু করলেন ও মাথা তুলে সিজদায় গেলেন। পরিশেষে সালাম ফিরালেন।

ইতিমধ্যে সূর্য উজ্জ্বল হয়ে গেল। অতঃপর ছালাত শেষে দাঁড়িয়ে তিনি খুৎবা দিলেন এবং হামদ ও ছানা শেষে বললেন যে, সূর্য ও চন্দ্র আল্লাহ্র নিদর্শন সমূহের মধ্যে দু'টি বিশেষ নিদর্শন। কারু মৃত্যু বা জন্মের কারণে এই গ্রহণ হয় না। যখন তোমরা এ গ্রহণ দেখবে, তখন আল্লাহকে ডাকবে, তাকবীর দিবে, ছালাত আদায় করবে ও ছাদাক্বা করবে। ... আল্লাহ্র কসম! আমি যা জানি, তা যদি তোমরা জানতে, তাহ'লে তোমরা অল্প হাসতে ও অধিক ক্রন্দন করতে'। অন্য বর্ণনায় এসেছে যে, এর মাধ্যমে আল্লাহ স্বীয় বান্দাদের ভয় দেখিয়ে থাকেন। অতএব যখন তোমরা সূর্য গ্রহণ দেখবে, তখন ভীত হয়ে আল্লাহ্র যিকর, দো'আ ও ইস্তেগফারে রত হবে (রুখারী হা/১০৫২, ১০৫৯, ১০৪৪; মুসলিম হা/৯০৭; মিশকাত হা/১৪৮২-৮৪; ছালাত্বর রাসূল (ছাঃ) ২৫৫-৫৬ পঃ)।

প্রশ্ন (৩৫/১৯৫) : বাজার কমিটি, বিভিন্ন সমিতির কমিটি ইত্যাদি গঠনের ক্ষেত্রে প্রার্থী হওয়ায় শরী আতে কোন বাধা আছে কি?

–মিনহাজ, চারঘাট, রাজশাহী।

উত্তর: প্রচলিত পদ্ধতিতে প্রার্থী হয়ে ভোট বা সমর্থন চাওয়া জায়েয নয়। হযরত আবু মূসা আশ'আরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, আল্লাহ্র কসম! আমরা আমাদের কোন কাজে এমন ব্যক্তিকে নেতা নিযুক্ত করি না, যে তা চেয়ে নেয় বা লোভ করে বা তার আকাংখা করে' (বুখারী হা/৭১৪৯, ২২৬১; মুসলিম হা/১৭৩৩; মিশকাত হা/৩৬৮৩)। একদা তিনি আব্দুর রহমান বিন সামুরা (রাঃ)-কে লক্ষ্য করে বলেন, 'হে আব্দুর রহমান বিন সামুরা! ভুমি নেতৃত্ব চেয়ে

নিয়ো না। কারণ তোমাকে যদি নেতৃত্ব চাওয়ার ফলে দেওয়া হয় তাহ'লে সেদিকেই তোমাকে সমর্পণ করা হবে। আর যদি না চেয়েই তুমি নেতৃত্ব পেয়ে যাও তবে এর জন্য সাহায্যপ্রাপ্ত হবে' (বুখারী হা/৬৬২২; মিশকাত হা/৩৪১২)।

অতএব সমাজের গণ্যমান্য, সৎ ও দূরদর্শী ব্যক্তিদের সমস্বয়ে গঠিত একটি পরামর্শ কমিটি গঠন করে, তাদের পরামর্শের ভিত্তিতে একজনকে নেতা নির্বাচন করতে হবে। আল্লাহ বলেন, 'তুমি লোকদের সাথে পরামর্শ কর। অতঃপর সংকল্পবদ্ধ হ'লে আল্লাহ্র উপর ভরসা কর' (আলে ইমরান ৩/১৫৯)।

প্রশ্ন (৩৬/১৯৬) : খ্রিষ্টানদের পরিচালিত কলেজ হওয়ায় সব জায়গায় ক্রুশের ছবি রয়েছে। এক্ষণে কলেজে অবস্থানরত সময়ে ছালাত আদায় করা যাবে কি?

-এ.বি.এম রিফাত, নটরডেম কলেজ, ঢাকা।

উত্তর : ক্রুশের ছবিসহ দৃষ্টি আকর্ষক কিছু সামনে রেখে ছালাত আদায় করা যাবে না (রুখারী হা/৩৭৪; আবুদাউদ হা/২০৩০)। বরং সামনে ছবি নেই এমন স্থানে ছালাত আদায় করতে হবে। তবে সর্বোত্তম হ'ল অমুসলিমদের স্কুল পরিত্যাগ করে পাঁচ ওয়াক্ত ছালাত মসজিদে আদায় করা যায়, এরূপ মুসলিম পরিবেশে পড়াশুনা করা।

প্রশ্ন (৩৭/১৯৭) : আদাবুল মুফরাদ ও তারীখুল কাবীর ইমাম বুখারী (রহঃ) কর্তৃক সংকলিত হওয়া সত্ত্বেও এর মধ্যে যঈফ বর্ণনা থাকার কারণ কি?

-আব্দুল্লাহ ফারূক, শিরোইল কলোনী, রাজশাহী।

উত্তর : ইমাম বুখারী ছহীহ বুখারী সংকলনের ক্ষেত্রে যেসব কঠিন শর্তসমূহ আরোপ করেছিলেন, আল-আদাবুল মুফরাদ ও তারীখুল কাবীর প্রস্থে সেসব শর্ত আরোপ করেননি। ফলে সেখানে অনেক দুর্বল বর্ণনা স্থান পেয়েছে, যা পৃথক করা তাঁর জীবদ্দশায় সম্ভব হয়নি। তাই তিনি নিজ থেকে সেগুলির ছহীহ-যঈফ হওয়ার ব্যাপারে কোন হুকুম পেশ করেননি। বরং প্রত্যেকটি হাদীছ সনদ সহ বর্ণনা করেছেন। যাতে পরবর্তী মুহাদ্দিছগণ সনদের উপর গবেষণা করে ছহীহ-যঈফ বাছাই করে নিতে পারেন।

প্রশ্ন (৩৮/১৯৮) : ইহুদী-খ্রিষ্টানদের বিরুদ্ধে জিহাদ করতে গিয়ে অনেক মুসলিম আত্মঘাতি হয়ে মারা যাচ্ছেন। আখেরাতে এদের পরিণাম কি হবে?

-রাকীবুল হাসান, সিঙ্গাপুর।

উত্তর : আত্মঘাতি হওয়া আত্মহত্যার শামিল। শরী 'আতে যার কোন অনুমোদন নেই। রাসূলুল্লাহ (ছাঃ)-এর সাথে জিহাদে অংশগ্রহণ করে ইসলামের পক্ষে বীরত্বের সাথে যুদ্ধ শেষে যখমে অতিষ্ঠ হয়ে নিজের তরবারি দিয়ে আত্মহত্যা করলে রাসূল (ছাঃ) তাকে জাহান্নামী বলে আখ্যায়িত করেন (বুখারী হা/৪২০৩ 'খায়বর যুদ্ধ' অনুচ্ছেদ)। তাছাড়া এগুলি জিহাদ ফী সাবীলিল্লাহ নয়। বরং ইহুদী-নাছারাদের চক্রান্তে জিহাদের সুড়সুড়ি দিয়ে তাদের পাতানো ফাঁদে আটকিয়ে মুসলমানদের ধ্বংস করার ষড়যন্ত্র মাত্র। মূলতঃ ইহুদী-খ্রিষ্টান রাষ্ট্র শক্তিগুলির বিরুদ্ধে যুদ্ধ করার দায়িত্ব মুসলিম রাষ্ট্র শক্তিগুলির। তারা এটা না করলে পরকালে জওয়াবদিহি করতে বাধ্য হবে। এ দায়ত্ব

সাধারণ নাগরিকের নয় এবং তারা এজন্য আল্লাহ্র নিকট দায়ী হবে না। কারণ এটি তাদের সাধ্যের অতীত। আল্লাহ বলেন, 'তোমরা সাধ্যমত আল্লাহকে ভয় কর' (তাগাবুন ৬৪/১৬)। (বিস্তারিত দ্রঃ 'জিহাদ ও ক্বিতাল' বই)।

এসব আত্মঘাতিরা একদিকে আত্মহত্যাকারী হিসাবে পরকালে কঠিন শান্তিপ্রাপ্ত হবে (রুখারী হা/৫৭৭৮, মুসলিম হা/১০৯, মিশকাত হা/৩৪৫৩), অন্যদিকে তাদের হাতে নিহত নিরপরাধ মানুষ হত্যার অপরাধে পরকালে কঠোর শান্তি ভোগ করবে' (রুখারী হা/৬৬৭৫; মিশকাত হা/৫০)। আল্লাহ বলেন, 'তোমরা নিজেদেরকে হত্যা করো না' (নিসা ৪/২৯)। তিনি বলেন, 'যে ব্যক্তি মানুষকে অন্যায়ভাবে হত্যা করল, সে যেন সকল মানুষকে হত্যা করল' (মায়েদাহ ৫/৩২)। যারা এসব কাজে নেতৃত্ব দিচ্ছে তারা নিজেরা পথন্রষ্ট হচ্ছে, অন্যকেও পথন্রষ্ট করছে। এরপ ব্যক্তিদের সম্পর্কে আল্লাহ বলেন, 'তারা নিজেদের পাপভার বহন করবে এবং নিজেদের বোঝার সাথে অন্যদের পাপের বোঝা। আর তারা যেসব মিথ্যা উদ্ভাবন করে সে বিষয়ে ক্বিয়ামত দিবসে অবশ্যই তাদের প্রশ্ন করা হবে' (আনকারত ২৯/১৩)।

শায়খ আলবানী, উছায়মীন, আব্দুল্লাহ বিন বায, আব্দুল আযীয় আলে শায়খ, ছালেহ বিন ফাওযান, আব্দুল আযীয় রাজেহী প্রমুখ ওলামায়ে কেরাম আত্মঘাতি বোমা হামলার মাধ্যমে নিহত হওয়াকে আত্মহত্যা বলে গণ্য করেছেন (সিলসিলাতুল ছদা ওয়ান নূর ক্রমিক নং ২৭৩; উছায়মীন, শরহ রিয়াযুছ ছালেহীন ১/১৬৫-১৬৬; ফাতাওয়া শার ঈয়াহ লিল হাছীন, পৃষ্ঠা ১৬৬-১৬৯)।

প্রশ্ন (৩৯/১৯৯) : ইবাষীদের আক্বীদা সম্পর্কে বিস্তারিত জানতে চাই।

-আবুল কালাম, মাসকাট, ওমান।

উত্তর : এদের আকীদা ভ্রান্ত ফিরক্যা খারেজীদের আকীদার সাথে অধিক সামঞ্জস্যশীল। এই ভ্রান্ত মতবাদটি হিজরী ১ম শতকে বছরায় জন্মলাভ করে। আব্দুল্লাহ বিন ইবায আত-তামীমীর নামে মতবাদটির জন্ম হলেও আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)-এর প্রখ্যাত ছাত্র জাবের বিন যায়েদ (২২-৯৩ হিঃ)-এর হাতেই মতবাদটি প্রসার লাভ করে। বর্তমান ওমানের ৮৭ ভাগ মুসলমানের মধ্যে ৭০ ভাগ এই মতবাদের অনুসারী। তাদের উল্লেখযোগ্য আক্বীদা হ'ল- (১) তাদের একদল আল্লাহ্র সকল গুণাবলীকে অস্বীকার করে। তাদের ধারণা মতে আল্লাহ্র গুণাবলীর দ্বারা আল্লাহকেই বুঝায়। কারণ আল্লাহ জানেন, বা শুনেন, বা দেখেন, বা ক্ষমতাবান বললে সৃষ্টির সাথে সাদৃশ্য হয়। (২) তারা আল্লাহ্র উপরে থাকাকে এবং আরশের উপরে সমুনীত হওয়াকে অস্বীকার করে এবং বলে যে, আল্লাহ সর্বত্র বিরাজমান (যা কুরআন ও হাদীছের ঘোর বিরোধী)। (৩) তারা পরকালে জান্নাতীদের আল্লাহকে দেখার বিষয়কে অস্বীকার করে (৪) তাদের মতে কুরআন মাখলুক বা সৃষ্ট। এটি সরাসরি আল্লাহ্র বাণী নয় (৫) তাদের একদল লোক কবরের আযাবকে অস্বীকার করে (৬) তাদের মতে ক্বিয়ামতের দিন রাসূল (ছাঃ)-এর শাফা'আত হবে শুধুমাত্র মুত্তাকীদের জন্য, পাপীদের জন্য নয়। (৭) তারা পুলছিরাত ও মীযানের পাল্লাকে অস্বীকার করে। (বিস্তারিত দ্রঃ ড. গালিব বিন আলী আল-'এওয়াজী, ফিরাকু মু'আছারাহ ১/১৮৮-১৯৩; মুছত্বাফা বিন মুহাম্মাদ, আল-উছল ওয়া তারীখুল ফেরাক্বিল ইসলামিয়াহ, ১/২৪৪-২৭৬)।

প্রশু (৪০/২০০): মাযহাব সাব্যম্ভ করার জন্য মাযহাবপন্থী ভাইগণ একটি হাদীছ পেশ করে থাকেন যেখানে বলা হয়েছে যে, 'তোমরা বড় জামা'আতের অনুসরণ কর'। অর্থাৎ চার মাযহাবের অনুসরণ কর। এ হাদীছের সত্যতা জানিয়ে বাধিত করবেন।

-মানছর আলী. শিবপুর, ভৈরব।

উত্তর: প্রথমতঃ প্রশ্নে উল্লেখিত হাদীছটি নিতান্তই যঈফ (ইবন মাজাহ হা/৩৯৫০, সিলসিলা যঈফাহ হা/২৮৯৬; বিস্তারিত দ্রঃ আলবানী, মিশকাত হা/১৭৪-এর টীকা 'ঈমান' অধ্যায়, 'কিতাব ও সন্নাহকে আঁকড়ে ধরা' অনুচেছদ পৃঃ ৩০)। দ্বিতীয়তঃ হাদীছটি পবিত্র কুরআনের নিম্নোক্ত আয়াতের বিরোধী, যেখানে আল্লাহ তা'আলা রাসূল (ছাঃ)-কে উদ্দেশ্য করে বলেন, 'যদি তুমি জনপদের অধিকাংশ লোকের অনুসরণ কর তবে তারা তোমাকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করে দিবে। কারণ তারাতো শুধু কল্পনার অনুসরণ করে এবং অনুমানভিত্তিক কথা বলে' (আন'আম ৬/১১৬)। তৃতীয়তঃ চার মাযহাব একটি দল নয়; বরং চারটি দল। হিজরী ৪র্থ শতাব্দীর নিন্দিত যুগের পূর্বে যার কোন অস্তিতু ছিল না (শাহ অলিউল্লাহ, হুজ্জাতুল্লাহিল বালিগাহ ১/১৫২-৫৩ '৪র্থ শতাব্দী ও তার পরের লোকদের অবস্থা বর্ণনা' *অনুচেছদ*)। এর অনেক পূর্বেই ছাহাবায়ে কেরামের স্বর্ণযুগ অতিক্রান্ত হয়ে গেছে। প্রকৃত অর্থে ছাহাবায়ে কেরামের জামা'আত ছিল বড় জামা'আত। এ সম্পর্কে হাদীছে বর্ণিত হয়েছে যে, রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'আমার উম্মতের ৭২টি দল জাহান্নামে যাবে আর একটিমাত্র দল জান্নাতে যাবে। সেটিই হ'ল বড় জামা'আত' (আবুদাউদ হা/৪৫৯৭, সনদ হাসান; মিশকাত হা/১৭২)। উক্ত বড জামা[']আতের অর্থ আব্দল্লাহ ইবনে মাস'ঊদ (রাঃ) বলেন, 'হক-এর অনুসারী দলই জামা'আত। যদিও তুমি একাকী হও' (ইবনু আসাকির, তারীখু দেমাশকু ১৩/৩২২ পঃ; সনদ ছহীহ, মিশকাত হা/১৭৩-এর টীকা নং (৫)।

অতএব হক-এর অনুসারী একজন ব্যক্তি হ'লেও তিনি বড় জামা'আতের অন্তর্ভুক্ত। সংখ্যায় অধিক হ'লেই সেটি বড় জামা'আত নয়। পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের নিঃশর্ত অনুসারীগণই প্রকৃত অর্থে হকপন্থী। আর তারা হ'লেন ছাহাবায়ে কেরাম, সালাফে ছালেহীন ও তাদের যথাযথ অনুসারী সকল যুগের আহলেহাদীছগণ। সুতরাং যারা রাসূলুল্লাহ (ছাঃ), খুলাফায়ে রাশেদীন ও ছাহাবায়ে কেরামের যথাযথ অনুসরণ করবেন, তারাই বড় জামা'আতের অন্তর্ভুক্ত হবেন ইনশাআল্লাহ।

গবেষণা সহকারী আবশ্যক

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ' পরিচালিত 'গবেষণা বিভাগে'র জন্য প্রয়োজনীয় সংখ্যক 'জুনিয়র গবেষণা সহকারী' আবশ্যক। যোগ্যতা :

- ১. ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা- আলিম/সমমান।
- ২. আরবী ও বাংলা ভাষায় ব্যবহারিক দক্ষতা।
- **৩**. কম্পিউটার ব্যবহারে দক্ষতা।

আগ্রহী প্রার্থীদেরকে নিম্নোক্ত ঠিকানায় আগামী ১০ই মার্চ'১৬-এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত প্রেরণের জন্য আহ্বান জানানো হ'ল।

যোগাযোগ : হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ, নওদাপাড়া, পোঃ সপুরা, রাজশাহী। ফোন : ০১৭১৭-৮৬৫২১৯, ০১৯১৯-৪৭৭১৫৪।

ই-মেইল : tahreek@ymail.com.